১. প্রথম কারণটি মোটের উপর ঐতিহাসিক। বোদলেয়র যখন কবিতা লেখা আরম্ভ করেন তখন ফ্রান্সে রোমান্টিকতার সর্বত্র জয়জয়কার এবং রোমান্টিকদের রাজা ভিক্তর উগো গোরবের সর্বোচ্চ আসনে অধিষ্ঠিত। রোমান্টিজ্‌মের সংজ্ঞা দিতে গিয়ে বোদলেয়র স্বয়ং বলেছেন তা মূলত 'a manner of feeling' এবং বিশেষত 'অন্তরঙ্গতা, আধ্যাত্মিকতা, বর্ণবৈভব, অসীমের উৎকাজ্জা'। এ-সব ব্যাপারে রোমান্টিকদের কৃতিত্ব অস্বীকার করার তাঁর কোনো ইচ্ছা ছিল না; বরঞ্চ স্বজনী কল্পনার ক্ষেত্রে মহৎ পূর্বসূরীদের সমকক্ষ হ'তে পারবেন কিনা সে-বিষয়ে তাঁর নিজের মনে বেশ একটু সন্দেহ ছিল— লিখেছেন 'আরি পের। ফ্রান্সে ছু মালের ভূমিকার খণ্ডায় বোদলেয়র ঘোষণা করছেন : লক্ষপ্রতিষ্ঠ কবিরা কাব্যরাজ্যের সবচেয়ে সমৃদ্ধ প্রদেশগুলি নিজেদের মধ্যে ভাগ ক'রে নিয়েছেন বহুকাল পূর্বেই; সুতরাং আমাকে হ'তে হবে অল্প কিছু। তাঁর একটি মৌলিক প্রত্যয় ছিল যে মানুষের, এমন-কি শিশুরও, হৃদয়বেগসমষ্টি দুটি সম্পূর্ণ পৃথক কক্ষে বিভক্ত— একস্টেসি অব লাইফ ও হরর্ অব লাইফ। যেহেতু রোমান্টিকরা ছিলেন মাধুর্য ও প্রেমের কবি, তাই বোদলেয়রকে হ'তে হবে তিক্ততার ও ঘৃণার কবি। এককথায় তাঁর বিশ্ববিতৃষ্ণা ছিল তাঁর কাউন্টার-রোমান্টিজ্‌মের অঙ্গবিশেষ। সাধারণত বলা হয় যে এই কবির রচনায় রোমান্টিক ও ক্লাসিকের সমন্বয় ঘটেছে। আমার অবস্থা মনে হয় এলিয়টের উক্তিই অধিকতর সত্য : যদিও পরিবেশগুণে তিনি ছিলেন রোমান্টিজ্‌মের সম্ভান, কিন্তু স্বভাবগুণে তাঁকে হ'তে হ'ল রোমান্টিজ্‌মের শত্রু, কাব্যের ইতিহাসে প্রথম কাউন্টার-রোমান্টিক।

২. দ্বিতীয় কারণটিকে বলা যাক বিষয়ীগত (সাব্‌জেক্টিভ), অর্থাৎ কবির দেহ-মনের মধ্যেই তাঁর জাগতিক বিতৃষ্ণার উপাদানগুলি খুঁজে পাওয়া যাবে। বোদলেয়র তরুণ রয়স থেকে, হয়তো-বা জন্মাবধি, এক অতিশয় পীড়াদায়ক, গ্লানিকর ও ছুরারোগ্য রোগে ভুগতেন— সিকিলিস। উপরন্তু তাঁর মানসিক কষ্টেরও অবধি ছিল না। শৈশবকাল কেটেছিল মাতা ও মাতার দ্বিতীয় স্বামী সঙ্গের নানারূপ সংঘর্ষের মধ্যে। স্কুলজীবন সম্পর্কে লিখেছেন : 'blows, struggles with teachers and pupils, fits of melancholy'। যদিও লেখাপড়ায় তিনি এগিয়েই ছিলেন তবু উচ্ছ্বালা ও স্বৈরাচারের জন্ম তাঁকে স্কুল থেকে তাড়িয়ে দেওয়া হয়। প্রথমপর্বের ইতিহাস— একাধিক যুবতীর প্রতি প্রবল কিন্তু সাময়িক আসক্তি এবং এক নীচস্বভাবা গণিকার অকাট্য মোহবন্ধন, ইত্যাদি— মোটেই স্মরণীয় নয়।

তাঁর চরিত্র-প্রসঙ্গে এলিয়ট লিখছেন : সমাজের চোখে এবং ব্যক্তিগত যাবতীয় ব্যাপারে বোদলেয়ার ছিলেন অত্যন্ত বিকৃতস্বভাব, অসামাজিকতা ও অকৃতজ্ঞতার অসাধারণ ক্ষমতা নিয়েই জন্মেছিলেন ; তাঁর মেজাজ যেমন তিরিষ্কি ছিল তেমনি যে-কোনো পারিপার্শ্বিক অবস্থাকে নিজের পক্ষে অসহনীয় ক'রে তোলার জেদ ছিল অভ্রভেদী।

এহেন ব্যক্তির মন স্বেচ্ছা খাকার কথা নয়। বোদলেয়ারের একাধিক গুণগ্রাহী সমালোচক যে-বিশেষণটি তাঁর সম্বন্ধে বারবার প্রয়োগ না ক'রে পারেন নি সেটি হচ্ছে 'আধিগ্রস্ত'। এলিয়ট তো তাঁকে 'সিম্বল অব্ মর্বিডিটি' আখ্যা দিয়েছেন ; প্রতি-তুলনা করেছেন পূর্ণস্বাস্থ্যের প্রতীক গ্যেটের সঙ্গে। রবীন্দ্রনাথের সঙ্গেও করলে পারতেন, কারণ এই বাঙালি কবিও অসাধারণ শারীরিক ও মানসিক স্বাস্থ্যের অধিকারী ছিলেন, বিশেষত অধিকারী ছিলেন সেই স্বাস্থ্যের যাকে বোদলেয়ার বলেছেন 'পোয়েটিক হেল্থ'। অত্যন্ত কঠিন শারীরিক পীড়ার মধ্যেও তাঁর কাব্যিক স্বাস্থ্য অটুট ছিল। রবীন্দ্রনাথের বিশ্বপ্রেম যেমন ছিল তাঁর নিটোল মানসিক ও কাব্যিক স্বাস্থ্যের প্রকাশ-বিশেষ, তেমনি বোদলেয়ারের বিশ্ববিতৃষ্ণাকে তাঁর আধিগ্রস্ত মনের অভিব্যক্তি মনে করা যেতে পারে।

দুঃখের কথা এই যে বোদলেয়ারের মন আধিগ্রস্ত ছিল কিনা এ নিয়ে তর্ক ওঠে না, গুণমুগ্ধ সমালোচকরা অসংকোচে মেনে নেন, তাঁদের প্রিয় কবি ছিলেন রীতিমতো একটি মেণ্টাল কেস। আউল বাউল ফকির দরবেশ একটু পাগল হবেন, মাঝে-মাঝে প্রলাপ বকবেন, আচার-আচরণ তাঁদের সৃষ্টিছাড়া হবে, সংসারী মাঠুষের চোখে নীতিবিরুদ্ধ ঠেকেবে— এ-সব যেমন ধ'রে নেয়া হয়, তেমনি ধ'রে নেয়া হয় যে আধুনিক কবি মনোরোগী হবেন, মাতাল হয়ে দিন কাটাবেন, বন্ধু-বান্ধব, প্রিয়া কিংবা স্ত্রীর সঙ্গে অত্যন্ত খাপছাড়া অবিবেচনাপূর্ণ ব্যবহার করবেন— ইত্যাদি। এই কথাগুলি বা এর কোনো কথাই যে আধুনিক কবিমাত্রের বেলায় সত্য, তা নয় ; তাঁদের মধ্যে অনেকেই বেশ স্বস্থ স্বাভাবিক সচ্চরিত্র জীবনযাপন করেন। কিন্তু আবহাওয়াটা এমন তৈরি হয়েছে যে উপরের কথাগুলি সত্যি হ'লে খুব নিন্দার, আপত্তির বা আশ্চর্যের কিছু ঘটেছে বলে আধুনিক সাহিত্য-রসিকদের মুখে শোনা যায় না। মানসিক স্বাস্থ্যের চেয়ে মানসিক ব্যাধিকেই মূল্যবান জ্ঞান করা হয় ইদানীং— তার কারণ কি এই যে আধুনিকেরা বিশ্বাস করেন লৌকিক ব্যাপারে চেতনা ও চরিত্র ওলট-পালট হয়ে গেলে লোকোস্তর জ্ঞানের তৃতীয় নয়ন খুলে যায় ? কথাটা একটু পরেই আলোচিত হবে।

জীবন ও জগৎ বিষয়ে বোদলেয়ারের এই নূতন নেতিবাচক দৃষ্টিভঙ্গিকে তাঁর ,

শারীরিক ও মানসিক বৈশিষ্ট্যপ্রসূত জ্ঞান করলেও তাঁর স্বজনী প্রতিভার চমৎকারিত্ব এবং সাহিত্যের ইতিহাসে তাঁর সর্বসম্মত গুরুত্ব কিছুমাত্র হ্রাস পায় না। শুধু ‘আঙ্গিকের অপূর্ব সৌষ্ঠব আর শব্দচয়নের অনবগতা’ নয়, আরো দৃঢ়ভূমির উপর এই কবির বিরাট খ্যাতি প্রতিষ্ঠিত। মানুষ স্বার্থাশ্বেষণে নির্বোধ এবং পরার্থহরণে নির্দয়, জাতি বর্ণ ও ধর্ম-বিদ্বেষে বিমূঢ়, মনস্তত্ত্ব ও শারীরবিজ্ঞানের বর্ণমালাও আয়ত্ত ক’রে ওঠে নি, ফলত নানাপ্রকার আধিব্যাধির দাস— ইত্যাদি বিবিধ কারণ যতদিন বর্তমান আছে ততদিন জীবনের দৈন্ত আমাদের সকলকে মাঝে-মাঝে পীড়া দেবেই। বিশেষত সূক্ষ্ম এবং সংবেদনশীল মনের খাঁরা অধিকারী তাঁরা যখন মল্লুঞ্জীবনের এই অসহায় দশা কল্পনার চক্ষে দেখেন তখন এক অপার নৈরাশু ও বিধাদের ছায়া পড়ে তাঁদের মনের গভীরতলে। সেই ছায়াকে কায়া দিয়েছেন বোদলেয়র, তার অভূতপূর্ব প্রকাশ, প্রকাশের পরোৎকর্ষ ঘটেছে তাঁর কবিতায়। এ-সবই স্বীকার্য। তবু বলবো বিশেষ একটি মুডের, বিশেষ একটি রসের অনগ্ন এবং অনবগ্ন কবি বোদলেয়র— তার বেশি কিছু নয়। অবশু এইটুকু বলাও তো কম বলা নয়। কিন্তু তার চেয়ে অনেক বেশি দাবি করা হয়ে থাকে এবং সে-দাবি সাহিত্যের রাজধানীগুলি থেকে উথিত হয়ে বহুদূর প্রান্তে অবস্থিত কলকাতা নগরীতেও ব্যাপক, অন্তত জোরালো স্বীকৃতি লাভ করেছে ইদানীং। নইলে রবীন্দ্রনাথ-প্রসঙ্গে লিখতে গিয়ে বোদলেয়র সম্বন্ধে এত কথা বলার প্রয়োজন ছিল না। দাবি করা হয় যে ঐ বিশিষ্ট বোদলেয়রীয় রসটি বিশেষ একধরনের কবিমনের একটি ব্যাপার-মাত্র নয়, তার মধ্যে সেই শাস্তত গুণটি রয়েছে যাকে বাস্তবাহুগ, যথার্থ, সত্য, ইত্যাদি আখ্যা দেয়া যায়। কোনো হৃদয়ানুভূতিকে ‘সত্য’ তখনই বলা সংগত যখন তা অহুভব-মাত্র নয়, যখন আমরা তাকে একটি পূর্ণ অভিজ্ঞতা বা সামগ্রিক উপলব্ধিরূপে অবাধে গ্রহণ করতে পারি। তার মানে, দাবি করা হয় যে বোদলেয়র শুধু আলংকারিক অর্থে কবি নন, বৈদিক অর্থে কবি, অর্থাৎ সত্যদ্রষ্টা; রোমান্টিক কল্পনার রঙিন আবরণ ছিঁড়ে ফেলে নির্ভীক চোখে বাস্তবের নগ্নরূপ দেখেছেন— দেখেছেন কী বীভৎস তার সেই সত্যিকার চেহারা।

৩. মোটকথা দাবি করা হয় যে বোদলেয়রের বিশ্ববিত্তরণ কেবল সাব্জেক্টিভ নয়, অব্জেক্টিভও বটে। কবি স্বয়ং এই দাবি করেছেন, অবশু কবিস্বলভ আত্ম-খণ্ডনপ্রবণতায় আবার উলটো কথাও বলেছেন। গুলী সমালোচকদের লেখনীতেই এমনতর দাবি স্ফুসংবদ্ধ ভাষায় ব্যক্ত হয়েছে। বোদলেয়র-কথিত ‘the child sees everything in its newness; he is always drunk’— উক্তিটির ব্যাখ্যায় প্রথ্যাত সমালোচক জর্জ পুলে জানাচ্ছেন, ‘শিশুরা যে আনন্দে মাতোয়ারা

তার কারণ মনের দৈগ্ধদৃশা ঘোচাবার মতো অন্তর্নিহিত প্রৈতি আছে তাদের। জগৎটাকে তারা নিতান্তই খেলাচ্ছলে এক মায়ালোকে পরিণত করে; জগতের পরিব্যাপ্ত কদর্যতার মাঝখানে তারই কদর্য সব উপাদান দিয়ে স্বর্গ রচনা করতে পারে তারা।' স্পষ্টই বোঝা যাচ্ছে এই সমালোচকের মতে বহির্জগৎটা মোহমুক্ত পরিণত বয়সের বিচারে সত্যিই আঁগাগোড়া বীভৎস। শিশুরা আর বোমার্শিক কবিরা যা প্রত্যক্ষ করে তা রূঢ় আঘাতে দূরে ঠেলে না, রূপে, বর্ণে, ছন্দে, স্বমায় কাছে টানে, কারণ তা যে মনেরই মাধুরী মিশিয়ে তৈরি করা 'বলমলে জগৎ', অনান্যীয় অব্জেক্টিভ বাস্তব সত্তা নয়। 'পরিণত বয়সেও', বোদলেয়র বলেছেন, 'এমন শৈশবের দিন মাঝে-মাঝে ফিরে আসে যখন প্রকৃতি রঙে ও রেখায় উজ্জ্বল হয়ে ওঠে এবং নানা প্রতিকূল শক্তির আঘাত-সংঘাতময় মহুগলোকে দেখতে পাওয়া যায় দিগন্তের পর দিগন্তের বিস্তার, নিতানব মহিমায় ভাস্বর'। এই বিরল দিন ও মুহূর্তগুলি কিন্তু বোদলেয়রের মতে কবির পক্ষে শুভদিন নয়, কারণ তা মিথ্যাশ্রয়ী; কবিকে নিষ্ঠুর সত্যের মুখোমুখি দাঁড়াতে হবে, বাস করতে হবে 'সাধারণ দৈনন্দিন জীবনের ঘন কালিমার মধ্যে'।

৪. কিন্তু বোদলেয়র কি সত্যিই বাস্তব জগৎকে মোহমুক্ত দৃষ্টিতে দেখতে পেরেছিলেন, কিংবা দেখতে চেয়েছিলেন? ছেলেবেলা থেকে তিনি খ্রীস্টধর্মগত এই প্রাচীন সংস্কারের বশীভূত ছিলেন যে মানুষের সামনে দুটি মাত্র পথ খোলা আছে, তার একটি গেছে ভগবানের দিকে, অন্টটি শয়তানের দিকে। মনে-মনে তিনি বরণ করলেন প্রথম পথটি, কিন্তু পা বাড়ালেন দ্বিতীয় পথে; রীতিমতো সাধনা করলেন পাপের, পঙ্কের। কারণ তাঁর আর-একটি মৌল প্রত্যয় ছিল যে, পাপের পথেই তিনি বুঝবেন বিশ্বজগৎ কত গুন্কারজনক এবং সে-গুন্কারবোধ যত দৃঢ় ও ব্যাপ্ত হবে ততই ভগবানকে কাছে পাবেন তিনি। পঙ্কের সাধনায় বোদলেয়র ভগবানকে পেলেন কিনা তা ভগবানই জানেন, আমরা অবশ্য পেলাম কয়েকটি অপূর্ব স্নন্দর পঙ্কজাত পুষ্প—*Fleurs du Mal*। সে যাই হোক, আমার বক্তব্য এই যে জগতের কালিমা তাঁর সংকল্প ও সাধনার দ্বারা লব্ধ, প্রত্যক্ষ অভিজ্ঞতায় পাওয়া নয়। অর্থাৎ তাঁর বিখ্যাত 'স্প্লীন' সাব্জেক্টিভ অল্পভূতিরূপে যতই সত্য হোক, অব্জেক্টিভ উপলব্ধিরূপে সত্যতার কোনো দাবি রাখতে পারে না। বোদলেয়র জগতের কালিমাই দেখলেন কারণ শুধু তাই দেখবেন ব'লে মনস্থির করেছিলেন। যা-কিছু শুভ সমুজ্জ্বল শুভ ও আনন্দময় তা তাঁর ক্যাথলিক বিশ্বাসমতে তাঁকে পঞ্চদ্রষ্ট করবে এই ভয়ে সে-দিক থেকে তিনি মুখ ফেরালেন জন্মের মতো, যেন ডান চোখটি নিজের হাতেই কানা ক'রে ফেললেন। আশ্চর্য কল্পসাধন, কিন্তু প্রত্যাশিত ফল ফললো। বাঁ চোখ দিয়ে

বোদলেয়র দেখতে পেলেন প্রকৃতি ও নারী— কাব্যের ছই চিরন্তন অফুরন্ত বিষয় ও রহস্য —উভয়ই ঘৃণ্য ('abominable'); মাহুষ, অধিকাংশ মাহুষ, কশাঘাতের যোগ্য ('most of humanity was created for the whip')। ওয়ার্ড্‌স্‌ওয়ার্থ, রবীন্দ্রনাথ, তলস্তয় যে-সব নারী ও পুরুষের কথা লিখেছেন তারা কেউ কোনোদিন বোদলেয়রের দৃষ্টিগোচর হয় নি। দেশ-দেশান্তর ঘুরে এই কবি সর্বত্র শুধু দেখতে পেলেন :

'Everywhere, without even looking for it, from top to bottom of the deadly scale, we saw the tedious sight of immortal sin : woman, that vile slave, proud and stupid, seriously adoring herself and loving herself without disgust ; and man, that greedy tyrant, lewd, merciless, and grasping, the slave of a slave, the tributary of a sewer ; the torturer enjoying himself, the martyr sobbing ; the banquet seasoned and perfumed with blood ; the poison of power exasperating the despot ; the people enamoured of the stupefying lash ; several religions like our own, so many ladders to heaven ; saintliness finding a thrill in nails and hair-shirts, like an invalid snug in his feather-bed ; chattering mankind drunk with its own wit, as crazy today as it was in the past, shrieking to God in its insane agony, "O Thou, my likeness, my master, I curse Thee!" —and, least stupid of all, the dauntless lovers of madness, fleeing the Fate-guarded herd and taking refuge in the infinity of opium...Such is the eternal balance-sheet of the entire globe.'

—*Le Voyage*, Translated by Francis Scarfe

রবীন্দ্রনাথ যথার্থই বলেছেন, 'বিশ্বের প্রতি এই উদ্ধত অবিশ্বাস ও কুংসা...এও একটা মোহ, এর মধ্যে শাস্ত নিরাসক্ত চিন্তে বাস্তবকে সহজভাবে গ্রহণ করার গভীরতা নেই' (সাহিত্যের পথে, 'আধুনিক কাব্য')। মোহের ভিত্তি চারিত্র্যনীতির উপর স্থাপিত হোক ('শুভাশুভের অত্যন্ত কঠিন বাস্তব সমস্তা নিয়ে বোদলেয়র সর্বদাই ব্যাপ্ত ছিলেন'— বলছেন এলিয়ট), কিংবা ক্যাথলিক ধর্মশাস্ত্রের উপর, তা মোহ-ই।

বিশ্বজগতের রঙটা ফুটফুটে গোলাপিও নয়, চটচটে কালোও নয়। যাঁরা সব কিছুকে গোলাপ ফুলের মতো রূপবর্ণগন্ধের সুষমায়ুক্ত দেখেন বা সৃষ্টিকে পরম করুণাময় ভগবানের অপার অবিমিশ্র কল্যাণশক্তির প্রকাশ ভাবেন তাঁরা নিজেকে ভোলান,

১ বোদলেয়রের কবিতার আরো ভালো অনুবাদ রয়েছে। বাংলা ভাষাতেই বুদ্ধদেব বসুর অতি সুন্দর অনুবাদ হাতের কাছে ছিল। কিন্তু অনুবাদ সুন্দর হলে নিছক অনুবাদ থাকে না; হয়ে ওঠে অনুসৃষ্টি (transcreation)। অথচ এই প্রবন্ধে উদ্ধৃতির উদ্দেশ্য একান্তরূপে বোদলেয়রেরই হার্দিক ও মানসিক বৈশিষ্ট্যের পরিচয় দেওয়া। তাই মূলের নিকটতম অনুবাদ খুঁজতে হয়েছে।

তাদের আমরা ভাববিলাসী ব'লে জানি। কিন্তু যাঁরা সমস্ত জগৎটাকে নেকড়ে বাঘ, কেউটে সাপ, আইখম্যান ইত্যাদি রূপে দেখেন বা পুত্তিগন্ধযুক্ত ব'লে অহুভব করেন তাঁরাও ভাববিলাসী, 'পচা মাংসের বিলাস ও বিলাস'। বিলাসিতার ফ্যাশন বদলেছে, এই পর্যন্ত। পূর্বযুগের ভাববিলাসীরা তবু সংযম রক্ষা ক'রে চলতেন তাঁদের লেখায়; কীটস, ওয়ার্ড্‌সওয়ার্থ, রবীন্দ্রনাথ, রিল্কে, ডিকেন্স, জর্জ এলিয়ট, তলস্তয়— এঁরা কেউ সৃষ্টির কালো দিকটার বিষয়ে অনবহিত বা নীরব ছিলেন না। নব্য ভাববিলাসীরা— বোদলেয়র, কাফ্কা, ফকনার, নর্মান মেলার^১, জঁ জেনে (সাত্র্ ষাঁকে Saint Genet উপাধি দ্বারা বিভূষিত করেছেন) এবং স্বয়ং সাত্র্— বিতৃষ্ণ বা বিবমিষার প্রকাশে এঁরা কেউ সংযমের ধার ধারেন না, কালোকে যত বেশি কালো এবং শাদাকে যত অল্পপস্থিত রূপে দেখাতে পারেন তাঁদের সাহিত্যে ততই তাঁরা সত্যদ্রষ্টা ব'লে খ্যাতি লাভ করেন। প্রাচীন পারস্য মতে এ-জগৎ শুভাশুভ শক্তিদ্বয়ের দ্বন্দ্বক্ষেত্র, মানুষকে তাঁরা আহ্বান করেছিলেন শুভদেবতার পক্ষে এই সৃষ্টিযুদ্ধে যোগ দেবার জন্য। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন— ব্রহ্মের কঠোর তপস্যা এই বিশ্ব-ব্রহ্মাণ্ডকে জড় থেকে প্রাণ ও মনের দিকে, অশুভ থেকে শুভের দিকে, অপূর্ণ থেকে পূর্ণের দিকে নিয়ে যাচ্ছে। অনাশুভ কাল ধ'রে এই কঠিন বেদনাময় সৃষ্টিকার্য চলছে ও চলবে, তার দিকে পিঠ না ফিরিয়ে রবীন্দ্রনাথ বলছেন— 'হে দারুণ, তুমিই আমার প্রিয়, ...কম্পিত হৃৎপিণ্ড লইয়া অশ্রুসিক্ত নেত্রে তোমাকে দয়াময় বলিয়া নিজেকে ভুলাইব না'; বলছেন :

রক্তের অক্ষরে দেখিলাম
আপনার রূপ,
চিনিলাম আপনারে
আঘাতে আঘাতে
বেদনায় বেদনায়;
সত্য যে কঠিন
কঠিনেরে ভালোবাসিলাম।

১ 'In effect, Hipster as Mailer describes him in *The White Negro* is a man who follows out the logic of the situation in which we are all presumably caught; a man who, faced with the threat of imminent extinction and unwilling to be a party to the forces pushing toward collective death, has the courage to make a life for himself in the only way that conditions permit— by pursuing the immediate gratification of his strongest desires at every moment and by any means.' (Norman Podhoretz in *Partisan Review*, Summer 1959.)। আশ্চর্য মন্তব্য! সম্ভাব্য সর্বনাশের মুখোমুখি দাঁড়িয়ে লেনিন, গান্ধী, শোয়াইৎসর অশ্রু এক জীবনের সন্ধান দিয়ে গেছেন। মেলারের গুণমুগ্ধ সমালোচকের দৃষ্টিতে এ-সব জীবনমার্গ বিবেচনার অযোগ্য ব'লে ঠাহর হ'ল কেন— পথিকৃতরা বাস্তব-

চশমাটা কি খুব বেশি রঙিন ব'লে ঠাহর হচ্ছে? এর চেয়ে অনেক বেশি রঙিন নয় কি সেই চশমা যার ভিতর দিয়ে বোদলেয়র মনুস্কলোক ও জড়-প্রকৃতিকে দেখেছেন an oasis of horror in a desert of ennui রূপে?

যাঁরা বলেন বোদলেয়রের মনে লোকোত্তর পরোৎকর্ষের অথবা পরোৎকৃষ্ট সত্তার অর্থাৎ ভগবানের প্রতি নিবিড় ভক্তি ও প্রেম অত্যন্ত উজ্জ্বল ছিল ব'লে তিনি এই দোষপাপপূর্ণ বিশ্বজগৎকে সহিতে পারতেন না, তাঁদের সঙ্গে আমি একমত নই। বোদলেয়রের কবিতায় কোনো সদর্থক (affirmative) ভাব বা ইঙ্গিত আবিষ্কার করতে গেলে কষ্টকল্পনার উপর নির্ভর করতে হয়; নগ্ণর্থাৎ ভাবে তাঁর সমগ্র কাব্যসৃষ্টি এতই ভরপুর যে সেখানে অশ্রুপিছু স্থান আছে ব'লে ঠাহর হয় না। হাসপাতাল-বিষয়ক গল্প কবিতাটিতে (হাসপাতাল সেখানে স্পষ্টতই সমস্ত পৃথিবীর প্রতীক) কবি তাঁর আত্মাকে জিজ্ঞাসা করছেন, এই হাসপাতালের যত্রণা থেকে মুক্তি পেতে সে কোথায় যেতে চায়? নানা লোভনীয় জায়গা ও অবস্থার বর্ণনা ক'রে প্রশ্ন করছেন— সেখানে কি? আত্মা নীরব। অবশেষে তাক্ত হয়ে আত্মা চিৎকার ক'রে ওঠে, 'Anywhere! anywhere! As long as it be out of the world'। *The Voyage*-এর উপাস্ত্য স্তবকে বোদলেয়র মৃত্যুকে সম্বোধন ক'রে বলছেন, 'This country bores, O Death! Let us set sail'। কিন্তু কোথায় যাবেন তিনি জীবনকে প্রত্যাখ্যান ক'রে? কোনো পারত্রিক পরম শুভ বা সুন্দর ভূখণ্ড কি তাঁকে আহ্বান করছে? না, তেমন কিছু নেই সংসারে বা সংসারের পরপারে; কী এসে যায় তাতে? গন্তব্য নয়, গতি অর্থাৎ পলায়নটাই শেষ কথা— যে-নতুন স্থানে পৌঁছোবেন সেটা আগের মতোই অন্ধকারজনক হবে এ-কথা জেনেই তিনি নতুনের সন্ধানী:

To drive into the gulf, Hell or Heaven—

What matter? Into the Unknown in search of the New!

আউয়েরবাখ ঠিকই বলেছেন, 'he invokes forces of faith or transcendence only in so far as they could be used as weapons against life or as symbols of escape' (*The Aesthetic Dignity of Fleurs du Mal*)। পারলৌকিক কোনো কিছুর তৃষ্ণা নয়, জাগতিক সর্ববিষয়ে বিতৃষ্ণাই বোদলেয়রীয় কাব্যের মূল এবং পরিব্যাপ্ত অহুভূতি।

বোদলেয়রের বিরুদ্ধে আমার সবচেয়ে বড়ো নালিশ এই যে তিনি প্রতিভাবান কবি

জ্ঞানসম্পন্ন ছিলেন না, অথবা তাঁদের চরিত্রে সংসাহসের অভাব ছিল? মেলায়ের প্রিয়পাত্র হিপ্‌স্টররা কি এঁদের তুলনায় অনেক বেশি সত্যদর্শী এবং বীরবাহু?

অথচ তাঁর আশ্চর্য প্রতিভা ক্ষয় করেছেন নিজের এবং আমাদের সকলের সর্বনাশ ঘটাতে। বৈজ্ঞানিক, রাজনৈতিক, এমন-কি ধর্মপ্রচারক— এঁদের সকলের অপেক্ষা শিল্পীর ভাবনা ও বেদনা অনেক বেশি সংক্রামক। রোমাণ্টিকদের বলা হয় যৌবনের কবি; বোদলেয়র হলেন জরুর কবি। আমাদের মনের যৌবন ততদিনই যতদিন ‘মনোবুদ্ধির ছড়িয়ে-পড়া রসলোলুপ পাতাগুলি’ জীবন্ত থাকে। সন্তর, কারো-বা আশি বছর বয়স পার হয়ে গেলে ঐ পাতাগুলির ঝরে পড়ার দিন অবশ্যই আসে; মন তখন আকুঞ্চিত, অসংবেদনশীল ও অসাড় হয়ে পড়ে, কাউকেই, কোনো কিছুকেই, ভালোবাসতে পারে না, কিছুই ভালো লাগে না, কিছুই দেখতে ছুঁতে জানতে ইচ্ছে হয় না, মানবিক বা প্রাকৃতিক কোনো ব্যাপারই আর আশ্চর্য ঠেকে না, সবই তখন পুরোনো, পানসে, বিবাদ, একঘেয়ে। আঠারো বছর বয়স থেকেই যদি কারো মনের ঐ পাতা-ঝরা অবস্থা ঘটে যায় তবে একে তার সর্বনাশ ছাড়া আর কী বলবো? এই অবস্থা কি ঘটবে না যদি আমাদের নিত্যসঙ্গী হন সেই শক্তিমান কবি যিনি সারা বিশ্বব্রহ্মাণ্ড পরিক্রমা করে কিছুই দেখতে পেলেন না যাতে তাঁর মন সাড়া দিতে পারে, স্পন্দিত হ’তে পারে, বিস্ময়, আগ্রহ বা কৌতূহল বোধ করতে পারে; দেখলেন কেবল বীভৎস এক মরুস্থানের চারিদিকে একঘেয়ে বিরক্তিকর মরুভূমির অনন্ত বিস্তার। জগতে নিছক ভালো কিছু আছে হয়তো, নিছক মন্দও কিছু থাকতে পারে, শতকরা নিরানব্বই ভাগ বস্তু ভালোয়-মন্দে হৃদয়ে-কুৎসিতে সত্যানুভূতে মিথুনীকৃত। কিন্তু যার মন সপ্রাণ ও সংবেদনশীল তাকে তৃণখণ্ড থেকে নীহারিকাপুঞ্জ পর্যন্ত প্রত্যেকটি বস্তু ও ব্যাপার ডেকে বলছে: আমার দিকে চেয়ে দেখো, আমাকে স্পর্শ করো, বুদ্ধি দিয়ে বোঝো, হৃদয় দিয়ে বোধ করো— দেখবে আমার কোথাও শেষ নেই, তল নেই, সমস্ত বিশ্বব্রহ্মাণ্ডের এবং তদতিরিক্ত যদি কিছু থাকে তবে তারও অনন্ত রহস্যের আভাস আছে আমার মধ্যে। এই পরমাশ্চর্য জগৎকে বোদলেয়র কেমন করে বললেন— *monotone et petit!* এত বড়ো অনূতবাক্য কি সাহিত্যে আর কোথাও উচ্চারিত হয়েছে? যদি বলেন এটা নৈর্ব্যক্তিক সত্য বা মিথ্যার প্রশ্ন নয়,^১ একঘেয়ে আর অকিঞ্চিৎকর জগৎটা কবিরই মনের প্রতিবিম্ব, তবে আমি তা মেনে নিয়ে শুধু একটি প্রশ্ন যোগ করবো— যে-রসনায় সবই বিবাদ ঠেকে সে-রসনার আত্মদনশক্তি কি অবশিষ্ট আছে, যে-মনের কাছে সবই একঘেয়ে সে-মন কি বুড়িয়ে যায় নি? বীভৎসকে দেখবার মতো নির্ভীক চোখ বোদলেয়রের ছিল, কিন্তু জগতের ও জীবনের পরম বিস্ময় বোধ করবার মতো মনের সজীবতা

১ কবিতায় সত্যাসত্যের অর্থ ও স্থান বিষয়ে পরবর্তী কোনো অধ্যায়ে বিস্তারিত আলোচনা থাকবে।

কোন ভূয়োদর্শনের বা আশ্চর্যবোধের আওতায় প'ড়ে হারালেন তিনি? সবচেয়ে উদ্বেগের কারণ এই যে বোদলেয়রীয় 'আহুই'-এর তন্নিত চর্চা আমাদের যুবকদের মনকেও যৌবনের প্রারম্ভেই জরাগ্রস্ত ক'রে দিচ্ছে।

বোদলেয়েরের সাক্ষাৎ বা পরোক্ষ প্রভাব পাশ্চাত্য সাহিত্যিকর্মের ওপর ও সাহিত্যিকদের জীবনবোধের উপর গাঢ় থেকে গাঢ়তর হয়ে চললো। সে-প্রভাব ফরাশি কাব্যে তাঁর মৃত্যুর অব্যবহিত পরেই পরিলক্ষ্য, যদিও চ্যানেল পার হ'তে তার ছু-চার দশক সময় লেগেছিল। ফ্রান্সে বোদলেয়েরের পরে যে-কাব্যশৈলী সবচেয়ে শক্তিমান কবিদের আহুগত্য লাভ করলো তাকে 'প্রতীকবাদ' নামে অভিহিত করা হয়। প্রতীকী কবিদের কাছে এটা মৌরশি স্মৃত্তে পাওয়া, স্মৃত্তরাং অবধারিত সত্য যে জগৎ-ব্যাপারটা অতিশয় কদর্য এবং তার প্রতি একমাত্র সংগত ভাব বিতৃষ্ণা, একমাত্র উচিতকৃত্য মুখ ফিরিয়ে নেয়া। র'্যাবো ইন্ড্রিয়জ্ঞানের শক্তিটাকে শুদ্ধ বিপর্যস্ত করতে উপদেশ দিলেন কারণ ইন্ড্রিয়গ্রাহ বস্তুমাত্র তাঁর কাছে অবজ্ঞেয়; কবিতার ভাষায় যে-স্বাভাবিক পার্থিব সমাজবোধ্য অর্থব্যঞ্জনা থাকে তাকে প্রায় অবলুপ্ত করতে তৎপর হলেন এই ভরসায় যে তাতে ক'রে কবিতার অপার্থিব অর্থছোতনা প্রোচ্ছল হয়ে উঠবে; আবিষ্কার করতে চাইলেন এক অভিনব ভাষা যা 'পরব্রহ্মের রূপায়ণে সক্ষম'।

এই পরব্রহ্ম বিষয়ে যোগী, মুনি, ঋষি প্রভৃতি আখ্যাবিশিষ্ট সিদ্ধপুরুষেরা বহুদীর্ঘ গুহ্য তপস্শার ফলে যদি-বা কোনো অতীন্দ্রিয় অনির্বচনীয় প্রত্যক্ষজ্ঞান লাভে সক্ষম হয়ে থাকেন, কবি লোকোত্তর রহস্য উপলব্ধি করেন বিশ্বলোকের মাঝখানেই, দৃশ্যরূপের মধ্যেই প্রত্যক্ষ করেন অপরূপকে, অদর্শনীয়কে। এই কথাটা স্তম্ভর ক'রে বলেছেন জাক্ মারিত্যাঁ, আধুনিক কাব্য ও শিল্পকলার বোধকরি সবচেয়ে জ্ঞানী ও মহদয় অধিবক্তা: 'Poetic intuition makes things which it grasps diaphanous, alive and populated with infinite horizons.....The poet perceives a mystery in the mystery of the world'। এইসঙ্গে তিনি আরো একটি মত প্রকাশ করেছেন যা আমি কিছুতেই মেনে নিতে পারছি না।

মারিত্যাঁ মনে করেন কবিতার ভাষা ছুটি সম্পূর্ণ ভিন্ন স্তরের অর্থ বহন করে। ক্লাসিক্যাল কাব্য (তাঁর লেখায় এর মানে প্রাক্-বোদলেয়রীয় কাব্য) পাঠকের সামনে উপস্থাপিত করে শব্দের পর শব্দ সাজিয়ে গড়া যে-শিল্পরূপটি, তার প্রথম ইঙ্গিত অবগত কতগুলি স্তনির্দিষ্ট চিত্তগ্রাহ বস্তুর দিকে। কিন্তু এটি উপলক্ষ্য মাত্র, আসল লক্ষ্য পরমসত্তার সেই ঝলকটুকু দেখিয়ে দেয়া যা চিত্তের অগম্য, কনসেপ্টের সঙ্গে কনসেপ্ট যোগ ক'রে যার নাগাল পাওয়া যায় না, অর্থাৎ ভাষার সাধারণ এবং

যুক্তিবিহীনমোদিত প্রয়োগ যেখানে ব্যর্থ। এ-পর্যন্ত যদি-বা মেনে নেয়া যায়, মুশকিল বাধে যখন মারিত্যা ঘোষণা করেন যে, কবিতার ভাষার দুইপ্রকার অর্থ কেবল দুই-ই নয়, একেবারে পরস্পর-অনপেক্ষ— এতই অনপেক্ষ যে প্রথম অর্থ (প্রত্যক্ষ পার্থিব বস্তুসমূহের নির্দেশ) বর্জন ক'রেও কবিতার পক্ষে সম্ভব দ্বিতীয় অর্থ (অতীন্দ্রিয় পরম রহস্যময় সত্তার ইঙ্গিত) বহন করা। উপরন্তু মারিত্যা বলতে চান প্রতীকী কবিরা এহেন পূর্ণবিচ্ছেদ ঘটাতেই বন্ধপারিকর। কবিকৃত শব্দপরস্পরার এই যে মধ্যবর্তী অর্থ, যা আমাদের মনকে নিয়ে যায় প্রাকৃতিক বা মানবিক বাস্তব-জগতে— এই বাড়িগুলির জটিল বোবা রেখা, ঐ জম্বুপুঞ্জ শ্রামবনাস্ত, সেই কুসংস্কারাচ্ছন্ন মেয়েটির ব্যক্তিরূপ যে-মেয়ে তাগায় তাবিজে ভয়ে উদ্বেগে বেঁধে রেখেছে নিজেকে এবং আপন জনকে— আধুনিক কবিতা চায় এই বাস্তব অভিধেয়টিকে আবছা ক'রে দিতে, সম্ভব হ'লে একেবারেই মুছে ফেলতে। তার কারণ আধুনিক কবিরা বিশ্বাস করেন যে (এবং মারিত্যা সে-বিশ্বাস সমর্থন করেন) বাস্তব জগতের অংশবিশেষ যদিও ভাষার স্বাভাবিক অভিধা, তবু তা আড়াল ক'রে রাখে সেই পরম সত্তাকে যার আভাটুকু প্রতিবিম্বিত করা কবিতার চরম লক্ষ্য। তাই চলিত কাব্যের দুই অর্থের মধ্যে প্রথমটিকে ছেঁটে ফেলতেই আধুনিক কবিরা রুতসংকল্প।'

কিন্তু কবি কেমন ক'রে এই অসাধ্যসাধন করবেন তা আমার ধারণার অতীত। তিনি নিজে যখন সেই পরম রহস্যঘন সত্তার আভাস পেয়েছেন প্রত্যক্ষ জগতের অন্তরঙ্গ হয়েই, তখন কোন্ জাছুকাঠির স্পর্শে পাঠককে এক লাফে এই দৃশ্যপ্রপঞ্চ সম্পূর্ণ পার করিয়ে দিয়ে পরমের একেবারে মুখোমুখি দাঁড় করাবেন? যে-পথে তিনি দৃশ্যালোক থেকে দৃশ্যাতীতে উত্তীর্ণ হয়েছেন, মর্ত্য ও অমর্ত্যের মধ্যে সেতুবন্ধন করেছেন, পাঠক সেই পথে তাঁর অলুগামী হ'তে পারেন, সহযাত্রী হ'তে পারেন, কিন্তু পথিকৃতকে একেবারে টপকে যাবেন কোন্ মায়াবলে? এমনি এক আজগুবি কাণ্ড ঘটাতে গিয়ে ব্যর্থ হলেন ঝাবো, উপলব্ধি করলেন তাঁর সাধ কবিমাত্রের সাধ্যাতীত; চোখের সামনে দেখতে পেলেন কবিতাকে যে-পথে তিনি হাঁটতে

> 'Modern poetry has undertaken completely to set free the poetic sense. In the double signification of the poem, it endeavours to extenuate, if possible, to abolish the intermediary signification, the definite set of things whose presence is due to the sovereignty of the logical requirements, of the social signs of language, and which is, as it were, a kind of wall of separation between the poetic intuition and the unconceptualizable flash of reality to which it points. The poem is intended to have, not a double, but a single signification— only this flash of reality captured in things' (Jacque Maritain, *Creative Intuition in Art and Poetry*, Meridian paperback, p. 214).

চান তা কোনো রাজপথ নয়, একটি অন্ধগলি। সেই প্রবীণ উপলব্ধির তরুণ বেদনা জানিয়ে গেলেন তাঁর *A Season in Hell* কাব্যগ্রন্থে। আমরা পাঠকরা বঞ্চিত হলাম না, তবে এই ভেবে প্রবঞ্চিত যেন না হই যে র্যাবো কবিতার সামনে নতুন কোনো পথ খুলে দিয়ে গেছেন। কোনো পথ খোলা নেই জেনেই কুড়িতে পা দিতে-না-দিতে এই ব্যর্থকাম কবি কবিতা লেখা একেবারে বন্ধ ক'রে দিলেন; বাকি জীবনটা তাঁর শুধু বন্ধ্য নয়, বাউণ্ডুলে, ছন্নছাড়া, শোচনীয়।

দেবদত্ত শক্তিতে মালার্ঘ্যে র্যাবোর সমকক্ষ ছিলেন না হয়তো, কিন্তু সাধনা তাঁর অতুলনীয়— অন্তত কাব্যের বহিরঙ্গ বিচারে। বোদলেয়রের মতো তিনিও দৃঢ়প্রত্যয়ে মেনে নিয়েছিলেন যে কবির পক্ষে বহির্জগৎটা পরিহার্য। বরঞ্চ তাঁর পরিহরণ আরো চরমে পৌঁছেছিল, জগতের প্রতি কোনোরূপ বিক্ষোভ বা বিতৃষ্ণাও তাঁর মনে, অন্তত মনের অভিব্যক্তিতে স্থান পায় নি। আদৌ বহিমুখী ছিল না বলে তাঁর কাব্য বোদলেয়রের মতো অন্তমুখী হবে, এ-প্রত্যাশাও কিন্তু ভ্রান্ত। মালার্ঘ্যের কবিতা ছিল সজ্ঞানত, নিকামত, সংকল্পত শূন্যমুখী। গোড়া থেকে অবশ্য তা ছিল না; প্রথম জীবনে তিনি পরোৎকর্ষের, স্তম্ভের, শুভের— অথবা এ-সবের প্রতীক, নীলাকাশের— প্রবল আকর্ষণ অনুভব করতেন। পরম স্তম্ভের আকর্ষণ কিন্তু তাঁকে শুধু বিক্ষুব্ধই করলো; সেই আকর্ষণকে সমূলে বিনষ্ট করতে চাইলেন একটি স্মরণীয় কবিতায়, স্তম্ভীন্দ্রনাথ দস্তের অহ্বাদে যার শিরোনামা 'নীলিমা'। নীলাকাশকে ঢেকে দিতে ব্যাকুল হলেন প্রভাতের কুয়াশায়, প্যারিসের চিমনির ধোঁয়ায়; সোল্লাসে ঘোষণা করলেন— 'মরে গেছে মহাকাশ'। কিন্তু নীলিমা থেকে অব্যাহতি পাওয়া এত সহজ নয়, দীর্ঘতর তপস্যা-সাপেক্ষ। কাজেই 'বৃথা অব্যাহতি ভিক্ষা। নীলিমাই আবার বিজয়ী'। কিন্তু শেষ অবধি নীলিমাও হার মানলো এ-কবির একান্ত সাধনার কাছে, 'সমুদ্রসমীর'ও স্তম্ভ হ'ল; নাবিকের গান আর মধুর শোনালো না, কোনো গানেই মাধুরীর লেশটুকু রইলো না। 'রিক্ত কাগজের শুক্ল স্বগত সংযম' রইলো কেবল তাঁর সম্মুখে প্রসারিত, কারণ তিনি সংকল্পবদ্ধ যে, তাঁর কবিতার খাতার শুভ্র পৃষ্ঠাকে কলঙ্কিত করবেন না বাস্তব কোনো কিছুর উল্লেখ। লিখতে না পারার বিক্ষোভ নিয়ে অবশ্য কয়েকটি স্তম্ভের কবিতা লিখলেন তিনি। বস্তুতপক্ষে তাঁর অর্ধেক রচনার (প্রথম পর্বের সবকটি কবিতার) একমাত্র বিষয় তাঁর উষরতার বেদনা।

এই বেদনা কিঞ্চিৎ প্রশমিত হ'ল শেষ জীবনে, মালার্ঘ্যে আবিষ্কার করলেন অপর একটি কাব্যবিষয়, সত্যি কথা বলতে কি একটি নতুন কাব্যকোশল, যার পরাকাষ্ঠা দেখা গেলো তাঁর সবচেয়ে পরিচিত ঙ্গৎ দীর্ঘ রচনায়— 'ফনের দিবাসপ্নে'। কবিতাটি আরম্ভই হয় বাস্তবের ক্ষীণতম পটভূমিতে, একটি পৌরাণিক কাহিনীতে, কাহিনী-বর্ণিত স্বপ্নে।

চার লাইন পরেই কিন্তু সেইটুকু বাস্তবের ছোঁয়াও আর থাকে না, স্বপ্নটা ভেঙে ভেঙে যায়, ধরাছোঁয়ার বাইরে চ'লে যায় স্বপ্নের বস্তুগুলি, যেন তারা একেবারেই কিছু না। শার্ল মোরঁ তাঁর ভূমিকায় বলেছেন মালার্মে গত্তে-পত্তে বুঝিয়ে দিয়ে গেলেন কবিকর্ম হচ্ছে যে-কোনো-কিছু থেকে একেবারে কিছু-না-এর দিকে ডানা মেলে উড়ে চ'লে যাওয়ার কৌশলবিশেষ। মারিট্যার অভিমত, মালার্মের কবিতা হচ্ছে 'an elaboration of pure artefact mirroring only the void'। এই অত্যাশ্চর্য কর্ম কিন্তু কেবল কাব্যরচনার মধ্যে স্তম্ভন হয় না ; মালার্মেও তা করতে পারেন নি। টীকা ভাষ্য গৌরচন্দ্রিকা ইত্যাদি দ্বারা সংবলিত না হ'লে ছ-চারটি বাদে এই অসাধারণ প্রতিপত্তিশালী কবির প্রায় সমস্ত রচনাই প্রহেলিকা থেকে যায়— গবেষণামূলক নিবন্ধ লেখার পক্ষে যতটা উপযুক্ত, রসান্বাদনের পক্ষে তার সিকিভাগও নয়। শুনেছি মালার্মের এক-একটি ক্ষীণাঙ্গ কবিতার উপর মোটা মোটা থিসিস রচনা ক'রে মার্কিনি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তরেরা ডক্টরেট উপাধি পেয়ে থাকেন। 'কোন হাতে তুই বিকোতে চাস, ওরে আমার গান?'

এলিয়ট বলেছিলেন আধুনিক কবিরা তাঁদের কবিতার মামুলি অর্থটিকে ব্যবহার করেন পাঠকের বুদ্ধিবৃত্তিকে ঘুম পাড়িয়ে রাখার জন্ত, যাতে বুদ্ধির পাহারা এড়িয়ে কবিতা সোজা হৃদয়ের গোপন কক্ষে প্রবেশ করতে পারে। ঘুম পাড়াবার শক্তি ছিল ভের্লেনের, য়েট্‌সের, পাস্তেরনাকের কবিতায়। কিন্তু স্বয়ং এলিয়ট, মালার্মে কিংবা ভালেরির কবিতা বুদ্ধির কাছে এক বিরাট চ্যালেঞ্জরূপে উপস্থিত হয়, অত্যন্ত সজাগ বুদ্ধিকে এক দুর্কহ ও শ্রমসাধ্য গবেষণার কাজে ঠেলে দেয় ; ততক্ষণ বরং হৃদয়বৃত্তিকেই ঘুমিয়ে থাকতে হয় বা একপাশে থমকে দাঁড়াতে হয়। বহুবিধ শাস্ত্র ঘেঁটে, অনেকদিন মগজ খাটিয়ে, শেষে যখন অর্থোদ্ধার হয় তখন ক্লাস্ত কবিতার কি আর চলৎ-শক্তি অবশিষ্ট থাকে? কবিতা যদি প্রথম অভিঘাতেই পাঠকের হৃদয়ের সন্ধান না পায় তবে বুদ্ধি ও বিচার অলিগলি ঘুরে শেষেও পাবে না।

কাব্যে আধুনিকতার পরবর্তী অধ্যায়টি আরো বিচিত্র। প্রকৃতি ও মানুষের প্রতি অবজ্ঞা নিবিড়তর হ'ল, সর্বপ্রকার অভিধা পরিত্যাগ ক'রে কবিতার ভাষা আর ভাষাই রইলো না, হয়ে উঠলো বস্তুপুঞ্জ। সাত্র' তাঁর *What is Literature* গ্রন্থে ঘোষণা করলেন— 'the poet considers words as things and not as signs'। এই বস্তুধর্মী অনচ্ছ ভাষা হবে ইন্দ্রিয়গ্রাহ্য ; বুদ্ধিগ্রাহ্য বা অবাঙ-মনসোগোচর কোনো-কিছুর দিকে রসিক চিত্তকে ধাবিত হ'তে দেবে না, বন্দী ক'রে রাখবে আপন রূপের বৈভবে, অভিভূত করবে কবির অভূতপূর্ব রূপদক্ষতায়। বাহিকা-শক্তি কবিতা একেবারে হারাবে না অবশ্য, তবে বহন করবে একটিমাত্র অভিজ্ঞতা—

কবিকৃত পরমাশ্চর্য শব্দবিছাশকে সর্বান্তঃকরণে উপলব্ধি করবার অভিজ্ঞতা। ঐ অভিজ্ঞতাই পেতে চেয়েছিলেন কবি তাঁর সৃষ্টিকার্যে, সেই মূল্যবান অভিজ্ঞতাই তিনি পাঠককে উপহার দিতে চান তাঁর প্রকাশিত রচনার মাধ্যমে।^১ কাব্যের এই প্রবণতার আলোচনা আমি ইতিপূর্বে করেছি (‘কাব্যে আধুনিকতা ও রবীন্দ্রনাথ’, বিশ্বভারতী পত্রিকা, মাঘ-চৈত্র ১৮৮০ শকাব্দ ; ‘The Language of Poetry’—*Quest*, July-Sept., 1959) ; এখানে তার পুনরাবৃত্তি করবো না।

আর-একটি প্রবণতা হ’ল স্মরণীয়ালিজম, বাংলায় নাম দেওয়া যাক পরাবস্তুবাদ। এর প্রভাবও পড়েছে হালের বাঙালি কবিদের উপর, ফরাশি পরাবস্তুবাদীদের সাংক্ষাৎ পরিচয়ে ততটা নয় যতটা মার্কিন বীটনিকদের মধ্যস্থতায়। এঁরা বুদ্ধির তথা চৈতন্যের সীমানা অতিক্রম ক’রে ভাঙ, হশীশ, মেস্কালিন, ইথরাদির সাহায্যে প্রবেশ করতে উত্তত হলেন অবচেতনার গহন আদিম অরণ্যে ; ভাবলেন সে-অরণ্য থেকে কবিতা বেরিয়ে আসবে বহু হস্তীর মতো সামনে যা পাবে তাই ভেঙেচুরে— শুধু বুদ্ধি নয়, নীতি নয়, রীতি রুচি শালীনতা সবকিছু তছনছ ক’রে। সন্দেহ করলেন না যে সবচেয়ে তলার যা, তার মূল্য সকলের উপরে হ’তে পারে না ; জেনেও জানলেন না যে তুচ্ছই সহজ, মহতের জন্ম দীর্ঘ কঠিন সাধনার প্রয়োজন। বুদ্ধিকে ছাড়িয়ে যাওয়ার শক্তি যদি কারো থাকে তবে তিনি কোনো অজানা রহস্যলোকের সন্ধান পেতেও পারেন, কিন্তু বুদ্ধিকে এবং বুদ্ধিপ্রভব বিনয়কে (ডিসিপ্লিনকে) এড়িয়ে গেলে যা পাওয়া যাবে তা কবিতা নয়, কাকলি, অটোম্যাটিক রাইটিং— মনোরোগীর রোগনির্গমার্থে তার মূল্য থাকতে পারে, রসের বিচারে তা অপাঙ্ক্ত্যেয়।

ওয়ার্ড্‌স্‌ওয়ার্থ বলেছিলেন কোনো যুগের সমাদৃত সাহিত্যে যে-মিথ্যা ধারণাগুলি শিকড় গেড়ে থাকে তার মিথ্যাৎ বিষয়ে অবহিত হওয়া সে-যুগের মানুষের পক্ষে বেশ একটু কঠিন। বর্তমান যুগের হৃদয়মন-গ্রাস-করা মিথ্যাটি হ’ল অমঙ্গলের এবং কদর্ঘতার সর্বব্যাপ্তি (universality of evil)। বোদলেয়র-পরবর্তী অধিকাংশ শীর্ষ-স্থানীয় কবি, গল্পকার ও ঔপন্যাসিকের রচনায় যা-কিছু গুণ্ডারজনক তার প্রতি অথও

^১ ‘Stephane Mallarmé was without the personal mysticism of Baudlaire and Rimbaud and concentrated on the word as something which has symbolic value and evocative power in itself. Whatever assessment the critics accord to his poetic creation, it was undoubtedly responsible for an important development in poetic theory. For the poem came to be regarded no longer simply as an instrument by which the poet communicated to other men an experience of mystical revelation, but was itself the source of the mystical experience and the revelation to poet and reader alike.’ (H. Osborne, *Aesthetics and Criticism*, Kegan Paul, p. 195).

মনোনিবেশ দেখে মনে হয় এঁরা দিব্যদৃষ্টি দিয়ে দেখতে পাচ্ছেন— “কদর্যেণ” বাস্তব্ ইদম্ সর্বম্ জগত্যাম্ জগৎ’। রোমান্টিকদের প্রমাদ সম্পর্কে আমরা এতই সচেতন যে, বেচারি কীটসের বহু-উদ্ধৃতি-জীর্ণ সত্য ও স্তব্বরের সমীকরণ মন্ত্রটিকে সংশোধিত করতে চাই তাকে উলটে দিয়ে (মার্কস্ যেমন হেগেল-দর্শনকে চাপা করতে চেয়েছিলেন তাকে মাথার উপর দাঁড় করিয়ে) ; বলি, যা কদর্য তাই সত্য, যা সত্য তাই কদর্য ।

বর্তমানকালের চলতি মিথ্যা যেমন আমাদের চোখে সহজে ধরা দেয় না, তেমনি অতীত যুগের সাহিত্যসাধনা যে-সত্য থেকে শক্তি সঞ্চয় করতো সে-বিষয়েও সাম্প্রতিক সাহিত্যের প্রভাব আমাদের মনকে অনেকখানি অসাড় ক’রে রাখে। সে-যুগটি যদি হয় দূর অতীতের তবে বাধা তত দুস্তর ঠেকে না, বরং দূরের বাণী একটু মিষ্টি শোনায় বই কি। মনের ব্যবধানকে আমরা কাটিয়ে উঠতে চেষ্টা করি ঐতিহাসিক কল্পনাশক্তির উপর ভর ক’রে, পরিশীলন করি এমন রুচির যার সাহায্যে দু-এক শতাব্দী এমন-কি দু-এক সহস্রাব্দী পূর্বের ভাব ও রস গ্রহণ করতে বাধা থাকে না। রবীন্দ্র-নাথের যুগ অতীত, কিন্তু মাত্র তিন-চার দশক পূর্বে তা খুবই বর্তমান ছিল। এই নিকট-অতীতকে নিয়ে বিপদ ঘটে সাহিত্যে। সাহিত্যভোগী খোঁজেন আধুনিকতম শৈলী ও মেজাজ ; সাহিত্যকর্মীও চান একেবারে নতুন কিছু ক’রে দেখাতে, নইলে তাঁর শক্তি ও স্বাতন্ত্র্যের হাতে-হাতে প্রমাণ দেয়া হয় না। আর সত্ত্ব-নতুনকে চালু করতে গেলে প্রয়োজন দেখা দেয় যা চ’লে আসছে, যা হৃদয়-মন-নয়নকে হরণ ক’রে রেখেছে এতদিন, তাকে সরিয়ে ফেলার, অন্ততপক্ষে তার সম্মানের উচ্চাসনটাকে নামিয়ে দেবার (প্রাকৃত ইংরেজিতে যাকে বলে ‘ডিবান্ধি’)। এটাকে কালের ধর্ম ব’লে মেনে নেওয়া যেতো, বিশেষত এই ভরসায় যে রবীন্দ্রকাব্যের সত্য মূল্য বেশিদিন চাপা থাকবে না। কিন্তু আমার মন তাতে সায় দেয় না কারণ আমার বিশ্বাস, যদিও সর্বম্ ক্ষণিকম্ ক্ষণিকম্, তবু সংসাহিত্যের মূল্যায়ন আর জড়োয়া গয়নার ফ্যাশনের অনিত্যতায় যে-জাতিভেদ আছে সেটাকে বাঁচিয়ে রাখাই ভালো। বাজারি সাহিত্য তো রয়েছে, তার ফ্যাশান বদলাক, দাম উঠুক নামুক বছরে-বছরে। কিন্তু মহৎ সাহিত্যের মূল্যায়ন আরো তন্নিষ্ঠ এবং দূরপ্রসারিত স্থিরদৃষ্টিসম্পন্ন হওয়া আবশ্যিক।

ভারতীয় হকের সন্ধানে

অশোক মিত্র

বিশ্বজয়ী ও কালজয়ী মুষ্টিমেয় ভারত সম্রাটের সময় ব্যতীত ইতিহাসে বোধহয় ভারতের রাষ্ট্রিক বা রাজনৈতিক ঐক্য আধুনিক যুগ ছাড়া কোনোদিনই সম্ভব হয় নি। এমন-কি সম্রাট অশোকের সময়েও যে-রাষ্ট্রিক ঐক্য সাধিত হয় সে-ঐক্যও নিশ্চয় আধুনিক মানাহুসারে ছিল নিতান্ত নামমাত্র। কিন্তু আশ্চর্যের বিষয় সারা উত্তর ভারতে, এমন-কি দাক্ষিণাত্যে দ্রাবিড়েও, যা-কিছু চারুকলার ঐতিহাসিক সাক্ষ্য দেখি, তার মধ্যে এমন কোনো নিদর্শন সদাই থাকে যা দেখে মুহূর্তে বোঝা যায় যা দেখছি তা নিতান্তই ভারতীয়, ভারতের মাটিতে পুষ্ট, ভারতের সংস্কৃতিতে তার জন্ম, বৃদ্ধি ও পরিণতি। যে-দিকেই তাকানো যায়, যে-চারুশিল্পই আলোচনা করা যায়— এর ব্যত্যয় মেলে না। সংগীতের কথাই ধরা যাক। কর্ণাটক, মহারাষ্ট্র, উত্তর ভারত সংগীতের নানা শাখা-প্রশাখায় বিভক্ত হ'লেও মূল সূত্রে এক। সে-সূত্র, সে-স্বরগ্রাম, সে-রাগরাগিণীর ভিত্তি মিশরি, ইরানি, শ্বাম, ব্রহ্ম, চীনদেশের স্বরগ্রাম, রাগরাগিণীর ব্যাকরণ হ'তে ভিন্ন। এমন-কি যে-আফগানিস্থান থেকে আমরা বিচিত্র বাণ্যযন্ত্রাদি আহরণ করেছি, সে-আফগানিস্থানের সংগীতের গঠন থেকেও আমাদের গঠন ভিন্ন। অথচ আশ্চর্যের বিষয় এই যে বাহ্যিক গুণ এবং অলংকার বাদ দিলে সংগীতের অস্থি-মজ্জা-কঙ্কাল ভারতের সর্বত্র এক। অভিন্নদেহ ও অভিন্ন আত্মার নানা রূপ-প্রকাশমাত্র।

বিদগ্ধজনে এর জবাব দেবেন হয়তো এই ব'লে যে আগন্তুক আর্য-স্বরগ্রামের সঙ্গে দেশজ অনার্য-স্বরগ্রামের মিলনের ফলেই এইরূপ পরিণতি সম্ভব। বস্তুত দেশজ অনার্য-স্বরগ্রাম ও -ছন্দ আর্য-সংগীতধারাকে যে কী বিচিত্ররূপে সমৃদ্ধ করেছে তার সম্যক নির্ণয় আজও হয় নি। ইয়োরোপেও লোকসংগীত এইভাবে দরবারি সংগীতকে চিরকাল সমৃদ্ধ করেছে, লোকোত্তর ঐশ্বর্য দিয়েছে। সংগীতকাররা মনে করেন, মৌলিক টিউন বা মেলডিক খীম প্রণয়ন করা সংগীতে সবচেয়ে দুরূহ ব্যাপার। আশ্চর্যের বিষয় এই যে, যে-কোনো দেশের লোকসংগীত এই মৌলিক টিউন বা মেলডিক খীম-এ ঠাশা, দরবারি সংগীতকাররা তাঁদের নিজেদের তাগিদ ও উদ্ভাবনী-শক্তি অহুযায়ী লোকসংগীতের এই ভোজে স্ব স্ব ইচ্ছা- ও শক্তি-মতো অংশগ্রহণ ক'রে দরবারি সংগীতকে সমৃদ্ধ করেন মাত্র। এই নিয়ম অবশ্য ইয়োরোপের পক্ষে খাটে।

আমাদের দেশে খাটে অল্প নিয়ম। আমাদের দেশের দরবারি সংগীত লোকসংগীতের নিকট যে-বিষয়ে সবচেয়ে ঋণী তা হচ্ছে ছন্দ বা তাল। এ-কথা বললে বোধহয় বিশেষ অত্যাক্তি হয় না যে দরবারি সংগীতের ছন্দের এবং তালের ভিত্তি হচ্ছে ভারতীয় লোকসংগীত ও -নৃত্য, সেই ভিত্তির উপরে হয়েছে যত বিচিত্র গাঁথুনি এবং অলংকার। এবং যেহেতু লোকসংগীতের ভিত্তির উপরে এই আশ্চর্য ঐশ্বর্যময় ইমারত দাঁড়িয়ে, সেইহেতু ভারতীয় সংগীতের গুণ যা শোণামাত্র চেনা যায়, তা বোধহয় লোকসংগীতের কাছেই দায়ী।

অথচ শুধু ঐ ভাবে বললে সব কথা বলাও হয় না। কারণ ভারতের দেশজ অনার্য লোকসংগীত পরিণতির নানা স্তরে বিস্তীর্ণ। উত্তরখণ্ডের বা কাশ্মীরের লোকসংগীত, গদ বা সাঁওতাল লোকসংগীতের কাঠামো থেকে সম্পূর্ণ তফাত। এখানে আর্ষ-স্বরগ্রাম যা করেছে তাও বিচিত্র। তার নিজস্ব স্বরগ্রামের উপরে নানা বিচিত্র অনার্য লোকসংগীতের ছন্দ বা তালকে সে আরোপিত, গ্রথিত করেছে। তার ফলেই এসেছে আমরা যাকে অনায়াসে স্বীকার করি এবং চিনতে পারি, সেই অনির্বচনীয় ভারতীয় গুণ।

ভারতীয়ত্ব, অর্থাৎ ভারতীয় গুণ, সবচেয়ে বেশি আছে বোধ করি ভারতের সর্বত্র মাটির ও পাথরের ভাস্কর্যে এবং স্থাপত্যে। ভাস্কর্যে ও পোড়ামাটিতে ভারতীয় গুণ পৃথিবীর এক আশ্চর্য কীর্তি। এর তুলনা নেই। মহেঞ্জোদরো বা হরপ্পা, অহিচ্ছত্র বা মথুরা, পাটলিপুত্র বা ভিতরগড়, পাহাড়পুর বা তমলুক, সাঁচি বা অমরাবতী, বাঁকুড়া বা গোয়ালপাড়া, ভারতের যে-কোনো স্থানে যে-কোনো কালের টেরাকটা বা পোড়া-মাটির ভাস্কর্যে সেই আশ্চর্য সর্বভারতীয় প্রতিকৃতি নিঃসন্দেহে প্রতিভাত। এই ভারতীয় প্রতিকৃতি আছে মুখের এবং শরীরের ভেঁলে ও ব্যঞ্জনায়, দেহ সম্বন্ধে একান্ত মমত্বপূর্ণ চেতনায় ও আবেগে, স্থূলদেহের মধ্যে একান্ত স্থূক্ষ মানবীয় ভাবপ্রকাশে, নিতান্ত দৈনন্দিন আটপোরে জীবনের গ্রহণে, দেহ ও আত্মার পূর্ণ আদান-প্রদানে, সৃষ্টির বিশ্বের প্রাণের প্রাচুর্যে ও স্বীকৃতিতে, যে-অস্তিত্বে আছে পূর্ণ বিস্তার, সংকীর্ণ লোকনীতির 'হাঁ-না'র মধ্যে যা সংকুচিত বা আবদ্ধ নয়। ভারতের যে-কোনো টেরাকটা পুতুল বা মূর্তি হাতে নিয়ে নিঃসন্দেহে বলতে পারা যায় সেটি ভারতীয় অথবা অ-ভারতীয়। কেন ভারতীয়, তার সহস্রের যদি সহস্রা মুখে নাও জোগায় তবু মন ও চোখ সজোরে বলবে সেটি ভারতীয়। ভারতীয় চরিত্র, ভারতীয় প্রতিকৃতি অথবা ভারতীয় গুণ এতই পরিস্ফুট, এতই মূর্ত।

পাথরের স্ফুটল ভাস্কর্যে (sculpture in the round) এবং স্থাপত্য-নিহিত, চৌহদ্দিবদ্ধ ভাস্কর্যেও ভারতীয় গুণ পৃথিবীর সর্বজনবিদিত এবং সমাদৃত। যদি স্ফুট

স্বমেরুতেও কোনো ভাস্কর্য কুড়িয়ে মেলে, চোখ বুজে ব'লে দিতে পারা যাবে সেটি ভারতীয় ভাস্কর্য কিনা। এই ভারতীয়স্থের নিদর্শন বা স্বাক্ষর শুধু যে আছে মুখের বা শরীরের ভেঁলে বা ব্যঞ্জনায়, দেহ সম্বন্ধে একান্ত মমতায় বা চেতনায়, স্থূল দেহে একান্ত মানবীয় ভাবপ্রকাশে, প্রাণের প্রাচুর্যে এবং উল্লাসে— তা নয়, সে-প্রমাণ এবং -স্বাক্ষর পাওয়া যাবে পাথর সম্বন্ধে ভাস্করের এক অতি অদ্ভুত ভারতীয় বোধে ও দৃষ্টিভঙ্গিতে। সারা ভারতময় ভারতীয় ভাস্কর, সে যে-যুগেরই হোক, কতকগুলি আঙ্গিকগত সমস্তার মৌলিক নিরাকরণ করতে সমর্থ হয়েছেন। সে-সমস্তাগুলি হচ্ছে, যে-কোনো ভাস্কর্য কত দূরে বা কত উঁচুতে, কোথায় নিহিত হ'লে, আলোছায়া অল্পস্বারে তার অঙ্গপ্রত্যঙ্গের মাপ কী হওয়া উচিত, যাতে দৃষ্টি ও পরিপ্রেক্ষিতের কতকগুলি সমস্তার উত্তর পাওয়া যায়। দ্বিতীয়ত যে-কোনো ফিগারের একেবারে মুখোমুখি (frontal) প্রতিরুতি, প্রতিটি ভাস্কর্যের একান্ত নিজস্ব, মৌলিক ব্যক্তিত্ব, চরিত্র ও ভাব বজায় রেখে কীভাবে করা যায়— ভারতীয় ভাস্কর তার সহস্রের যে-ভাবে দিয়েছেন, পৃথিবীর কোনো ভাস্কর তা দিতে পারেন নি। তৃতীয়ত ভাস্কর যেহেতু ফ্রিজ (frieze) বিশেষভাবে ব্যবহার করেছেন, সেহেতু ভাস্কর্যে তিনি সমাধান করেছেন চিত্রকলার নানা সমস্তা, যেমন চিত্রের রচনা বা কম্পোজিশন সমস্তা, পরিপ্রেক্ষিত বা পারস্পেকটিভ সমস্তা, ফোরশর্টনিং বা স্তম্ভ দিকটা খাটো করার সমস্তা, চতুর্দিকে স্পেস ও ডীপ স্পেসের সমস্তা ইত্যাদি। অর্থাৎ ভারতীয় ভাস্কর ফ্রিজ বা রিলিফে যা সাধন করেছেন তাকে বলা যায় তিন-মাত্রিক বা three-dimensional, ফ্রেমড্ বা চৌহদ্দিবন্ধ মুখোমুখি বা ফ্রন্টাল চিত্র। যা হচ্ছে পৃথিবীর ভাস্কর্যের ইতিহাসে ভারতীয় ভাস্করের দুর্লভ এবং একান্ত নিজস্ব দান। ভারতীয় ভাস্কর ফ্রি স্ট্যাণ্ডিং স্তম্ভের ভাস্কর্য বহু করেছেন কিন্তু গ্রীক বা ব্যাকট্রীয় বা আসিরীয় ফ্রিজ থেকে ভারতীয় ফ্রিজ যে জাতে এবং কুলে তফাত এবং সেই পার্থক্যে যে পৃথিবীতে সে একান্ত কুলীন এ-কথা স্বীকার করতে কোনো বিদগ্ধজনের বাঁধবে না।

যে-ভারতীয়স্থের অবতারণা এই আলোচনায় করা হয়েছে সেই ভারতীয় চরিত্র ভারতীয় ভাস্কর্যের চেয়েও বোধহয় অনেক বেশি পরিমাণে পরিস্ফুট ভারতীয় স্থাপত্যে। তার কারণ বোধহয় এই যে ভারতীয় ভাস্কর্য নিরালস্য নয়, তা মুখ্যত স্থাপত্য-নিহিত ভাস্কর্য, ভারতীয় স্থাপত্যের উপর তা একান্তভাবে নির্ভরশীল, ভারতীয় স্থাপত্যে ব্যতিরেকে ভারতীয় ভাস্কর্যের আলোচনা বা প্রস্তাব প্রায় অসম্ভব। সেইজন্তই বোধহয় যে-ভারতীয় ভাস্কর্যের ভারতীয়স্থ সম্বন্ধে আমরা এত গর্বিত সেই ভাস্কর্যের আশ্রয়স্থল ও জন্মদাতা ভারতীয় স্থাপত্যেও এক একান্ত অনির্বচনীয় ভারতীয় ভাব সর্বদা বিরাজমান। এবং এই অনির্বচনীয় ভারতীয়স্থ যে-ধরনের

দেউলের আলোচনাই করা যায় তার কতকগুলি মূলসূত্রে পরিস্ফুট। ঠিক যেমন খ্রীষ্টীয় চার্চের মূল ভিত্তি ক্রুসিফরমে, তেমনি ভারতীয় দেউলের ভিত্তি যজ্ঞবেদিতে এবং গৃহস্থের গৃহে। তার উপরে যে-দেউল ওঠে সে-দেউল ইশারা দেয় আত্মার উর্ধ্বমুখী চেতনার, যে-চেতনা যে-প্রাণ মরজগতের নাগাল ছাড়িয়ে ক্রমশ উপরে উঠতে চায় অথচ মরজগতের নাগাল সম্পূর্ণ ছাড়াতে অনিচ্ছুক বলে তার গড়ন হয় কিছুটা মায়াবী, গথিক চূড়ার মতো অমানবিক, অভ্রভেদী নয়।

চারুকলার যে-ক্ষেত্রে সবচেয়ে বৈচিত্র্য দেখতে পাই তা চিত্রকলায়। তার কারণ বোধহয় চিত্রকলা নিতান্তই লিখনশিল্পের গোষ্ঠীভুক্ত। চিত্র লিখতে হয় এবং যেহেতু চিত্রকলা লিখনশিল্পের পর্যায়ে পড়ে সেইহেতু তার বৈচিত্র্য স্বতঃস্বীকার্য; কিন্তু আশ্চর্যের বিষয়, এই চিত্রকলাতেও কতকগুলি মূলসূত্র, যা এককথায় বলা যায় 'ভারতীয়', সর্বত্র বিরাজমান। সেই মূলসূত্রগুলির কয়েকটির উল্লেখ করলেই বক্তব্য পরিষ্কার হবে। যেমন প্রথম গুণ, যাকে বলা যায় ভারতীয় পারস্পেক্টিভ বা মাল্টিপল ভিসন। অর্থাৎ কোনো একটি বিশেষ বিন্দুর উপর দাঁড়িয়ে সমুখে দূরের পর দূরে বিলীয়মান পারস্পেক্টিভ দেখা নয়, চিত্রের মধ্যস্থলে আসীন হয়ে শিল্পী যেন চতুর্দিকে যেমন ইচ্ছা চোখ প্রসারিত ক'রে দেখছেন। দ্বিতীয় গুণ হচ্ছে প্রায়শই ফ্রেম, অর্থাৎ গণ্ডি বা চৌহদ্দির অভাব, যার ফলে ইয়োরোপীয় মতে ভারতীয় চিত্রে ফ্রেম্‌ড বা চৌহদ্দিবদ্ধ কম্পোজিশন বা রচনা নেই অথচ সর্বত্র আছে অতি সূন্দর স্ফুটক বিজ্ঞান, ইংরাজিতে যাকে বলা হয় ফর্মাল অ্যারেন্জমেন্ট। উপরন্তু প্রায়ই দেখা যায় ছবির শাদা জমির মধ্যস্থলে অমোঘ বিচারে গুস্ত একক বা দ্বৈত ফিগর যার বিজ্ঞাসে সারা জমি সচকিত, মুখর, চঞ্চল হয়ে ওঠে। তৃতীয় গুণ হচ্ছে সর্বত্র সমান নিষ্কম্প, ছায়াহীন উজ্জ্বল আলো, বর্ণচাতুরী বা বর্ণালি-বিভঙ্গের অভাব, যা সমস্ত ছবিকে উজ্জ্বল, শান্ত, স্থির অথচ বৈভবময় ক'রে তোলে।

যেমন সংগীতের ক্ষেত্রে তেমনি চিত্রকলার ক্ষেত্রেও বিদগ্ধজননে বলবেন দরবারি চিত্র কত বিচিত্রভাবে লোকচিত্রের কাছে ঋণী। কিন্তু সংগীতের মতোই চিত্রকলার ক্ষেত্রেও একই প্রশ্ন ওঠে— ভারতের লোক তো এক নয়, ভারতের লোক বিচিত্র, সারা পৃথিবীর যে-কোনো খণ্ডে এত লোকবৈচিত্র্য আছে কিনা সন্দেহ। বিচিত্র লোকের বিচিত্র ধারা ও ঐতিহ্য স্বাভাবিক। শুধুমাত্র লোকচিত্র কথাটিতে তো প্রশ্নের নিষ্পত্তি হয় না, স্তব্ধ দরবারি চিত্রে এই সর্বব্যাপী ভারতীয় ভাব কী ক'রে সম্ভব হয়?

ভারতের ইতিহাসে কেন্দ্রীয় রাজশক্তি কোনোদিনই ব্রিটিশ কেন্দ্রীয় রাজশক্তির মতো প্রতাপশালী ছিল না। আধুনিক হিসাবে কেন্দ্রীয় শাসন সর্বদাই ছিল অনেক

বেশি শিথিল এবং দুর্বল। পথঘাট যানবাহনের বিশেষ অভাব ছিল। দেশের অধিকাংশ স্থান ছিল দুর্গম। অথচ সারা ভারতের আনাচে কানাচে গহন বনে-জঙ্গলে আধুনিক যুগের দুর্গম স্থানে সর্বত্র সভ্যতার এত ভুরি ভুরি উদাহরণ অক্লেশে পাই যে একথা মানতে বাধে না যে কোনো-না-কোনো কালে ভারতবর্ষের সর্বত্র সাধারণ ভারতবাসীর অবাধ গতি ছিল। এক-এক যুগে হয়তো এক-এক অংশে সভ্যতা, শাসন ও জনপদের বিশেষ বিস্তার ও সমৃদ্ধি ঘটে, পরবর্তী যুগে হয়তো সে-উচ্চম অগ্রজ সঞ্চালিত হয়ে অগ্র জায়গাকে সমৃদ্ধ করে। কিন্তু গত পাঁচ-ছয় হাজার বছরে ভারতবর্ষের একের পর এক অঞ্চলের উপর দিয়ে সভ্যতার পলি যে ক্রমান্বয়ে পড়ে গেছে তার প্রমাণ সর্বত্র।

এই পলির জন্ম দায়ী যে কোনো একক রাজশক্তি বা বিশেষ কোনো যুগ, তা নয়। বিশেষ কোনো যুগে হয়তো প্রবল বান এসে গভীর এবং পুরু পলি পড়েছে এই মাত্র। ভারতের সর্বত্র সংগীতে, ভাস্কর্যে, নৃত্যে, স্থাপত্যে, চিত্রকলায় যে-ভারতীয়জৈব নিদর্শন দেখি তার জন্মে শুধুমাত্র দায়ী ছিল না কেন্দ্রীয় রাজশক্তি অথবা অর্থনীতি বা বাণিজ্য বা শিক্ষাব্যবস্থা, পথঘাট অথবা যানবাহন। এইসব ব্যবস্থা শক্তিশালী কেন্দ্রের বাহন হ'লে, যেমন আজ তারা বাহন, হয়তো ভারতীয় ভাব আরো বেশি ক'রে আসত, হয়তো-বা আদৌ আসত না, যেমন আমরা পাই না। হয়তো এও সম্ভব যে কেন্দ্রীয় শক্তি যত দৃঢ় হয়, শিল্পে সার্বিক জাতীয় ভাব ততই শিথিল হয়, কারণ সেই ভাবের প্রয়োজন ক'মে যায়; যদিও এ-প্রস্তাব প্রমাণসাপেক্ষ। তবুও সাধারণ বুদ্ধিতে বলে একচ্ছত্র কেন্দ্রীয় রাজশক্তি শিল্পে ভারতীয় ভাবের অঙ্কুল হওয়া উচিত, প্রতিকূল নয়। শতধাবিভক্ত ভারতবর্ষের শিল্পকলায় তাহলে এই একান্ত সার্বভৌম ভারতীয় ভাব এল কী উপায়ে?

এ-বিষয়ে কোনো সন্দেহ নেই যে ভারতীয় চারুকলার সর্বপ্রধান ও সর্বপ্রথম ঐক্য-সূত্র হ'ল ভারতীয় দর্শন এবং লোকধর্ম। ভারতীয় দর্শন যে শুধু তাত্ত্বিক ভিত্তি জুগিয়েছে তা নয়, চারুশিল্পের নানা অঙ্গের দৃষ্টিভঙ্গি, ধ্যান-ধারণা মূর্তিসাধনের জন্মও দায়ী। যে-দিকে তাকাই, যার কথাই ভাবি তার মূলে পাই ভারতীয় দর্শনের মূল-সূত্রগুলি এবং তার ঠিকানারূপী লোকধর্ম ও তীর্থস্থান। সর্বত্র ভারতীয় দর্শন ব্যাপ্ত—স্থাপত্যে, নৃত্যে, ভাস্কর্যে, সংগীতে, চিত্রকলায়, নানা ধর্মশ্রোতের অন্তরে অন্তরে প্রবাহিত দর্শনের ধারা চারুকলার সব ধ্যান-ধারণা জুগিয়েছে। প্রতি ধর্মের আওতায় অবশ্য ভাব ও কর্মের— ধ্যান ও নির্মাণের— মণিকাঞ্চন যোগ হয়, যেমন হয়েছে খ্রীষ্টধর্মে, ইসলামে, বৌদ্ধ, হিন্দু ও জৈন-ধর্মে। রাজশক্তি যখন বহুধাবিভক্ত তখন ভারতের চারুশিল্পে দর্শনের ঐতিহ্য যে ঐক্যসাধন করে সে-বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু দর্শনই একমাত্র কারণ নয়।

প্রত্যেক ধর্মের বাহন থাকে এবং সে-বাহন হয় তলোয়ার। তরবারির জোরে সর্বত্র হয়েছে ধর্মের প্রসার। রাজশক্তি ব্যতীত ধর্মের শক্তি কোথাও শুধুমাত্র নিজবলে প্রকট হয় নি। ভারতবর্ষেও এর ব্যতিক্রম ঘটে নি। এখানেও প্রতি যুগে ধর্মের তলোয়ার-স্বরূপ রাজশক্তি রাজ্যের পর রাজ্য জয় ক'রে এক অঞ্চলের নিপুণ শিল্পী স্থপতি ভাস্কর চিত্রকর সংগীতকারকে বলপূর্বক স্থানান্তরে নিয়ে গেছে। নতুন রাজ্যজয়ের প্রধান লভ্যই ছিল লুণ্ঠিত রাজ্যের শ্রেষ্ঠ শিল্পী ও কারিগরদের উপর আধিপত্য জারি করা এবং তাদের বলপূর্বক স্থানান্তরিত ক'রে স্বদেশে এবং অগ্রভ্র নিয়ে যাওয়া। এর ফলে সারা ভারতে নানা অঞ্চলের শ্রেষ্ঠ শিল্পীদের আদান-প্রদান নিয়তই হয়েছে, এমন-কি শিল্পী-বিনিময় বা শিল্পী-উপঢৌকন কিছুদিন পূর্ব পর্যন্ত দৌত্যকার্য ও কূটনীতির বিশেষ অঙ্গ ছিল। ধর্ম ও দর্শনের পিছনে পিছনে রাজ্যজয়ের স্রোতে ক্রমাগত ঘটেছে শিল্পী-বিনিময় ও -স্থানান্তর। বিদেশী শিল্পীকে ছলে বলে কোশলে ঘরে এনে তাঁকে দিয়ে সাধ্যমতো কাজ করিয়ে নেওয়াই ছিল রীতি। বিদেশী শিল্পীও অচেনা নূতন পরিবেশে সাধ্য-অনুযায়ী তাঁর শক্তিমত্তার পরিচয় দিতে উৎসাহ পেতেন।

ধর্মের ও রাজ্যের পথ বাণিজ্যের পথ। এবং বাণিজ্যে যে লক্ষ্মীর বসতি, সে-কথাটা পুরাকালের রাজারা বিলক্ষণ বুঝতেন। রাজ্যের স্বদূর প্রান্তে বড়ো বড়ো মন্দির এবং তীর্থস্থান স্থাপিত ক'রে তাঁরা যে শুধু তাদের ধর্মের বাহন হতেন তা নয়, তাঁরা নিশ্চয় জানতেন যে রাজ্যের নানা স্থানে, বিশেষত দুর্গমস্থলে, তীর্থ ও দেবস্থান স্থাপন করলে তবেই জনপদ বৃদ্ধি পাবে, নাগরিকেরা যাতায়াত করবে, ব্যাবসা-বাণিজ্য করবে। সেই সূত্রে রাজ্যের দূরদেশের সংবাদাদি নিয়মিত সরবরাহ হবে, রাজ্য স্বরক্ষিত হবে এবং দেশে লক্ষ্মী বিরাজ করবে। যে-ধনরত্ন আমাদের দেশে সাধারণ লোকে রাজাকে দিতে বিমুখ, সে-দৌলত সে দিতে রাজি দেবতাকে। কারণ আমাদের দেশে হিক্র বা খ্রীষ্টীয় নীতি— Give unto Cæsar the things that are Cæsar's— সর্বযুগেই কিছুটা অগ্রাহ্য হয়েছে, যার দরুন সরকারকে আয়কর বা অল্প যে-কোনো কর ফাঁকি দিয়ে আমরা এখন অসীম তৃপ্তিবোধ করি। কিন্তু দেবতাকে ফাঁকি দিতে হৃদয় চিরকালই কেঁপেছে এবং রাজা জানতেন দেবালয়ে ধন মজুত থাকলে আখেরে কাজ দিতে পারে।

সুতরাং কেন্দ্রীয় রাজশক্তির অভাব সত্ত্বেও ভারতীয় চারুশিল্পে যে-সর্বভারতীয় ভাব আমরা লক্ষ্য করি তার জন্ম দায়ী যুগে যুগে এক অঞ্চল থেকে আর-এক অঞ্চলে শিল্পীর আমদানি-রপ্তানি বা বিনিময় যার দরুন এক শিল্পশৈলী অল্পে স্থান হ'তে স্থানান্তরে গেছে; দ্বিতীয়তঃ দায়ী ধর্ম ও দর্শনের বন্ধন যার দরুন

শিল্পশৈলীর ধারা ও ঐতিহ্য যুগে যুগে অব্যাহত রয়েছে, নানা যুদ্ধবিগ্রহ সত্ত্বেও কখনো লুপ্ত হয় নি। উত্তরে পূর্বে পশ্চিমে ছবারোহি হিমালয় হিন্দুকুশ, দক্ষিণে দুস্তর সমুদ্র এই প্রাকৃতিক সীমার মধ্যে ধর্ম, দর্শন ও শিল্পী যুরে যুরে রচনা করেছে বিচিত্র অবিচ্ছিন্ন শিল্প। হিন্দু শিল্পী করেছে জয়ী বৌদ্ধ রাজার কাজ, বৌদ্ধ শিল্পী করেছে জয়ী জৈন বণিকসমাজের কাজ, জৈন শিল্পী করেছে জয়ী পাঠান রাজার কাজ, পাঠান শিল্পী করেছে জয়ী মোগল সম্রাটের কাজ, মোগল শিল্পী করেছে জয়ী ইংরেজ কোম্পানির কাজ।

প্রথম ছেদ পড়ল ইংরেজ আমলে। ইংরেজ সরকার যদিও নানা রাজ্য জয় ক'রে এক-রাজ্য-পাশে ভারতের রাজনৈতিক ঐক্যসাধনে সমর্থ হয়, তবুও ভারতীয় শিল্পীর প্রয়োজন তার হ'ল না, উপরন্তু ভারতীয় শিল্পের ধ্বংসসাধন ক'রে স্বদেশের শিল্পের উন্নতিসাধনই হ'ল তার উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্যসাধনেই ইংরেজ সরকার অন্তত দেড়শো বছর ব্যয় করে। একমাত্র ইংরেজ আমলেই বহুযুগ পরে যদিও ভারতের রাজনৈতিক ও অর্থনৈতিক ঐক্য সাধিত হ'ল কিন্তু সেইসঙ্গে সাধিত হ'ল ভারতীয় শিল্পীগোষ্ঠীর অখণ্ড ঐক্যের ধ্বংস। ভারতীয় শিল্পীরা এই সর্বপ্রথম বহুধাখণ্ডিত হয়ে পড়লেন।

এই বহুধাখণ্ডনে সাহায্য করল বিদেশী ধর্ম ও দর্শন। বিদেশী দর্শন আমাদের দেশে যে-পলি বহালে তার নানাবিধ স্ত্রফল সত্ত্বেও শিল্পীর দৃষ্টি খণ্ডিত হ'ল, দ্বিধাসংশয়গ্রস্ত হ'ল। তার পক্ষে আর পুরোনো দর্শনচিন্তাধারা আঁকড়ে ধ'রে শিল্পসৃষ্টির পথে এগুনো সম্ভব হ'ল না অথচ যে-দর্শন যে-ধর্ম তাকে এত আঘাত দিল, জাগিয়ে দিল— সংস্রাকুল জিজ্ঞাস করল, সে-দর্শন এবং ধর্মের আদি ভূমি ইয়োরোপের শিল্প স্বচক্ষে দেখার তার স্ত্রযোগ এল না। সে-দেশের শিল্পীর সঙ্গে মনের, চোখের, কাজের, শিক্ষার ও আদান-প্রদানের সম্ভাবনা রইল না, ফলে ভাবের হ'ল নানামুখী বীজ, ভালোমতো কাজের মাটি পেল না। যেটুকু হ'ল সেটুকু মুখ্যত সরকারি দপ্তরের স্থাপত্য— সারাভারতের যেদিকে তাকানো যায় সরকারি দপ্তর, ডাকবাংলা এবং থানাঘর— পঞ্চাশ মাইল দূর থেকে অক্লেশে চিনতে পারা যাবে।

ঐ হ'ল এ-যুগের ভারতীয় শিল্পের ঐক্য, ভারতীয়ত্ব। দুশো বছরের ইয়োরোপীয়-মুখী শিক্ষা আমাদের বিশ্বমুখী করেছে, গৃহকোণ থেকে মনকে বহিমুখী করেছে, জড়ত্ব নাশ করেছে, মনের ও দৃষ্টির সীমিত অখণ্ডতা ভেঙেচুরে মূর্তির স্বাদ দিয়েছে।

সে-মুক্তির ভাবরাজ্য কর্মজীবনে স্বচ্ছন্দ বিচরণের অনেক স্বাধীনতা এনেছে কিন্তু সেইসঙ্গে বহুযুগের বহুতা ভারতীয় ধারাকেও আঘাত করেছে, খণ্ডিত বিক্ষিপ্ত

করেছে। আজ আমাদের শিল্পীরা নানা ভাবে নানা শিল্পে নানা দর্শনে শিক্ষিত মার্জিত, কিন্তু সমস্ত ঐক্যে দর্শনে ঐতিহ্যে দক্ষতায় আর একসূত্রে গ্রথিত নয়।

রাজ্য এবং স্বদেশ লুপ্ত হ'লে, হতরাজ্য হতস্বদেশ পুনরুদ্ধারে মনপ্রাণ স্বতই লুক্ক হয়। এমন-কি যে-রাজ্য লুপ্ত হয়েছে, যে-বিশ্ব চ'লে গিয়েছে আর ফিরবে না— ফিরলেও পুরোনো রূপে পুরোনো সত্তায় আর কখনো ফিরবে না— তার জগ্গে মন সর্বদাই আকুল চঞ্চল হয়, কেবলই ইচ্ছা করে ফিরে পেতে। ফলে মন ও চেষ্টা সর্বদাই অতীতে ফেরে। মনে হয় অতীতের পুনরাবৃত্তিই বুঝি সবচেয়ে বড়ো সম্বল, বড়ো সম্পদ। বিশেষ ক'রে সেই প্রয়াসে যদি স্বদেশাভিমানের সঙ্গে আত্মপ্রত্যয়ের অভাব থাকে তাহলে সে-লক্ষ্য মরীচিকা হ'তে বাধ্য। অতীতের কণ্ঠ্যনে অতীতকে পুনঃপ্রতিষ্ঠিত করা যায় না, অতীতের দাস হয়ে পড়তে হয়, ফলে ভবিষ্যতের নতুন পথ স্তব্ধ হয় না।

এই কথা সম্যক হৃদয়ংগম করার ফলেই রবীন্দ্রনাথ রামমোহন রায়ের আশ্চর্য নামকরণ করেছিলেন : 'ভারতপথিক'। ভবিষ্যতের পথ অতীতের পথ নয়, রামমোহনের পথ 'গ্রাম ছাড়া ঐ রাঙা মাটির' নয় বরং বিশ্বের মোহনার পথ, রবীন্দ্রনাথ ঠাকুরই প্রথম নিঃসংশয়চিত্তে, উদাত্তকণ্ঠে তার ঘোষণা করেন। রবীন্দ্রনাথের পূর্বে ঝাঁরা এ-বিষয়ে পথিকৃৎ সেই ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, মাইকেল মধুসূদন দত্ত, দীনবন্ধু মিত্র, কালীপ্রসন্ন সিংহ— তাঁদেরও তিনি প্রণাম করেন। দীর্ঘ আশি বছরের জীবনে রবীন্দ্রনাথ একবারও অতীতকে আঁকড়ে ধরবার চেষ্টা করেন নি, অতীতকে স্বীকার করেছেন, কিন্তু নির্ভীকচিত্তে একান্ত ঘনিষ্ঠভাবে ভবিষ্যৎকেই বরণ করেছেন।

দুঃখের বিষয় চারুশিল্পে কোনো রবীন্দ্রনাথের আবির্ভাব হ'ল না। চিত্রকলায় স্বদেশী আন্দোলনের আলোচনা করতে গিয়ে আমার একবার মনে হয়েছিল যে বঙ্কিমচন্দ্রের সময়ে যদি কোনো বাঙালানবিশ ইংরেজের দল বলতেন 'দুর্গেশনন্দিনী' ওয়ান্টার স্পটের বুটো-নকল, ফিরে চল তোমার নিজস্ব ঐতিহ্যে, মুকুন্দরাম বা ভারতচন্দ্রে এবং সেই বাণী যদি বাঙালি সাহিত্যিক গ্রহণ করতেন তাহলে ভারতীয় সাহিত্যের, বিশেষত বাঙলা সাহিত্যের, ভাগ্যগণনে না জানি কী বিপর্যয়, বিড়ম্বনাই ঘটত। অথচ ঠিক তাই হ'ল চিত্রকলার ব্যাপারে। রবিবর্মার পরে যখন অবনীন্দ্রনাথ শিক্ষানবিশি করছেন তখন এল হ্যাভেলের বাণী : স্বদেশী হও, ভারতীয় মিনেচারে ফিরে যাও। তখন রাজনীতিতে স্বদেশী হাওয়া জোর বইছে। চিত্রশিল্পের পাল ভ'রে উঠল সে-হাওয়ায়। তরী অশ্রু মুখে ফেবাতে অবনীন্দ্রনাথের লেগে গেল প্রায় সারাজীবন। যে জন্ম রবীন্দ্রনাথ অবনীন্দ্রনাথকে শ্রদ্ধা করেছেন যথেষ্ট, মানতে পারেন নি আদৌ।

যেহেতু স্থাপত্য ও ভাস্কর্য বিশেষ করে মুকুটের প্রসাদসাপেক্ষ, কারণ যে-কোনো স্থাপত্যে ও ভাস্কর্যকর্মে অর্থ লাগে প্রচুর এবং সে অর্থপ্রাচুর্য শিল্পীর নাগালের বাইরে, তাই স্থাপত্য ও ভাস্কর্য ইংরেজ প্রভুর আমলে একেবারেই পঙ্গু হয়ে গেল। গত দুশো বছরে স্থাপত্য বা ভাস্কর্যে সেইজন্ম প্রায় কোনো মৌলিক রুচি বা শিল্পসিদ্ধ কাজ সম্ভব হয় নি। কর্ম না থাকলে শিল্পীর বোধও খণ্ডিত হয়, চৈতন্যও খর্ব হয়। ঠিক সেই কারণে স্থাপত্যে ও ভাস্কর্যে বিশেষ করে ভারতীয় চরিত্র বা গুণ প্রায় অবলুপ্ত হ'ল।

এই বিশাল ভগ্নস্থূপের উপরে নতুন করে কোনো অখণ্ড ইমারত পুনরায় খাড়া করা অসীম ধৈর্য, বোধ, শিক্ষা ও রুচির পক্ষেই সম্ভব। এবং সেই ধৈর্য, বোধ, শিক্ষা ও রুচি শুধু মাত্র নিরলস, ক্রমাগত কর্মধারার মধ্য দিয়েই সম্ভব। সে-কর্মের স্বেযোগ, পৃষ্ঠপোষকতার স্বেযোগ, দর্শক, শ্রোতা ও সমঝদারের স্বেযোগ ভারতীয় শিল্পী এখনও পান নি। সে-স্বেযোগ ভারতে এককাল জুগিয়েছে ছোটো বড়ো রাজদরবার ও অখণ্ড লোকাচার। যজমানি প্রথার আওতায় শিল্পী এককাল পেয়েছেন তাঁর খোরপোশের আখ্যাস ও নিশ্চয়তা, তার উপরে নির্ভর করতে পেরেছিলেন ব'লেই শিল্পী পেয়েছিলেন বিচিত্র উদ্ভাবনার অবকাশ। সেই পৃষ্ঠপোষকতা নষ্ট হয়েছে। শিল্পী এখন হ'তে বাধ্য হয়েছেন জনমজুর, দিনান্তে যা রোজগার হয় তাতেই চালাতে হয় দিনান্তের আহার। উদ্ভাবনার অবকাশ তাঁর সংকীর্ণ, বিচিত্র কর্মের ক্ষেত্র তাঁর সংকুচিত, লুপ্ত-প্রায়। নতুন যুগের শিল্পপতি, পুঁজিপতি পৃষ্ঠপোষকের অল্পগ্রহলাভে তিনি এখনো অসমর্থ। অপর পক্ষে অখণ্ড লোকাচারের ঐক্যও আজ অবলুপ্ত। অমৃত শেরগিল প্রায় ত্রিশ বছর আগে জবাহরলালকে ভর্ৎসনা করে লিখেছিলেন যে, জবাহরলাল তাঁর ছবির উপর অগ্নমনস্কভাবে চোখ বুলিয়েছেন মাত্র, চোখ চেয়ে দেখেন নি। জবাহরলাল এ-ভর্ৎসনা মেনে নিয়েছিলেন, প্রত্যবায় হিসাবে তিনি শেষদিন পর্যন্ত নবীন চিত্রকর বা ভাস্করের সৃষ্টি সাধ্যমতো বরাবর কিনে গেছেন। তাতে শিল্পীদের ভরণপোষণ না হোক মনের তৃপ্তি জুটেছে। তাঁর মৃত্যুর পর কে জোগাবে আজ কেন্দ্রীয় শক্তিপ্রতীকের এই দরদ ও মমতা?

দৃঢ় কেন্দ্রীয় রাষ্ট্রশক্তির ফলে আজ ভারত একক অখণ্ড। ভারতবাসীর একান্ত স্বপ্ন ও প্রতীক্ষা, যাতে এই অখণ্ডতা কখনও জীর্ণ না হয়। নানাবিধ রাস্তাঘাট, জনপদ, শিল্পবাণিজ্য, আদান-প্রদান ভারতের এক প্রান্তকে অপর প্রান্তের সঙ্গে অমোঘ অটুট বন্ধনে বাঁধছে। সর্বোপরি সে-বন্ধনগ্রন্থি জোগাচ্ছে শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান, শিল্পপটুত্ব। ভারতের এক প্রান্তের শিল্পী অল্প প্রান্তের স্রষ্টার সঙ্গে আজ অক্লেশে, অনায়াসে পরিচিত হবার স্বেযোগ পাচ্ছেন এবং পাবেন, পরস্পরের কাজ দেখতে

পারছেন, পরস্পরের জিজ্ঞাসা, দর্শন অনুধাবন করার স্বেচ্ছা পাচ্ছেন। কিন্তু তা সত্ত্বেও আজ যে কোনো ভারতীয় চাকশিল্পে অবিসংবাদিতভাবে ভারতীয় চরিত্র ও গুণের আশ্বাদ আমরা এখনো পেলাম না, এমন-কি এমন সাধারণ গুণ এখনো আসে নি, প্রতীক হিসাবেও যার মূল্য সর্বজনস্বীকৃত। প্রতীক-মূল্য বলতে আমি বুঝি যেমন সংগীতে ছয়রাগ ছত্রিশ রাগিণী বা ভারতীয় স্বরগ্রাম, অথবা রেখা বা রক্ত-দেউল কিংবা ভারতীয় ভাস্কর্যের তিনমাত্রিক চিত্র।

তার কারণ হয়তো এই যে আমাদের দেশে অতীতের সর্বসাধারণগৃহীত ধর্ম, লোকাচার এবং দর্শনের আধিপত্য আজ নিতান্তই গত— আর ফিরবে না। অপর পক্ষে রাষ্ট্রীয় আধুনিক শিল্প, ধর্ম, সর্বজনাশ্রয়ী অর্থনীতিগত দর্শন এখনো আমাদের সকলের জীবনকে একসূত্রে গাঁথে নি। কেন্দ্রীয় শক্তির ফলেই হয়তো বিকেন্দ্রিক টানের জোরও প্রবল। এ-হেন পরিবেশে ভারতীয়ত্বের প্রকাশ ও অকুণ্ঠ উচ্চারণ স্বভাবতই দ্বিধাসংশয়গ্রস্ত। কিন্তু এ-ক্ষেত্রেও ভারতীয় শিল্পী, বুদ্ধিজীবীর পুরোধা বাঙালি শিল্পী ও স্রষ্টার দায়িত্বও ততোধিক। তাঁদের উপর আজ ভার পড়েছে নতুন ক'রে ভারতীয়ত্বের সন্ধানের।

আশুতোষের সারস্বত প্রচেষ্টা

শিবতোষ মুখোপাধ্যায়

‘স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়’— এই ছিল উনিশ শতকের বিদেশী শাসনকালে প্রত্যেক শিক্ষিত বাঙালির মর্মজ্বালা। সে-দিনের অশান্ত যুগমানসে পরাধীনতার ঘানি সমস্ত আত্মপ্রকাশের পথকে অবরুদ্ধ ক’রে রেখেছিল। স্বাধীনতা ছাড়া এ-জীবন নিষ্ফল। ‘আমার দেশ’, ‘আমার কৃষ্টি’, ‘আমার সাহিত্য’, ‘আমার স্বপ্ন’, ‘আমার সাধনা’— আত্মনিয়ন্ত্রণের অভাবে এ-সবকিছুর অর্থ নিরর্থক হয়ে যায়। তাই সে-দিনের সকল কাজে কর্মে ধ্যানে জ্ঞানে দেখতে পাই স্বদেশীয়ানার মন্ত্র শিক্ষিতজনের মনেপ্রাণে সদাসর্বদা প্রোঞ্জল হয়ে আছে। ইংরেজের বিরুদ্ধে ধুমায়িত বিক্ষোভ জীবনদর্শনের একটি অঙ্গীভূত রূপ হয়ে আছে। যে ক’রে হোক, স্বাধীনতার পথকে আবিষ্কার করতে হবে, আত্মপ্রকাশের পথ চাই। এই বিরাট আকুতি কখনো সভাসমিতিতে, তীব্র বিক্ষোভে, অথবা বোম্বারুদে কিংবা আগুনে মূর্ত হয়ে উঠেছে। এক কথায়, রাজনীতির ভিতর দিয়ে মুক্তিসংগ্রাম অতি সহজে দেশবাসীর মনকে টানত।

কিন্তু প্রকৃত প্রস্তুতি ছাড়া স্বাধীনতা আসে না। এ-কথা বুঝবার মতো স্বস্তি কোথায়?— অবিরাম চলেছে আন্দোলন, সত্যাগ্রহ এবং কারাবরণ। একটি পরাধীন জাতির পক্ষে তার সাংস্কৃতিক পুনরুজ্জীবন ছাড়া স্বাধীনতা অবাস্তর। এই ঘোর রাজনৈতিক আন্দোলনের মুহূর্তেও দেখতে পাওয়া যায় একাধিক জননেতা এসেছেন, যাঁরা জাতির আত্মাকে আবিষ্কার করতে চেষ্টা করছেন এবং স্বাধীনতার ব্যাপকতর অর্থকে জনমসাজের কাছে উত্থাপন করছেন। যে-সময়কার কথা বলতে চাই সেই-সময়ে এইরকম তিনজন সংস্কৃতি-নায়ককে পাশাপাশি দেখতে পাই— যাঁরা সরাসরি রাজনীতিতে অবতীর্ণ না হয়েও পরোক্ষভাবে রাজনৈতিক আন্দোলনকে বলীয়ান ক’রে গেছেন। কারণ জাতির পুনরুজ্জীবনের শুভমুহূর্তে তাঁরা দেশ এবং দশকে দীক্ষিত করেছেন নতুন সংস্কৃতির ভাবনায়। এঁদের মধ্যে একজন হলেন রবীন্দ্রনাথ, যিনি রাজনীতি থেকে দূরে থেকেও কখনো কখনো নিকটে এসেছেন, কিন্তু ডাক দিয়েছেন দেশের লোকের মর্মতলে, তিনি জাতির ঘুম ভাঙিয়েছেন, সমস্ত দেশবাসীর আশা আকাঙ্ক্ষা ও গৌরবের প্রদীপ্ত প্রতীক হয়ে উঠেছেন। আর একজন হলেন আশুতোষ মুখোপাধ্যায়, যিনি সিনেট হলে দাঁড়িয়ে প্রভুশক্তির বিরুদ্ধে সংগ্রাম করেছেন শ্বেতপদ্মাসনা, কমললোচনা, বিত্বাদায়িনী সরস্বতীর মুক্তির জঘু।

অগ্রজন স্বামী বিবেকানন্দ, যিনি গৈরিক পতাকা হাতে নিয়ে মাগরপাড়ি দিয়েছেন পরাধীন ভারতবর্ষের প্রথম রাষ্ট্রদূত হয়ে। ভারতের মর্মবাণীকে আমেরিকা ও ইয়োরোপে অবহিত করেছেন। এই ত্রয়ী আপন আপন মহিমায় ভারতে নতুন যুগ-সৃষ্টির কাজে অপরিমিত অবদান রেখে গেছেন। এই পরিপ্রেক্ষিতে শ্রীর আশুতোষের জনহিতার্থ সারস্বত প্রচেষ্টাগুলি কীভাবে দেশকে শিক্ষাভিমুখী ক'রে তুলতে সাহায্য করেছিল সেই প্রসঙ্গ এখানে আলোচনা করা হবে।

চিত্ত মুক্তির উদ্যোগ

নবশিক্ষার পথশ্রুতি আশুতোষের জন্ম ১৮৬৪ সালে। রবীন্দ্রনাথের চেয়ে আশুতোষ তিন বছরের বয়োকনিষ্ঠ ছিলেন। এই প্রেসিডেন্সি কলেজে এফ. এ. ক্লাসে স্বামী বিবেকানন্দ শ্রীর আশুতোষের সহপাঠী হয়ে ছিলেন কিছুদিনের জন্য। তিনজনের জীবন তিন খাতে বাঁয়ে গেছে। শিক্ষানায়ক আশুতোষ কৃতী ছাত্র হিসাবে একের পর এক বিশ্ববিদ্যালয়ের চৌকাঠ পেয়িয়ে ছাত্রজীবন শেষ করলেন। কর্মজীবনের সূচনায় দেখতে পাই তিনি কিছুদিনের জন্য গবেষকের ভূমিকায় অতিবাহিত করেছেন। এই সময়ে তিনি অঙ্কের মৌলিক গবেষণার সিঁড়ি অক্লেশে ভাঙছেন। সর্বসাকুল্যে তিনি প্রায় বাইশটি মৌলিক প্রবন্ধ লিখেছেন অতিবোল ও পরাবোলের উপর। তাঁর অধিকাংশ রচনাই বিদেশের খ্যাতনামা বৈজ্ঞানিক মাসিক পত্রে প্রকাশিত (পরিশিষ্ট দ্রষ্টব্য)। ভাস্করের পর আশুতোষকেই অঙ্কে প্রথম মৌলিক গবেষক বলা যায়, এ-কথা একাধিক বার শোনা গেছে। অঙ্ক নিয়ে আজীবন কাল অতিবাহিত করলে তিনি আরো কত গভীরতা অর্জন করতে পারতেন সে-কথা সহজে অনুমান করা যায়। কিন্তু অঙ্ক ছেড়ে তিনি আইনের দিকে ঝুঁকে পড়েন। যদিচ তাঁর ঐকান্তিক বাসনা ছিল তিনি এই বিশ্ববিদ্যালয়ে অঙ্কের অধ্যাপক হবেন এবং আজীবন অঙ্কচর্চা করবেন। শ্রীর গুরুদাস তখন ভাইস-চ্যান্সেলর— আশুতোষের জন্য শত চেষ্টা সত্ত্বেও চেয়ার করতে পারেন নি। পরে এই আইনের ভিতর দিয়েই তাঁর প্রতিভার অসামান্য স্ফূরণ ঘটে। অতি কাঁচা বয়সে তিনি সিনেটে এবং ঘটনাচক্রে সিণ্ডিকেটে এসে বসেন, মাত্র চব্বিশ বছর বয়সে। তাও মুখ্যত ইংরেজ সদস্যদের সহযোগিতায়। একবার বিশ্ববিদ্যালয়ের সম্পর্কে আমার পর তিনি আজীবন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নিবিড়ভাবে জড়িত হয়ে থাকেন। এই বিশ্ববিদ্যালয় তাঁর উত্তরজীবনের সমস্ত ভাগ্যকে নিয়ন্ত্রণ করে। তিনিও এই বিশ্ববিদ্যালয়ের ভাগ্যকে শুধু নিয়ন্ত্রণ করেন নি তাকে স্বহস্তে নির্মাণ করেন।

আজ এ-কথা ভাবতে অস্ববিধা হয় না যে আশুতোষ তৎকালীন শিক্ষাব্যবস্থার


অল্পযোগিতার কথা নিশ্চয়ই মর্মে মর্মে অনুভব করেন এবং তাঁর এ-বিষয়ে নিশ্চয়ই মস্ত অনুশোচনা ছিল : এই অসার শিক্ষাপ্রথার আশু বর্জন ছাড়া এ-জাতির মঙ্গল নেই। তিনি সম্ভবত এ-কথা বুঝতে পেরেছিলেন যে, সে-দিনের সেই অদূরবর্তী শিক্ষা-ব্যবস্থা দেশের ব্যক্তিমানসের পরিণতি কিংবা ব্যক্তি-সমষ্টির উন্নতির পক্ষে আদৌ জনহিতকর নয়। অতএব জনসাধারণকে শিক্ষায় লাভবান করতে হ'লে চিন্তমুক্তির নতুন পথ অনুসরণ করা প্রয়োজন। অত্যাগ্র দেশনায়করা যখন ভাঙনের পথে রাজনীতির ক্ষেত্রে ছেলেদের আহ্বান করছেন সেইসময় আশুতোষ বিশ্ববিদ্যালয়ে এক নতুন অগ্নিশুদ্ধির মহাব্রত পালন করতে ক্লতসংকল্প হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুনকে বদলে আমূল সংস্কার সাধন করছেন। এই প্রচেষ্টাকে তাঁর দেশ-প্রেমের আর-এক প্রকাশ ছাড়া আর কী বলা যেতে পারে? চিত্তভূমির উর্বরতা নির্ভর করে দেশে শিক্ষার কী কাঠামো বিরাজ করছে তার উপর। আশুতোষ সেই কাঠামোকে স্বদেশীয়ানার ভিত্তিতে নির্মাণ করতে উত্তত হয়েছেন।

এ-কথা বিশেষ চুঃখের যে স্মরণে আশুতোষের এত বড় সারস্বত প্রচেষ্টাকে তাঁর সমসাময়িক বহু সতীর্থ এবং তৎকালীন বহু গণ্যমান্য ব্যক্তির ভুল চোখে দেখেন। সে-দিন একদিন ছিল যে-দিন এই কলকাতা বিশ্ববিদ্যালয়কে জনসাধারণ আপনার ব'লে ভাবতে কুণ্ঠিত হ'ত। গান্ধীজী ও দেশবন্ধু সারা দেশে অসহযোগ আন্দোলনের বণা বইয়ে দিয়েছেন। দলে দলে ছেলেরা পড়াশুনায় ইস্তফা দিয়ে কারাবরণ করছে। বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করা অর্থে 'গোলামখানা'য় বন্দী থাকার সামিল পর্যন্ত বলা হচ্ছে। আশুতোষ বজ্রকণ্ঠে ঘোষণা করছেন— আগে agitation নয়, ছাত্রদের কাছে আগে education। দেশের বৃহত্তম স্বার্থের জগ্ন ছাত্রদের প্রথমে শিক্ষা সমাপ্ত করা প্রয়োজন। মানসিক মুক্তি না ঘটলে রাজনৈতিক মুক্তি অর্থহীন। বিশ্ববিদ্যালয়ের ভিতর আবার আশুতোষকে গুনতে হচ্ছে যে, তিনি শিক্ষা সস্তায় কিস্তি বিকোচ্ছেন। অর্থাৎ সবাইকে সহজে গ্রাজুয়েট ক'রে দিচ্ছেন। আশুতোষ দ্রুত শিক্ষাবিস্তারের পক্ষপাতী। বিশ্ববিদ্যালয়ের চৌকাঠ পেরিয়ে দলে দলে ছাত্ররা রাজপথে mass of discontented graduates হয়ে অবিলম্বে ঘুরে বেড়াতে শুরু ক'রে দিয়েছে। তাদের এই আলোকপ্রাপ্তিতে পরাধীনতার জ্বালা তারা আরো তীব্রভাবে অনুভব করছে— এই হয়েছে সফল। অর্থাৎ পরোক্ষভাবে আশুতোষ বিশ্ববিদ্যালয়ে ব'লে থেকেই স্বাধীনতা আন্দোলনে ইন্ধন জোগাতে লাগলেন। আশুতোষের এই কাজের সার্থকতা স্বয়ং দেশবন্ধু পর্বস্ত পরে উপলব্ধি করেছিলেন। আশুতোষের তিরোধানের পর তাঁর শ্রদ্ধাঞ্জলিতে দেশবন্ধু বলেন— 'তাঁর পরিচয় শুধু একজন শিক্ষাব্রতী হিসাবেই নয়। তাঁর হৃদয় আজীবন দেশের সঙ্গে জড়িয়ে ছিল। তিনি এক জাতির জনক।'

মনের সর্বোচ্চ আশা ও আকাঙ্ক্ষা

১৮৮৯ সনে আশুতোষ বিশ্ববিদ্যালয়ের সিনেটে এবং সেই বছরই সিঙিক্লেটে প্রবেশ করেন। তাঁর এই প্রথম প্রবেশের সতের বছর পর বিশ্ববিদ্যালয়ের সর্বময় কর্তৃত্ব তাঁর হাতে আসে। ১৯০৬ সালের ৩১ মার্চ তিনি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন। প্রথমবার ১৯০৬ থেকে ১৯১৪ সাল পর্যন্ত এবং তারপরে ১৯২১ থেকে ১৯২৩ সাল পর্যন্ত উপাচার্যের গুরুভার তিনি বহন করেন। এই আঠারো-উনিশ বছর ধরে আশুতোষ বিশ্ববিদ্যালয়ের শুধু কর্মভার পরিচালিত করেন নি, নিজের ব্যক্তিত্ব দিয়ে এই বিশ্ববিদ্যালয়ের সাবেককালের জলবায়ুর পরিবর্তন সাধন করতে সক্ষম হন। ইংরেজ এ-দেশে বিশ্ববিদ্যালয় সৃষ্টি করেছিল নিশ্চয়ই বিরাট কোনো জনস্বার্থের উচ্চাকাঙ্ক্ষা নিয়ে নয়। নিছক নিজেদের স্বার্থসিদ্ধির কথা ভেবে। তাদের জনকয়েক সামান্য ইংরেজি-জানা অধীনস্থ লোকের প্রয়োজন ছিল, যাদের সাহায্যে প্রভুশক্তি সহজে দেশশাসন কাজ সূষ্ঠুভাবে পরিচালনা করতে পারে। সিপাহি বিদ্রোহের পর এ-দেশের কাছে ইংরেজ একটি ‘অলীক ম্যাগনাকার্টা’র অনুরূপ বস্তু উপস্থিত করতে চেয়েছে। কোম্পানির পরিবর্তে মহারানী ভিক্টোরিয়ার শাসন এখন থেকে চলবে এবং এই স্ববাদে দেশে শিক্ষাবিস্তারের জন্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করা হবে। তখনকার বিশ্ববিদ্যালয় মানে পরীক্ষা গ্রহণের একখানি যন্ত্রবিশেষ—সেখান থেকে শুধু বৎসরান্তে তকমা বিতরণ করা হবে। এইরকম বিশ্ববিদ্যালয়ের সংস্পর্শে এলে ধীরে ধীরে একটি রাজভক্ত সম্প্রদায়ের উত্থান যে হবে না তা বলা যায় না। অতএব অধিকাংশ জনসাধারণ বিশ্ববিদ্যালয়ের ধারে-কাছে বড়ো একটা ঘেঁষত না।

অথচ খ্রীস্টান মিশনারিরা, রামমোহন, রাধাকান্ত দেব প্রমুখ সঙ্জনরা এ-দেশে প্রকৃত শিক্ষাবিস্তারের কথা আগে বার বার বলে গেছেন। পূর্বে বলা হয়েছে, ১৯০৬ সালে আশুতোষ কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাগ্যাকাশে এক ভাস্বর জ্যোতিষ্কের মতো উদ্ভিত হয়েছিলেন, যার প্রভাবে এই বিশ্ববিদ্যালয়ের আত্মার রূপান্তর ঘটে গিয়েছিল। এই প্রসঙ্গে আশুতোষ বিশ্ববিদ্যালয়ের পরিচালনার গুরু দায়িত্ব নেবার আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবস্থার কথা কিছু আলোচনার প্রয়োজন আছে। লর্ড কার্জন তখন ভারতবর্ষের ভাইসরয়। তাঁর নেতৃত্বে ১৯০১ সালে সিমলাতে এক বৈঠকে ভারতবর্ষে বিশ্ববিদ্যালয় পরিচালনা সম্পর্কে একটি কমিশন গঠন করা হয়। প্রথমে শুধু ইংরেজ সদস্য নিয়ে এই কমিশন গঠিত হয়। বেসরকারি মহলে নানা প্রতিবাদের পর শ্রীর গুরুদাস বন্দ্যোপাধ্যায়কেও এই কমিশনের সদস্য করা হয়। লর্ড কার্জনের সহপাঠী ও বন্ধু শ্রীর টমাস র্যালি তখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। তাঁকে লর্ড কার্জন এই কমিশনের সভাপতি নির্বাচন করেন। ১৯০২ সালে



আশুতোষের তৈলচিত্র

শিল্পী : শ্রীঅতুল বসু

এই কমিশন তার রিপোর্ট দাখিল করে। আশুতোষ তখন শুধু কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের পক্ষে মাত্র 'স্থানীয় মেম্বার' ছিলেন। স্তার গুরুদাস কমিশনের সঙ্গে একমত না হওয়ার জন্তু তিনি তাঁর স্বতন্ত্র রায় দেন। বলা বাহুল্য তাঁর মত গৃহীত হয় নি। তখনকার ইম্পিরিয়াল লেজিসলেটিভ কাউন্সিলে এই কমিশনের মতামতস্বারা (যদিচ একমাত্র ভারতীয় মেম্বার যিনি ভারতবর্ষের জনস্বার্থের কথা ভেবে এই কমিশনের সঙ্গে একমত হ'তে পারেন নি, তাঁর মত উপেক্ষা ক'রেই) বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটি নতুন আইন ইংরেজ সরকার করলেন ১৯০৪ সালে। তুমুল প্রতিবাদ হ'ল দেশের সর্বত্র। আশুতোষও এর প্রচণ্ড প্রতিবাদ করেন দেশের বৃহত্তর স্বার্থের কথা ভেবে। এমনতর আইনের ভিতর দিয়ে শিক্ষা বিস্তার এ-দেশে হবে না, বিশ্ববিদ্যালয়েরও ভবিষ্যৎ তাই কখনো উজ্জ্বল হ'তে পারবে না। এ-কথা বুঝতে শিক্ষিত ভারতবাসীর দেরি হ'ল না। এই আইন অহুযায়ী আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কার করার ভার অর্পিত হ'ল আলেকজান্ডার পেডলারের উপর। তিনি ছিলেন প্রথমে প্রেসিডেন্সি কলেজের রসায়নের অধ্যাপক, পরে সেখানকার প্রিন্সিপ্যাল এবং শেষে ডি. পি. আই.। তাঁকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নিয়োগ করা হ'ল। নির্দিষ্ট সময়ের মধ্যে পেডলার কিন্তু এই নূতন অ্যাক্টকে চালু করতে অক্ষম হলেন। এদিকে ইংরেজের বিরুদ্ধে অসন্তোষ দিন দিন ধুমুয়ায়িত হচ্ছে। স্বদেশী আন্দোলনও জোরদার হয়ে উঠেছে। ইংরেজ সরকার ভাবছে যত অনিষ্টের মূল হ'ল এই বাঙলা দেশ— একে ভেঙে দ্বিখণ্ডিত ক'রে দিতে হবে। তবে বাঙলা জঙ্গ হবে। জনহিতার্থের কথা ভেবে ১৯০৫ সালে স্বাধীনচেতা একাধিক বাঙালি মিলে National Council of Education স্থাপনা ক'রে ফেলেছেন। প্রভুশক্তির করায়ত্ত এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভিতর দিয়ে বাঙালির স্বকীয় বৈশিষ্ট্য বজায় রাখা বা তার মানসিক প্রকাশ করা আর সম্ভব নয়। গুরুদাস বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, ব্রজেন শীল, লালমোহন ঘোষ, মতিলাল ঘোষ, চিত্তরঞ্জন দাশ প্রমুখ অগ্রগণ্য নেতারা জাতীয় বিদ্যাসংসদ গঠন করলেন। এইরকম অবস্থা চলছে ১৯০৬ সালে। তাঁর পূর্ববর্তী উপাচার্য পেডলারের ব্যর্থতার পর আশুতোষকে আহ্বান করা হ'ল এই গুরু দায়িত্বে। একদিকে তাঁর সহকর্মীদের সংশয়, অতৃষ্ণাকে ইংরেজ সরকারের কুচক্র, এই ছুইয়ের মাঝখানে দাঁড়িয়ে আশুতোষ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্বাহী রূপকে পরিবর্তন ক'রে দিলেন। অসম্ভবকে সম্ভব করলেন। ১৯০৮ সাল থেকে আস্তে আস্তে দেখা গেল তিনি বিশ্ববিদ্যালয়ের যে-পরিবর্তন সাধন করছেন তা জাতীয় স্বার্থের পরিপন্থী নয়, বরং দেশের ও সমাজের পক্ষে বিশেষ মঙ্গলকর। আশুতোষ বিশ্ববিদ্যালয়ের জন্তু বিধি প্রণয়ন করলেন এবং তা কার্যকরী করাতেও সক্ষম হলেন।

প্রকৃত শিক্ষা বিস্তারের পটভূমি রচিত হ'ল এই বিশ্ববিদ্যালয়ে তাঁর নেতৃত্বে। ইংরেজের কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণের এই ছাড়পত্র পেয়ে আশুতোষ দেশের কথা ভাবছেন, ভবিষ্যতের কথা ভাবছেন। রামমোহন বিদ্যাসাগরের আদর্শকে কীভাবে বাস্তবে রূপ দেওয়া যায় তিনি সেই পথের সন্ধান করছেন। আশুতোষ বিচক্ষণ ছিলেন। বিশ্ববিদ্যালয়ের সর্বময় নেতৃত্ব পেয়ে তাঁর বুঝতে দেবি হয় নি যে, দেশের উন্নতির মূলে রয়েছে শিক্ষা। বিজ্ঞান এবং প্রযুক্তির প্রসার ছাড়া কোনো দেশ বা জাতি বড়ো হ'তে পারে না। শিক্ষানায়ক আশুতোষকে অবিলম্বে দেখা গেল তিনি বিদ্যা ও জ্ঞান বিশ্ববিদ্যালয় থেকে বিতরণ করবার নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন। শুধু তাই নয়, পরাধীন দেশের বিশ্ববিদ্যালয়ে কাছ থেকে কী অপার্থিব বস্তু সর্বসাধারণ গ্রহণ করতে পারে তার পথ তিনি দেখালেন। তার চেয়েও বড়ো কথা এই বিশ্ববিদ্যালয়কে দেশের মাটির সঙ্গে, দেশের জলবায়ুর সঙ্গে, দেশের লোকের মনের সঙ্গে একীভূত ক'রে তাকে একান্ত আপনার জিনিষ হিসাবে দেখতে এবং ভাবতে শেখালেন। বিশ্ববিদ্যালয় সরস্বতীর অঙ্গ— আমাদের *Alma Mater*। কার্যত দেখা গেল বঙ্গভঙ্গ পরিকল্পনা রোধ হয়েছে। ১৯১২ সাল থেকে স্বদেশীয়ানার চেউ কিছু কমেছে। ১৯১৩ সালে আশুতোষ বাঙলা ভাষাকে অভূতপূর্ব মর্যাদা দিলেন। এদিকে কার্জন বলছেন ভারতীয়দের দিয়ে গবেষণা ইত্যাদি উচ্চপর্যায়ের কোনো মানসিক কাজ করা সম্ভব নয়। আশুতোষ তাঁর কর্মসূচি অনুযায়ী অগ্রসর হচ্ছেন এবং এখানে একের পর এক নতুন দৃষ্টান্ত সৃষ্টি করছেন। ১৯১৯ সালে ব্রিটিশ পার্লামেন্ট ভারতীয় স্বপ্নসাধনার চরিতার্থতার কথা ভেবে আরো কিছু প্রশাসনিক লাগাম শিথিল করতে চাইলেন। তখন আশুতোষের একান্ত অনুরক্ত স্মার শংকর নায়াবর ভাইসরয়ের কাউন্সিলে 'এজুকেশন মেম্বর'। তিনি ভারতীয় বিশ্ববিদ্যালয়ের মথার্থপ্রসারের কথা ভাবছেন, আশুতোষের অভিমত প্রয়োজনে নিচ্ছেন। ১৯২১ থেকে আশুতোষ আবার কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হলেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আমূল পরিবর্তনের রূপটি দেখে তখন অগ্রাগ্র ভারতীয় বিশ্ববিদ্যালয়ের চৈতন্ত ঘটছে। দেশের সর্বত্র শিক্ষার ক্ষেত্রে আশুতোষ তখন পথপ্রদর্শক।

মূল প্রচেষ্টাগুলি

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক রূপটি আশুতোষ পরিবর্তন ক'রে দিলেন। যে-বিশ্ববিদ্যালয়ে শুধু পাশ-ফেলের হিসাব রাখা হ'ত সেখানে ক্রমে একটি নতুন প্রেরণার সঞ্চারণ করা হয়েছে। শিক্ষা ও সংস্কৃতির বাহক এবং ধারক হ'ল এই বিশ্ববিদ্যালয়। তার নবজন্ম লাভ হ'ল। আশুতোষের সারস্বত প্রচেষ্টার সার্থকতম নিদর্শনগুলি সংক্ষেপে হল এইগুলি :

১. সর্বসাধারণের জ্ঞান বিশ্ববিদ্যালয়ের দরজা উন্মোচন করা
২. বিশ্ববিদ্যালয় শুধু নিম্প্রাণ পরীক্ষাকেন্দ্র নয়, তাকে জ্ঞান অন্বেষণের প্রাণকেন্দ্রে রূপায়ণ করা
৩. ইংরেজির সঙ্গে শিক্ষার পাঠ্যসূচীতে বাঙলার সমান আসন দান
৪. স্নাতকোত্তর শিক্ষাব্যবস্থার প্রচলন— পোস্ট-গ্রাজুয়েট বিভাগের প্রবর্তন
৫. এক হইতে পঁচিশটি অধ্যাপক পদ সৃষ্টি করা
৬. পঠন-পাঠনের সঙ্গে মননেন্দু অঙ্গাঙ্গী সম্বন্ধ নির্ণয় করা
৭. নানা বিষয়ে পাঠ্যপুস্তক রচনায় উৎসাহদান
৮. সংস্কৃত বিভাগটির পূর্ণরূপদান
৯. পালি ও ইসলাম শিক্ষাব্যবস্থার প্রচলন করা
১০. তিব্বতী ভাষার শিক্ষার আয়োজন করা
১১. বাঙলা, হিন্দি, মৈথিলি, উড়িয়া, আসামি ভাষাচর্চার উৎসাহ দান
১২. বিভিন্ন বিজ্ঞান শাখার পঠন-পাঠনের অহুকুল স্বেযোগ দান
১৩. বিশ্ববিদ্যালয়ে মৌলিক গবেষণা করার আবহাওয়া সৃষ্টি করা
১৪. বহু স্কুল প্রবর্তনে সহযোগিতা
১৫. বিশ্ববিদ্যালয়কে আপন জাতীয় প্রতিষ্ঠান হিসাবে ভাবতে শেখানো

বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষাকেন্দ্রে রূপান্তরিত

আশুতোষের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ে জ্ঞানচর্চার একটি নতুন পরিমণ্ডল সৃষ্টি সম্ভব হ'ল। যে-বিশ্ববিদ্যালয়ের দায় শেষ হ'ত শুধু পরীক্ষা গ্রহণে সেখানে এখন নতুন জ্ঞান আহরণের জগ্ন আসন পাতা হয়েছে। নতুন নতুন বিভাগ খোলা হয়েছে, নতুন অধ্যাপকদের আগমন ঘটেছে, সেখানে নতুন ছাত্রের সমাগম হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের নামের তালিকায় দেখা যাচ্ছে ইতিহাস-রচয়িতা ম্যাকডোনাল, প্রাচ্যবিদ্যার সুপণ্ডিত সিলভ্যা লেভি, প্রাচ্য ও প্রতীচ্যের কলাবিদ ফুসে। এঁরা ছাড়াও রয়েছেন ভাঃ থিবো ও ভাঃ গিলবার্ট টমাস ওয়াকার। আশুতোষের একান্ত বাসনা যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে শুধু ভারতবর্ষের মধ্যে নয়, পৃথিবীর অগ্রাঙ্ক শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের সমকক্ষ ক'রে তুলবেন। আশুতোষের আমন্ত্রণে সিংহল থেকে এলেন পণ্ডিত রেভারেণ্ড সিদ্ধার্থ, মহারাষ্ট্র থেকে ডি. আর. ভাঃারকার, মৈথিলি অধ্যাপক বাবুয়া মিশ্র, কান্দীর পণ্ডিত সীতারাম শাস্ত্রী, এলাহাবাদের অঙ্কের নামকরা অধ্যাপক গণেশপ্রসাদ, মাদ্রাজ থেকে পদার্থবিদ্যার জগ্ন সি. ডি. রামন এবং দর্শনশাস্ত্রের অধ্যাপনার জগ্ন রাধাকৃষ্ণন, পারস্যের সিরাজি, পার্শী পণ্ডিত তারাপুরওয়াল, জাপানি

ও চীনাদেশের বিজ্ঞ মাস্‌হা ও কিমুদা। এ ছাড়া জার্মানি থেকে ক্রল, ইংলণ্ড থেকে স্ট্রিফেন ও কালিস। কোথায় যোগ্য লোক আছে তিনি তা ঠিক বুঝতে পারতেন। বিনা দ্বিধায় তাঁদের তিনি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকপদে বরণ ক'রে নিয়ে আসতেন। সে-দিন যখন তিনি একজন প্রায় অখ্যাত তরুণ মাদ্রাজি অধ্যাপককে তাঁর যৎসামান্য রচনা পাঠের পর স্থির করেন কলকাতায় দর্শনশাস্ত্রের চেয়ারে ডক্টর ব্রজেন শীলের মতো প্রখ্যাত পণ্ডিতের শূন্য আসনে বরণ ক'রে আনবেন— সে এক দারুণ দুঃসাহস। সবাই তাঁর প্রস্তুতাবে সবিশেষ হতচকিত হয়েছিল। কিন্তু স্মার আশুতোষ এই ব্যক্তির ভবিষ্যৎ সম্পর্কে নিঃসন্দেহ ছিলেন। এই অধ্যাপককে নিয়োগ করা সম্পর্কে তিনি কত উদ্গ্রীব ছিলেন তা বোঝা যায় যে নিয়োগ কমিটির সুপারিশটি তিনি স্বহস্তে লিপিবদ্ধ করেছিলেন। এই অধ্যাপকটি আর কেউ নন— তিনি স্বয়ং বাধাকৃষ্ণন। সি. ভি. রামনকেও স্মার আশুতোষ আবিষ্কার করেন প্রায় আচমকাভাবে।

নূ ত ন গ বেষণার জয়যাত্রা

প্রাচ্য জ্ঞানের সঙ্গে পাশ্চাত্য মনের সংযোগ-সৃষ্টির উপায় উদ্ভাবন আশুতোষ এই বিশ্ববিদ্যালয়ের পাদমূলে যাতে সম্পূর্ণভাবে ক'রে যেতে পারেন সে-সম্বন্ধে তিনি দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন। পঠন-পাঠনের ব্যবস্থা রচিত হ'ল। বিখ্যাত সব অধ্যাপকদের নেতৃত্বে তরুণ গবেষকরা এ-দেশে মৌলিক গবেষণার সূত্রপাত করলেন। ভাইসরয় কার্জন বলছেন, এ-দেশের ছাত্ররা মৌলিক চিন্তা করতে অসমর্থ। বিশ্বের জ্ঞানভাণ্ডারে ভারতবর্ষের মাথা থেকে কিছু উপহার দেওয়া কদাচিৎ সম্ভব নয়। কার্জনের এই ধারণা যে সম্পূর্ণ অমূলক আশুতোষ তা প্রমাণ করতে কৃতসঙ্কল্প। সরকারের কাছ থেকে আশুতোষ নানান বাধার সম্মুখীন হচ্ছেন। বিশেষ ক'রে তাঁর মনোনীত একাধিক অধ্যাপকের নাম গবর্নমেন্ট অলুমোদন করতে বিলম্ব বা না-মঞ্জুর করতে চাইছেন। গবর্নমেন্টের সঙ্গে তাঁর মতপার্থক্য ক্রমেই বাড়তে লাগল। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বনেদ যত স্ননিপুণহাতে পাকাভাবে আশুতোষ নির্মাণ করতে লাগলেন, পরদেশী গবর্নমেন্ট তাতে তত বিরূপ হ'তে লাগলেন। গবর্নমেন্ট কোথায় ভেবেছিলেন আশুতোষ হবেন সরকার পক্ষের সমর্থক কিন্তু কার্যত তিনি রামমোহন-বিদ্যাসাগরের উত্তরসাধক হিসাবে কলকাতায় নতুন আদর্শের দিগ্‌নির্গয় করেছেন। বিজাতীয় সরকার আশুতোষের এই প্রচেষ্টাকে হীন চোখে দেখবেন তা আর বিচিত্র কী।

আশুতোষ মনোমতভাবে বিশ্ববিদ্যালয়ের তত ক্ষুদ্র সম্প্রসারণ করতে পারছেন না। তাঁর কৃতিত্বে একটি নতুন চেতনা স্খীসমাজের মধ্যে ইতিমধ্যে এসে পড়েছে।

সর্বপল্লী রাধাকৃষ্ণনের নিয়োগ-সম্পর্কে স্থপাবিশ-পত্র

Report.

We have carefully considered the applications received for the George V Professorship of Mental and Moral Philosophy. We recommend that Mr. S. Radhakrishnan M.A., Professor of Philosophy in the University of Mysore, and author of "Reign of Religion in Contemporary Philosophy" and "Philosophy of Rishidharma" be appointed to the Chair for a term of five years.

The 15th November 1920.

McKerchar

Admitted Inauguration

W. H. Hall

George Howells

Henry Stephens

নিম্পাণ বিশ্ববিদ্যালয়ে প্রাণের সঞ্চারণ হয়েছে। সত্যব্রত সামশ্রমী বেদের উপর লেকচার দিচ্ছেন। রামাবতার বেদান্তের উপর। থিবো বলছেন প্রাচীন প্রাচ্যের জ্যোতির্বিজ্ঞা সম্বন্ধে। পদার্থবিদ্যার প্রগতি সম্বন্ধে স্ক্টিস আলোচনা করছেন। হরপ্রসাদ শাস্ত্রী, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শরৎচন্দ্র দাস প্রমুখ নতুন গবেষণার সূত্রপাত করছেন। ভাণ্ডারকার যাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রথম খননকার্য পরিচালনা করতে। ১৯২০-২১ সাল নাগাদ মেঘনাদ সাহার যুগান্তকারী গবেষণা প্রকাশ হচ্ছে। ভারতীয় বিজ্ঞানীর মাথা থেকে বার হয়েছে দূর নভোজগতে তারার উদ্ভাপ কী করে বর্ণালির সাহায্যে বার করা যায়। ১৯২৪-এ সত্যেন বসুর পেপার বেরিয়েছে— *New Deviation of Planck's radiation formula*— যা দেখে আইনস্টাইন আকৃষ্ট হচ্চেন। ভবিষ্যতের Bose-Einstein থিসিসের সূত্রপাত বলা যায়। ১৯২৩ নাগাদ এস. কে. মিত্রের উল্লেখযোগ্য আবিষ্কার বার হচ্ছে। রমন কাজ শুরু করেছেন। যার ফলে ১৯৩০ সালে নোবেল প্রাইজ ভারতবর্ষে আসে। এছাড়া জ্ঞানচন্দ্র ঘোষ, জ্ঞানচন্দ্র মুখার্জি, জে. এন. রায়, নিখিল সেন প্রভৃতির গবেষণার নতুন আলোকপাত করতে শুরু করেছেন।

বলা বাহুল্য এইসব কর্মছোঁতনার পিছনে অসাধারণ রূপকার আশুতোষের অপরায়ে কল্পনাশক্তি ও সংগঠনশক্তিই দায়ী। সে-দিনকার বিদ্যোৎসাহী আবহাওয়ার খানিক পরিচয় পাওয়া যায় তখনকার তরুণ গবেষক এবং আজকের প্রখ্যাত শিক্ষাবিদ শ্রীস্বনীতিকুমার চট্টোপাধ্যায়ের লেখা থেকে। তিনি আশুতোষ-স্মৃতি সংখ্যা 'বঙ্গবাণী'তে লিপিবদ্ধ করেছেন : 'তঁার হৃদয়, তঁার উদারতা, তঁার উৎসাহ, স্বল্প প্রচেষ্টা, অল্পতম সাফল্যও তঁার আনন্দ। আমাদের কাজে তঁার একটুখানি সন্তোষ দেখে আমরা সব শ্রম সার্থক মনে করতুম। আমাদের পড়াশুনার সুবিধার জন্ত সমস্ত বাধাবিপত্তি তিনি বুক পেতে নিয়ে দাঁড়াতেন।...এসব কথা আমরা কি করে বুঝিয়ে বলব?...তঁাকে তো আমরা খালি বিরাট শক্তিমান পুরুষ বলেই দেখি নি, তিনি যে আমাদের অত্যন্ত আপনান্ন, আমাদের শুভচিন্তকগুরু, শুভকার স্নহদ, স্নখেতুঃখে আমাদের পরম আত্মীয় হয়েছিলেন। আমাদের কাছে তিনি এত সহজলভ্য হয়েছিলেন যে, বাতাস আলো জলের মত।'

স্বনীতিকুমার এই প্রবন্ধে আরো লেখেন : 'অদূর ভবিষ্যতে বাঙ্গালীর আর অগ্রাণ্ড ভারতীয় শিক্ষার তরে মাতৃভাষা আর মাতৃভাষার চর্চায় কতখানি স্থান নেবে, এই মহাপুরুষ তা অতি সহজভাবে উপলব্ধি করেছিলেন। রবীন্দ্রনাথের প্রতিভা, শত শত সাহিত্যিকের সেবা, এঁদের সঙ্গে তাঁরই উদ্যম নিজের মাতৃভাষার চর্চার জন্ত শিক্ষিত বাঙ্গালীর মধ্যে শ্রেষ্ঠ প্রেরণা এনেছে।'

এই কথাটাই যথার্থ বড়ো কথা যে, আশুতোষ শিক্ষাজগতে একটি নতুন প্রেরণা আনতে পেরেছিলেন। তিনি দেশবাসীর কাছে অর্থসাহায্য চাইছেন। তাঁর আহ্বানে দেখা গেল প্রচুর অর্থ এল বেসরকারি মহল থেকে। আশুতোষের উদাত্ত ডাকে একাধিক সহায় দেশবাসী এগিয়ে এসে তাঁকে সাহায্য করলেন। তারকনাথ পালিত ও রাসবিহারী ঘোষ— এই দুইজন অসামান্য দাতা। যাঁদের দানের তুলনা নেই। তারক পালিত দুইবারে চৌদ্দ ও রাসবিহারী দশ লক্ষ টাকা অর্থ-সাহায্য করেন। এই অর্থসাহায্যের কল্যাণে বিজ্ঞান কলেজের পত্তন হয়। এ-ছাড়া দ্বারভাঙার মহারাজা, গুরুপ্রসন্ন ও খয়রারা প্রত্যেকে আড়াই লক্ষ করে টাকা দিলেন। ছোটোখাটো বহু দানও আশুতোষের কাছে এল। এইসব অর্থের দাক্ষিণ্যে বিশ্ববিদ্যালয়ের জীবনের চাকা ঘুরে গেল।

ভারতবর্ষের পূর্ণতার ধ্যান

তাঁর সমসাময়িক কালের চেয়ে আশুতোষ কত এগিয়ে ভারতে পারতেন তার এক প্রকৃষ্ট প্রমাণ হ'ল তাঁর ভাষা সম্পর্কে এমন উদার মনোভাব। ধ্যানের রাজত্বে ভারতবর্ষের যে-পূর্ণাঙ্গ ছবিটি তিনি দেখেছিলেন তার বাস্তবতার প্রথম সোপান রচনার জন্ত ভারতবর্ষের নানান আঞ্চলিক ভাষার অকুণ্ঠ চর্চার কথা তিনি বলেন। তিনি ভারতবর্ষের অখণ্ডতার কথা স্মরণ করে সে-দিনেই সমস্ত রকম দেশী ভাষার অলুপ্তিলন কলকাতা বিশ্ববিদ্যালয়ে শুরু করেন। আজ থেকে ৪৫ বছর আগে ডক্টর রাধাকৃষ্ণন যখন অধ্যাপনার কাজে এই কলকাতায় আগমন করেন তখন আশুতোষ-পরিবন্ধিত ভাষাচর্চার পরিকল্পনা দেখে তিনি বিস্মিত হন। এ-কথা তিনি আশুতোষ-শতবার্ষিকী উদ্‌যাপনের সময় কলকাতায় যে ভাষণ দেন তাতে উল্লেখ করেন। ভারতীয় ভাষাগুলিতে এম. এ. ডিগ্রি প্রবর্তনা থেকে জানা যায় যে, দেশের বৃহত্তম স্বার্থের জন্ত, ঐক্যবিধানের জন্ত এবং যুক্তরাষ্ট্রসংগঠনের জন্ত বাঙালিকে শুধু বাঙলা পড়লেই চলবে না। তাকে অগ্রপ্রদেশের ভাষাকেও জানতে হবে। তেমনি অগ্রপ্রদেশের লোককেও নিজের আঞ্চলিক ভাষা ছাড়া আরো কিছু পড়তে হবে। আজকাল আমরা integration-এর কথা প্রায়ই শুনি। আশুতোষ তখনই বুঝতে পেরেছিলেন 'ভারতীয় ঐক্য বলিতে বুঝায় যথার্থই ভারতীয় জনসাধারণের ঐক্যকে, কতিপয় ইংরাজি শিক্ষিত ভারতীয় ব্যক্তির ঐক্য নয়।' (জাতীয় সাহিত্য)।

অগ্রাগ্র প্রাদেশিক ভাষা শিক্ষার ব্যবস্থা ছাড়া বাঙলা ভাষার জন্ত তিনি বিশেষ করে যা করে গেছেন তা আমাদের ভুলে গেলে চলবে না। বিশ্ববিদ্যালয়ের সিনেটে পদার্পণ করার পর থেকে আমৃত্যু আশুতোষ বাঙলা ভাষার যথার্থ স্থান নির্ণয় করার

জন্ম নিত্য প্রয়াস পেয়েছেন। আশুতোষের সিনেটে প্রবেশের দুবছর পর যে-ঘটনাটি ঘটে তা সবিশেষ উল্লেখযোগ্য। এ-কাজটি তাঁর মাতৃভাষা সম্বন্ধে প্রগাঢ় প্রীতি দেখানো শুধু নয়— এ তাঁর স্বদেশপ্রীতিরও প্রমাণ। ১৮৯১ সালে ১লা মার্চ আশুতোষ সিনেটের তরুণ সদস্য হিসাবে একটি প্রস্তাব পাঠান যে এনট্রান্স থেকে এম. এ. পর্যন্ত সব পরীক্ষাতেই বঙ্গভাষায় একটি পরীক্ষা নেওয়া হোক এবং বাংলা ভাষায় রচনার পরীক্ষা গৃহীত হোক। প্রস্তাব পাঠাবার চার মাস পরে ১১ই জুলাই সিনেটের সভায় দেখতে পাচ্ছি এক তুমুল কাণ্ড। প্রচুর বাগ্‌বিতণ্ডা হচ্ছে। অনেক খ্যাতনামা ব্যক্তির বিতর্কে অংশগ্রহণ করলেন। কিন্তু প্রস্তাবটি গৃহীত হয় নি। প্রস্তাবের বিপক্ষে ১৭ জন এবং সপক্ষে ১১ জন ভোট দেন। নবাব আবদুল লতিফ, বাবু রজনীনাথ রায়, মহামহোপাধ্যায় মহেশচন্দ্র জায়রত্ন, নীলমণি মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন ও নবাব সিরাজুল ইসলাম আশুতোষকে সমর্থন করেন। আর বিপক্ষে বক্তৃতা দেন রায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর, বাবু চন্দ্রনাথ বসু, বাবু মহেন্দ্রলাল সরকার, আনন্দমোহন বসু, পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী। প্রস্তাবটি আশুতোষ উত্থাপন করেন এবং উমেশচন্দ্র দত্ত অনুমোদন করেন। একাধিক সাহেব সেখানে মন্তব্য করেন— ‘বাংলা আবার একটা ভাষা, এর পাঠ্যপুস্তক নেই।’ সংস্কৃত পণ্ডিতরা বললেন— ‘এমন করলে সংস্কৃতের অমর্যাদা হবে’। বলা বাহুল্য সেদিনের সিনেটে বাংলা ভাষাকে যে-মর্যাদা দেবার জন্ম আশুতোষ চেয়েছিলেন তা সম্ভব হয় নি। সে-গৌরবকে প্রতিষ্ঠা করতে আশুতোষকে আরো অনেক দিন অপেক্ষা করতে হয়েছিল। তাঁরই নেতৃত্বে এবং তাঁর উপাচার্য থাকাকালীন বাংলা ভাষার এই আসন এসেছিল ১৯১৩ সালে।

বাংলা ভাষার যে-অমৃতনির্ঝরিণী শক্তি আছে তার প্রমাণ ও-দিকে রবীন্দ্রনাথের কলমের মুখে প্রমাণিত হচ্ছে। বাংলা ভাষায় লেখা গীতাঞ্জলি, তার অনুবাদ নোবেল পুরস্কার বিজয়ী হয়েছে। উপরোক্ত ঘটনার তেইশ বছর পর আর তরুণ সিনেটের নয়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে আশুতোষ তাঁর ১৯১৩ সালে ২৬শে ডিসেম্বর সমাবর্তন উৎসবে ভাষণে রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার লাভে আনন্দ প্রকাশ করে বলছেন—

‘...in Mr. Rabindranath Tagore, we have our national poet, who, to our pride and satisfaction, is at the present moment not only the most prominent figure in the field of Bengali literature, but also occupies a place in the foremost rank amongst the living poets of the world....Apart, however, from the pre-eminence of Mr. Rabindranath Tagore as a poet, we must not overlook the true significance of the worldwide recognition now accorded for the first time to the writings of an author who has embodied the

best products of his genius in an Indian vernacular; this recognition, indeed, has been immediately preceded by a remarkable revolution and what used to be not long ago the current estimate, in academic circles, of the true position of the vernaculars as a subject of study by the students of our University. *It is now nearly twenty-three years ago that a young and inexperienced Member of the Senate earnestly pleaded that a competent knowledge of the vernaculars should be a pre-requisite for admission to a Degree in a faculty of Arts in this University. The Senators complimented the novice on his eloquence and admired his boldness, but doubted his wisdom ; and by an overwhelming majority, rejected his proposal, on what now seems the truly astonishing ground that the Indian Vernaculars did not deserve serious study by Indian students who had entered an Indian University. Fifteen years later, the young Senator, then grown maturer, repeated his effort, with equally disastrous result. In the year following, he was however more fortunate and persuaded the government of Lord Minto to hold that every student in this University should, while still an undergraduate, acquire a competent knowledge of his vernacular, and that his proficiency in this respect should be tested precisely in the same manner as in the case of any other branch of knowledge and should be treated as an essential factor of success in his academic career. After a struggle of a quarter of a century the elementary truth was thus recognised that if the Indian Universities are ever to be indissolubly assimilated with our national life, they must ungrudgingly accord due recognition to the irresistible claims of the Indian Vernaculars. The far-reacting effect of the doctrine thus formulated and accepted has already begun to manifest itself but time alone can prove conclusively the beneficent results of this vital and fundamental change. Meanwhile, the young Senator of twenty-three years ago has the privilege to ask your Excellency to confer the Honorary Degree of Doctor of Literature and thus to set, as it were, the seal of academic recognition upon the pre-eminently gifted son of Bengal.....”*

মাতৃভাষার এক নিষ্ঠা দেবক

কোনো কোনো মহলে এই মত পোষণ করা হয়ে থাকে যে মাতৃভাষার জ্ঞান আঁশুতোষের প্রচেষ্টা নিতান্ত সীমিত ছিল। তাঁর সহৃদয়তা আসলে ছিল ইংরেজির

উপর। তিনি প্রকৃতপক্ষে ইংরেজি উচ্চ শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে চেয়েছেন। অপর পক্ষে বাঙলা ভাষার প্রতিভু স্বয়ং রবীন্দ্রনাথ, যিনি একক সর্বাঙ্গীণ বাঙলা ভাষার পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর আবেদন আশুতোষ 'ডিসমিস' ক'রে দেন। এই প্রসঙ্গ কিন্তু বিচার-সাপেক্ষ। নেতাজীর মতো উগ্র ব্রিটিশ সরকার বিদ্রোহী বলেছেন— 'আজ যে বাংলা ভাষায় কথা বলছি সেজ্ঞ আমরা শ্রীর আশুতোষের নিকট কৃতজ্ঞ আর সেজ্ঞ তাঁর কাছে চিরদিন চিরকৃতজ্ঞ থাকতে হবে। কেন? তিনি বাংলা ভাষাকে সে যুগে ইংরাজির সমান মর্যাদা দেন' (আশুতোষের তিরোধানের পর স্মৃতিচক্রের ভবানীপুর হরিশ পার্কের অলুঙ্কিত স্মৃতিসভার ভাষণ দ্রষ্টব্য)।

সে-দিনের যুগাবস্থার কথা বিচার ক'রে আশুতোষ ইংরেজিকে বাদ দিতে চান নি। আজ তাঁর মৃত্যুর পর চল্লিশ বছর কেটে গেছে তবু দেখা যাচ্ছে ইংরেজিকেও আমরা 'ডিসমিস' করতে পারি নি— ইংরেজির প্রয়োজনীয়তা নতুনভাবে অলুঙ্কিত হচ্ছে। হিন্দিকে অত সহজে নিতে পারছি কী? এ-কথা আশুতোষ বিশেষ ক'রে জানতেন ভারতবর্ষের মতো একটি বিরাট জাতি তার ঘুমন্ত অবস্থা থেকে জেগে উঠবার সময় ইংরেজি ভাষার সাহায্য নেওয়া প্রয়োজন। ইংরেজির অমূল্য সম্পদ আহরণ ক'রে বাঙলা আরও বলিষ্ঠ হয়ে উঠবে। দেশ তখনো তৈরি হয় নি। ইংরেজি ভাষার সাহায্যে জাতীয় ভাষা শুধু পরিপুষ্ট হবে না, নানান নতুন চিন্তার জোয়ার বাঙলায় এসে পৌঁছাবে। আশুতোষ তাঁর কোনো এক সমাবর্তন ভাষণে উচ্চ পর্যায়ের গবেষণার কথা ভেবে বলেন— 'আমাদের দেশে শিক্ষানীতির গোড়ার কথা হল ইউরোপীয় জ্ঞানসম্ভার ঘরে তুলতে হবে ইংরাজি ভাষার মাধ্যমে, প্রতীচ্যের খোলা গেট দিয়েই ঢুকাতে হবে জ্ঞানের আলো। পূর্বদিকের জানালার ঝিলিমিলি দিয়ে নয়।' তেমনি তিনি বাঙলা ভাষার প্রচার এবং বিস্তারের জন্ত সজাগ ছিলেন। তিনি নিজে স্বীকার করেন— 'মানুষের কত স্বপ্ন থাকে, আমার ঐ একই স্বপ্ন ছিল, একটা ধারণা আমার দৃঢ় ছিল যে, যে-জাতির মাতৃভাষা যত সম্পন্ন সে-জাতি তত উন্নত।'

প্রকৃতপক্ষে আশুতোষ এবং রবীন্দ্রনাথ দুজনেই নিজ নিজ বৈশিষ্ট্য এবং প্রচেষ্টা-গুণে মাতৃভাষার সর্বাঙ্গীণ ব্যাপ্তি ঘটিয়েছেন। এঁদের দুজনের মাতৃভাষার বিস্তারের ভূমিকা দেখলে মনে হয় রবীন্দ্রনাথ যেন ছিলেন architect। তাঁর পরিকল্পনার কৌশল, তাঁর উদ্ভাবনী শক্তি বাঙলা ভাষার নবজন্ম দিয়েছে। বাঙলা ভাষা প্রসারে আশুতোষ যেন ছিলেন engineer। রবীন্দ্রনাথের সৃষ্ট ভাষাকে তিনি বিশ্ববিদ্যালয়ের ভিতর দিয়ে ব্যবহারিক জীবনে সর্বজনগ্রাহ্য ক'রে তুলছেন। রবীন্দ্রনাথ স্বজন করছেন, আশুতোষ তার ফলনে যত্নবান। দুজনে দু-রকম পথে মাতৃভাষার সেবার ব্রতী হয়েছেন।

রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে গিয়ে কর্মভার গ্রহণ করেছেন। আশুতোষকে দেখছি রবীন্দ্রনাথের কর্মপ্রচেষ্টাকে সমর্থন করতে। তার একটি প্রমাণ পাই বিশ্বভারতী তখনো বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয় নি। যে-সব অল্পপ্রাণিত ছাত্ররা কবির কাছে পাঠ নিতে গেছে তাদের পরীক্ষার কথা ভেবে আশুতোষ এক অভিনব ব্যবস্থা করেন। শান্তিনিকেতনের ছাত্ররা কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় প্রাইভেট ছাত্র হিসাবে বসতে পারবে। বিশ্বভারতীর বর্তমান উপাচার্য স্বধীরঞ্জন দাশ এইভাবে পরীক্ষায় বসতে অহুমতি পান। আশুতোষের রবীন্দ্র-বদান্ততার এটি একটি নজির।

কবির সঙ্গে আশুতোষের পারস্পরিক আন্তরিক যোগাযোগ কত ছিল তার একটু নিদর্শন দেওয়া যেতে পারে। আশুতোষ প্যারিসের বিখ্যাত মনীষী আচার্য সিলভ্যা লেভিকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রণ করেছেন। সেই সময় রবীন্দ্রনাথ ও আশুতোষের মধ্যে যে-পত্রবিনিময় হয় সেগুলি পড়লে তাঁদের পারস্পরিক নির্ভরতার কথা বোঝা যাবে। তাঁদের চিঠি দুটির সঙ্গে লেভি যে-পত্র আশুতোষকে লেখেন সেটিও প্রশিধানযোগ্য। রবীন্দ্রনাথের সঙ্গে আশুতোষের কতখানি মানসিক সংযোগ ছিল তাই দেখুন। লেভি প্যারিস থেকে আশুতোষকে লিখছেন :

প্যারিস, ১৬ই সেপ্টেম্বর, ১৯২১

প্রিয় শ্রীর আশুতোষ,

আপনার ১১ই আগস্টের পত্রের জন্ত ধন্যবাদ জানাচ্ছি। চিঠিতে যে কাজের কথা আছে, তা আমি সাত বৎসর ধরে অত্যন্ত আনন্দের সঙ্গে মনে রেখেছি। 'ভারতীয় সভ্যতার প্রসার ও অগ্রগতি' সম্বন্ধে চারটি বক্তৃতা দিতে পারলেই আমি খুশি হব। নভেম্বরের প্রথমে আমি যখন ভারতে যাব, তখন বক্তৃতার সংখ্যা, তারিখ ও অন্যান্য শর্ত সম্পর্কে আমরা সহজেই সব ঠিক করে নিতে পারব। রবীন্দ্রনাথ ঠাকুরের সহৃদয় আমন্ত্রণ পেয়ে আমি বোলপুর যাচ্ছি। আমি যখন স্ট্রাসবুর্গ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করছিলাম তখন তিনি নিজেই এসে তাঁর আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্ত আমার সহায়তা চেয়েছিলেন। কয়েক মাস আগে কলকাতা থেকে আমার বন্ধু অধ্যাপক ফ্রুসে আমাকে চিঠি লিখেছিলেন যে, তিনি আপনার সঙ্গে দেখা করেছিলেন এবং আরো জানিয়েছিলেন যে আপনি আমাকে শীঘ্রই চিঠি লিখবেন। কিন্তু এ-পর্যন্ত আপনার কাছ থেকে কোনো চিঠি না পেয়ে, আমি মনে করেছিলাম যে, আপনি আপনার মত পরিবর্তন করতে বাধ্য হয়েছেন। তাই আমি ভেবেছিলাম, টেগোরের সঙ্গে সংযুক্ত হতে আর কোনো বাধ্য নেই। এখন আমি আমার স্ত্রীকে সঙ্গে নিয়ে ১৪ই অক্টোবর কলকাতা হয়ে নভেম্বরের

মারামাৰি কলকাতা পৌছোব আশা কৰছি। পৌছেই কালবিলম্ব না ক'ৰে আপনাৰ সঙ্গে আমি দেখা কৰব। কলকাতা বিশ্ববিদ্যালয়ৰ পক্ষে আপনি আমাকে যে মূল্যবান গ্ৰন্থগুলি উপহাৰ দিয়েছেন, তাৰ জন্ম সৰ্বাগ্ৰে আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। ইতি^১

ভবদীয়

সিল্ভ্যা লেভি

অধ্যাপক, কলেজ ডি ক্ৰাস

ৰবীন্দ্ৰনাথকে লিখিত আশুতোষের পত্ৰ

গঙ্গাপ্ৰসাদ হাউস

মধুপুৰ, ই. আই. আৰ.

শ্ৰদ্ধাৰ্পদেষু,

আপনাৰ পত্ৰ পাইলাম। অধ্যাপক লেভি আমাৰ পত্ৰেৰও উত্তৰ দিয়াছেন। পূজাৰ ছুটী বলিয়া, এখন বিশ্ববিদ্যালয় বন্ধ রহিয়াছে। আমি শীঘ্ৰই কলিকাতায় ফিৰিয়া, সিঙিকেকে আপনাৰ পত্ৰেৰ মৰ্ম জানাইয়া টাংকাৰ ব্যবস্থা কৰিব। কাহাৰও কোন আপত্তিৰ সম্ভাবনা দেখি না। শান্তিনিকেতনেৰ উন্নতিকল্পে কোনৰূপ সহায়তা কৰিতে পারিলে আমি নিজেৰে ধন্য জ্ঞান কৰিব।

আপনি আমাৰ বিজয়াৰ নমস্কাৰ ও সাদৰ সম্ভাষণ গ্ৰহণ কৰুন। ইতি ৪ কাৰ্ত্তিক ১৩২৮।

ভবদীয়

শ্ৰীআশুতোষ মুখোপাধ্যায়

১ ইংৰাজি থেকে অনুদিত

ଅନୁଭବ

ଅନୁଭବ ଲୋକେ ଆମାଦର ଆଶ୍ରୟ ଅନୁଭବର
 କରୁ ଅନୁଭବ ହେବା ଆମାଦରୁ ତାହାର ଅନୁଭବ ହେବା । ଏହାକୁ
 ଆମାଦର ବିଭିନ୍ନରୁ କିଛି କିଛି କିଛି ହେବ । ଏହାକୁ
 ଆମାଦର ମନରେ ଦୃଷ୍ଟି ଆମାଦର କିଛି ହେବ । ଏହାକୁ
 ତାହାର ନେ ମଧ୍ୟମର ଦିଆଛି ତାହାର ଅନୁଭବ କିଛି ହେବ ।
 ଅନୁଭବ ହେବ ଏହା କିଛି ଆମାଦର ଦିଆହେବ ।
 ଅନୁଭବ ଅନୁଭବ 3 ତାହାର କ୍ରିୟା ମାତ୍ରମାତ୍ରର ଅନୁଭବ ହେବ ।
 ଏହା ଆମାଦର ଦିଆହେବ । ଏହାକୁ ତିନି ହେବ ଏହାକୁ ଏହି
 ଅନୁଭବ କିଛି ନେ ତର ଆମାଦର ତାହାର ଆମାଦର କରୁ
 ଅନୁଭବ ହେବ ଏହି । ଆମାଦର କିଛି ଆମାଦର ଅନୁଭବ
 ଏହାକୁ ଏହାକୁ ଆମାଦର ଏହି - ଏହା ଆମାଦର ଆମାଦର
 ଅନୁଭବ । ଏହାକୁ ଆମାଦର କିଛି ଆମାଦର ଅନୁଭବ ।
 ଏହାକୁ ଏହି ହେବ । ଏହାକୁ ଏହି ଅନୁଭବ 3 ଆମାଦର
 ଏହି ଆମାଦର ଏହି ଆମାଦର ଆମାଦର - ଏହାକୁ ଏହି
 ଏହି ଏହି କିଛି 3 ଏହାକୁ ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି
 ଏହି ଏହି । ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ।
 ଆମାଦର ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ।
 ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ।
 ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ଏହି ।

ଅନୁଭବ
 ଅନୁଭବ

বিশ্ববিদ্যালয়ের প্রাণচেতনা

উনিশ শতকে দুর্দমনীয় প্রাণচেতনার মাঝে আশুতোষের আবির্ভাব ঘটেছিল। তিনি পুরুষকারের জলন্ত বিগ্রহ। বিদ্যার বিভিন্ন ক্ষেত্রে তিনি বিচরণ করেছেন। উদগ্র ভূষণ তাঁকে বিভিন্ন পথে অহুসদ্ধান করিয়েছে। একদিকে রমন অত্মদিকে রাধাকৃষ্ণন, একদিকে অবনীন্দ্রনাথ অত্মদিকে ভাণ্ডারকার, মাঝখানে আশুতোষ। সে এক অপূর্ব মননের সৌরভগং তখন এই কলকাতায় সৃষ্টি হয়েছিল। জ্ঞানপথের পাশ্চ হিমাবে ধারাই এসেছে তিনি তাঁদের সাহায্য করেছেন। পরাধীন দেশে তিনি দেখিয়েছেন বিশ্ববিদ্যালয়ের যে স্বাতন্ত্র্য আছে তা রাজনৈতিক নীতি বা পথের উল্লেখ। রাজনীতি যখনই বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতার উপর আঘাত হেনেছে তিনি গার্জে উঠেছেন। অগ্নির মতো দেশপ্রেমকে তিনি সর্বদা বক্ষে ধারণ করতেন। লিটনের সঙ্গে তাঁর যে-সব পত্রবিনিময় হয়েছিল বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা রক্ষা প্রসঙ্গ নিয়ে তা অবশ্য পঠিতব্য। সর্বস্তরের জ্ঞান শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির নবজাগরণের স্রষ্টা, জানতেন কী কারণে বিশ্ববিদ্যালয় তার চিরহরিৎ রূপটি পরিগ্রহ করতে পারে, কিসের ফল্গুশ্রোত জাতির অন্তর থেকে প্রবাহিত হয়ে বিশ্ববিদ্যালয়ের সৃষ্টিষ্টির জমিকে আর্দ্র ও নম্ন রাখে। চিরনৃতনের স্বর কেন সেখানে প্রতিনিয়ত ধ্বনিত হয়।

আজ শিক্ষাজগতের পট অনেক পরিবর্তন হয়ে গেছে। সে-দিন নবজাগরণের স্রষ্টা যে-কারণে বিশ্ববিদ্যালয়ে সমস্ত উচ্চশিক্ষার পীঠস্থান হিসাবে কেন্দ্রীকরণ করেছিলেন, আজ ঠিক সেই কারণে উচ্চশিক্ষার জগতে আধুনিকতম অহুশীলনের জ্ঞান শিক্ষার বিকেন্দ্রীকরণের আশু প্রয়োজন। কিন্তু আজ আর আশুতোষের মতো দ্রষ্টা বিশ্ববিদ্যালয়ের ধারে কাছে কেউ নেই। শিক্ষাতরণী দোহুল্যমান। অকুতোভয়তা তিরোহিত। অ্যাকাডেমিক স্বাধীনতার চেয়ে অ্যাকাডেমিক স্বার্থ এখন অনেক বড়ো জিনিষ। জাতি নয়—দলই সব। কাণ্ডারীরা আসলে খাণ্ডারী। আজকে বাঙলা দেশের শিক্ষাজগতের সামনে সবচেয়ে বড়ো প্রশ্ন কলকাতা বিশ্ববিদ্যালয় স্নাতকোত্তর শিক্ষা বিষয়ে তার কর্তৃত্বের সর্বময়তা বজায় রাখবে কি না। অর্থাৎ স্বয়ম্ভু গোছের মাথাভারি বিশ্ববিদ্যালয় রাখা সম্ভব কি না। আজকের specialisation-এর দিনে এমন প্রত্যাশা অসংগত। আশুতোষের সারস্বত প্রচেষ্টাকে জলন্ত রাখতে হ'লে এই বিকেন্দ্রীকরণ একান্ত বাঞ্ছনীয়—সবারপরশে সবস্বতীর মঙ্গলঘট পাততে হবে। সেটাই হবে আজকের দিনের নববিধান।

পরিশিষ্ট

আশুতোষের নিজের, এবং তাঁর সম্পর্কে লিখিত রচনার তালিকা^১

English

Books

Arithmetic for schools by Asutosh Mukhopadhyay and S. C. Basu ; 8th ed., rev. Calcutta, S. C. Auddy & co., 1928. x, 470p. 18cm.

First published in April 1901.

An elementary treatise on the geometry of conics. London, Macmillan & co, 1893. x, 184p. diagsr. 17cm.

The law of perpetuities in British India. Calcutta, Thacker Spink & co., 1902. xxv, 316p. 23cm. (Tagore law lectures, 1898.)

Addresses, lectures, etc.

Address [at the] Second Oriental Conference, 28th Jan. 1922. Calcutta, University press, 1922. 1 p.l., 28p. 22cm.

At head of title : University of Calcutta.

Addresses [*In Calcutta University. Convocation addresses, v. 4 (1907-1914) and v. 5 (1915-1923)*].

Delivered on March 2, 1907 ; March 14, 1908 ; March 13, 1909 ; March 12, 1910 ; February 4, 1911 ; March 11, 1911 ; March 16, 1912 ; January 25, 1913 ; March 15, 1913 ; December 26, 1913 ; March 27, 1914 ; March 28, 1914 ; December 17, 1921 ; December 27, 1921 ; March 18, 1922 ; March 24, 1923.

Address delivered at the first convocation of the University of Mysore, 19th Oct. 1918. Calcutta, R. Cambray & co., 1918. 21p. 22.5cm.

Addresses : literary and academic. Calcutta, R. Cambray & co., 1915. iv, 567p. 22.5cm.

Annual address— delivered to the Asiatic Society of Bengal.

—1905 [*In Society's Journal and proceedings. New series v. 2, 1906, p. vi-xxxv*].

^১ জাতীয় গ্রন্থাগার, কলিকাতা কর্তৃক সংকলিত।

- 1906. Calcutta, printed at the Baptist Mission press, 1906. 10p. 22cm.
Reprinted from the Journal and proceedings, Asiatic Society of Bengal (New series) v. 2, no. 2, 1906.
- 1907. [*In Society's Journal and proceedings. New series v. 4, 1908, p. (iii) -xxxvi*].
- 1908. [*In Society's Journal and proceedings. New series v. 5, 1909, p. vi-xxxiv*].
- 1909. Calcutta, printed at the Baptist Mission press, 1910. 9p. 22cm.
Reprinted from the proceedings, Asiatic Society of Bengal (New series) v. 6, no. 2, 1910.
- 1911. [*In Society's Journal and proceedings. New series, v. 7, 1911, p. xxxix-xlvi*].
- 1913. Calcutta, printed at the Baptist Mission press, 1913. 6p. 22cm.
Reprinted from the proceedings, Asiatic Society of Bengal (New series) v. 9, no. 2, 1913.
- 1915. Calcutta, printed at the Baptist Mission press, 1915. 22p. 22cm.
Reprinted from the proceedings, Asiatic Society of Bengal (New series) v. 11, no. 2, 1915.
- 1921. [*In Society's Journal and proceedings. New series. v. 18, 1922, p. (10) -220*].
- 1922. Calcutta, printed at the Baptist Mission press, 1923. (7) p. 22cm.
- Democratic control of universities. (A lecture) at the Lucknow university union, 8th Jan. 1924. 13p. 22cm.
- Historical research in Bihar and Orissa, an address. Calcutta, University press, 1924.
1 p.l., 21p. 24.5cm.
- The history of the Indian Museum, an inaugural address delivered... on Nov. 28, 1913, in the Museum Lecture Hall. Calcutta, the Trustees of the Indian Museum, 1914. 76p. 23.5cm.

Letters of Sir Asutosh. p. 287-296. 23cm.

Off-print from the Calcutta Review. Nov., 1924.

[Miscellaneous correspondence regarding University Legislation].

University Legislation. Confidential. Miscellaneous papers. Appendix A : Correspondence between the Minister of Education and the Vice-Chancellor 27th Oct., 1922 - 3rd Nov., 1922.

Appendix B : University Bill. First draft received by the vice-Chancellor from the Minister of Education on the 31st Oct., 1922.

Appendix C : Correspondence between the Vice-Chancellor (Lord Lytton) 4th Nov., 1922 - 14th Jan., 1923.

Appendix D : Report of a Conference at Government House on the 13th Dec., 1922.

The study of law ; address on the occasion of the inauguration ceremony of the Department of legal Studies in the Benares Hindu University on the 4th Aug., 1923. 12p. 24cm.

The University and the nation ; address at the convocation of the Lucknow University on the 7th Jan., 1924. 13p. 24cm

Mathematical Papers

Application of Gauss's Theory of curvature to the evaluation of double integrals.*

Elliptic functions and mean values, pt. I and II. Calcutta, printed at the Baptist Mission press, 1889. 199-231p. 23cm.

Off-print from the Journal of the Asiatic Society of Bengal, vol. LVIII, pt. II, No. 2, 1889.

Also published in Proceedings of the Asiatic Society of Bengal. Calcutta, 1888. p. 184-185 ; 207-208.

Extensions of a theorem of Salmon's. (*In The Messenger of Mathematics. Vol. XIII, 1884, p. 157-160.*)

This is his 2nd paper on mathematics.

A general theorem on the differential equations of trajectories. Calcutta, printed at the Baptist Mission press, 1888. 72-99p. 22cm.

Off-print from the Journal of the Asiatic Society of Bengal, vol. LVII, pt. II, No. I, 1888.

The geometrical interpretation of Monge's differential equation all conics. Calcutta, printed at the Baptist Mission press, 1889, 181-185p. 22cm.

Off-print from the Journal of the Asiatic Society of Bengal, vol, LVIII, pt. II, No. 2, 1889.

Published also in Proceedings of the Asiatic Society of Bengal. Calcutta, 1888. p. 157-158, 165-167.

Mathematical questions and solutions. (*In The Educational Times. London. 1890 : v. 43, p. 38, 302, 341, 528 ; 1891 : v. 44, p. 238 ; 1892 : v. 45, p. 270, 305, 448, 532.*)

—Appendix : Solutions of some old questions (*In The Educational Times. London. vol. 43 : p. 125-151 ; vol. 44 : p. 144-182 ; vol. 45 : p. 146-168.*)

A memoir on plane analytic geometry (with 3 woodcuts). (*In Asiatic Society of Bengal. Journal. 1887. v. 57, pt. II, p. 288-349 ; and In Proceedings. 1887, p. 232-235.*)

A note on elliptic functions. 6p. 20cm.

Extracted from the Quarterly Journal of Pure and Applied Mathematics, no. 83, 1886.

Notes on Stoke's Theorem of hydrokinetic circulation (*In Asiatic Society of Bengal. Journal. 1890. v. 59, pt. II, p. 59-61.*)

On a curve of aberrancy. (*In Asiatic Society of Bengal. Journal. 1890. v. 59, pt. II, p. 61-63.*)

On an application of differential equations to the theory of plane cubics.*

On Clebsch's Transformation of the hydrokinetic equations. (*In Asiatic Society of Bengal. Journal. 1890. v. 59, pt. II, p. 56-59.*)

On Monge's Differential equation to all conics. (*In Asiatic Society of Bengal. Journal. 1887. v. 56, p. 134-145.*)

On Poisson's Integral (with a woodcut). (*In Asiatic Society of Bengal. Journal. Calcutta, 1888. v. 57, pt. II, p. 100-106 ; and In Proceedings. 1888. p. 86-87.*)

On some definite integrals.*

On the differential equation of a trajectory. Calcutta, printed at the Baptist Mission press, 1887. 117-120 p. 22cm.

Off-print from the Journal of the Asiatic Society of Bengal, vol. 56, pt. II, No. 1, 1887. Published also in Proceedings of the Asiatic Society of Bengal, Calcutta, 1887. p. 250-251.

On the differential equation of all parabolas. (*In Asiatic Society of Bengal. Journal. 1883. v. 57, pt. 2, p. 316-332; and In Proceedings. 1888. p. 156-157.*)

Proof on Euclid I. 25. (*In The Messenger of Mathematics. 1881 vol. 10, p. 122-123.*)

This is his first paper on Mathematics.

Remarks on Monge's Equation. (*In Asiatic Society of Bengal. Proceedings. 1888. p. 74-86.*)

Researches on the number of normals common to two surfaces. two curves, or a curve and a surface.*

Bengali

Books

Jatiya sahitya. Calcutta, Ramaprasad Mukherjee, 1932. xiii, 146 p. port. 18 cm.

Contents : Bharatiya sahityer bhabisyat. Krittibas. Mahakabi Michael Madhusudan Dutta. Jatiya sahityer unnati (Uttar-banga Sahitya Sammelan). Banga sahityer bhabisyat.

Addresses, lectures, etc.

Bharatiya sahityer bhabisyat. [Presidential address in Howrah Sahitya Sammelan; 6th Baishak 1326.] Calcutta, Upendra-nath Bhattacharya, 1919. ii, 40 p. 18 cm.

Jatiya sahityer unnati. [Address of the president, given at the Uttarbanga Sahitya Sammelan, 1916.] Calcutta, printed by N. Chatterjee, 1916. 1 p. 1. 37 p. 18cm.

Krittibas smritichinha sthapan. [Address delivered at a meeting held at Phulia with the object of founding a memorial to Krittibas, author of Bengali Ramayan, 1916.] Calcutta, printed by N. Chatterjee, [1916]. 32 p. 18cm.

Mahakabi Michael Madhusudan Dutta, abhibhasan—[Calcutta, Sathi press], 1917. 29 p. 18cm.

Addresses, lectures, etc.—contd.

Banga sahityer bhabisyat. [Address delivered as president of the 10th Bangiya Sahitya Sammelan at Bankipore, 1916.] Calcutta, Asutosh Mukherjee, 1916, 47 p. 16cm.

[Mentioned in A. C. Bose's In Memoriam. *Calcutta Review*, 1924 July, p. 62.]

Sanskrit

Jimutavahana

... (The) Vyavahara-Matrika of Jimutavahana ed. by Sir Asutosh Mookerjee. Calcutta, the Asiatic Society, 1912. iii, 277-353 p. 31×25cm.

Off-print from the Memoirs of the Asiatic Society of Bengal, vol. no. 5.

English

Albers, A. Christina

The great departed, a poem. 1924. 4 p. front. 24cm.

Off-print from *Calcutta Review*, v. XXXI, no. 1, July, 1925.

Banerjee, Jay Gopal

Sir Asutosh Mukherjee, his life and work. (In Sir Asutosh Memorial volume, 1926-1928. p. iii-xiv.)

Bose, Phanindranath

Sir Asutosh Mukherjee, his life and mission ; with a foreword by Sir P. C. Ray. Calcutta, [no. pub., n. d.] 1 p. 1., vi, 31 p. 18cm.

Calcutta Review, [July, 1925] [A special issue on Sir Asutosh : tributes and memoirs by eminent people ; with illustrations].

Chatterjee, L. M. and Mookerjee, S. P. Sir Asutosh Mookerjee. [In their Representative Indians. 1931, p. 97-145.]

Mondal, Benoy Bhusan

Sir Asutosh. Calcutta, U. N. Dhar & Sons [1933]. 3 p. 1., 125 p. 18cm.

Pal, Bipin Chandra

Asutosh Mukherjee. [In his Character sketches. 1957]. p. 208-233.

Sir Asutosh Mukherjee, a character study. Calcutta, Deva Prassad Datta, [n. d.], 1 p. 1., 88 p. plate. 18cm.

Sala-Ud-Din Khuda Bukhsh

Sir Asutosh Mukherjee. [In his Studies : Indian and Islamic. 1927. p. 252-256.]

Sarkar, Benoy Kumar

Asutosh and his ambitions for young Bengal. Calcutta, Chukerverty, Chatterjee & co. Ltd., 1932. 6p. 18cm.

Based on the eighth death anniversary publication in *Liberty* May 25, 1932.

Sinha, Probodh Chandra

Sir Asutosh Mukherjee, a study ; with a foreword by C. V. Raman, and an introd. by P. C. Ray. Calcutta, The book Company Ltd., 1924, 5 p. 1., xxiv, 532 p. ports. 19cm.

Sir Asutosh Mukherjee, a sketch of his life and career. Madras, G. A. Natesan & co., 1921. 39p. port. (Biographies of Eminent Indians.)

Bengali

Annapurna Devi

Manisi Asutosh. Calcutta, Nabagrantha Kutir, 1964. 72p. port. 22cm.

Asutosh mahatmya, poems, by some 'Sudin Bhakta'. Calcutta, Emerald ptg. works, 1923. 16 p. 16cm.

Bagchi, Mani

Chatrader Asutosh. Calcutta, 1964. iv, 92 p. front. (port.) 18.5cm.

Siksaguru Asutosh. Calcutta, Jijnasa, 1964. 225 p. pl. 21.5cm.

Baksi Hemchandra

Banglar bagh va Asutosh Mukhopadhyay. Calcutta, The book co., 1924. 4 p. 1., 64 p. port. 17cm.

Bandyopadhyay, Yogeshchandra

Mahapurush Sir Asutosh, Calcutta, Dev Sahitya Kutir, 1958. 87 p. pl. 18cm.

Bangabani. [Asar, 1331 B. S.]

[A special issue on Sir Asutosh : tributes and memoirs by eminent people ; with illustrations.]

Basu, Amarendranath

Sir Asutosh Mukherjee. [In his Banglar navaratna (Siksha vistare). [1927]. p. 81-92.]

Bishwas, Bhabes

Banglar bagh Asutosh. Calcutta, Sutapa, sold by Sikhsa-Bharati, 1964. vi, 104 p. port. 21.5cm.

Chakrabarti, Binodbihari

Siksanayak Asutosh. Calcutta, Calcutta publishers, 1938. 107 p. 18cm.

Chaudhuri, J.

Asusmrti. Calcutta, The author, 1924. 16 p. 17cm.

Gangopadhyay, Binaykumar

Asutosh Mukhopadhyay. Calcutta, Asutosh library, 1924. 1 p. 1., 40 p. 17cm. (Tin Anna Smnskaran jibanmala, no. 24).

Gangopadhyay, Subodhchandra

Asutoser chatrajiban. Calcutta, Sribhumi, 1964. vi, 122 p. pl. 19.5cm.

Ghatak, Atulchandra

Asutosher chatrajivan. Calcutta university press, 1924. 108 p. ports. 18cm.

Ghosh, Anilchandra

Sir Asutosh Mukherjee. [His Banglar manisi. 1931. p. 44-63.]

Ghosh, Bhimpada

Sir Asutosh Mukhopadhyay ; 4th ed. Calcutta, Brindaban Dhar & Sons, 1949. ii, 111 p. illus. 18cm.

Ghosh, Rabindranath

Chatra Asutosh. Calcutta, M. L. Dey & Co., [19—]. 16 p. 20.5cm.

Majumdar, Yadunath

Sir Asutosh. Dacca, Krishnadas Das, 1924. 32 p. 17cm.

Mukhopadhyay, Syamaprasad [In Asutosh. Chattopadhyay, Suniti Kumar. Charitrasamgraha. 1352 B. S. p. 212-222.]

Nath, Gaurchandra

Sir Asutosh. Calcutta, Gurudas Chatterjee & Sons, 1924. 1 p. 1, 50 p. port. 17cm.

Rakhaldas *Kavyananda*

Mahapurush Asutosh. Calcutta, Barendra library, 1924. 1 p. 1. 414 p. col. front. 17cm.

Ray, Amarnath

Manisi Asutosh, Calcutta, Bidyabharati, 1964. viii, 86 p. illus. 21.5 cm.

Raychaudhuri, Bibhas, *ed.*

Sir Asutosh janma-satabarsiki smarak grantha. Calcutta. Asutosh memorial institute, 1964. vi, 58 p. pl., facsim. 25cm.

Sarkar, Binaykumar

Asutoser Akanksha. [In his Naya Bangar godapattan. 1932, v. 2. p. 343-351.]

Sen, Debendranath

Asutosh mangal : Mangal giti on his becoming chief justice. Calcutta, the fine art press, [n.d.]. 7p. 18em.

Sen, Dineschandra

Asutosh smritikatha. Calcutta, Indian publishing house, 1936. x. 288 p. pl. 23cm.

Sen, Nisikanta

Sir Asutosh Mukhopadhyay. Calcutta, Bhattacharya & Sons, 1925. 1 p. 1., 49 p. col. front. 18cm.

Swargiya Asutosh Mukhopadhyay : a collection of news and tribute from various newspapers and periodicals. 110 p. 23.5×16cm.


বিজ্ঞান-প্রচারক রামেন্দ্রসুন্দর

শ্যামল সেনগুপ্ত

বাঙলা দেশে একটি মানমন্দির স্থাপনের চেষ্টায় বিফলমনোরথ হওয়ায় আচার্য রামেন্দ্রসুন্দর তাঁর কোনো বন্ধুকে লিখেছিলেন, ‘অভাব কেবল মাল্লবের। কর্মী মানুষ নাই এবং কর্মে প্রেরণার জগ্ন পিছনে যে বাতিক থাকা আবশ্যক সেই বাতিকও কাহারও নাই। ঔদাসীন্নে কত কাজ যে নষ্ট হইয়া যাইতেছে তাহা দেখিয়া বাথা পাইতেছি মাত্র।’ এই আক্ষেপোক্তির মধ্যে বিজ্ঞানের প্রতি রামেন্দ্রসুন্দরের গভীর অনুরাগ প্রকাশিত হয়েছে। স্বদেশে বিজ্ঞানচর্চা দৃঢ়মূল করার জগ্ন তাঁর আজীবন চেষ্টা ছিল। যে-পদ্ধতিতে বিজ্ঞান শিক্ষা দেওয়া হ’ত তা যে অত্যন্ত অসম্পূর্ণ এ-বিষয়ে তাঁর মনে কোনো সংশয় ছিল না। আলোচনা প্রসঙ্গে একবার তিনি লিখেছিলেন যে, আমাদের কলেজগুলিতে পদার্থবিজ্ঞান প্রথমশিক্ষার্থীও বায়ুর বেগ কবতে নিউটন যে ভুল করেছিলেন তা সদর্পে প্রচার ক’রে থাকে। তা সত্ত্বেও এ-কথা মানতে হবে আমাদের দেশে বিজ্ঞানচর্চার কিছুই হচ্ছে না।

প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তির জগ্ন লিখিত রামেন্দ্রসুন্দরের গবেষণা-প্রবন্ধের পরীক্ষকগণ মন্তব্য করেছিলেন পদার্থবিজ্ঞান ও রসায়নশাস্ত্রে এত উচ্চস্তরের প্রবন্ধ আর কখনো পাওয়া যায় নি। আশ্চর্য এই, রামেন্দ্রসুন্দর শেষ পর্যন্ত বিজ্ঞান-গবেষণায় নিজের বিরাট মনীষা নিয়োগ করেন নি। আচার্য সত্যেন্দ্রনাথ বসু দুঃখ ক’রে লিখেছেন, এতবড় ধীমানের কাছ থেকে আমরা কোনো স্থায়ী ফল পেলাম না, এ আমাদের দেশের দুর্ভাগ্য। হয়তো কথাটা সত্য। কিন্তু সেই সঙ্গে এ-কথাও স্বীকার্য যে, মানুষের মেধা কত ব্যাপক হতে পারে, কত বিরাট পটভূমিকায় তা ক্রিয়া করতে পারে তারই এক আশ্চর্য ও উজ্জ্বল দৃষ্টান্ত রেখে গেছেন রামেন্দ্রসুন্দর। মনোবিজ্ঞান, প্রাণীবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়নশাস্ত্র, গণিত, সাহিত্য, ইতিহাস, দর্শন, ভাষাতত্ত্ব, শব্দতত্ত্ব, পুরাতত্ত্ব— বিস্তীর্ণ ক্ষেত্রে তাঁর অনায়াস ভ্রমণ বিশ্বয়কর। ‘জিজ্ঞাসা’ গ্রন্থের ভূমিকায় তিনি লিখেছিলেন, ‘জীবনদেবতা, পিপাসামাত্র সম্বল দিয়া জীবনের পথে প্রেরণ করিয়াছিলে।’ এই অনন্তসাধারণ পিপাসা তৃপ্ত করতে তিনি জ্ঞানবিজ্ঞানের সমস্ত ভূমি বিচরণ করেছেন। বিরাট আগ্রহে রহস্যময় জগৎ ও রহস্যময় জীবনের সমগ্ররূপ উপলব্ধি করতে আপনার সমস্ত শক্তি নিয়োগ করেছিলেন।

জ্ঞান আহরণ ও জ্ঞান বিকিরণ রামেন্দ্রসুন্দরের জীবনসাধনা ছিল। আচার্য



ৰামেন্দ্ৰস্বন্দৰ ত্ৰিবেদী
[১৮৬৪-১৯১৯]

[বঙ্গীয় সাহিত্য পরিষদের সৌজন্যে]

যোগেশচন্দ্র রায় বলেছেন, ‘বঙ্গদেশে রামেন্দ্রসুন্দর বিজ্ঞান-প্রচারক ছিলেন।’ কিন্তু শুধু বিজ্ঞান-প্রচারক বললে বোধহয় সবটুকু বলা হয় না। তাঁর অনেক লেখাতেই বিজ্ঞান-প্রবন্ধ সাহিত্যের পর্যায়ে উন্নীত হয়েছে। বিজ্ঞান বিষয়ে এমন সরস রচনার উদাহরণ ইংরেজি সাহিত্যেও প্রচুর নেই। বিজ্ঞান-প্রচার যেখানে মুখ্য উদ্দেশ্য, লেখার সরসতা বিষয়ে সেখানে উদাসীন থাকা চলতে পারে, এমন কথা অনেকে বলেন। আচার্য আইনস্টাইন এই মতের সমর্থক ছিলেন। কেউ কেউ সম্ভবত এই কারণেই রামেন্দ্রসুন্দরের রচনারীতির সমালোচনা করেছেন। এই সমালোচনা অসমীচীন নাও হ’তে পারে। কিন্তু এ-কথাও স্মরণ রাখা কর্তব্য যে, যে-দেশে বিজ্ঞানচিন্তার কোনো ধারা ছিল না সেখানে বিজ্ঞান-প্রচার সহজ কর্ম নয়। বিজ্ঞান বিষয়ে লোকের আগ্রহ অত্যন্ত কম। রামেন্দ্রসুন্দর কেবলমাত্র রচনার সরসতার গুণে লোকের মন কিছুটা আকৃষ্ট করেছিলেন। মাতৃভাষায় যে বিজ্ঞানের ছরুহ বিষয়গুলিও সার্থকরূপে আলোচনা করা যায় এ-কথা বোধহয় রামেন্দ্রসুন্দরের লেখাতেই প্রথম প্রমাণিত হয়। বিজ্ঞানশিক্ষা সফল করতে হ’লে মাতৃভাষায় পঠন-পাঠন আবশ্যিক এ-বিষয়ে রামেন্দ্রসুন্দর নিঃসংশয় ছিলেন। নিজে শিক্ষাদানকার্ণে অনেক সময়ই মাতৃভাষা ব্যবহার করতেন। বাঙলা দেশের বিজ্ঞানসেবীদের লক্ষ্য ক’রে তিনি বলেছিলেন, ‘বঙ্গ জনসাধারণ জ্ঞানার্থী হইয়া উৰ্বমুখে চাহিয়া রহিয়াছে। আপনারা তাহাদের জ্ঞানতৃষ্ণা নিবারণ করুন। ইহা আপনাদের কর্ম—ইহা আপনাদের ধর্ম।’ এই আকুল আবেদনের যথোপযুক্ত সাড়া কিন্তু আজও জাগে নি। পরবর্তীকালে আচার্য সত্যেন্দ্রনাথ বসু এ-বিষয়ে অগ্রণী হয়েছেন। অনবত্ত বাঙলা ভাষায় একসময়ে তিনি স্নাতকোত্তর শ্রেণীতে ছরুহতম পদার্থবিজ্ঞার আলোচনা করেছেন। কিন্তু ‘আত্ম-অবিশ্বাসী’ ও ‘মূঢ়’ আমরা আজও দ্বিধায় দোলায়িত রয়েছি।

রামেন্দ্রসুন্দরের বিজ্ঞান-প্রবন্ধমালা প্রধানত সর্বসাধারণের জন্মই লিখিত। ‘জগৎকথা’ গ্রন্থে তিনি অপূর্ব ভাষায় প্রায় সম্পূর্ণ পদার্থবিজ্ঞার আলোচনা করেছেন। ইংরেজি শব্দের ব্যবহার খুবই কম। কিন্তু বক্তব্য অধিকাংশ স্থানেই অত্যন্ত স্পষ্ট। ‘পরিভাষা সঙ্কলনের অপেক্ষায় কোন দেশেই বৈজ্ঞানিক সাহিত্য নিশ্চলভাবে বসিয়া থাকে নাই।’ রামেন্দ্রসুন্দর নিজের অজস্র লেখায় সে-কথা প্রমাণ ক’রে গেছেন। যেখানে প্রয়োজন, পরিভাষা নিজে তৈরি ক’রে নিয়েছেন। থার্মোমিটার প্রসঙ্গে লিখছেন, ‘কুক্ষণে বাঙ্গলায় ইহার নাম দেওয়া হইয়াছে তাপমান ; কেন না এই যন্ত্রে তাপ মাপা হয় না।...আমি পূর্বে উষ্ণতামান নামের প্রস্তাব করিয়াছিলাম, উহাও বড় লম্বা হয়। থার্মোমিটার নামই একপ্রকার চলিয়াছে কিন্তু সাধারণের পক্ষে উহা ছরুচ্চার্য। ঘর্মান বলিলে— চলিত ভাষায় গরমিমান বলিলে কেমন হয়?’ ‘জিজ্ঞাসা’

ও ‘বিচিত্র জগৎ’ এই দুই গ্রন্থের প্রবন্ধে কিছু বৈশিষ্ট্য আছে। প্রথমত, এখানে আলোচ্য বিষয় অনেক ছুরুহ। যে-সব বিষয়ের তিনি অবতারণা করেছেন সেগুলি তখন পদার্থবিদ্যায় গবেষণার বিষয়বস্তু। ইলেকট্রনের বস্তুপরিমাণ যে বেগের উপর নির্ভর করে এ-সম্বন্ধে আব্রাহাম, লোরেন্জ ও কার্ডিফমানের গবেষণা প্রকাশিত হয় ১৯০২-৫ সালে। রামেন্দ্রসুন্দর ১৯১০ সালে ‘বিজ্ঞানে পুতুলপূজা’ প্রবন্ধে এ-বিষয়ে সবিস্তার আলোচনা করেছেন। এ-সম্পর্কে আইনস্টাইনের গবেষণার প্রকাশকালও ১৯০৫ খ্রীস্টাব্দ। অবশ্য আইনস্টাইন তখন স্বল্পপরিচিত ব্যক্তি। রামেন্দ্রসুন্দরের প্রবন্ধ-পাঠে ঠিক বোঝা যায় না আইনস্টাইনের গবেষণার সঙ্গে তাঁর পরিচয় হয়েছিল কিনা। ছুরুহ ও সন্ম-গবেষিত বিষয়ের অবতারণা ছাড়াও উক্ত দুই গ্রন্থে রামেন্দ্রসুন্দর বিজ্ঞান আলোচনার সঙ্গে দার্শনিক বিচার-বিশ্লেষণের সংযোগ ঘটিয়েছিলেন। বিজ্ঞানে ব্যবহৃত নানা concept বা ধারণার যে সূক্ষ্ম বিচারের প্রয়োজন আছে এ-সত্য পদার্থবিদদের কাছে ইদানীংকালে স্পষ্ট হয়েছে। রামেন্দ্রসুন্দর এখানে ‘সমালোচক-পদার্থবিদ’-এর ভূমিকা গ্রহণ করেছিলেন (‘Physicist as critic, as contrasted with the physicist as theorist’— P. W. Bridgman)। ১৯১৫ খ্রীস্টাব্দে ‘বৈজ্ঞানিকের আকাশ’ প্রবন্ধে তিনি লিখেছেন, ‘আকাশ জিনিষটাই একটা বিশুদ্ধ geometrical পদার্থ। উহা খাঁটি জ্যামিতি বিচার প্রতিপাত্ত এবং আলোচ্য। আকাশের যে কিছু লক্ষণ তাহা সমস্তই জ্যামিতিক বা geometric লক্ষণ।...গোড়াতেই যদি আমি আকাশকে সমাকার মনে না করি, গোড়াতেই যদি ধরিয়া লই যে আকাশের বক্রতা সর্বত্র সমান নহে, তাহাতে ক্ষতি কি? সেই বক্রতা-ভেদ দেখিয়া আমরা আকাশকে চিহ্নিত করিয়া লইতে পারি; এবং সেই বক্রতার ভেদকেই যদি জড় দ্রব্য বলিয়া নির্দেশ করি তাহাতে বিজ্ঞানবিচার কাজ আটকায় কি?’ এই জ্যামিতিক দৃষ্টিভঙ্গি পদার্থবিদ্যায় সার্থকরূপে প্রয়োগ করেন আইনস্টাইন তাঁর ব্যাপকতর আপেক্ষিক তত্ত্বে। কিন্তু সেই গবেষণা প্রকাশিত হয়েছিল ১৯১৬ সালে। এই ধরনের বিশ্লেষণ-প্রধান প্রবন্ধে রামেন্দ্রসুন্দর কতখানি সমসাময়িক কালের অগ্ণাত লেখকের দ্বারা প্রভাবিত ছিলেন ও কতখানি নিজস্ব চিন্তা সন্নিবিষ্ট করেছেন, উপযুক্ত ব্যক্তি অল্পসন্ধান করলে হয়তো এ-বিষয়ে কিছু জানা যেতে পারে। মনে হয় রামেন্দ্রসুন্দর অর্ধদ্বৈত দর্শনের দ্বারা গভীরভাবে অল্পপ্রাণিত ছিলেন। বিজ্ঞানে যাকে objective world বলা হয় তাহাও যে নিতান্তই subjective— এই মত তিনি একাধিক প্রবন্ধে উপস্থিত করেছেন। ‘বিজ্ঞানে পুতুলপূজা’ প্রবন্ধে তিনি লিখেছেন, ‘এই বৃহত্তর বিশ্বশালায় শক্তির কখনও ক্ষতিবৃদ্ধি হয় না, অতি সঙ্কীর্ণ পারিভাষিক অর্থে ইহা একটা পরীক্ষালব্ধ সত্য; কিন্তু ইহার ভিতর কোনরূপ স্বতঃসিদ্ধতা নাই। এই যে পারিভাষিক অর্থ

তাহা আমরাই অর্পণ করিয়াছি।...ফলে যে জাগতিক সত্য লইয়া আমরা স্পর্ধা করি ও তাহাদিগকে সনাতন সার্বভৌমিক সত্য বলিয়া নির্দেশ করি, মূল অন্বেষণ করিলে দেখা যাইবে, উহারা সর্বদাই আমাদের মনঃকল্পিত সত্য।’ অনেক পরবর্তী-কালে পদার্থবিদ্যায় এ-কথা স্বীকৃত হয়েছে যে, দৃশ্যজগৎ সম্পূর্ণরূপে দ্রষ্টা-নিরপেক্ষ নয়। অবশ্য কোয়ান্টাম গতিবিদ্যার এই subjectivity-র সহিত রামেশ্বরহুন্দরের ধারণার কতখানি সাদৃশ্য আছে তা বিচারের অপেক্ষা রাখে। আমাদের পক্ষে গভীর পরিতাপের বিষয় এই যে, রামেশ্বরহুন্দর তাঁর চিন্তা ও ধারণাকে বিশদরূপে প্রতিষ্ঠিত করার কোনো চেষ্টাই করেন নি। রামেশ্বরহুন্দরের বিজ্ঞানপ্রবন্ধগুলি যত্নসহকারে পাঠ করলে এ-বিষয়ে কোনো সংশয় থাকে না যে, বৈজ্ঞানিক সত্যের স্বরূপ ও বিজ্ঞানের বিচারপদ্ধতি সম্পর্কে তাঁর মনে এমন এক স্থম্পষ্ট ও স্বচ্ছ ধারণা জন্মেছিল যা এই বিষয়ে অতি আধুনিক মনোভাবের অত্যন্ত সমীপবর্তী।

যদি কোনোদিন আমাদের দেশে বিজ্ঞানচর্চা দৃঢ়মূল হয় ও জনচিন্তে প্রসার লাভ করে, তবে মাতৃভাষার মাধ্যমেই তা সম্ভব হবে, সন্দেহ নেই। রামেশ্বরহুন্দরের আরও কর্ম সেদিন পূর্ণতালাভ করবে। আজ সেই আশা মনে রেখে আমরা তাঁর পুণ্যস্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করছি।

রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর সাহিত্য চিন্তা

অরুণকুমার মুখোপাধ্যায়

রামেন্দ্রসুন্দর ত্রিবেদী (১৮৬৪-১৯১৯) বিশুদ্ধ সাহিত্যচিন্তায় কখনোই নিজেকে নিয়োজিত করেন নি। কারণ, তিনি যে-পরিবেশে মাহুস, সে-পরিবেশে বিশুদ্ধ সাহিত্যচিন্তাব অহুকূল ছিল না। বিজ্ঞান-ও দর্শন-বিষয়ক প্রবন্ধ তাঁর মুদ্রিত রচনার শতকরা আশি ভাগ অধিকার ক’রে আছে। সাহিত্যচিন্তা মাত্র কয়েকটি প্রবন্ধে লক্ষ্য করা যায়।

প্রবন্ধরচনায় রামেন্দ্রসুন্দর আত্মনিয়োগ করেন বঙ্কিমযুগে— গত শতকের শেষ দশকে ‘প্রকৃতি’ গ্রন্থে (১৮৯৬) সেগুলি সংকলিত হয়। বিশ্বব্রহ্মাণ্ড ও জীবজগৎ যে অমোঘ নিয়ম-নিয়ন্ত্রিত, এই বিজ্ঞানবুদ্ধি উক্ত গ্রন্থের মূল ভিত্তি। হিন্দুশাস্ত্রের বক্তব্যকে তিনি ডারউইন-মতবাদের পাষণ্ডনিকষে পরীক্ষা ক’রে গ্রহণ করেছিলেন।

রামেন্দ্রসুন্দর ‘প্রকৃতি’ গ্রন্থে সিদ্ধান্ত করেছেন যে, প্রাকৃতিক নির্বাচনই উন্নতির সোপান আর মৃত্যু জীবের স্ননির্দিষ্ট পরিণাম। মৃত্যু জীবের আবরণ, শরীরের অর্জিত ধর্ম এবং এ-আদেশ অবশ্যপালনীয়। প্রকৃতির আদেশ অমোঘ :

‘বৃদ্ধ তোমার জীর্ণ আবরণ দেহ লইয়া সরিয়া যাও ; বালককে সমরক্ষেত্রে স্থান দাও। প্রকৃতির আদেশ পালন করিতেই হইবে।...প্রাকৃতিক নির্বাচনেই মৃত্যুর সৃষ্টি।’

মৃত্যুকে রামেন্দ্রসুন্দর তাঁর অধ্যাত্মভাবনার মধ্যে গ্রহণ করেছিলেন বিজ্ঞানের দৃষ্টিতে—

‘জীব উৎপত্তির পরে অবধি আর মরে নাই। সেই শ্রোত যদি আরম্ভ হইয়াছে, সেইদিন হইতে আর থামে নাই। পিতার মৃত্যু নাই, পিতা পুত্ররূপে জন্মগ্রহণ করেন মাত্র। শাস্ত্রের বাক্য এই অর্থে সত্য।’

আধুনিক বিজ্ঞানাদর্শে রামেন্দ্রসুন্দরের মন গঠিত হয়েছিল। গত শতকে বঙ্কিমযুগে তাঁর যাত্রা শুরু, বর্তমান শতকের দ্বিতীয় দশকে নতুনতর চিন্তাদেশের সীমানায় উপনীত হয়ে যাত্রার সমাপ্তি। এই দুই শতকের বিভিন্ন চিন্তাপ্রবাহের প্রতিকলন রামেন্দ্রসুন্দরের রচনায় অনায়াসলক্ষ্য। ‘প্রকৃতি’তে পাশ্চাত্য বিজ্ঞানসত্যের স্বীকৃতি, ‘কর্মকথা’য় (১৯১৩) মানবজীবনের অর্থসন্ধান, ‘বিচিত্র জগৎ’-এ (১৯২০) তত্ত্ব-লোচনা, ও ‘নানা কথা’য় ইতিহাসনির্ভর সমাজ-ভাবনা প্রকাশিত হয়েছে। পাশ্চাত্য বিজ্ঞানের তথ্য-ও পরীক্ষা-লব্ধ জ্ঞানের কিছুমাত্র বিকৃতি না ঘটিয়ে রামেন্দ্রসুন্দর তার

দ্বারাই জীবননীতি নির্ধারণ করেছিলেন, তাঁর সম্পর্কে এটা প্রথম কথা। দ্বিতীয় কথা, রামেন্দ্রসুন্দর তাঁর চিন্তাকে গ'ড়ে তুলেছিলেন গত শতকের দুজন পাশ্চাত্য বিজ্ঞানী-মনীষীর রচনা অবলম্বন করে; তাঁরা হলেন চার্লস ডাবুউইন ও হার্বার্ট স্পেন্সার। ডাবুউইনের বিবর্তনবাদের সঙ্গে রামেন্দ্রসুন্দর তাঁর নীতিতত্ত্বকে মেলাতে চেয়েছিলেন এবং এই ছুরুহ সাধনায় তাঁর সমস্ত শক্তি নিয়োগ করেছিলেন। হার্বার্ট স্পেন্সারের ব্যক্তি- ও সমাজ-সম্পর্কিত চিন্তার আলোকে রামেন্দ্রসুন্দর আপন কাল ও দেশে ব্যক্তির ব্যক্তিত্ব, কর্মের স্বাধীনতা, সমাজের প্রতি আহুগত্য, ব্যক্তি ও সমাজের মধ্যে সম্পর্ক প্রভৃতি সমস্তা বিচারে প্রবৃত্ত হয়েছিলেন; 'কর্মকথা' তার পরিচয়স্থল।

স্বভাবতই এইসব রচনায় সাহিত্যচিন্তার অবকাশ কম। শিক্ষাচিন্তা-বিষয়ক প্রবন্ধে রামেন্দ্রসুন্দর জাতিগঠনের কথাই ভেবেছেন, জোর দিয়েছেন লিবারাল এডুকেশনের উপর। 'লিবারাল এডুকেশন' বলতে তিনি 'সমগ্র চিন্তবৃত্তির সর্বাঙ্গীণ ক্ষু'র্তিসাধন'কে বুঝিয়েছেন (নানা কথা, 'অরণ্যে রোদন')। এ-ক্ষেত্রে তিনি বঙ্কিমচন্দ্রের অহুবর্তী। কিন্তু তিনি বঙ্কিমের অন্ধ অহুবর্তী নন। বঙ্কিমচন্দ্র ও রামেন্দ্রসুন্দর উভয়েই যুক্তিবাদী। বঙ্কিমচন্দ্র ছিলেন র্যাশনালিস্ট ও মননবাদী, আর রামেন্দ্রসুন্দর ছিলেন বিজ্ঞানবাদী ও অভিজ্ঞতাবাদী। প্রথম যৌবনে রামেন্দ্রসুন্দর বঙ্কিমের মতোই সংশয়বাদী ও নাস্তিক্যবাদী ছিলেন, পরে হন ধর্মবিশ্বাসী ও আস্তিক্যবাদী।

'জিজ্ঞাসা' গ্রন্থে (১৯০৪) মনীষী রামেন্দ্রসুন্দরের পরিচয় পূর্ণতররূপে ব্যক্ত হয়েছে: 'তাঁহার 'জিজ্ঞাসা'র প্রবন্ধগুলি পড়িলে মনে হয়, তিনি প্রকৃতির বিজ্ঞান হইতে সারসংগ্রহে আনন্দ পাইতেন। তিনি যখন এই সকল প্রবন্ধ লিখিয়াছিলেন, তখন এই সকল বিষয়ই বৈজ্ঞানিকদের চিত্ত অধিকার করিয়াছিল। সে-সময়ে আমারও অনেক প্রবন্ধের বিষয়বস্তু এই প্রকার ছিল। কেহ কেহ মনে করিয়াছেন বিজ্ঞান বুঝি দর্শনের বিরুদ্ধধর্মী। কিন্তু বিজ্ঞানই দর্শনের প্রথম সোপান এবং দর্শনই বিজ্ঞানের পরিণতি। রামেন্দ্রসুন্দরে বিজ্ঞান ও দর্শনের অপূর্ব সমন্বয় হইয়াছিল।' (বিশ্বভারতী পত্রিকা, বৈশাখ-আষাঢ় ১৩৬০)।

এই গ্রন্থেও Law এবং Nature -এর প্রতি রামেন্দ্রসুন্দরের আহুগত্য লক্ষ্য করা যায়। বিজ্ঞাননির্ভর যুক্তিবাদিতার উৎকৃষ্ট পরিচয় এই গ্রন্থ।

রামেন্দ্রসুন্দরকে প্রকৃতপ্রস্তাবে 'আধুনিক' বলা যায়। মিস্টিসিজম্, ধর্মান্ধতা, আবেগনির্ভরতা ও সংস্কার বর্জন করে বিজ্ঞানভিত্তির উপর নীতি ও আদর্শের প্রাসাদ তিনি গ'ড়ে তুলেছিলেন, এ-বিষয়ে সন্দেহের অবকাশ নেই। তিনি কতটা স্বাধীন চিন্তার অধিকারী ছিলেন, তার প্রমাণ এই গ্রন্থ থেকেই দেওয়া যায়। আত্মা নশ্বর না অবিনশ্বর, এই বিষয়ের আলোচনা করে রামেন্দ্রসুন্দর লিখছেন :

‘আমাকে যদি আত্মা বল, তাহা হইলে আত্মা বিনাশী, কি আত্মা অবিনাশী, এ প্রশ্নের কোন অর্থই হয় না। এই প্রশ্নই হয় না; এ প্রশ্ন করিলেই আত্মা-ছাড়া স্বতন্ত্র কালের অস্তিত্ব স্বীকার করিতে হয়। কিন্তু সেরূপ স্বতন্ত্র কাল কিছুই নাই। আমি বিনাশী বলিলে বুঝায়, আমি থাকিব না, কাল থাকিবে। ইহা অর্থশূন্য; কেন না, আমি না থাকিলে আবার কাল কি লইয়া থাকিবে? কাল ত আমারই কল্পনা। আমি অবিনাশী বলিলে বুঝায় আমি থাকিব, কালও থাকিবে, কাল ব্যাপিয়া আমি থাকিব, অনন্ত ভবিষ্যৎ ব্যাপিয়া থাকিব, ইহারও অর্থ হয় না। কাল ব্যাপিয়া আমি থাকিব, একি কথা? কালই আমাকে ব্যাপিয়া থাকিবে, ইহা বরং সঙ্গত হইতে পারে। তাহাও সঙ্গত হইল কিনা বিচার্য। আত্মা বিনাশী কি অবিনাশী, এই প্রশ্ন একেবারে অর্থশূন্য। যে প্রশ্নের অর্থ নাই, তাহার উত্তরদানের চেষ্টা মূঢ়তা।’ (জিজ্ঞাসা, ‘আত্মার অবিনাশিতা’)

আমাদের অনেক চিন্তা-কুয়াশা এই প্রশ্নের যুক্তির আলোকে অপসৃত হবে বলে আশা করা যায়।

রামেন্দ্রসুন্দর বিজ্ঞান, দর্শন ও সমাজ-চিন্তায় শারী জীবন কাটিয়েছেন। বিজ্ঞানের সাধনায় তাঁর বিশ্বাস ছিল, চিন্তার মুক্তিতে ছিল আগ্রহ, মিস্টিক কুয়াশা দূর করতে তিনি সদা-প্রস্তুত ছিলেন। এইসঙ্গে যুক্ত হয়েছিল জাতীয়তাবোধ তথা দেশপ্রেম। তারই অল্পসরণে সাহিত্যচর্চা। বিগুহ সাহিত্যচর্চায় রামেন্দ্রসুন্দরের আগ্রহ ছিল না, সমাজকল্যাণমুখী সাহিত্যচিন্তা হয়তো কিছু কিছু করেছিলেন। তাঁর ‘বঙ্গীয় সাহিত্য পরিষৎ’ সেবা এই মনোভাবের বহিঃরূপ।

রামেন্দ্রসুন্দর বাঙালি বিজ্ঞানীদের আহ্বান করেছিলেন এই মনোভাব থেকেই—

‘বাংলা ভাষা এখনও বিজ্ঞানপ্রচারের যোগ্য হইতে বিলম্ব রহিয়াছে, কিন্তু এই বিলম্ব ক্রমেই অসহ্য হইয়া পড়িতেছে। এবিষয়ে অবহিত হইবার জন্ত আপনাদিগকে অল্পরোধ করিতেছি। মাতৃভাষাকে এতদর্থে যুগোচিত করিয়া লইবার জন্ত যে যত্ন ও পরিশ্রম আবশ্যক, আপনাদিগকেই তাহা করিতে হইবে। সাহিত্যসম্মিলনের বিজ্ঞানশাখা যদি বঙ্গভাষার এই অঙ্গের পুষ্টিসাধনে সাহায্য করে তাহা হইলে তাহার অস্তিত্ব নিরর্থক হইবে না। আমাদের বাংলা ভাষা বর্তমান অবস্থায় যতই দরিদ্র ও অপুষ্টি হউক, উহা দ্বারা বিজ্ঞান-বিচার প্রচার যে একেবারে অসাধ্য, তাহা স্বীকার করিতে আমি প্রস্তুত নহি।’ (বঙ্গীয় সাহিত্য সম্মিলনের সপ্তম অধিবেশনে সভাপতির ভাষণ, ১৯১৩)।

এখানে রামেন্দ্রসুন্দর বঙ্কিমচন্দ্রের অনুবর্তী। সমাজকল্যাণসাধনে লেখনীকে নিয়োজিত করাতেই তিনি সার্থকতা খুঁজে পেয়েছিলেন।

‘চরিত-কথা’ ও ‘নানা কথা’ গ্রন্থ দুটিতে রামেন্দ্রসুন্দরের সাহিত্যচিন্তার সামান্য পরিচয় আছে। ‘চরিত-কথা’য় তিনি বিদ্যাসাগরের যে-জীবনালেখ্য অঙ্কিত করেছেন, তা সাহিত্যিকের লেখনীপ্রসূত। বিদ্যাসাগরের জীবনের বাইরের ঘটনাগুলিকে রামেন্দ্রসুন্দর এই প্রবন্ধে এমনভাবে বিগ্ৰস্ত করেছেন যে বিদ্যাসাগরের বিশিষ্ট জীবনাদর্শ, নিঃসঙ্গ মহিমময় ব্যক্তিত্ব ও প্রাণশক্তির দীপ্তি পরিস্ফুট হয়েছে। বিদ্যাসাগরের জীবনের অন্তর-বাহিরের সমন্বয় সাধন ক’রে বিদ্যাসাগর-ব্যক্তিত্বের দীপ্ত রূপটি রামেন্দ্রসুন্দর ফুটিয়ে তুলেছেন।

রামেন্দ্রসুন্দরের সাহিত্যচিন্তার প্রকৃষ্ট পরিচয়স্থল দুটি প্রবন্ধ: ‘মহাকাব্যের লক্ষণ’ (রচনা: ১৩০২ বঙ্গাব্দ) ও ‘সৌন্দর্য-তত্ত্ব’ (রচনা: ১৩০০ বঙ্গাব্দ)।

‘মহাকাব্যের লক্ষণ’ প্রবন্ধে রামেন্দ্রসুন্দর নিজেকে প্রথম শ্রেণীর সাহিত্য-সমালোচক রূপে প্রতিষ্ঠিত করেছেন। মহাকাব্যের স্বরূপ-বিপ্লবেষণে ও প্রাচীন অতিকায় কাব্য-রূপের অধুনাবিলুপ্তির কারণ-সন্ধানে তিনি গভীর অন্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন। যে-অরুণগণ বলিষ্ঠ হিংস্র কৃত্রিমতার আবরণহীন ভাব-পরিমণ্ডলে প্রাচীন মহাকাব্যের উদ্ভব, তার বিবরণ তিনি দিয়েছেন। এই বিবরণ সমাজবিজ্ঞানের দিক দিয়ে যেমন যথার্থ, আন্তর ভাবমতের বিচারে তেমনি অভ্রান্ত। এখানে রামেন্দ্রসুন্দরের বস্তুজ্ঞান, সমাজবোধ ও আন্তর-রহস্যভেদী কল্পনা সমানভাবে প্রকাশিত হয়েছে। নিম্নোক্ত দুটি অঙ্কে এই বিচার ও কল্পনাশক্তির পরিচয় পাই:

‘বস্তুতঃই চারি হাজার বৎসরের ইতিহাস সূক্ষ্মভাবে তলাইয়া দেখিলে বুঝা যায়, মনুগ্রন্থের অধিক বদলায় নাই; তবে সমাজের মূর্তিটা সম্পূর্ণ পরিবর্তিত হইয়া গিয়াছে। এবং মনুগ্রন্থসমাজের অবস্থা যে কাব্যগ্রন্থে প্রতিফলিত হইয়া থাকে, সেই কাব্যের মূর্তিও যে তদনুসারে পরিবর্তিত হইয়া যাইবে, তাহাতে বিশ্বয়ের কারণ নাই। বিশ্বয়ের কারণ থাক্ আর নাই থাক্, আধুনিক কালের সাহিত্যে বান্ধীকি, ব্যাস ও হোমারের আর আবির্ভাব হয় নাই, এবং আর যে কখনও হইবে, তাহা আশা করাও দুষ্কর। সাহিত্যে মহাকাব্যের যুগ বোধ হয় অতীত হইয়া গিয়াছে। কালের যখন অবধি নাই ও পৃথ্বী যখন বিপুলা, তখন বড় কবির ও বড় কাব্যের সম্ভাব কখন হইবে না, কিন্তু মনুগ্রন্থসমাজের সেই প্রাচীন অবস্থা ফিরিয়া আসিবার যদি সম্ভাবনা না থাকে, তাহা হইলে মহাকবির ও মহাকাব্যের বোধ করি আবির্ভাব আর হইবে না।

‘বস্তুতঃই আর আবির্ভাবের আশা নাই। মহাকাব্যের মধ্যে একটা উন্মুক্ত অকৃত্রিম স্বাভাবিকতা আছে, তাহা বোধ করি আর কখনও ফিরিয়া আসিবে না। হুনিপুণ শিল্পী একালে তাজমহল গড়িতে পারেন, কিন্তু পিরামিডের দিন বুঝি

একেবারে চলিয়া গিয়াছে। মহাকাব্যগুলিকে আমরা মহাকায় অদ্ভুত পিরামিডের সঙ্গে তুলনা করিতে পারি। এক-একবার মনে হয়, উহাদিগকে কোন মানবহস্তনির্মিত কৃত্রিম কারুকার্যের সহিত তুলনা না করিয়া প্রকৃতির হস্তনির্মিত নৈসর্গিক পদার্থের সহিত উপমিত করা উচিত।’

‘সৌন্দর্য-তত্ত্ব’ প্রবন্ধে রামেন্দ্রসুন্দরের সমালোচনাশক্তি ও সৌন্দর্যোপলক্ষি-ক্ষমতার চরম প্রকাশ লক্ষ্য করা যায়। মানবজীবনে সৌন্দর্যবোধের স্থান কোথায়, ভূমিকা কী, গুরুত্ব কী, লক্ষ্য কী— এইসব প্রশ্নের নিপুণ আলোচনা সমালোচক করেছেন। এখানেই রামেন্দ্রসুন্দরের বিচারবুদ্ধিবোধের চরম পরীক্ষা হয়েছে। সাহিত্যশিল্প-সম্পর্কিত যে-কোনো আলোচনায় শেষ পর্যন্ত আমরা এই মূল প্রশ্নের সম্মুখীন হই— সৌন্দর্য কী? জগতের সকল প্রধান সাহিত্যশাস্ত্রী এই প্রশ্নের আলোচনা করেছেন। রামেন্দ্রসুন্দরও করেছেন এবং তাঁর নিজের মতো ক’রে ভেবেছেন ও উত্তর দিয়েছেন।

রামেন্দ্রসুন্দর এই প্রশ্ন ও তার সমাধানের পথে বাধাকে এইভাবে নির্দেশ করেছেন :

‘কতকগুলি পদার্থ এমন আছে, যাহারা স্বস্থ-প্রকৃতির মাহুষের অধিকাংশের নিকটেই সুন্দর বলিয়া গৃহীত হয়। যেমন, পাখী, প্রজাপতি, ফুল। প্রশ্ন এখন এই,— কি গুণে ইহারা সুন্দর; ইহাদের সৌন্দর্যে আমাদের লাভ কি?’

‘প্রশ্নটির উত্তর দেওয়া বড় সহজ নহে। দর্শনশাস্ত্রের ইতিহাস খুলিলেই বিশরকম সৌন্দর্য-তত্ত্বের পঞ্চাশ পাতা বিবরণ পাওয়া যায়; কিন্তু তার মধ্যে একটাও তৃপ্তিকর নহে।’

এই প্রশ্নের সমাধানে সমাজনীতি, ডারউইনের অভিব্যক্তিবাদ ও যৌন-নির্বাচনবাদ, শেখোক্ত মতের বিরুদ্ধে ওয়ালাস্-এর প্রতিবাদ ও প্রাকৃতিক-নির্বাচনবাদের প্রচার, মনোবিজ্ঞান, ইউটিলিটিবাদ প্রভৃতি বাদ-বিসংবাদের আলোচনাশেষে রামেন্দ্রসুন্দর নিজস্ব বক্তব্য উপস্থাপিত করেছেন।

সৌন্দর্য-তত্ত্বের আলোচনায় রামেন্দ্রসুন্দর কয়েকটি নির্দিষ্ট বক্তব্যে উপস্থিত হয়েছেন এবং সেগুলিকে সাহসের সঙ্গে প্রকাশ করেছেন :

‘ইতর জীবের মধ্যে সৌন্দর্যবুদ্ধি থাকিতে পারে, কিন্তু মাহুষের সৌন্দর্যবুদ্ধির সহিত তাহার তুলনা হয় না। স্বল্প সৌন্দর্যভোগের শক্তি মহুস্বত্বের একটা প্রধান লক্ষণ মনে করা যাইতে পারে।

‘মহুস্বত্বের আবার সকলের এই শক্তি সমান নহে। এই শক্তির তারতম্যে মহুস্বত্বের মাত্রা নির্দিষ্ট হইতে পারে।

‘প্রকৃতির বহুরূপিতার সহিত জীবের চেতনার গূঢ় সম্পর্ক আছে; প্রকৃতি বহুরূপী

না হইলে জীবের চেতনা ফুটিত না। উন্নতচেতন জীব মনুগ্র বিচিত্র ও বহুরূপী প্রকৃতিকে আদর করে। এক্ষেত্রে জিনিস সুন্দর হয় না।’

এ-ছাড়া রামেন্দ্রসুন্দর আরো বলেছেন, যে-সব পদার্থ সামাজিক বা জাতীয় জীবনে আবহুল্য করে, পরের প্রতি সমবেদনা জাগ্রত করে, পরার্থবৃত্তির উদ্দীপনা করে— তা মানুষের কাম্য, অতএব তা সুন্দর। আলোচনার গভীরে উপনীত হয়ে রামেন্দ্রসুন্দর স্বীকার করেছেন, ‘যাহা অকারণে সুন্দর, তাহার মত সুন্দর অল্প কোন জিনিস নহে।’ কিন্তু এই অকারণসৌন্দর্যবোধের কারণ নির্ণয় দুঃসাধ্য বলে তিনি মনে করেন।

অকারণ সৌন্দর্যের উৎস কী? এই প্রশ্নের উত্তরে রামেন্দ্রসুন্দর লিখছেন :

‘যেখানে আনন্দ পাওয়া যায় তাহাই সুন্দর এবং যেখানে বিনা কারণে আনন্দ পাওয়া যায় তাহা সেইজন্মই অতি সুন্দর। সাধারণতঃ যাহাদের দুঃখবৃত্তি প্রবল, সৌন্দর্য কুড়াইয়া পাইবার ক্ষমতা তাহাদেরই তত প্রবল। দুঃখের মত সুন্দর সামগ্রী বোধ করি দ্বিতীয় নাই। কাব্যে এইজন্ম করুণ রসের স্থান সর্বোপরি।

‘সৌন্দর্যবুদ্ধি মানুষের মনে, অপিচ সৌন্দর্যও মানুষের মনঃকল্পিত। কোন দ্রব্য স্বভাবতঃ সুন্দর নহে, মানুষ তাহাকে স্বার্থের জন্ম সুন্দর করিয়া লয়। মানুষই সৌন্দর্য রচনা করে। সৌন্দর্য-রচনাতেই মানুষের আনন্দ এবং এই আনন্দটুকুই তাহার লাভ। দুঃখবল্ল সংসারে বিচরণকালে আনন্দ রচনা না করিলে তাহার চলে না। কাজেই সে বাধ্য হইয়া আনন্দরচনাশক্তি অর্থাৎ সৌন্দর্যবুদ্ধি ক্রমশঃ উপার্জন করিয়াছে।

আজ থেকে সত্তর বছর আগে রামেন্দ্রসুন্দর বাঙলা সমালোচনাক্ষেত্রে সৌন্দর্য-তত্ত্বের এই গভীর আলোচনা ক’রে গেছেন। সে-কথা ভেবে দেখলে স্বীকার করতেই হয় রামেন্দ্রসুন্দর সেদিন এই আলোচনায় সংস্কারমুক্ত আধুনিক সাহিত্যচিন্তার পরিচয় দিয়েছিলেন।

রামেন্দ্রসুন্দরের মন ছিল অগৃহীত— দর্শন-বিজ্ঞান আলোচনাতেই তাঁর প্রধান উৎসাহ ছিল। সেইসঙ্গে যুক্ত হয়েছিল জাতীয়তাবোধ। সাহিত্যচিন্তা তাঁর কাছে প্রধান হয়ে ওঠে নি। তবু বহুবাস্তবতার মধ্যে যে-চিন্তার পরিচয় তিনি বেখে গেছেন, তা পরিমাণে স্বল্প হ’লেও গুণে সামান্য নয়।

রামেন্দ্রসুন্দরের সাহিত্যচর্চার উৎস প্রবল দেশাহুরাগ। তার শ্রেষ্ঠ পরিচয়স্থল ‘বঙ্গলক্ষ্মীর ব্রতকথা’ (১৯০৬)। তার থেকে সামান্য অংশ উদ্ধার করি :

‘বন্দে মাতরম্। বাঙলা নামে দেশ, তার উত্তরে হিমাচল, দক্ষিণে সাগর। মা গঙ্গা মর্ত্যে নেমে নিজের মাটিতে সেই দেশ গড়লেন। প্রয়াগ-কাশী পার হয়ে মা পূর্ববাহিনী হয়ে সেই দেশে প্রবেশ করলেন। প্রবেশ করে মা সেখানে শতমুখী হলেন।

শতমুখী হয়ে মা সাগরে মিশলেন। তখন লক্ষ্মী এসে সেই শতমুখে অধিষ্ঠান করলেন। বাঙলার লক্ষ্মী বাংলাদেশ জুড়ে বসলেন। মাঠে মাঠে ধানের ক্ষেতে লক্ষ্মী বিরাজ করতে লাগলেন। ফলে ফুলে দেশ আলো হ'ল। সরোবরে শতদল ফুটে উঠল। তাতে রাজহংস খেলা করতে লাগল। লোকের গোলাভরা ধান, গোয়ালভরা গোরু, গালভরা হাদি হ'ল। লোকে পরম স্বেচ্ছা বাস করতে লাগল।...

‘লক্ষ্মী দেখলেন, আমি বাঙলার লক্ষ্মী, আর আমার নিতান্তই বাঙলায় থাকা চলল না। আমার হিঁছু যেমন, মোছলমান তেমনি। হিঁছু-মোছলমান যখন ভাই-ভাই ঠাই-ঠাই হ'ল, তখন আর আমার বাঙলায় থাকা চলল না।

‘বাঙলার মেয়েরা ঐদিন (তিরিশে আশ্বিন) বঙ্গলক্ষ্মীর ব্রত নিলে। ঘরে ঘরে সেদিন উত্তন জলল না। হিঁছু মোছলমান ভাই ভাই কোলাকুলি করলে। হাতে হাতে হলুদে স্নাতোর রাখী বাঁধলে। ঘট পেতে বঙ্গলক্ষ্মীর কথা শুনলে। যে এই বঙ্গলক্ষ্মীর কথা শোনে, তার ঘরে লক্ষ্মী অচলা হন।’

সাহিত্যিক রামেন্দ্রসুন্দরের পরিচয় এই মাতৃবন্দনায় পরিস্ফুট।

যে-চিন্তাশীল মনীষী জীবনে ধর্মনির্ভর দার্শনিকতার পরিবর্তে বিজ্ঞাননির্ভর দার্শনিকতার প্রতিষ্ঠায় আত্মনিয়োগ করেছিলেন, তিনি স্বল্প অবসরে যে-সাহিত্যচিন্তা লিপিবদ্ধ করে গেছেন, তা মুষ্টি-উপহার হ'লেও স্বর্ণমুষ্টি।

রামেন্দ্রসুন্দরের যুগ

ভবতোষ দত্ত

বঙ্কিমচন্দ্রের মতো রামেন্দ্রসুন্দর ছিলেন প্রধানত চিন্তাজীবী মনীষী। তাঁরা কেউ প্রত্যক্ষ কর্মের ক্ষেত্রে অবতরণ করেন নি। রামমোহন থেকে স্বামী বিবেকানন্দ পর্যন্ত বহু কর্মনেতা বাঙলার নবজাগরণের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে সমাজ ধর্ম সাহিত্য শিক্ষা প্রভৃতি নানা বিষয়ে এগিয়ে এসেছিলেন। তাঁরা আবার প্রধানত ছিলেন কর্মনেতা। তাঁদের কর্মপ্রচেষ্টার নৈতিক যুক্তি তাঁরা বিভিন্ন প্রসঙ্গে দিয়েছিলেন সত্য, কিন্তু সামগ্রিক জীবনতত্ত্ব তাঁরা রচনা করেন নি। তাঁরা যুগের কর্মীপুরুষ ছিলেন, কিন্তু যুগের দার্শনিক ছিলেন না।

যুগের দার্শনিক বলতে আমরা তিনজনকেই বিশেষ করে বুঝব— অক্ষয়কুমার দত্ত, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং রামেন্দ্রসুন্দর ত্রিবেদী। ঊনবিংশ শতাব্দীর যুগপ্রেরণা এবং জীবনতত্ত্বের একটা স্পষ্ট যুক্তিসম্মত দার্শনিক আকৃতি তাঁরা দিয়েছিলেন এবং নবযুগের বাঙালির আদর্শ রচনা করেছিলেন। এইজন্মে তাঁদের এই বৈশিষ্ট্য সহজেই লক্ষ্য করা যাবে, তাঁরা নির্বিশেষ এবং নিছক পুঁথিগত চিন্তায় মগ্ন হন নি। তাঁদের চিন্তা জীবনের প্রয়োজনীয়তাবোধের সঙ্গেই অবিচ্ছেদ্যভাবে যুক্ত। জীবনযাপনের তাৎপর্যের দিক দিয়েই তাঁদের ভাবনা নিয়ন্ত্রিত হয়েছে। মধ্যযুগীয় নৈয়ায়িকদের মতো কিংবা আধুনিক চিন্তাবিদগণের মতো বাস্তবতাহীন দায়িত্বহীন চিন্তায় তাঁরা মগ্ন ছিলেন না। রামেন্দ্রসুন্দর বিস্তৃত জ্ঞানের বিষয় নিয়ে অনেক লিখেছেন সত্য, কিন্তু তাঁর এইসব রচনার পিছনে একটি বিশিষ্ট মন এবং দৃষ্টি ছিল, যেটা ঊনবিংশ শতাব্দীর প্রেরণাজাত। তিনি যে প্রত্যক্ষ কর্মের ক্ষেত্রে নেমে আসেন নি, সেজন্মে বাংলার সামাজিক এবং ভাবগত ইতিহাসে তাঁর ভূমিকাকে লঘু করে দেখা খুবই অসংগত হবে। রামেন্দ্রসুন্দর দিয়েছিলেন কর্মের দর্শন, তিনি আমাদের দিয়েছেন মনন, যে-মনন না থাকলে কর্ম একটা শুষ্ক আচার ছাড়া কিছুই নয়। গীতায় এ-কথা খুব জোর দিয়েই বলা হয়েছে। যারা আচার মাত্র পালন করে, কর্মের পেছনে যুক্তি বা মনের সম্মান করে না, যাদের জিজ্ঞাসা নেই, গীতায় তাদের বলা হয়েছে ‘অবিপশিচৎ’। তারা অবিবেকী, অল্পমেধা। সমগ্র ঊনবিংশ শতাব্দীতে কর্মের বিচিত্র চাঞ্চল্য দেখা দিয়েছে, তারই জিজ্ঞাসা এবং জিজ্ঞাসা-নিবৃত্তি ঘটিয়েছিলেন রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

সুতরাং রামেন্দ্রসুন্দরকে জ্ঞানতপস্বী বললেও তাঁর জ্ঞান সাধনার এই বিশেষত্বটি

বিস্মৃত হ'লে চলবে না। তাঁর জিজ্ঞাসা জীবনের জিজ্ঞাসা। 'জিজ্ঞাসা' (১৩১০) প্রধানত দার্শনিক প্রবন্ধের সংগ্রহ। প্রবন্ধের বিষয়গুলি দেখে মনে হয় এগুলি বিস্মৃত তত্ত্বজিজ্ঞাসা মাত্র, এর সঙ্গে ব্যাবহারিক জীবনাচরণের কোনোই সম্পর্ক নেই। রামেন্দ্রসুন্দরের প্রশ্ন— জগতের অস্তিত্ব প্রমাণ করব কী ক'রে? সত্য কী? অমঙ্গলের উৎপত্তি কেন? জগতে সুখের ভাগ বেশি না দুঃখের ভাগ বেশি? আপাতদৃষ্টিতে এ-সব প্রবন্ধ ইউটিলিটি-বর্জিত তত্ত্ব-সন্ধান মাত্র। কিন্তু সত্যি সত্যি এ-সব প্রবন্ধের পটভূমিকায় ঊনবিংশ শতাব্দীর বাঙালির জীবনচেতনাই কাজ করেছিল। দৃষ্টান্তস্বরূপ 'নিয়মের রাজত্ব' প্রবন্ধটাই ধরা যায়। এই প্রবন্ধে রামেন্দ্রসুন্দর দেখিয়েছেন জগৎ একটা যন্ত্রের মতোই কতকগুলি নিয়মের দ্বারা শাসিত। এখানে মানুষের ব্যক্তিগত কল্যাণ-চিন্তার স্থান নেই। কখনো কখনো মিরিয়াক্ল দেখে মনে হয় বুদ্ধি নিয়মের ব্যতিক্রম ঘটল; কিন্তু আসলে সেও আর-একটি নিয়ম দ্বারা চালিত হয়েই ঘটেছে মাত্র। আমরা সেই নিয়ম জানি না ব'লেই তাকে মনে করেছি মিরিয়াক্ল। জীবনে নিয়মের এই সূদূর প্রভাব ঊনবিংশ শতাব্দীর সাহিত্যেও পড়েছে। মধুসূদনের মেঘনাদবধ মহাকাব্যে তাকেই বলা হয়েছে প্রাক্তন : সে-প্রাক্তন এমনই অমোঘ যে ভগবানও ভক্তকে তার থেকে মুক্তি দিতে পারেন না। তাই মহাদেব নিরুপায় হয়েই ভক্তের দুর্ভাগ্যের নীরব দ্রষ্টা। বক্ষিমচন্দ্রের উপন্যাসেও ট্রাজেডিকে মনে হয় এই নিয়মতত্ত্বেরই সৃষ্টি। নিয়তির যে প্রবল এবং অমোঘ কার্য-পরস্পরা আছে— স্বপ্ন ও দৈববাণী দিয়েও যাকে খণ্ডন করা যায় নি— সে-নিয়তি বস্তুতই এই নিয়মের রাজত্ব। মানুষের ভাগ্য এখানে নির্ধারিত। পৌরুষ এখানে ব্যর্থ, পৌরুষ-চেতনা স্তিমিত। ইংরেজিতে একে determinism বলা যায়। বক্ষিমচন্দ্রের উপন্যাস এরই নানা সৃষ্টি। রামেন্দ্রসুন্দর তাই প্রশ্ন করছেন— অমঙ্গলের উৎপত্তি কোথায়? রবীন্দ্রনাথ তাঁর *Sadhana*-তে *The Problem of Evil* নামে যে-সমস্যা উপস্থাপিত করেছিলেন রামেন্দ্রসুন্দরের 'অমঙ্গলের উৎপত্তি' তারই পূর্বাভাস। কিন্তু ছুজনের দৃষ্টির পার্থক্য অনেকখানি। রামেন্দ্রসুন্দর বলছেন :

'জীবনের অর্থ জড় হইতে স্বাতন্ত্র্যরক্ষার চেষ্টা— জড়জগৎ জীবনকে জড়ত্বের অভিমুখে টানিতেছে। জীবন জড় হইতে স্বতন্ত্র থাকিবার প্রয়াসী। জীবনের জড়ত্ব পরিণতির নাম অমঙ্গল। জীবনের স্বাতন্ত্র্যরক্ষার নাম মঙ্গল। জীবন অমঙ্গল পরিহার করিতে চায়, মঙ্গল গ্রহণ করিতে চায়। কেননা, উহাতেই জীবের জীবন; উহাই জীবনের বৈশিষ্ট্য; উহা ছাড়িয়া জীবনের মার্থকতা নাই। অমঙ্গল কেন হইল, মঙ্গল কেন হইল, ইহার উত্তর চাও, তবে জীবনের উৎপত্তি কেন হইল, ইহার মীমাংসা করিতে হইবে।'

—জিজ্ঞাসা, 'অমঙ্গলের উৎপত্তি'

সুতরাং রামেন্দ্রসুন্দর এর সঙ্গে কোনো নৈতিক প্রশ্ন জড়িত করেন নি। মঙ্গল বা অমঙ্গলকে তিনি জীবনের স্বাভাবিক সত্য বলেই ধরে নিয়েছেন। বঙ্কিমের উপন্যাসে ঘটনা হিসাবে বঙ্কিম পাপ বা পুণ্যের কোনো নৈতিক বিচার করেন নি। তারা ঘটে, ধার্মিকের জীবনেও ঘটে, অধার্মিকের জীবনেও ঘটে। তারপর নৈতিক বিচার এসেছে পরে। তাই রামেন্দ্রসুন্দর প্রশ্ন করেন— জগতে সুখের ভাগ বেশি না দুঃখের ভাগ বেশি? এ-প্রশ্নও শেষ পর্যন্ত অর্থহীন হয়ে যায়। কারণ কোনটা সুখ, কোনটা দুঃখ এ-কথা নির্দিষ্ট করে বলা কঠিন। দুটোই ঘটে এবং দুটোর ভেতর দিয়েই চেতনার বিকাশ।

রামেন্দ্রসুন্দরের এই দার্শনিক প্রবন্ধগুলি অভিনিবেশ সহকারে পড়লে লেখকের যে-রূপটি চোখের সামনে ফুটে ওঠে তা হচ্ছে একটি অনাসক্ত ব্যক্তিত্ব। কিন্তু অনাসক্তির মধ্যেও একটি দুঃখের আত্মধ্বনি বেজে ওঠে যেটা বঙ্কিম উপন্যাসের প্রতিধ্বনি বলেই মনে হয়। জগৎ-নিয়তির কাছে এমন করে আত্মসমর্পণ করা ভক্তের মতো নয়, জ্ঞানীর মতো। এইজন্যই রামেন্দ্রসুন্দর এই প্রবন্ধগুলির নাম দিয়েছেন ‘জিজ্ঞাসা’। তিনি জীবনের অস্তিত্বের রহস্য জানতে চান। কিন্তু সত্য-সত্যই রহস্যের ব্যাখ্যা নেই। তারা আছে, এই পর্যন্ত। বঙ্কিমচন্দ্রও এই সমস্যা নিয়ে পীড়িত হয়েছিলেন। তিনি বলেছেন অতি তরুণ বয়স থেকেই তাঁর মনে এই প্রশ্ন উদ্ভিত হ’ত, ‘এ জীবন লইয়া কি করিব।’ এই প্রশ্নের উত্তরে বঙ্কিম লিখেছিলেন ‘ধর্মতত্ত্ব’, আর রামেন্দ্রসুন্দর জিজ্ঞাসার উত্তর দেবার চেষ্টা করেছেন ‘কর্মকথা’য়।

বঙ্কিমচন্দ্রের জিজ্ঞাসা তাঁকে জীবনবিমুখ করে নি। তাঁকে জীবনের পথে নিয়ে গিয়েছে। তাঁকে পাই দেশপ্রেমিক জাতীয়তাবাদী লেখকরূপে। মাহুভের কর্তব্যের সংজ্ঞা নির্দেশ করে তিনি মাহুভকে পূর্ণাঙ্গ করে তুলতে চেয়েছেন। রামেন্দ্রসুন্দরও জ্ঞানী ছিলেন, কিন্তু দেশ এবং সমাজের কর্তব্যে উদাসীন না হয়ে অধিকতর অবহিত হয়ে উঠলেন। তিনি প্রাচীন ঋষির মতোই কর্মযজ্ঞে আমাদের আহ্বান করেছেন—

সর্বাণীন্দ্রিয়কর্মাণি প্রাণকর্মাণি চাপরে।

আত্মসংযমযোগায়ৌ জুহ্বতি জ্ঞানদীপিতে।

‘কর্মকথা’ নামে বইটিতে রামেন্দ্রসুন্দর বস্তুতই কর্মের দিকে আমাদের আকর্ষণ করেছেন :

‘যাহাতে সমাজের মঙ্গল, তাহাই ধর্ম ; তাহারই অনুরোধে মাহুভ বাধ্য। তাহারই অনুরোধে মাহুভের স্বাভাবিক সূস্থ সহজ ধর্মপ্রবৃত্তি উপদেশ দেয়। সমাজের মঙ্গল কোন্ কাজে? কে বলিয়া দিবে কোন্ কাজে? এখানে মাহুভের বিচারশক্তির উপর

বিশ্বাস নাই। ক্ষতি-লাভ-গণনা সহজ কাজ নহে; সামাজিক গণিতশাস্ত্র পূর্ণতা লাভ করিতে এখনও অনেক সময় আবশ্যিক। সমাজের মঙ্গলে ধর্ম, এবং সমাজের মঙ্গলের অর্থ greatest good of the greatest number. অধিক লোকের অধিক হিত। ইউটিলিটি-তত্ত্ব এই অর্থে ঠিক। কিন্তু কোন্ কার্যে অধিক লোকের অধিক হিত, কে গণনা করিয়া নিঃসংশয়ে অবধারণ করিবে? বিচারশক্তির উপর বিশ্বাস করিও না; বুদ্ধিবৃত্তির উপর নির্ভর করিও না। স্বস্থ সহজ ধর্মপ্রবৃত্তি, মনুষ্য যাহা স্বভাবের নিকট পাইয়াছে, তাহার উপর নির্ভর কর; সে প্রকৃত পথ দেখাইয়া দিবে। তাহার নির্দেশে অন্তঃশরীর স্বাস্থ্য লাভ করিবে; জীবন বল লাভ করিবে।'

—কর্মকথা, 'ধর্মপ্রবৃত্তি'

এই উক্তিতে রামেন্দ্রসুন্দরের চিন্তাবৈশিষ্ট্য ফুটে উঠেছে; একদিকে নিরাসক্ত আত্মসমর্পণ আর-একদিকে সমাজকল্যাণবোধ। রামেন্দ্রসুন্দরের বিভিন্ন রচনায় সমাজের অহুশাসন মেনে চলবার নির্দেশ আছে। এতে মনে হ'তে পারে আধুনিক চিন্তানায়ক হিসাবে তাঁর কৃতিত্ব বুদ্ধি ব্যাহত হ'ল। কারণ সমাজ ও ব্যক্তি এ-দুয়ের স্থান নিয়েই আধুনিক চিন্তাধারার আগ্রহ এবং এ-বিষয়ে ব্যক্তিত্বকে নিরঙ্কুশ ক'রে তুলবার দিকেই আধুনিক মননের ঝোঁক। রামেন্দ্রসুন্দর বিজ্ঞানসাধক জ্ঞানতপস্বী হয়েও সমাজ-নিয়ন্ত্রিত ব্যক্তিত্ববিকাশের প্রয়োজনীয়তার কথাই ব'লে গিয়েছেন। এ-দিক দিয়েও তিনি বন্ধিময়ুগের উত্তরাধিকার বহন করেছেন।

রামেন্দ্রসুন্দরের যুগ বলতে বোঝায় সেই যুগ যখন ইংরেজরাজত্ব সশব্দে আতিশয্য-পূর্ণ মোহ ক্রমেই ক'মে এসেছে। এককালে ইংরেজকেই ধ'রে নেওয়া হয়েছিল আমাদের সভ্যতার একমাত্র আদর্শ, ইংরেজকে অবলম্বন ক'রেই আমাদের পূর্বগৌরব ফিরিয়ে নিয়ে আসতে হবে। এই আকাজক্ষার মূলে ছিল জাতীয় হীনমগ্নতা। বন্ধিম ও বিবেকানন্দ এসে সেই হীনমগ্নতা ঘুচিয়ে দিয়ে প্রবল জাতীয়তাবোধে প্রবুদ্ধ ক'রে তুললেন। ইংরেজ রাজত্ব সশব্দে যখন মোহভঙ্গ হ'তে আরম্ভ করেছে, তখনই রামেন্দ্রসুন্দরের আবির্ভাব, ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে। ইংরেজি শিক্ষা আমাদের মধ্যে যেটুকু শুভ ঘটাবার তা ঘটিয়েছিল— আমাদের মধ্যে ব্যক্তিত্বের জাগরণ ঘটিয়েছিল আর উৎসুক ক'রে তুলেছিল বৃহৎ বিশ্বব্যাপারে। এই বিশ্ববোধ এল আমাদের কাছে একটা বৃহৎ সমাজের রূপ ধ'রে। আমাদের সমাজের পূর্বতন ধারণা ভেঙে নতুন ধারণা গ'ড়ে উঠল। আমাদের শিক্ষা এখন হবে এই বিশ্বসমাজের যোগ্য হয়ে উঠবারই শিক্ষা।

অবশ্য রামেন্দ্রসুন্দরের সময় পর্বন্ত বিশ্বসমাজ জাতীয় সমাজের সীমা ছাড়িয়ে যায় নি। রামেন্দ্রসুন্দর, রবীন্দ্রনাথ ও সেকালের অগ্রাগ্রহ ভাবুকেরা জাতীয় গৌরব-চিন্তায় এবং

জাতীয় সমাজগঠনে মিলিত হয়েছিলেন। রবীন্দ্রনাথ-সম্পাদিত নবপর্ষায় ‘বঙ্গদর্শন’ পত্রিকাখানি নবযুগচিন্তার প্রকাশবাহন হয়ে উঠেছিল। দেশের এবং জাতির বিক্ষিপ্ত চিন্তা ও আকাজক্ষাকে রামেন্দ্রসুন্দর এই সময়ে ‘নানা কথা’র বিভিন্ন প্রবন্ধে প্রকাশ করে বলছিলেন। ‘সামাজিক ব্যাধি ও তাহার প্রতিকার’ (১৩০৬) প্রবন্ধে রামেন্দ্রসুন্দর লিখেছেন :

‘আমরা যে পথ অবলম্বন করিয়া চলিতেছিলাম, সে পথ যেন ঠিক পথ নহে, এখন কোন নূতন পথ আমাদের অবলম্বনীয়, তাহার নির্ণয়ই আমাদের সামাজিকগণের পক্ষে প্রধান কর্তব্য হইয়া পড়িয়াছে। কিন্তু পথভ্রান্ত পথিক যেমন দিশাহারা হইয়া কিংকর্তব্যবিমূঢ় হইয়া পড়ে, আকাশের ধ্রুবতারা তখন তাহার সংস্রাকুল চিত্তে বিশ্বাস স্থাপনে সমর্থ হয় না, আমরাও সেইরূপ দিশাহারা হইয়া গন্তব্য পথ নির্ণয়ে অসমর্থ ও কিংকর্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছি।’

—নানা কথা (১৩০১), পৃ ১২৪

এই শূন্যতাকে পূরণ করেছিল জাতীয় সংঘবদ্ধতা। সংঘবদ্ধতার স্বপ্ন প্রথম দেখেছিলেন বঙ্কিমচন্দ্র তাঁর আনন্দমঠে। আনন্দমঠের স্বপ্ন নানাভাবে বাস্তব রূপ নিতে লাগল বঙ্গভঙ্গ আন্দোলনের সময়ে, জাতীয় বিদ্যালয় স্থাপনে, রবীন্দ্রনাথ-পরিকল্পিত স্বদেশী সমাজে। এই সবকিছুর সঙ্গেই রামেন্দ্রসুন্দর ঐকান্তিক চিত্তে যোগ দিয়েছেন। রামেন্দ্রসুন্দর সুবিখ্যাত ‘বঙ্গলক্ষ্মীর ব্রতকথা’ রচনা করে আমাদের মধ্যে জাগাতে চাইলেন সহজ স্বাভাবিক জাতীয়তাবোধ। এই জাতীয়তা সম্পূর্ণ স্বাদেশিক রূপ নিল রামেন্দ্রসুন্দরের কল্পনায়। রামেন্দ্রসুন্দর বাঙালির ঘরে ঘরে মায়েদের মুখে মুখে পাঁচালি-ব্রতকথার মধ্যে দিয়ে দেশলক্ষ্মীর আবাহন করতে চাইলেন। এই জাতীয়তা টাউন হলের সভাসমিতিতে পুরুষের বক্তৃতায় ও কর্মক্ষেত্রে পোশাকি ব্যাপার হয়ে রইল না। আমাদের নিত্যকার গৃহকর্মে সামাজিক এবং পারিবারিক অন্তর্ভেদ ধর্মে স্বাদেশিকতা এক অপূর্ব উজ্জ্বল রূপ নিয়ে আবির্ভূত হ’ল। রামেন্দ্রসুন্দর এক নতুন সমাজ গড়তে চাইলেন—আচারবদ্ধ সংকীর্ণ দূরদর্শনহীন সমাজ নয়, গড়তে চাইলেন এমন এক সমাজ যে-সমাজ বৃহত্তর লোককল্যাণে গড়ে ওঠে বিশ্বনীতিকে আশ্রয় করে। রামেন্দ্রসুন্দর লিবারাল এডুকেশনের পক্ষপাতী ছিলেন। লিবারাল এডুকেশনের অর্থ সমস্ত বৃত্তির সামঞ্জস্যসাধন দ্বারা সর্বাঙ্গীণ ক্ষুণ্ণতিনাধন। কথাটা বঙ্কিমের প্রতিধ্বনি। কিন্তু রামেন্দ্রসুন্দর বলেছেন মারুয গড়বার এই কল্পনা ভালো হ’লেও সমাজ এবং জাতির বর্তমান উপযোগিতাও সর্বাংশে বিবেচ্য। এই অবস্থায় অর্থাৎ পরাধীনতার অবস্থায় ব্যক্তিকে সমাজাভিমুখী হ’তেই হবে। তা না হ’লে ব্যক্তিরও কল্যাণ নেই, সমাজেরও কল্যাণ নেই। রামেন্দ্রসুন্দর পরিষ্কার করেই বলেছেন :

‘বর্তমান অবস্থার অবশ্যম্ভাবী ফল ব্যক্তিত্বের অবনতি ও সমাজত্বের অথবা রাষ্ট্রত্বের অভিব্যক্তি। রাষ্ট্র কিরূপে বড় হইবে, রাষ্ট্র কিরূপে বলিষ্ঠ হইবে, রাষ্ট্রের কিরূপে গৌরব বাড়িবে, রাজনীতিবিৎ হইতে সাহিত্যসেবী পর্যন্ত সকলেরই তাহাই প্রধান চিন্তার কারণ হইয়াছে। ব্যক্তির জীবন কিসের জন্ত?— রাষ্ট্রের জন্ত, রাষ্ট্রকে বাড়াইবার জন্ত। রাষ্ট্রের জন্ত সর্বস্ব সমর্পণ করিতে ব্যক্তিকে সর্বদা প্রস্তুত থাকিতে হইবে।’


—নানা কথা, পৃ ১৬৩

আজকের মুক্তসঙ্গ ব্যক্তিস্বাতন্ত্র্যপূর্ণ চিন্তার দিনে রামেন্দ্রহৃন্দরের এই চিন্তা যদি কিঞ্চিৎ পুরোনো বলে মনে হয়, তথাপি প্রাচীন সমাজ-ধারণার থেকে আধুনিক রাষ্ট্র-ধারণার এই পদক্ষেপ তাঁর মনের যে-অগ্রগতির পরিচয় দেয় তার প্রকৃত তাৎপর্য পুরোনো হয়ে যায় নি। ব্যক্তিত্বের অভ্যুত্থান এখনো পর্যন্ত চিন্তাজগতেই সীমাবদ্ধ, ব্যবহারিক জগতে নতুন সমাজনীতির বন্ধন রচিত হচ্ছে। দেশ ও জাতির মূল্যমান আমাদের কাছে এখনো চরম ও পরম। রামেন্দ্রহৃন্দরের পরবর্তী রচনায় ‘বিচিত্র জগতে’র বিভিন্ন প্রবন্ধে নতুন ব্যক্তিত্ববাদের সংকেত ফুটে উঠেছে। রামেন্দ্রহৃন্দর সংগতভাবেই আমাদের সতর্ক করতে চেয়েছিলেন এর পরিণাম সম্বন্ধে। ব্যক্তিত্ববাদ ভালো কিন্তু সমগ্রতাবোধের পরিপন্থী যে-ব্যক্তিত্ববাদ তা কি ভালো? মাহুসকে বাঁচতে হবে, নতুন মূল্যবোধ তৈরি করতে হবে এবং তারই আশ্রয়ে এসে দাঁড়াবে বিংশ শতাব্দীর নতুন মাহুস।



১৯৪২ আন্দোলনের স্মরণে শহীদমূর্তি, পাটনা


ফটো : উদয়ন ভট্টাচার্য



উদয়পুর পিছোলা লেকের জলমহল



কুতুব মিনার



চিতোর দুর্গের বিজয়স্তম্ভ

ফটো : উদয়ন ভট্টাচার্য

স ম য়

শঙ্খ ঘোষ

তোমরা এসেছ, তাই তোমাদের বলি
এখনো সময় হয় নি,
একবার এর মুখে আরেকবার অগ্র মুখে তাকাবার
এইসব প্রহসন আমার ভালো লাগে না ।
যেখানে আমার কবর হবে, আজ সেখানে জল দিতে ভুলে গেছি,
যে-সব শামুক তোমরা রেখে গিয়েছিলে
তার মধ্যে গাঢ় কোনো শঙ্খ ছিল না ।
তোমরা এসেছ, তোমাদের বলি
এখনো সময় হয় নি,
গ্রহে গ্রহে টানা আছে সময়বিহীন স্তর জাল—
আমি চাই আরো কিছু নিজস্বতা অজ্ঞাত সময় !

বাগানে কি ধরেছিলে হাত ?

শক্তি চট্টোপাধ্যায়

যবে হাত ধরেছিলে হাতে
এ-প্রাণ ভরেছে অকস্মাতে
সকল বিশ্বয়
তখনি তো ধ্বংসের সময়
তখনি তো নির্মাণের জয় ।

‘তোমার হাতের মাঝে আছে পর্যটন—’
এ-কথা কি খুশি করে মন ?
এ-কথা কি দেশ ঘুরে আসে
স্মরণীয় বসন্তবাতাসে !

আমার হ’ল না তবু ছুটি
ছলে ওঠে মোরগের ঝুঁটি—
বেলা গেল— বুকে রক্তপাত
বাগানে কি ধরেছিলে হাত
বাগানে কি ধরেছিলে হাত ?

কে ন যে প্রবাহ থেকে দূরে আছ

অলোকরঞ্জন দাশগুপ্ত

হয়তো কিছুই ছুঁতে পারো না,
তুমি নিজে অন্তর্গত,
কিংবা যখন ছুঁতে পেরেছ
বিখ্যাত রাজাটির মতো
সমস্ত হয়ে যায় সোনা,
সোনাতে পিপাসা তুমি মেটাতে পারো না, পারো না।

একটি ফুলের কোনো পাপড়ি,
পাপড়ির অতিশায়ী ফুল,
একটি রাতের নিচে রাত্রি,
হাওয়ায় জড়িত এলোচুল ;
কারো ভাঙা স্বপ্নের কঙ্কাল
ঘরের দেয়ালে পিঠ দিয়ে ;
হলুদ গোলাপি নীল লাল
ছয় ঋতু কাকে যেন খোঁজে,
খুঁজে পায় সহজ সরোজে
খুব স্বাভাবিক পথে গিয়ে,
তুমি সে-রকম কোনো পদ্ন ফোটাতে পারো না !

তুমি এক ঝিল্লুর শর্তে
মাগর ধরতে যাও, কবে
স্টু ডিওতে গৃহীত বেকর্ডে
ছেদ টেনে সহজ বিভবে
ডুবে যাবে, শিল্পের শরতে
সত্য শেকালি দেবে অস্তিত্বের উৎসবে ?

বহু মুখ

বিষ্ণু দে

বহু মুখ, কারো বা শরীর, আর মন-ও
—মুতের, অধরা কিন্তু স্পষ্টতর, কেউ চেনা,
কেউ বা অচিন প্রায় ; খেলার সঙ্গীরা,
বালকের সখাসাধি ; যুবার বয়স্শ,
বয়স্শাও, স্মৃতিদীপ্ত, বস্তুছায়াহীন,
প্রাণের তীব্রতা পায় স্বচ্ছ চেতনায় ;
বন্ধু, সহকর্মী কেউ মর্মস্বী, চেনা
কেউ বেশি কেউ কম, কোথা কোন্
বিকালের মাঠে কিংবা গঙ্গার ছপুরে,
পাহাড়ের ভোরে কিংবা অস্বর্ষস্পশ্শ
অলিগলি কলকাতায় সকলেই চলে,

হয়তো বা ঠায় দাঁড়িয়ে ভাবনা করে,
গালে হাত রেখে বসে, আর সে-ভাবনা
আজ অন্তহীন, নদীর স্রোতের মতো
চরে চরে, কিংবা দূর শিখরের চলে
সচল অথচ স্থির ; দেখি অবিরত
চেনা মুখ, আধ-চেনা শরীর বা মন,
শরীর ও মন, সচেতন নিঃসঙ্গের ঘরে
অদৃশ্শ গলায় বলে : যাব না, যাব না ।

অথচ সে-দেশ নেই, এই কালান্তরে
কলকাতা অচেনা, অপহৃত, অপসৃত,
সে-পৃথিবী চ'লে গেছে, রয়েছে আধৃত
আমরা কয়েকজনা শুভ্র শূন্য চরে,
ছূপাশে পরাধ চেউ, রৌদ্রাক্ত আদরে ।

তর্পণ

হরপ্রসাদ মিত্র

সম্রাট নিশিচ্ছ আজ, কিংবা প্রায় অবসানমুখী ;
ঈগল-প্রতীকধারী আছে যারা লোহাতে, পেট্রোলে
সোনাতে রূপোতে আর সাঁজোয়া-গাড়িতে
সমুদ্রে, তুফানে কিংবা ছায়াচ্ছন্ন নদীর খাড়িতে—
তাঁরাও ভয়াল বটে— কিন্তু তার চেয়ে বড়ো ভয়
বিপুলা বিশ্ব্বতি— যার মদোদ্ধত সমরে বিজয়
একমাত্র অর্থ শুধু প্রচণ্ড জীবনে
অস্ত্রের ঝংকারে নেশা মরণে মারণে ।

চেয়েছে প্রতাপ যারা— ধর্মে বা অধর্মে, যাই হোক,
জীবনের মহানাটো সেইসব নায়কের শোক
অনিবার্য, অনিবার্য— তাদেরই ভস্মের স্তূপ ঠেলে
কোনো এক হেমস্তের ইচ্ছের গোলাপ হয়ে এলে ।
শীতের তুষার পেলে, গ্রীষ্মের যন্ত্রণা,
দিনে দিনে হলে মুক্তি— অনস্তের নিঃশব্দ বনঝনা !
বেজেছ সমস্ত বোধে, সর্বদেহে, মননে, আত্মায়
তুচ্ছ কালে শ্রব্য নয়— উচ্ছেই বা কতটুকু পায় ?

মৃত্যুর ছস্তর বাধা হানে অস্ত্র দৃষ্টির সূচনা
বিবাদমণ্ডিত প্রশ্ন— ‘তুমি কোন্ বিধির রচনা ?’
দেশ, কাল, পিতামাতা— অন্ধকার নেপথ্যে ঈশ্বর ;
ভবিতব্য যা ঘটায় সবই তার সমান নশ্বর ?
তুমি কি গোলাপ শুধু ? গোলাপ কি নিশ্চিত প্রতীক ?
শতকোটি যন্ত্রণায় অকম্পিত ইচ্ছে অনিমিত্ত ?
সহজ নিসর্গসিদ্ধি চাপাতে, পদ্মেতে, বেলফুলে ;
গোলাপও স্ত্রবোধ্য তেমনি । তুমি কিন্তু সমস্তা যেমন

আমার সংকোচ ঠেলে এখনো সূর্যের আলো আসে ।
আমার কুপণ সত্তা রাজার গৌরব ভালোবাসে ।

সম্রাট নিশ্চিহ্ন তবু— জনতাও অত্যন্ত সহজ ।
তোমার দুর্বোধ্য প্রাণে প্রাণ দেওয়া আমারই গরজ ।^১

^১ জওহরলাল নেহরুর মৃত্যু উপলক্ষে রচিত । কলকাতা বেতারকেন্দ্র থেকে সম্প্রচারিত ।

তুর্গেনেভের কাছে

অতীশ দাশগুপ্ত

খুব করুণ স্বরে পিয়ানো বাজছিল—
বাজনা থামিয়ে
আঠেয়ে শতকের সন্ধ্যার আবছায়ায়
কোনো এক শাদা থামওয়াল
আশ্চর্য বাগানবাড়ি
কান পেতে কী যেন শুনল ;
অলক্ষণ পরেই
টগ্‌বগ্‌ টগ্‌বগ্‌ টগ্‌বগ্‌ টগ্‌বগ্‌
ঘোড়া ছুটিয়ে
ফটকের সামনে লাফিয়ে নামল
কালো পোশাকে সজ্জিত
এক যুবক ;
কোণের এক বাতায়নে ঝাড়লগ্‌ঠনে
তৎক্ষণাৎ আলো উঠল
বালমলিয়ে—

আর এই একটুকরো
থমথমে স্বপ্নের জগ্‌থে
আমিও ঝগী রইলাম
তুর্গেনেভের কাছে ।

কা রা গা রে হ ত্যা কা ঙ

নীরদরজন দাশগুপ্ত

সে আজ অনেকদিন আগের কথা। ভারতে ইংরেজ-রাজত্ব তখন। ইংরেজ-সরকার খড়্গাপুরের নিকটস্থ হিজলিতে একটি বন্দীশালা তৈরি করেছিলেন; যে-সব বিপ্লবী যুবকদের আইনের প্যাচে বেঁধে কোর্টে নিয়ে গিয়ে বিচারের সামনে দাঁড় করানো সম্ভব হ'ত না— অর্থাৎ যাদের বিরুদ্ধে আইনসংগত প্রমাণ বিশেষ কিছু পাওয়া যেত না— অথচ সরকারের পুলিশের মতে তারা বিপ্লবীদের দলে— তাদের বিনা বিচারে ধ'রে রাখবার জ্ঞ। আমি এই বন্দীশালাটি দেখেছি— চারদিকে ঘন কাঁটাতারের বেড়া দিয়ে ঘেরা বহু সশস্ত্র গ্রহরী পরিবেষ্টিত অবস্থায় রাখা হ'ত এইসব বিপ্লবীদের। ভারতের স্বাধীনতা-সংগ্রামে এইসব বিপ্লবী যুবকদের দান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতে হয়। স্বাধীনতা-সংগ্রামে তারা কাঁপিয়ে পড়েছিল, প্রাণের মায়ী তুচ্ছ ক'রে, একটা মহান আদর্শের অহুপ্রেরণায়।

কোনো-এক ১৬ই সেপ্টেম্বর রাতে, সাড়ে-নটার সময় এই বন্দীশালায় এক বীভৎস ঘটনা ঘটে। সশস্ত্র গ্রহরীরা হঠাৎ খেপে উঠে নিরস্ত্র বন্দী যুবকদের ওপর অমানুষিকভাবে গুলি চালায়। ফলে ছুটি তরুণ দেয় প্রাণ এবং বেশির ভাগ বন্দী যুবকই হয় আহত। ব্যাপারটা যে কতদূর নৃশংস হয়েছিল তার একটা উদাহরণ দিই।

বন্দী তারকেশ্বর সেন ছিলেন অসুস্থ। কাজেই অল্প অল্প বন্দীদের তুলনায় তিনি ছিলেন একেবারে উপায়হীন। বন্দীশালার দ্বিতলের বারান্দায় তিনি বিশ্রাম করছিলেন। এমন সময় হঠাৎ অকারণ গুলির আঘাতে এই রুগ্ন যুবকটি হলেন ধরাশায়ী। তখন তাঁরই দু-একজন বন্দী বন্ধু প্রাণের মায়ী তুচ্ছ ক'রে গুলির মুখে এগিয়ে গিয়ে তাঁকে নিয়ে এলেন ঘরের মধ্যে— শুশ্রূষার জ্ঞ। কিন্তু তাতেও পরিত্রাণ হ'ল না। বন্দুকধারী সিপাহিরা ঘরের মধ্যে পর্বস্ত এসে হাজির। তখন আহত তারকেশ্বর তাঁরই কোনো এক বন্ধুর কোলে মাথা রেখে অর্ধমৃত অবস্থায় শুয়ে। এবং এই অজ্ঞান আহত যুবকটির ওপর সেই অবস্থাতেও আবার নির্মম লাঠির আঘাত পড়েছিল। ফলে যেটুকু প্রাণ তাঁর শরীরে অবশিষ্ট ছিলও-বা, তার কোনো চিহ্নই আর রইল না।

এই বন্দীশালায় প্রধান অধিনায়ক ছিলেন, যতদূর মনে পড়ে, একজন মিলিটারি

অফিসার— নাম বেকার। তিনি এই ঘটনার পরে গভর্নমেন্টের কাছে এক রিপোর্ট দাখিল করেন। তাতে তিনি বন্দীদের উপরই দোষ চাপিয়ে এই কথা বলেন যে, বন্দীরাই এই সিপাহীদের অযথা উত্তেজিত করেছিল। কিন্তু এই ব্যাপার নিয়ে দেশের জনগণের মধ্যে অসম্ভব চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং ফলে ইংরেজ-সরকার একটা তদন্ত-কমিটি গঠন করেন এই ব্যাপারের যথাযথ সত্য নির্ধারণ করার জন্ত। এই তদন্ত-কমিটির সভাপতি ছিলেন হাইকোর্টের পরলোকগত জজ শ্রীসত্যেন্দ্র মল্লিক।

বন্দীদের পক্ষ সমর্থন করার জন্ত আমাকে মনোনীত করা হয়। আমাকে মনোনীত করেছিলেন স্বয়ং নেতাজী সুভাষ। এই ব্যাপার নিয়ে জনগণের মধ্যে যে-আন্দোলনের সৃষ্টি হয়েছিল, তিনি স্বয়ং সেই আন্দোলনের নেতৃত্বের ভার নিয়েছিলেন। কীভাবে কেন যে নেতাজীর বিশেষ দৃষ্টি আমার ওপর পড়েছিল, সে-কথা এখন থাক।

যাই হোক, ঘটনা যে ঘটেছিল সে-বিষয়ে কোনো সন্দেহ নেই। কীভাবে ঘটনা ঘটল, এবং বিশেষ ক'রে, কেন ঘটল— এইটেই ছিল তদন্ত কমিটির অহুমত্বানের বিষয়।

সরকার পক্ষ থেকে দেখাবার চেষ্টা হ'ল যে, বন্দীরা এইসব সিপাহীদের সঙ্গে সাধারণত অত্যন্ত দুর্ব্যবহার করত এবং ঘটনার আগের দিন এবং ঘটনার দিন তাদের দুর্ব্যবহারে সিপাহিরা এমনই উত্তেজিত হয়ে উঠেছিল যে তাদের ধৈর্যের বাঁধন ভেঙে গেল — তাই এই দুর্ঘটনা।

বন্দীদের পক্ষের কথা হ'ল— না, দুর্ব্যবহার বন্দীরা মোটেই করে নি। ঘটনা ঘটেছে, কারণ বন্দীদের বিরুদ্ধে সিপাহীদের উত্তেজিত ক'রে উশকে দিয়েছিল বেকার এবং বিশেষ ক'রে তারই সহকারী শ্বেতাঙ্গ কর্মচারী মার্শাল। মার্শাল ছিলেন একজন পুলিশের ইন্সপেক্টার।

ঘটনার দিন এমন কিছুই ঘটেছে ব'লে প্রমাণ পাওয়া গেল না যাতে সিপাহিরা হঠাৎ ও-রকম উত্তেজিত হয়ে উঠতে পারে। এদিক দিয়ে বিশেষ ক'রে বিবেচনার বিষয়— 'ফালতু'দের শাস্তি। জেলের কতকগুলি সাধারণ কয়েদিকে রাখা হয়েছিল বন্দী যুবকদের চাকর হিসাবে, তাদের কাজকর্ম করবার জন্ত। এদেরই চলতি ভাষায় হিজলিতে 'ফালতু' বলা হ'ত। এরা কোনো বিশেষ পক্ষের লোক নয় এবং একদিক দিয়ে দেখতে গেলে যদিও বন্দী যুবকদের কাজের জন্তই এদের হিজলিতে রাখা, তবুও সিপাহিরাই ছিল এদের মনিব। তাদের হুকুম অমান্য করার সাহস বা স্পর্ধা এদের ছিল না।

এই 'ফালতু'রা যখন শাস্তি দিতে এল, একজন নয়, পর পর তিন-চারজন, তখন তারা সকলেই বন্দী যুবকদের কথারই স্পষ্ট সমর্থন ক'রে গেল— সিপাহীদের উত্তেজিত

করার মতন কোনো ঘটনা সেদিন রাত্রে ঘটে নি। সিপাহিরা উত্তেজিত হ'তে পারে এমন কিছুই বন্দীরা করেন নি। এটা অতি সহজেই ধ'রে নেয়া যেতে পারে যে, যদি কারাগারের মধ্যে সেরূপ কিছু ঘটত তা হ'লে তা ফালতুদের অগোচর থাকত না। এবং এইসব ফালতুদের অবিশ্বাস করার কিছু কারণও ছিল না।

অবশ্য একটা ঘটনা প্রমাণে পাওয়া গেল যে, যে-দিন রাত্রে এই ব্যাপার হয়, তার আগের দিন অপরাহ্নে সিপাহিদের সঙ্গে জনকয়েক বন্দীদের একটা গোলমাল হয় কারাগারের সদর ফটকের কাছে। এই গোলমালের বিবরণ সিপাহি এবং বন্দীদের মুখে কমিটির সামনে বিভিন্ন রূপ ধারণ করেছিল। সিপাহিদের কথা অল্পসারে ফটক-রক্ষীর সঙ্গে জনকয়েক বন্দীর বচসা হওয়ার দরুন বন্দীরা তাকে মেরেছিল। বন্দীরা অবশ্য এ-কথা অস্বীকার করেন এবং কমিটির সামনে বন্দীদের কথা অল্পসারে, অপমানিত হয়েছিলেন তাঁরাই— ফটক-রক্ষী নয়। মোটের উপর, যাই ঘটে থাকুক, সেটা এমন কিছু নয়, যার জন্ম পরের দিন রাত্রে সিপাহিরা হঠাৎ ভিতরে গিয়ে নিরস্ত্র বন্দীদের উপর গুলি চালিয়ে এমন অমানুষিক কাণ্ড ঘটাতে পারে।

তদন্ত-কমিটির রিপোর্টে কী ছিল সব ঠিক মনে নেই। যাই হোক, সমস্ত অবস্থা চারদিক থেকে বিবেচনা ক'রে আমার নিজস্ব একটা সিদ্ধান্ত খাড়া করি এবং নেতাজী স্মরণে ও আমার সিদ্ধান্তের সঙ্গে একমত হয়েছিলেন। যতদিন হিজলিতে এই তদন্ত চলছিল নেতাজী স্মরণে বরাবরই ছিলেন উপস্থিত। তদন্ত-কমিটির সামনে রোজই তিনি গোড়া থেকে শেষ পর্যন্ত আমার পাশেই থাকতেন ব'সে। এবং হিজলিতেই একটি বাংলা ভাড়া ক'রে নেতাজী স্মরণে ও আমি একসঙ্গেই থাকতাম। কাজের পর রোজই সন্ধ্যাবেলা তাঁর সঙ্গে ব'সে অনেক বিষয়ে নানান আলোচনা হ'ত। সে-দিনগুলি আমার জীবনের সোনার খাঁচায় আজও ধরা প'ড়ে আছে।

আমার সিদ্ধান্তটি হচ্ছে— মোটের উপর বন্দীদের কথাই ঠিক। এই নুশংস ব্যাপারের পিছনে ছিলেন সাক্ষাৎভাবে মার্শাল, হয়তো-বা পরোক্ষভাবে বেকার। তদন্তে যে-কথাটা বারে বারে প্রকাশ হয়েছিল, সেটা হচ্ছে এই যে : ঘটনার পূর্বে রাগারাগি যদি কোথাও হয়ে থাকে সেটা হয়েছিল বন্দীদের সঙ্গে উপরওয়াল সাহেব হুজনার। বেকার সাহেব অবশ্য বন্দীদের সঙ্গে আগে খুবই মেলামেশা করতেন এবং বন্দীদের সঙ্গে তাঁর মোটামুটি সদ্ভাবই ছিল। কিন্তু আলিপুরের ডিষ্ট্রিক্ট জজ গার্লিক সাহেবকে ও আসামুল্লা ব'লে একজন পুলিশ অফিসারকে গুলি ক'রে হত্যা করা হয় সে-সময় ; এই উপলক্ষে বন্দীরা হিজলির কারাগার আলোকমালায় স্মৃষ্টিত করেছিল। এর পর থেকেই বন্দীদের প্রতি বেকারের ব্যবহারে পরিবর্তন শুরু হয়। ক্রমশ বেকারের মনোভাব বন্দীদের প্রতি এতই নির্মম হয়ে ওঠে যে ঘটনার দিন রাত্রে,

ঘটনার পরে তিনি যখন গিয়ে ডাক্তার সঙ্গে নিয়ে ফিরে আসেন, ডাক্তারকে পর্যন্ত তিনি বন্দীদের গুরুতর জখমের এবং দুজন বন্দীর মৃত্যুর খবর বলেন নি। ডাক্তার সঙ্গে নিয়ে এলেন শুধু স্টেথোস্কোপ— ডাক্তারের ধারণাই ছিল না যে তিনি গুরুতর জখমের রোগী দেখবার জন্ম যাচ্ছেন। আরো দেখা গেল, ঘটনা ঘটে রাত সাড়ে-নটায় অথচ আহত বন্দীদের খড়্গপুর হাসপাতালে নিয়ে পরীক্ষা করা হয় এগারোটা পঞ্চাশ মিনিটে। মোটরে হিজলি কারাগার থেকে খড়্গপুর হাসপাতালে যেতে লাগে দশ-বারো মিনিট মাত্র। এ-সবই প্রমাণে পাওয়া গিয়েছিল।

মার্শালের ব্যাপার আরো খারাপ। তার সঙ্গে যুবকদের বহুদিন ধরে মনোমালিঙ্গ চলছিল— তদন্তে এই কথাই প্রমাণ হ'ল। এই যুবকদের প্রতি তাঁর ব্যবহার ক্রমেই এত জঘন্য হয়ে উঠেছিল এবং তার ফলে তাঁর প্রতি এইসব যুবকদের ঘৃণা হয়ে উঠেছিল এত প্রকট যে, এই ঘটনার কিছুদিন পূর্বে বেকার সাহেব কারাগারের মধ্যে মার্শালের প্রবেশ পর্যন্ত নিষেধ করতে বাধ্য হয়েছিলেন। তিনি অনেকদিন পর্যন্ত ভিতরে প্রবেশ করেন নি। কিন্তু মার্শাল সাহেবের প্রতি এই আদেশের প্রত্যাহার হ'ল যে-দিন রাতে এই ঘটনা ঘটে তার ঠিক পূর্বদিন। প্রমাণে পাওয়া গেল যে, তারপর, অর্থাৎ ১৫ই এবং ১৬ই এই দুদিনই, তিনি একাধিকবার কারাগারের মধ্যে প্রবেশ করেছিলেন।

এই তো গেল বেকার ও মার্শালের কথা। বন্দীদের সঙ্গে সিপাহীদের যে কোনো মনোমালিন্য আগে থেকেই চলছিল এমন কোনো কথা প্রমাণে পাওয়া গেল না। এমন কিছুই পাওয়া গেল না যে বন্দীদের প্রতি সিপাহীদের মনে একটা বিদ্বেষ গাড়ে উঠেছিল। কিন্তু তবুও হঠাৎ যে দাৰুণ বিদ্বেষের পরিচয় পাওয়া গেল তার মূল উৎস কোথায়, এ-সম্বন্ধে তদন্তের মস্তব্যে যতদূর মনে পড়ে, কোনো বিচারই করা হয় নি। এর উৎস যে বেকার-মার্শালের মনোভাবের মধ্যেই, এ যে সিপাহীদের মনের উপর বেকার-মার্শালের মনোভাবেরই প্রতিক্রিয়া, সে-বিষয়ে কোনো সন্দেহ থাকতে পারে না। যতদিন বন্দীদের প্রতি বেকার সাহেবের বাইরের ব্যবহার ভদ্র ছিল, ততদিন সিপাহীদের এত বড়ো স্পর্ধা হয় নি।

শুধু মনোভাবেরই প্রতিক্রিয়া নয়, আমাদের বিশ্বাস, বেকার না হ'লেও মার্শাল সাক্ষাৎ-ভাবে সিপাহীদের গুলি করার জন্ম উত্তেজিত এবং অল্পপ্রাণিত করেছিল। প্রমাণে জর্নৈক বন্দীর মুখে পাওয়া গিয়েছিল, তিনি স্বকর্ণে শুনেছিলেন যে, ঘটনার দিনই সন্ধ্যাবেলা মার্শাল সিপাহীদের উত্তেজিত করেছিলেন বন্দীদের বিরুদ্ধে এবং এ-প্রমাণ অবিশ্বাস করার কোনো কারণ ছিল ব'লে আমি জানি না। একটা কথা তখনো ভেবেছি, আজও ভাবি। বিনা বিচারে মালুমকে বন্দী ক'রে রাখা শুধু যে মনুষ্যত্বের

অবমাননা তাই নয়, সেটা অস্বাভাবিকও। অস্বাভাবিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত এইসব বন্দীশালা, তাই সহজেই সেখানে পরস্পরবিরোধী ঘাত-প্রতিঘাতের সৃষ্টি হয়। এখানে যে-সব বন্দীদের রাখা হয়েছিল তাদের অপরাধ প্রমাণসাপেক্ষ ছিল না, তাই বোধহয় তাদের প্রতি ইংরেজ মরকারের মনোভাবে ছিল বিশেষ বিদ্বেষ ও বিরাগ। এবং তারই প্রতিক্রিয়া ক্রমে ভীষণ রূপ ধরেছিল বেকার ও মার্শালের মনে। বন্দীদের মনও তুষ্ট ছিল না, কেননা তাদের অপরাধ বিচারে প্রমাণ হয় নি, অথচ তারা বন্দী। এই বিপরীত আবহাওয়ার ফলে সেখানে যে অমানুষিক উৎপাতের সৃষ্টি হবে তাতে আর আশ্চর্য কী!

নেতাজী স্মরণের চরিত্রের প্রসঙ্গে একটা কথা ব'লে এ-কাহিনী শেষ করি। অতবড়ো মহাকর্মা, অতবড়ো তেজস্বী মহাচেতা, তাঁর চরিত্রের একটা দিক ছিল একেবারে শিশুর মতো সরল। এটা আমি শুধু হিজলির ব্যাপারেই নয়, পরেও লক্ষ্য করেছি। একটা ছোটো উদাহরণ দিই।

হিজলির তদন্ত শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই আমি লক্ষ্য করেছিলাম যে, ডগলাস ব'লে একজন ইংরেজ, যিনি ছিলেন তখন মেদিনীপুরের জেলা ম্যাজিস্ট্রেট, হিজলির তদন্ত-কমিটির পাশেই একটা চেয়ারে সমস্তক্ষণ ব'সে থাকতেন। তিনি সরকার-পক্ষের লোক, বিচার-কমিটির পাশে তাঁর ও-রকম ব'সে থাকার পক্ষে কোনো যুক্তি আমি খুঁজে পাই নি এবং ব্যাপারটি অশোভন ব'লে আমার মনে হয়েছিল। তৃতীয় দিন সকালে কোর্ট বসতেই আমি উঠে দাঁড়িয়ে আপত্তি জানালাম। এই মর্মে বলেছিলাম : 'মিস্টার ডগলাসের ওখানে ও-রকম ক'রে ব'সে থাকতে আমার আপত্তি আছে।'

তদন্ত-কমিটির সভাপতি আমাকে শুধালেন, 'কেন?'

বললাম, 'প্রথমত এ-মকদ্দমায় উনি সাক্ষী দেবেন কিনা জানি না, না দিলেও উনি সরকার-পক্ষের লোক, সরকার-পক্ষের সাক্ষী-প্রমাণের ব্যবস্থা গুঁরই তত্ত্বাবধানে হয়েছে, কেন-না উনি এই জেলার ম্যাজিস্ট্রেট। সাক্ষী-প্রমাণের সময় গুঁর এখানে ব'সে থাকা কোনো দিক দিয়েই শোভন নয় এবং উচিতও নয়।'


কমিটির সভাপতি শুধালেন, 'মিস্টার ডগলাস, আপনি কি এ-ব্যাপারে সাক্ষী দেবেন?'

মিঃ ডগলাস বললেন, 'হয়তো দিতে পারি।'

কমিটির সভাপতি বললেন, 'তা হ'লে আপনার তো এখানে না থাকাই উচিত।'

মিঃ ডগলাস দ্বিতীয় কথা না ব'লে, মাটিতে পায়ের কাছে তাঁর টুপিটা ছিল, সেইটে হাতে নিয়ে মাথা নিচু ক'রে ঘর থেকে বেরিয়ে গেলেন। সমস্ত ঘরের লোকদের মধ্যে একটা চাপা হাসি খেলে গেল।

ব্যাপার এমন কিছুই নয়, আইন আদালতে হামেশা ঘটে। নেতাজী সুভাষ কিল্ক কী খুশি! একটা অতবড়ো পাকা ইংরেজকে ঘর থেকে বার ক'রে দেওয়া হয়েছে। তিনি পাশ থেকে অভিনন্দন জানিয়ে আমার হাতটা সজোরে চেপে ধরেছিলেন, মুখখানা তাঁর খুশিতে উজ্জল হয়ে উঠেছিল— আজও যেন চোখের সামনে দেখতে পাচ্ছি।



শিল্পী : শ্রী অরবিন্দ চক্রবর্তী

ভিক্ষুক

নির্মলকান্তি মজুমদার

দশাশ্বমেধ ঘাটে সূর্যোদয় দেখে ধর্মশালায় ফিরছি। করুণ কর্ণস্বর শোনা যায়— দাদাবাবু, এই অক্ষমকে কিছু দিয়ে যান।

থমকে দাঁড়াই প্রথম সিঁড়িটার ওপর। দেখতে পাই এক বৃদ্ধ ভিক্ষুককে। মাথার চুল ধবধবে শাদা, গায়ের রঙ কুচকুচে কালো। বাঁ পায়ের আধখানা নেই। তাকে সাহায্য করবার জ্ঞানই বোধহয় পাশে রয়েছে একটা মোটা লাঠি। চোখ দুটির বিশেষত্ব আছে। একটি সম্পূর্ণ জ্যোতিহীন, অপরটি অত্যুজ্জ্বল। অদ্ভুত মমতাভরা মুখ। কিছুক্ষণ অবাক হয়ে চেয়ে থাকি। তারপর একটি আনি পকেট থেকে বার করে বৃদ্ধের হাতে দিই।

—চার পয়সা দিলেন দাদাবাবু!

—কেন, পছন্দ হ'ল না? আর তো নেই কাছে।

—যা দিয়েছেন তাই যথেষ্ট। এক সঙ্গে চার পয়সা কেউ দেয় না। একটা পাই, একটা আধলা, বড়োজোর একটা পয়সা— তার বেশি আশা করি নে। বড়োলোকেরা তো গরিবের দিকে ফিরে তাকায় না। দয়াদর্ম আছে তবু বিধবাদের। তারাই কিছু কিছু ভিক্ষে দেয়। আর বেশি পাবেই বা কোথায়? কোনোরকমে কষ্টেহুটে দেব-স্থানে দিন কাটায়। তারাও অনেকে দুঃখিনী।

রাস্তায় যেতে যেতে ভিক্ষুকের কথা মনে পড়ে। কী দুর্ভাগ্য বেচারার! একটা চোখ ও আধখানা পা হারিয়েছে। কেমন যেন মায়া পড়ে ওর ওপর। পরদিন বিকেলে এদিক-সেদিক বেড়িয়ে ক্লাস্ত হয়ে দশাশ্বমেধ ঘাটে এসে হাজির হই। শুনি বৃদ্ধ হাঁকছে— বাবা, কানাকে কিছু ভিক্ষে দেন। মা, খোঁড়াকে কিছু ভিক্ষে দেন।

আমি এগিয়ে গিয়ে আগের দিনের মতো বৃদ্ধের হাতে একটি আনি দিই। বৃদ্ধ যেন অভিভূত হয়ে যায়। বলে— আজ আবার চার পয়সা কেন দাদাবাবু! এইতো সব কাল—

—তা হোক, তুমি কানা-খোঁড়া মানুষ, তোমাকে দেব না তো কাকে দেব?

বৃদ্ধের চোখে জল আসে। একটু সংযত হয়ে আমার ওপর মুগ্ধ দৃষ্টি ফেলে বলে— আপনি জমিদারের ছেলে। নইলে এমন উঁচু নজর, এমন দরাজ হাত।

—না, আমার বাবা সরকারি চাকরি করেন।

—হাকিম ?

বিস্মিত হয়ে ঘাড় নাড়ি। জিজ্ঞাসা করি— কী ক'রে বুঝলে ?

—আজ্ঞে, ব্যবহারেই মানুষ চেনা যায়। একটা কথা বলব ? মন জোগানো কথা নয়। হাকিমদের জোরেই গরিব দুঃখী আজও বেঁচে আছে, অনাচার অত্যাচার তেমন হ'তে পারে না। নইলে কোন্ দিন দেশময় পাজি বজ্জাত চোর ছাঁচোড়ের আড্ডা হ'ত, দয়া মায়া বিচার বিবেচনার ধার ধারত না কেউ।

সন্ধ্যা উত্তীর্ণ হয়। আকাশে একে-একে তারা ফুটে ওঠে। বৃদ্ধ দীপ্তিভরা চোখটি মেলে দেয় একবার নক্ষত্রমভার দিকে আর-একবার উদ্ভাসিত গঙ্গার বুকের ওপর। মুখে বেশ একটা তৃপ্তির হাসি। যার একটিমাত্র চোখ, হয়তো পৃথিবী তার কাছে আরো সুন্দর, আরো মধুময়! নীরবতা ভঙ্গ করি— বুড়ো, তোমার নাম কী ?

—বিশ্বনাথ। নামের গুণেই বাবা বিশ্বনাথের চরণে ঠাঁই মিলেছে। সে কি কম দিন, দেখতে দেখতে তিরিশ বছর কেটে গেল।

বৃদ্ধ একগাল হেসে ওঠে। অঙ্গহীনতা ও বার্ধক্য তার স্বাভাবিক সরসতা নষ্ট করতে পারে নি। আশ্চর্য! এমন ভাবুক এমন রসিক ভিক্ষুক বুঝি বারাণসীতেই সম্ভব।

কয়েকদিন বাদে আবার দশাশ্বমেধ ঘাটে বেড়াতে যাই। সকালবেলা। বিবিধ কর্ণের বিচিত্র কলরব। কেউ স্তোত্র পাঠ করছেন, কেউ ভৈরো বাগ ভাঁজছেন। কেউ সোল্লাসে চিৎকার করছেন— 'বাবা বিশ্বনাথ কী জয়', কেউ ভক্তিভরে বলছেন— 'গঙ্গা মাই কী জয়'। মনে জাগে প্রগাঢ় শ্রদ্ধা। কত প্রাচীন এই বারাণসী শহর! কত কালজয়ী এর সংস্কৃতি! কত মহাপুরুষের চরণচিহ্ন পড়েছে এই ঘাটে! বিশ্বনাথ ঠিক নিজের জায়গাটিতে ব'সে বিনীত আবেদন জানাচ্ছে— এই অন্ধ নাচারকে দয়া করুন।

যথারীতি একটি আনি হাতে নিয়ে বলি— বুড়ো, তোমার পয়সা নাও।

ভিক্ষুক সংকোচে হাত গুটিয়ে নেয়। অগত্যা তার কোলের ওপর আনিটি ফেলে দিয়ে বলি— লজ্জা কি, তোমাকে সাহায্য করলে আমারই মঙ্গল হবে।

ভিক্ষুক চোখ তুলে চায়। সে-চোখে ভাষাপারের ভাষা। মানুষের কৃতজ্ঞতা যে এত গভীর এত মর্মস্পর্শী হ'তে পারে তা কখনো এমন ক'রে বুঝি নি।

কয়েক মিনিটের বিরতি। তারপর বিশ্বনাথ আলাপের সহজ সূত্র ধরে— আপনি কি কাশীতে বেড়াতে এসেছেন ?

—হ্যাঁ।

—এখানে অনেক দেখবার জিনিশ আছে। কী কী দেখেছেন ?

—বিশেষ কিছু না। সব এসেছি, নতুন জায়গা, তেমন জানাশোনাও কেউ নেই। মাসখানেক থাকব— আস্তে আস্তে দেখব।

—সারনাথ যাবেন। খাশা জায়গা। একটু বসলে মনে শান্তি পাওয়া যায়। শীতকালে সাহেব মেমের কী ভিড়! কত দূরদেশ থেকে লোক আসে দেখতে! মালব্যাজীর কলেজ দেখবেন। বিরাট ব্যাপার।

—হিন্দু বিশ্ববিদ্যালয়ের কথা বলছ? দেখবার মতো জিনিশই বটে।

—দাদাবাবু, আপনি কলেজে পড়েন তো?

—এম. এ. পড়ি।

—তিনটে পাশ করেছেন। খুব ভালো।

—বাঃ, তুমি তো অনেক খবর রাখ। লেখাপড়া কতদূর করেছিলে?

—লেখাপড়া বেশি দূর হয় নি, তবে বয়েসও হয়েছে দেখেছিও অনেক। কেউ বই পড়ে শেখে, কেউ দেখে শেখে, কেউ ঠেকে শেখে। শেখার ইচ্ছেটাই থাকার দরকার।

কথাবার্তার ফাঁকে ফাঁকে বিশ্বনাথ অভ্যাসের বশে টেঁচিয়ে যায়— দুর্ভাগাকে দয়া করুন বাবু, ঈশ্বর স্নেহে রাখবেন।

চলতে চলতে এক ভদ্রলোক আর-একজনকে বলেন— এই ভিথিরি বুড়োটার জন্তে এদিকে হাঁটবার উপায় নেই। মাছুষ দেখবে কি চোঁচাবে।

বিশ্বনাথ ভড়কাবার পাত্র নয়। শুনবামাত্র ব'লে ওঠে— না চোঁচালে কি হয় বাবু? চূপ ক'রে থাকলে কেউ ফিরেও তাকাবে না।

—তুই বড্ড বিরক্ত করিস। অমন করলে আর কোনো দিন কিছু দেব না।

—গরিবের ওপর রাগ ক'রে কি থাকতে পারবেন? আপনিই দিয়ে যাবেন দিন কতক বাদে। তা ছাড়া ভিক্ষুকের এক দোর বন্ধ, হাজার দোর খোলা। দশাশ্বমেধ ঘাটের মতো মাছুষের মেলা আর কি কোথাও আছে?

ভদ্রলোক দুটি দৃষ্টির আড়াল হ'লে বিশ্বনাথকে জিজ্ঞাসা করি— তোমার দেশ কোথায় বুড়ো?

খেদের সঙ্গে উত্তর আসে— গরিবের আবার দেশ! যেখানে জুর্নো খেতে পায় সেখানেই তার দেশ।

—তুমি বাঙালি? বাঙলা দেশের কোন্ জেলার পূর্বপুরুষের ভিটে?

—বিশ্বনাথ আমার বাবা, অন্নপূর্ণা আমার মা, কানীধাম আমার বাড়ি, দশাশ্বমেধ ঘাট আমার বৈঠকখানা। এই পরিচয়ই যথেষ্ট— অল্প পরিচয়ে কাজ কি দাদাবাবু?

বিশ্বনাথের জবাবে অবাক লাগে। ও নিশ্চয়ই জীবনে গুরুতর আঘাত পেয়েছে।

মর্মান্তিক অভিজ্ঞতাই হয়তো ওকে দার্শনিক ক'রে তুলেছে। হয়তো তাই আসল ইতিহাস বলতে সে নারাজ। বিষয়টি নিয়ে আমি আর পিড়াপিড়ি করি নে। কিন্তু তার সম্বন্ধে কোঁতুহল ক্রমেই বেড়ে ওঠে। বিকেলের দিকে আসব বলে তখনকার মতো বিদায় নিই।

ধর্মশালায় নতুন লোক আসে। আলাপ সেরে বেরুতে দেরি হয়। আরতির শঙ্খঘণ্টা প্রায় থেমে গিয়েছে। দশাধ্বমেধ ঘাটে তেমন ভিড় নেই। বিশ্বনাথ মশগুল হয়ে গল্প করছে একজনের সঙ্গে। আমাকে দেখিয়ে বলে— সনাতন ভাই, ইনিই আমার দাদাবাবু। এঁর কথাই তোমাকে এতক্ষণ বলছিলাম। সদ্বংশের সন্তান, হাকিমের ছেলে, এমন দয়ামায়ার শরীর আর বুকি হয় না।

সনাতন দাসের পরিচয় শুনি। শ্রীখণ্ডের বৈষ্ণব, অনেকদিন এখানে আছে। ব্যবহারে সহজেই আকৃষ্ট হ'তে হয়। কথাপ্রসঙ্গে বিশ্বনাথ বলে— দাদাবাবু গান শুনবেন? সনাতন ভাই ভারি স্নন্দর গান করে। কী মিষ্টি গলা!

বিশ্বনাথের অনুরোধে সনাতন গাইলে—‘এই বিশ্বনাথে যেখানে যা মাজে তাই দিয়ে তুমি মাজায়ে রেখেছ।’ অনেক কালের পুরোনো গান, ছেলেবেলায় শুনে-ছিলাম। কিন্তু গলার গুণে সত্যিই মোহিত হই। তাকিয়ে দেখি বেশ কয়েকজন দাঁড়িয়ে গিয়েছে গান শুনে। বিশ্বনাথ বলে— ভগবানের নাম তো হ'ল, এইবার মা গঙ্গার নাম কর।

সনাতন গাইলে—‘পতিতোদ্ধারিণী গঙ্গে’। উপযুক্ত পরিবেশে অপূর্ব ভাবে ভ'রে ওঠে প্রাণ। শেষ ছত্র শুনে বিশ্বনাথের চোখ ছলছল করে। ধরা গলায় শোনা যায় অন্তরের কথা— আহা, আমার মরণ যেন এমনি ক'রেই হয়।

সনাতনের গান একবার শুনলে আবার শুনতে ইচ্ছা করে। উচ্চ প্রশংসা না ক'রে পারি নে। আর একদিন শোনবার আগ্রহ জানাই। বিশ্বনাথের কাছে এসে বসবার আকর্ষণ বাড়ে। এমন মুক্ত মথুর আসর সহজে মেলে না।

কয়েকদিন পরে। মানমন্দির দেখে বাদরদের কথা ভাবতে ভাবতে দশাধ্বমেধ ঘাটে পৌঁছাই। বেলা আন্দাজ ন-টা। বিশ্বনাথের কাছে ব'সে আছে একটি নতুন লোক। কপালে তিলক, গায়ে নামাবলি। বিশ্বনাথ সানন্দে চিৎকার ক'রে ওঠে— দাদাবাবু, এসে পড়েছেন ভালোই হয়েছে। আপনার পথ চেয়ে ছিলাম। ভটচাঁজ মশাইকে একবার হাতটা দেখান। শ্রীহট্টের ব্রাহ্মণ পণ্ডিত, কাশীতে শিক্ষা, পাকা গনৎকার।

ভটচাঁজ মশাই ঠিক ঠিক বলেন আমার বাল্যজীবনের প্রধান প্রধান ঘটনাগুলো। উত্তরজীবনের সাফল্য আর প্রতিষ্ঠারও ইঙ্গিত দেন। শুনে বিশ্বনাথ খুব স্মীত।

বলে— এমন মানুষের ভালো হবে না তো হবে কার! ভটচাঁজ মশাই আমার মনের কথাই খুলে বলেছেন।

ভটচাঁজ মশাই কাজের লোক। তিনি তাড়াতাড়ি চ'লে যান। তাঁর বিজ্ঞার ওপর আমার শ্রদ্ধা হয়। আরো শ্রদ্ধা হয় বিশ্বনাথের ওপর। বিচিত্র মানুষ। ভিক্ষুক হ'লে কী হবে, কত গুণীর সঙ্গে পরিচয়, কত মার্জিত রুচি! কেমন সুন্দর সংস্থান গ'ড়ে তুলেছে শিক্ষাপাত্রের পাশে। ওর জীবনের রহস্য ভেদ করবার ইচ্ছাটা ক্রমেই প্রবল হয়ে ওঠে। অল্পযোগের স্বরে বলি— বিশ্বনাথ, আমি তোমার সব অল্পরোধ রেখেছি অথচ তুমি কিছুতেই নিজের পরিচয় দাও নি। নিজেকেই গোপন ক'রে রেখেছ আজো। আমাকে গান শোনাও, আমার ভূত ভবিষ্যৎ নিয়ে মাথা ঘামাও, আমার সঙ্গে গল্প ক'রে কত আনন্দ দাও। তোমার ইতিহাস জানবার জন্য আমার আগ্রহ হবে না কেন? এই লুকোচুরিটা কিন্তু ভারি অস্বাভাবিক।

—রাগ করবেন না দাদাবাবু। আপনাকে অন্ধকারে রাখার কোনো যুক্তি নেই। তবে কি জানেন, আপনি ছেলেমানুষ। আপনার নরম মন, মানুষের কষ্টদুঃখ সহ্যেতে পারেন না। তাই আপনাকে বলি নি। অধর্মের দুঃখের কাহিনী শুনলে ব্যথা পাবেন। একান্তই যদি শুনতে চান, কাল আস্থান এখানে সন্ধ্যার পর। কোজাগরী পূর্ণিমা। শীতের আমেজ মাত্র পাওয়া যাচ্ছে— ঠাণ্ডা পড়ে নি। বড়ো ভালো লাগে। সারা রাত আমি ঘাটেই শুয়ে থাকব। এ আমার পুরোনো অভ্যাস। আপনার আস্তানা তো কাছেই; রাত দশটা এগারোটা পর্যন্ত অনায়াসেই থাকতে পারবেন।

পুণ্যময় ঘাট। আনন্দমুখর আবহাওয়া। আকাশে পূর্ণচন্দ্রের সমারোহ। পরপারে রামনগরের রাজপ্রাসাদ আলোয় রহস্যময়। মাছের বিছিয়ে বিশ্বনাথ। একপাশে একটা বালিশ ও একখানি কাঁথা। আমার জন্য যেন প্রস্তুত হয়ে আছে। আমাকে সাদর অভ্যর্থনা জানিয়ে ধীরে ধীরে কাহিনী শুরু করে :

আমাদের বাস ছিল বর্ধমান জেলায়। গাঁয়ের নাম বাজিতপুর। মা চোখ বোঁজেন আঁতুড়ে। বাবা বাজিতপুরের জমিদারবাবুদের পেয়াদা ছিলেন। দিনরাত টো টো ক'রে ঘুরতেন। কী ক'রে কী হবে ভেবেই অস্থির। শেষে ভগবান কেমন ব্যবস্থা ক'রে দিলেন শুনলে অবাক হবেন। আমাদের পাড়ায় এক কৈবর্তের মেয়ে ছিল। নাম পদ্ম। জন্ম-দুঃখিনী। একে বাঁজা, তার ওপর স্বামী খুন হয়েছিল ডাকাতির হাতে। আধপাংগলি ঘানঘনে মেয়েটাকে সবাই এড়িয়ে চলত। মানুষ পেল সে ছাড়তে চাইত না, বিনিয়ে বিনিয়ে দুঃখের কথা বলত আর চোখের জল ফেলত। হঠাৎ একদিন বলা নেই কওয়া নেই পদ্ম এসে আমাকে কোলে তুলে

নিলে আর বাবার গৃহস্থালি দেখতে লাগল। যাকে বলে উড়ে এসে জুড়ে বস। কাণ্ড দেখে গাঁ শুদ্ধ লোক হতভম্ব। কিন্তু এর ফল হ'ল ভালো। আস্তে আস্তে সে শোক ভুলে গেল, তার পাগলামিও গেল সেরে। এই পদ্মর হাতেই আমি মালুঘ। আমার 'বিশ্বনাথ' নাম তারই দেওয়া। তার সেই যত্নের তুলনা হয় না। আমি বরাবরই তাকে মা ব'লে জানতাম। সে মারা যাবার অনেক পরে শুনেছিলাম আসল সম্পর্কটা। আমার বারো বছর বয়সের সময় সাপের কামড়ে পদ্ম মারা গেল। ছুনিয়ার রহস্য বোঝা ভার। স্বামীর মরণ ডাকাতের হাতে আর স্ত্রীর মরণ সর্পাঘাতে। পূর্বজন্মের কোন্ সাপের ফল কে জানে!

বাবা মারা গেলেন। আমার বয়েস আঠারো-উনিশ। বংশে লেখাপড়ার চল ছিল না। পাঠশালায় যতটা সম্ভব তা হয়েছিল। সেই সম্বল নিয়ে জমিদারবাবুদের সামনে গিয়ে দাঁড়িলাম। বড়োবাবু কলকাতার বাসায় নিয়ে গেলেন আমাকে। তাঁর তামাক সাজতাম আর ফাইফরমাশ খাটতাম। বছর না ঘুরতেই বড়োবাবুর মাথার ব্যারাম দেখা দিলে। গিল্মিমা ভবানীপুরের পাট তুলে দিয়ে পশ্চিমে চ'লে গেলেন। চন্দ্রবাবুর বাড়িতে আমার কাজ ক'রে দিলেন সরকারমশাই। চন্দ্রবাবু জমিদারবাবুদের স্টেটের উকিল। দেবতুল্য মালুঘ, চেহারা যেমন ব্যবহার তেমনি। নামজাদা উকিল কিন্তু অহংকারের লেশমাত্র নেই। দু-বছরের মেয়ে রানীকে দেখাশোনার ভার পড়ল আমার ওপর। বড়ো ছেলে তারাকুমার। তারপর তিনটি সন্তান একে একে মারা যায়। শেষকালে এই মেয়ে। স্তখেই দিন যায়। দেখতে দেখতে রানী দশ বছরে পা দেয়। এমন সময় তারাকুমারের বিয়ে হ'ল এক ব্যারিস্টারের মেয়ের সঙ্গে। কেন জানি নে গোড়া থেকেই বউমা আমাকে বিষদৃষ্টিতে দেখতে লাগলেন। প্রায়ই বলতেন— এই পাড়ার্গেয়ে ভূতটাকে রেখেছেন কেন? তাড়িয়ে দিন। বাবু সে-কথায় কান দিতেন না। রানীকে এতবড়োটা ক'রে তুলেছি, সে আমাকে 'কাকা' বলে, আমাকে বিনাদোষে ছাড়াবেন কেমন ক'রে? একদিন বউমার সোনার আংটি হারিয়ে গেল। অমনি তিনি বাবুকে বললেন, 'এ বিশেষ ব্যাটারই কাজ, ওকে এক মুহূর্তও আর এ-বাড়িতে রাখবেন না।' বাবু আমাকে নিরিবিলিতে ডেকে কুড়িটি টাকা হাতে দিয়ে বললেন, 'বিশু, আমি জানি ভূমি নিরপরাধ। কিন্তু বউমার সন্দেহ যে একমাত্র তোমার ওপর। তোমাকে নিয়ে থানা পুলিশ হবে এ আমি চাই নে। তোমার মানে মানে চ'লে যাওয়াই ভালো। কাজের অভাব কী, একটা না একটা জুটে যাবে। আমাকে ভুল বুঝো না। যখন দরকার পড়বে আলিপুর কাছারিতে দেখা ক'রো। রানীর বিয়েতে তোমাকে আসতেই হবে।' মনে ভয়ও হ'ল দুঃখও হ'ল। বাবুকে প্রণাম ক'রে পুঁটলি নিয়ে বেরিয়ে

পড়লাম। কয়েকদিন এ-হোটেলে ও-হোটেলে খেয়ে কাজের সম্বন্ধে ঘুরি। ভালো লাগে না। ঠিক করি গাঁয়েই ফিরে যাব। কথায় বলে, 'ঘরমুখো বাঙালি, রণমুখো সিপাহী।' ঘরে ফেরা হ'ল না। একদিন এক ভদ্রলোকের সঙ্গে পরিচয় হয়ে গেল। নাম রসময় সাহা। কাশীতে বড়ো কাপড়ের দোকান। কাজে এসেছেন কলকাতায়। আমাকে তাঁর পছন্দ হ'ল। সঙ্গে নিয়ে গেলেন।

রসময়বাবুর দোকানে বেশ ভালো ছিলাম। কিন্তু কপালে বেশিদিন স্থখ মইল না। মই থেকে বস্ত্রশুদ্ধ প'ড়ে গিয়ে বাঁ পা একদম ভেঙে গেল আর পেরেকে খোঁচা লেগে ডান চোখ নষ্ট হয়ে গেল। অনেকদিন হাসপাতালে রইলাম। শেষে বাঁ পায়ের আধখানা ফেলে রেখে আর নকল ডান চোখ নিয়ে বেরিয়ে এলাম। মা-বাবু যথেষ্ট টাকা খরচ করেছিলেন আমাকে বাঁচাবার জন্তে। তাঁর দেনা তো এ-জীবনে শোধ করতে পারব না। তিনি চিঠি দিয়ে পাঠিয়ে দিলেন আমাকে বাঙালিটোলায় দয়ালবাবুর কাছে। দয়ালবাবু রাজশাহি অঞ্চলের জমিদার। ছেলেপিলে নেই। কর্তাগিন্মিতে কাশীবাস করছেন বহুকাল। সার্থক নাম বটে বাবুর। আমাকে আশ্রয় দিলেন। খাওয়া-পরার ষোল আনা ভার বইলেন ছ-মাস ধ'রে। তারপর শরীরে বল পেয়ে ভিক্ষে করতে শুরু করলাম এই জায়গায় ব'সে। গলিপথে বেশি দূর নয় দয়ালবাবুর বাড়ি। তাঁর নিচুতলার একখানা ছোটো ঘরে থাকি, নিজেই রান্নাবান্না ক'রে খাই— কোনোদিন একবেলা কোনোদিন দুবেলা যেদিন যেমন জোটে। প্রথমদিকে বাবু খুব রাগ করতেন, মা ঠাণ্ডাভাবে বারণ করতেন। তাঁরা নিয়তই বলতেন আমার অত কষ্ট করার দরকার নেই। আমার মতো অসমর্থকে খেতে পরতে দিলে তাঁরা গরিব হয়ে যাবেন না। আমাকে অনিচ্ছুক ও গররাজি দেখে ক্রমে চূপ ক'রে গেলেন। পরে বলতেন, বাইরে বাইরে থেকে নিজের কাজ নিজে ক'রে যদি জীবনের দুঃখ ভুলে থাকতে পারো তো সেই ভালো। খেতে-পরতে পাওয়াই মাহুঘের চরম পাওয়া নয়।

বিশ্বনাথকে বেশ শান্ত দেখায়। আমিও অত্যন্ত অস্বস্তি বোধ করি। রাত্রির দোহাই দিয়ে একটু বিনদূশ ভাবে পালিয়ে আসি তার কাছ থেকে। কিছু না খেয়েই শুয়ে পড়ি। চোখে ঘুম নেই। একদিকে নাটকীয় বিশ্বয়, অগ্নিদিকে অভাবনীয় অন্তরঙ্গানি। বিশ্বনাথের ব্যথাহত জীবনের জন্ত নিজেকে আংশিক দায়ী ব'লে মনে হয়।

কাশীতে আর থাকতে পারি নি। দিন দুই পরেই চ'লে আসি। অনেক ইতস্তত ক'রে বিশ্বনাথের কাছে বিদায় নিতে গিয়েছিলাম। বড়ো আমার হাত চেপে ধ'রে

অঝোরে কাঁদতে লাগল। বললে— দাদাবাবু, আপনার জন্তে আমার মন কেমন করবে। আপনি আর-জন্মে নিশ্চয়ই আমার আপনার জন ছিলেন। কত বছর হ'ল এই ঘাটে সন্ধ্য-সকাল ব'সে থাকি! কত মানুষ এয়েছে গিয়েছে! কই আমার ঘা-খাওয়া মন তো কেউ কেড়ে নিতে পারে নি এমন ক'রে!...কথা দিয়ে যান আবার এখানে বেড়াতে আসবেন। বেশি দিন না থাকলে কি এ-তীর্থের মাহাত্ম্য বোঝা যায়! যদি বেঁচে থাকি তো দেখা হবে।

কলকাতায় পড়াশুনার চাপের মধ্যেও বিশ্বনাথকে ভুলতে পারি নি। বিশ্বনাথের ভবানীপুরের মনিব খ্যাতনামা উকিল চন্দ্রবাবু আমার দাদামশায়। বিশ্বনাথ আমার মাকেই মানুষ করেছিল। মা স্বর্গে গিয়েছেন অনেক কাল। তিনি বেঁচে থাকলে তাঁকে একই সঙ্গে বারাণসীর বিশ্বনাথ ও বাজিতপুরের বিশ্বনাথ দর্শন করিয়ে আনতাম।

ইঁদুর

স্মৃতি মিত্র

এই হলে কাজ করিয়াই মন্মথ রগের চুলগুলি পাকাইয়াছে। এই ঘর, এই লোকজন, ইহার আজ এতদিন ধরিয়া নিবিড় বৃক্ষছায়ার ছায় মন্মথর অতীত ও বর্তমান জুড়িয়া রাখিয়াছে। সেই মহাযুদ্ধের পূর্বে—যখন পরদায় মাল্লুগুণ্ডি মুখ নাড়িত, লোক হাসাইত, কিন্তু কথা কহিত না বা হাসিত না—সেই সময় হইতেই মন্মথ এখানে আছে। তখন কোথায় ছিল এই শীতাতপনিয়ন্ত্রণ, কোথায় বা ছিল এই আরামপ্রদ পুরু গদি-আঁচা চেয়ার। আগে যাহা ছিল না, সময়ের দ্রুত বহমানতাবশত, তাহার অনেক কিছুই এখন আসিয়াছে। আগে যাহা ছিল তাহাও অল্পরূপ কারণে পিচ্ছিল কলিকাতার জঠর বাহিয়া বহুদূরবর্তী অন্ধকার প্রদেশে বিলীন হইয়া গিয়াছে। এইরূপ আকারহীন ও অবয়বহীন বর্তমানের মধ্যে বাস করিয়া মন্মথর মন নামক প্রকোষ্ঠের মধ্যভাগে বহবার একপ্রকার কৌতুক এবং দুঃখের মিশ্রণজনিত অল্পভূতি দেখা দিয়াছে। এইরূপ অবস্থার মধ্যে সচরাচর তাহার একটিমাত্র চিত্র মনে পড়িত। তাহার প্রথম জীবনে এই হলের আনাচে কানাচে, চেয়ারের নিচে, দরজার কোনায়, সর্বত্র অসংখ্য ইঁদুরের নিশ্চিন্ত বসবাস ছিল। ইঁদুরগুলির নড়াচড়ার শব্দ এখনো যেন শব্দহীন অপরাহ্নে অলিন্দে হইতে অলিন্দে অবাধে ঘুরিয়া বেড়ায়। মন্মথর মনে আছে, প্রেক্ষাগৃহে কোনো কারণে করতালি পড়িলে ইঁদুরগুলি তাহাদের মৌরশি পাট্টা করা বাসস্থান হইতে বাহির হইয়া আসিয়া প্রতিবেশী মাল্লুগুণ্ডিকে সকৌতুকে নিরীক্ষণ করিত। এই সমস্ত অতীত কথা মন্মথর মনে সাক্ষ্যছায়াবৎ নীলাভ এবং ফিকা হইয়া আসিয়াছে। সেই প্রভাতবেলা আজ কোথায়, সেই মন্মথ আজ কোথায়!

তখন মন্মথ সত্ত্ববুক। পাতলা গৌফের রেখা, কামানো দাড়ি। তাহার কাজ ছিল টর্চ হাতে করিয়া দর্শকদের আসন দেখাইয়া দেওয়া। অন্ধকার কক্ষে শূণ্য আসনের উপরিভাগ মন্মথর টর্চের বিভায় বারেকের জ্বল ঝলসিয়া উঠিয়াই আবার অনতিগাঢ় অন্ধকারের মধ্যে মিলাইয়া যাইত। এই ছিল মন্মথর প্রাত্যহিক কর্তব্য। আর যাহা কিছু লইয়াই সে ব্যস্ত থাকিত তাহাকে ঠিক কর্তব্যের পর্যায়ে ফেলা চলে না—যেমন দিনের অধিকাংশ ক্ষণ হলধরের সহিত আড্ডা দেওয়া ও রাত্রে জাঁকিয়া বসিয়া মত্তপান করা। এই অতিরিক্ত কর্মদ্বয়, ইচ্ছা বর্তমান থাকিলেও, সে কখনো একত্র সমাপন করিতে পারে নাই। তাহার কারণ, মত্তপান ও মত্তপায়ী—এই দ্বিবিধ

ব্যাপারেই হলধরের কোনোরূপ উৎসাহ ও আগ্রহ পরিলক্ষিত হয় নাই। এতৎসত্ত্বেও, সহকর্মী হলধর ছিল মন্থর অন্তরঙ্গ। বয়সে সে যৌবনোত্তীর্ণ, গোলগাল চেহারা, মুখের গড়নটিও অল্পরূপ গোলগাল। ডান দিকের চক্ষুর নীচে কি একটি তিল ছিল? ভালো মনে আসে না। ভালো করিয়া কিছুই মনে আসে না। অপটু অঙ্গুলির মধ্যে যেরূপ একতাল পলিমাটি ব্যর্থ, সেইমতো হলধরের মুখমণ্ডল সূদূরবর্তী ও অস্বচ্ছ এবং চক্ষু নাসিকার উপর ও নাসিকা গুষ্ঠদ্বয়ের উপর আপতিত এবং একাকার বলিয়া ভ্রম হয়। সেই ঝাপসা এবং প্রাচীন সময়ের কোনোরূপ অস্তিত্বই আর এখন নাই— কেবল, একমাত্র স্মৃতিফলকস্বরূপ মতির পানবিড়ির দোকানটি এখনো জাগিয়া রহিয়াছে। মতি নাই, মতির বড়ো ছেলে এখন দোকানের মালিক। এই দোকানের সামনে দাঁড়াইয়া কতদিন হলধর ও সে একই বিড়ি ভাগাভাগি করিয়া টানিয়াছে, আবার তুচ্ছ কারণে পরস্পরের পিতৃ-মাতৃকুল উদ্ধার করিয়া গালিগালাজ করিয়াছে। মন্থর মনে পড়ে বহুদিন সে এইখানে দাঁড়াইয়া পরদায় দেখা মেয়েদের সম্পর্কে নানা প্রকারের স্থূল এবং অশালীন মন্তব্য প্রকাশ করিয়াছে। মতি এখনো জীবিত থাকিলে সে লজ্জাবোধ করিত। হলধরের কিন্তু এ-সব আলোচনায় বেশি যোগদান করিতে প্রবৃত্তি হইত না। মনের দিক হইতে মন্থর সহিত তাহার নৈকট্য ছিল কম। তাহাদের বন্ধুত্ব ছিল নিতান্তই আপাতিক। যে-সব মহিলারা টিকিট কাটিয়া ছবি দেখিতে আসিতেন তাহাদের দিকেও হলধর তেমন ফিরিয়া তাকাইত না। তাকাইবার উপায় বড়ো একটা ছিল না। তাহার কারণ, প্রথমত হলের অন্তর্ভাগ সবসময় অপরিদৃষ্টতায় আবৃত থাকিত এবং দ্বিতীয়ত হলধর ছিল বিবাহিত। সে কেবল মন্থর কথায় মুখ টিপিয়া হাসিত। মন্থর ব্যবহারের মধ্যে যৌবনোচিত চাঞ্চল্য থাকিলেও সমপরিমাণ সন্ত্রমবোধও ছিল। সে হলধরের সহিত কথাবার্তার মধ্যে একটি মাত্রা সর্বদা বজায় রাখিতে প্রয়াস পাইত। অসমবয়সী হলধরই ছিল মন্থর একমাত্র আত্মীয়।

কিন্তু কখনো-সখনো এমন মনোভাব মন্থর ভিতরে মাথা চাড়া দিত যাহার ফলে হলধরকে অত্যন্ত সম্পর্কহীন এবং অনাত্মীয় বলিয়া মনে হইত। মন্থর অনেক ভাবিয়া দেখিয়াছিল, হলধর যখন তাহার স্ত্রীকে বিনা পয়সায় বায়োস্কোপ দেখাইতে লইয়া আসিত তখনই এইরূপ বিভেদকারী চিন্তাগুলি সাবলীলভাবে দানা বাঁধিয়া জমিয়া উঠিত। হলধরের যুবতী স্ত্রী যতক্ষণ বসিয়া বসিয়া ছবি দেখিত, ততক্ষণ অপর প্রান্তের দ্বারে দাঁড়াইয়া মন্থর যেন একটি অদ্ভুত এবং গোপন দ্বন্দ্বযুদ্ধে পরাজিত যোদ্ধার মত ঘর্মশিক্ত ও অবসন্ন দেহে দাঁড়াইয়া দাঁড়াইয়া বিমাইত। এখনো মনে পড়ে, ঠিক সেই সময়ে শৌখিন দর্শককুলের জামাকাপড় হইতে উথিত এক অতি

সুমিষ্ট ল্যাভেণ্ডারের গন্ধ ক্রমশ নির্ভর আততায়ীর গায় অন্ধকার কক্ষের উপর চাপিয়া বসিত। এক স্তম্ভবিড় তন্দ্রাচ্ছন্নতার মধ্যে সে, হলধর, হলধরের স্ত্রী, ল্যাভেণ্ডারের গন্ধ, নক্ষত্রমণ্ডলের গায় যেন একটি অজ্ঞাত আকাশে প্রথিত রহিয়াছে।

তাহার পর কত দিনবদল হইয়া গেল। যুদ্ধ ছড়মুড় করিয়া আসিয়াছে আবার চলিয়াও গিয়াছে। পূর্বপরিচিত শিশু ও যুবকদের মুখের আদলগুলি এখন অপরাহ্নের দিগন্তরেখার মতো ধূসর ও কাঠিগৃহীত মনে হয়। কবে একদিন হলধরও এই পরিবর্তমান জগৎ হইতে নিঃশব্দে বিদায় লইয়াছে। শুধু মুক্ত প্রান্তরে একক অশ্বখের গায় মন্থ জাগিয়া রহিয়াছে। আভূমিতল শূন্যতার অন্ধকারে মন্থ এখন অতীব মনোযোগ সহকারে প্রাচীন পদশব্দগুলি শুনিবার চেষ্টা করে। কিন্তু আশ্চর্যের কথা এই যে, এখনো অভিনেত্রীর রঙ্গ দেখিয়া দর্শকদের মধ্যে করতালি উঠে, কিন্তু সেই প্রাচীন ইঁদুরগুলিকে আর দেখা যায় না। ইঁদুরগুলির অদৃশ্য হইবার কারণ মন্থ বহু ভাবিয়াও বাহির করিতে পারে নাই। এ কি তাহারই অক্ষিপটের অস্বচ্ছতার জগৎ? হইতেও পারে। মন্থের পরিবর্তনও তো বড়ো কম হয় নাই। প্রবেশপথের সম্মুখে আগামী ছবির বিজ্ঞাপন লাগানো বোর্ডের দিকে তাকাইয়া মন্থ বুঝিতে পারে তাহার বয়স বাড়িতেছে। কপালে ও গালে অজস্র ভাঁজ। মুখের দিকে তাকাইলে প্রথর ঐশ্ব্যে পিচগলা রাস্তার কথা মনে হয়। আঁকাবঁকা কররেখাগুলিকে আজকাল বড়ো অর্থহীন লাগে মন্থের।

এইরূপ মানসিক অবস্থার মধ্যে মন্থ তাহাকে প্রথম দেখিয়াছিল। শীতের অপরাহ্ন। চতুর্দিকে ধোঁয়া ও ক্ল্যাশা জমিয়াছে প্রচুর। সামান্য দূরের মাঠঘুকেও ঠাণ্ডা হয় না। আকাশের চেহারা অশীতিপর বৃদ্ধার চক্ষুদ্বয়ের গায় নিম্প্রভ এবং ঘোলাটে। এইমতো সময়ে মেয়েটিকে মন্থ প্রথম দেখিয়াছিল। তাহার পরনের নীল শাড়িটি রহস্যময়ভাবে শরীরখানিকে ঢাকিয়া রাখিয়াছে। মন্থ লক্ষ্য করিল— মেয়েটির চোখ দুটি অসম্ভব বড়ো বড়ো। মেয়েটির নাম কী? কোথায় থাকে? মন্থ পূর্বে তাহাকে কোথায় দেখিয়াছে ভাবিবার চেষ্টা করিল। এইরূপ করিবার কারণ, তাহার মনে দৃঢ় ধারণা জন্মিয়াছিল মেয়েটি তাহার পূর্বপরিচিত। এই দেহ, এই অঙ্গুলি— এ-সমস্তই কিন্তু অনাগত সময়ের মতো তাহার অপরিচিত এবং অদৃষ্টপূর্ব বলিয়া বোধ হইতেছিল। এই মুখ তো সে পূর্বে কখনো দেখে নাই। মন্থের নিজেকে অত্যন্ত বিভ্রান্ত বোধ হইতেছিল। সহসা, অন্ধকার দরজায় মেয়েটির মুখোমুখি দাঁড়াইয়া মন্থ এই বিভ্রমের কারণ বুঝিতে পারিল। মেয়েটির শাড়ি হইতে একটি অতিপরিচিত স্তবাস অত্যন্ত সন্তপর্পে এবং রহস্যজনকভাবে পারিপার্শ্বিক আবহমণ্ডলে সংক্রামিত হইতেছিল। অতিপরিচিত সেই স্তবাস কি তবে ল্যাভেণ্ডারের

গন্ধ ? হইবেও বা । এক অন্তহীন মহাযুদ্ধের শেষে ল্যাভেণ্ডারের গন্ধ ঈষৎ অচেনা লাগাই স্বাভাবিক ।

সেদিন মন্থ বহুক্ষণ বসিয়াছিল— একবারের জগুও তন্দ্রা অহুভব করে নাই । অদূরেই সেই মেয়েটি বসিয়া আছে । তাহার ঘাড়ের উপর টান করিয়া বাঁধা চুলগুলি অত্যন্ত কমনীয় এবং স্মৃতিময় বলিয়া মনে হইতেছে । মন্থর মনে হইতেছিল একবার বহুদিন আগে হলধর সস্ত্রীক দক্ষিণেশ্বরের মন্দির দর্শন করিতে গিয়াছিল । মন্থও জুটিয়াছিল তাহাদের সঙ্গে । তখনো ছিল এইরূপ শীত, অন্ধকার এবং কুয়াশা । হলধর ঘাটের সিঁড়ির শেষ ধাপে চূপচাপ দাঁড়াইয়াছিল । হলধরের স্ত্রী আসিয়া হাসিমুখে মন্থকে জিজ্ঞাসা করিল, 'কি গো, কী ভাবছ ?' সে কিন্তু ভয় পাইয়াছিল খুব । তাহার হাতের চেটোতে ষাম, নিঃশ্বাস দ্রুত । দৃশ্যজগৎ দক্ষিণেশ্বরের ঘাটের পৈঠার উপরে জরগ্রস্ত রোগীর মতো কাঁপিতেছিল । হলধরের স্ত্রীর খোঁপার উপরে কি কুয়াশা জমিয়াছিল ? মন্থর অত মনে নাই— সে দেখেও নাই ভালো করিয়া । হলধরের স্ত্রীকে সে ভয় পাইত । সে-রাত্রে মন্থ এক আশ্চর্য নির্জনতার স্বপ্ন দেখিয়াছিল । একটি বিশাল কক্ষের মধ্যে যেন সে একা । কাহার জগু অপেক্ষা করিতেছে । কক্ষটির কোনোরূপ উপরের আবরণ নাই । চতুর্দিকে থম থম করিতেছে নিস্তরতা । কেবল তাহার হৃদয়ের অন্তর্গত শোণিতপ্রবাহজনিত শব্দ বড়ো স্পষ্টভাবে শোনা যাইতেছে । অতঃপর, উজ্জল জ্যোৎস্নালোক ধীরে ধীরে পথ ভুলিয়া ঘরটির মধ্যে প্রবেশ করিল । সেই আলোকরেখায় প্রতীয়মান হইল ঐ রহস্যময় শব্দটি তাহার নিজস্ব হৃদয়ের শোণিতপ্রবাহজনিত শব্দ নহে । তাহা ধু ধু জ্যোৎস্নার ভিতর মাত্র কয়েকটি ইঁদুরের চলাফেরা করিবার শব্দ ।

মন্থ এতক্ষণ একদৃষ্টে মেয়েটির ঘাড় এবং টান করিয়া বাঁধা খোঁপাটির দিকে তাকাইয়া ছিল । মেয়েটি কিন্তু একবারের জগুও পিছন ফিরিয়া তাকায় নাই । মন্থ অগুরুপ আশা করিতেছিল । তাহার মনে হইতেছিল মেয়েটি পিছন ফিরিয়া তাকাইবে, ঈষৎ হাসির আভাসে তাহার অধরের প্রান্তভাগ টোল খাইয়া যাইবে, তাহার পর প্রশ্ন করিবে, 'কি গো, কী ভাবছ ?'

সেই পুরাতন ভয়গুলি মন্থর মনের ভিতর হয়তো আবার হানা দিবে, হয়তো দিবে না । সে-সম্পর্কে মন্থ কোনোরূপ সঠিক এবং স্থনিশ্চিত সিদ্ধান্তে উপস্থিত হইতে পারিতেছিল না । কিন্তু মেয়েটির নীলাভ শাড়ি হইতে নির্গত অসম্ভব পুরানো ল্যাভেণ্ডারের গন্ধ যেন বলিতেছিল মন্থর সহিত তাহার কথা কহাই স্বাভাবিক । মন্থর মনে হইল সম্পূর্ণ জনহীন একটি প্রদর্শনীগৃহে সে এবং এই মেয়েটি বসিয়া রহিয়াছে । কোথাও কেহ নাই, কেবল সে ও ঐ মেয়েটি । হলধরের স্ত্রীর নাম

ছিল রাখা। মেয়েটির নাম জানিবার জন্ত মন্থ হঠাৎ অত্যন্ত ব্যাকুলতা অনুভব করিতে লাগিল। সে ভাবিল মেয়েটির কাছে আসিয়া তাহার নাম জিজ্ঞাসা করে। কিন্তু সে-প্রস্তাব তাহার নিজের কাছেই অর্থহীন ও হান্তকর মনে হইতেছিল। মন্থর স্নগভীর কোঁতুহল কেবল মেয়েটির কোমল ও মসৃণ শ্রীবায় প্রতিহত হইয়া বারংবার ফিরিয়া আসিতে লাগিল।

এইমতো ক্লাস্তিকর সময় মন্থর নিকট অত্যন্ত পীড়াজনক বলিয়া বোধ হইতেছিল। পরিচিতের নিকট পরিচয় দিতে না পারার বেদনা তাহাকে জীর্ণ করিয়া ফেলিতেছিল। এমন সময়ে প্রেক্ষাগৃহে বিরতি। আলো জলিয়া উঠিল, লোকে তাড়াহুড়া করিয়া বাহির হইয়া পড়িল। মন্থ কিন্তু কোণের একটি সিটে বসিয়া আছে তো আছেই। সে লক্ষ্য করিল মেয়েটিও উঠিতেছে না। মন্থর মনে হইল সে অনড়, অচল হইয়া ঐভাবে চিরকাল বসিয়া থাকে। দর্শকদের কলরব কোলাহল তাহার শীতল নিস্পৃহতাকে কোনোভাবেই স্পর্শ করিতে পারিল না। মেয়েটিও অল্পরূপভাবে বসিয়া থাকাতে সে মনে মনে তাহাকে আন্তরিক ধন্যবাদ জানাইল। মন্থর নাসিকাদ্বয় ততক্ষণ বহুদূরবর্তী ল্যাভেণ্ডারের গন্ধবাহী বায়ুস্তরের অনুসন্ধান করিতেছিল। মন্থ বহুবার তাহার স্নায়ুতন্ত্রের উপর ল্যাভেণ্ডারের প্রভাব অনুভব করিয়া দেখিয়াছে। সে দেখিয়াছে ল্যাভেণ্ডারের গন্ধ দ্বারা একটি অতিমুছ সৌরভ-পরিমণ্ডল, স্বপ্নমধ্যে রাত্রিকালীন গন্ধরাজির স্রাব, ধীরে ধীরে জমাট বাঁধে। তাহার পর সেই পরিমণ্ডল রূপান্তরিত এবং স্তরীভূত হইয়া ক্রমশ চক্ষু ও মনকে আচ্ছন্ন করিয়া ফেলে। মন্থর মনে আছে প্রথম জীবনে রাখা তাহাকে একটি রুমালের উপর এম্ব্রয়ডারি করিয়া দিয়াছিল। রুমালের জমির রঙ ছিল ফিকে নীল, তাহার উপর স্বর্ণাভ সূতা বোনা। দেখিলে বোধ হয় নিবিড় নীলিমার ভিতর হইতে একটি সোনালি হাঁস বাহির হইয়া আসিতেছে— কান পাতিলে যেন হাঁসটির পক্ষবিধূনন শুনিতে পাওয়া যাইবে। রাখার রঙের বোধ ছিল অত্যন্ত প্রখর, মন্থ মনে মনে তাহা তারিফ করিয়া থাকে। সেই রুমালখানি এখনো তাহার মলিন স্ট্রটকেসের মধ্যে সযত্নে রক্ষিত আছে। এখন আর তাহাতে কোনো মহার্ঘ স্বেদাস পাওয়া যাইবে না। কিন্তু মাঝে মাঝে নিতান্ত অপ্রত্যাশিত ও আশ্চর্যজনকভাবে মন্থ সেই রুমালটি নাড়াইতে নাড়াইতে সময়ের গাড়িখানিকে থামাইয়া দেয়। এই কুয়াশাময় সন্ধ্যায় এবং শীতকালীন নৈঃশব্দের মধ্যে মেয়েটি কি তাহার ঐ প্রকার সময়ের গতিরোধকারী প্রবণতার হৃদিশ পাইয়াছে? তাহা হইলেই মন্থ খুশি হইত। মন্থর সহসা ঐ পরদাটি ছুঁফাঁক করিয়া ফেলিতে ইচ্ছা হইল। তাহার ইচ্ছা হইল সে মঞ্চের উপর উঠিয়া দাঁড়ায়, উপবিষ্টা মেয়েটি এবং তাহার পারিপার্শ্বিক শূন্যতাকে

সম্বোধন করিয়া বলে, ‘আমার দূরপথে চলিতে ভয় করে। শূন্যতাকে আমার ভয় করে সত্য, কিন্তু অগ্রসরমাণ মেঘদলগুলিকে আমার আরো অধিক ভয় করে। বিচ্ছিন্ন দ্বীপপুঞ্জের গ্রায় তাহাকে চিরকাল সংযোগহীন থাকিতে দাও।’ তাহার হৃদয় দিন ও রাত্রি স্মৃতি ও স্বপ্নের মধ্যবর্তী অনায়াস পথরেখায় নিয়ত আন্দোলিত হইতেছিল। কিন্তু মন্মথর এইমতো অন্তর্বর্তী এবং মর্মস্পর্শী আন্দোলন, চঞ্চলতাসমূহ মেয়েটির বসিবার রাজকীয় ভঙ্গিকে বিন্দুমাত্র বিচলিত করিতে পারিল না। তাহার পয় অপরাহ্নের পলায়মান সূর্যালোকের গ্রায় একে একে হলের সমস্ত আলোগুলি নিভিতে থাকে। ঘর আবার লোকে পরিপূর্ণ হওয়া সত্ত্বেও চতুর্দিকের অন্ধকারের দক্ষন পারিপার্শ্বিক একই রকম জনশূন্য বোধ হয়। কোনো দিকে দৃষ্টি চলে না। কেবল মেয়েটির স্ত-উচ্চ গ্রীবা নীল এবং ছাতিময় আকাশের পটভূমিকায় সমুদ্রগামী জাহাজের মাস্তুলের মতো মহিমময় বলিয়া মনে হয়। মধ্যে মধ্যে চড়া অর্কেষ্টার শব্দ শুনিতে পাওয়া যাইতেছিল। যান্ত্রিক ধ্বনির ফলে শব্দটিকে অনন্ত আত্মা ও বহমান সময়ের সংঘর্ষজাত শব্দ বলিয়া ভ্রম হয়। মন্মথর সহসা মনে হইল এই অন্ধকার প্রেক্ষাগৃহে কোনো ছিদ্রপথে প্রচুর কুয়াশা আসিয়া জমিয়াছে। কিন্তু এত কুয়াশা এখানে আসিল কোন্ উপায়ে? কুয়াশা আসিতে পারে এমন কোনো গোপন ছিদ্রপথ তো মন্মথর জানা নাই। কিন্তু বাহিরের আবহাওয়ার সঙ্গে এইরূপ প্রত্যক্ষ সংযোগ থাকিলে শীতাতপনিয়ন্ত্রণ চলিতেছে কী করিয়া? দ্বাররক্ষীরাই বা এতক্ষণ করিতেছিল কী? তাহারা কুয়াশার এইরূপ রীতিবিগর্হিত এবং অবৈধ অনুপ্রবেশ রোধ করিতে পারে নাই? এই স্তনিবিড় কুয়াশায় মন্মথ দক্ষিণেশ্বর ঘাটের গ্রায় কোনো সূদূরবর্তী ও অল্প-পরিচিত স্থানে রাধার সহিত সবুজ ও লাল রঙের কমাল উড়াইয়া নৌকা ভাসাইতে ভাসাইতে পৌঁছাইয়া গিয়াছে। সকালের কলিকাতায় কুয়াশাময় মাস্তুলের মতো গ্রীবা মেয়েটি ও রাধা এক এবং অভিন্ন যে-বিজ্ঞ উপকূলভাগ তাহার ও রাধার আশ্রয় সেখানে আশ্রয়চ্যুত মেয়েটি ও রাধা এক এবং অভিন্ন অন্ধকার প্রেক্ষাগৃহে ক্ষমাহীন শোণিতপ্রবাহ শোণিত নয় শোণিত নয় স্বপ্নের ভিতর অতীত ও বর্তমান বাঁকিয়া ছুঁড়াইয়া একাকার মেয়েটি ও রাধা এক এবং অভিন্ন উপকূলে একান্তি শোক ও পরাজয় এবং এক সহস্র হৃদয়ে হৃদয়ে সংঘর্ষধ্বনি ল্যাভেণ্ডার আততায়ীর মূর্তি খোলে দোলে ভাঙে মেয়েটি ও রাধা ল্যাভেণ্ডার দোলে ভাঙে চিৎকার করিয়া দোলে ভাঙে গড়াইয়া পড়ে...

অনচ্ছ অন্ধকারের মধ্যে মন্মথ বহুক্ষণ স্তপ্রাচীন ইঁদুরগুলির নড়াচড়া লক্ষ্য করিতে থাকে।

তৈমুরলঙ্গের কান্না

মানস দেববর্মন

দিবাস্পর্শটা বেশ জ'মে এসেছিল, এমন সময় ঘরের বাইরে, বাবান্দায় মা-র গলায় 'ওমা শংকর...তুমি...কবে এলে,' এবং তার উত্তরে, 'আজ সকালে, আপনারা' বলতে গিয়ে 'আপনি কেমন আছেন' ইত্যাদি শুনতে পেতেই শোভন চেতনায় ফিরল এবং বুঝতে পারল, শংকর, ছেলেবেলা থেকে তার ঘনিষ্ঠ বন্ধু, বিদেশ থেকে আজ তিনবছর পর প্রত্যাগত। শোভন বাইরের কথাবার্তা শোনার জ্ঞান কান পাতল। আগেই চেয়ে তার শ্রবণশক্তি এখন অনেক বেড়ে গেছে সে বুঝতে পারছিল। জ্বরের ঘোরে নির্লিপ্ত মেজাজে যেমন হয়, তেমনি শব্দগুলি শোভনের কানের পরদায় আঘাত করছিল এবং ধ্বনিময় শব্দগুলো ক্রমশই তার মস্তিষ্কের ফাঁকা প্রান্তরে বিলম্বিত হ'তে হ'তে মিলিয়ে যাচ্ছিল। বাইরে তখনো কথা চলছে। মিষ্ট, বলাই, কণিকারা একের পর এক কিংবা একই সঙ্গে কথা বলছিল। মা এক ফাঁকে কণিকাকে বললেন চা করতে। কিন্তু, আশ্চর্য শংকর না-না ক'রে উঠল— 'এইমাত্র বাড়িতে চা খেয়ে এসেছি।' শোভন অবাক হ'ল, কারণ শংকরের কাছ থেকে এমন লৌকিক ভদ্রতা তার কাছে অপ্রত্যাশিত। বন্ধুদের বাড়ি গিয়ে খাবারের জ্ঞান মামিমাদের ব্যতিব্যস্ত করাকে তিনবছর আগেও শংকর নৈতিক অধিকার ব'লে সাব্যস্ত করত। এজ্ঞান শোভনরা অনেকদিন তাকে বন্ধুভাবে বুঝিয়েছে, রেগে গিয়ে অসামাজিক, জানোয়ার, হ্যাংলা প্রভৃতি অনেক কিছুই বলেছে; কিন্তু শংকর তার কোনোটাতেই গা করত না। অথচ আজ? শোভন বুঝতে পারছিল ছুনিয়া ক্রমাগত পালটাচ্ছে এবং এই ক-মাসে এ-পালটানো আরো দ্রুততর হচ্ছে। এর সঙ্গে সে কোনোমতেই তাল মেলাতে পারছে না। শংকরদের গলার আওয়াজে দিবাস্পর্শের যে-স্বরটা ছিঁড়ে টুকরো টুকরো হয়ে গিয়েছিল, এখনি আপনাতে নিমজ্জমান শোভন টুকরো টুকরো স্থিতি, কিছু স্বপ্ন দিয়ে তাদের মেলাতে লাগল। স্থিতির জাবর কাটা ছাড়া অস্থি গতি নেই শোভনের, স্বপ্নের মধ্যেই সে জীবন কাটাতে চায়।

...রঙিন প্রজাপতির গুরে গুরে উড়ছিল। শোভন, শংকর, পিণ্টু— সবাই মিলে কে কটা প্রজাপতি ধরতে পারে তার প্রতিযোগিতায়, জামা দিয়ে ঝাপটা মেরে মাটিতে ফেলে দেবার চেষ্টায়, তাদের পিছনে মাঠময় ছুটছিল। তখন মরা শীতের বিকেল। ফসল উঠে গেছে, তাই মাঠ ফাঁকা। অনেক দূরে পশ্চিম দিকে লাল

আকাশের মাঝে স্লেট বঙের একটুকরো মেঘ নৌকোর মতো ভাসছে। মাঠের প্রান্ত-সীমানার গাছগুলির মাথার একটা সরল কালো রেখা আকাশটাকে ছুঁয়ে আছে। উপরে ফিকে, গাঢ় নীল আকাশের নীচে কালো গাছগাছালির ভীড়ে এবং মাঝখানের লম্বালম্বি আবির্-রাঙা আকাশে ছোটো নৌকোর পটভূমিকায় দিগন্তলীন পশ্চিম আকাশটা একটা লাল নদীর মতো প্রতীয়মান। সে-নদীর জল সমস্ত পৃথিবীকে, এ-প্রান্তরকে, শোভনকে, শংকরকে, সবাইকে যেন ভাসিয়ে নিয়ে চলছে। সবাই শ্রোতের খড়কুটো—ক্রমাগত ভিন্নতর হয়ে যাচ্ছে এবং ক্রমাগত হারিয়ে যাচ্ছে। শোভনের সমস্ত অন্তর জুড়ে একটা কান্না, কান্না নয়, একটা ককণ সুর বিলম্বিত হ’তে থাকল। শোভন বড়ো হয়ে বেহাগ রাগে এমনি একটা অসহ অহুভূতি পেয়েছে। এ-কান্না কী আন্তরিক বেদনার! অথচ, বেদনা কি তখন সে পেয়েছিল! কিছু কি তখন চাওয়ার ছিল, যা হারিয়ে গেলে প্রান্তরের স্থির গাছগুলির পাতা পর্যন্ত রক্তবর্ণ অশ্রু মোচন করবে?...তারপর সে-লাল বিকেল শোভনের চোখের সামনে কালো হয়ে এল। গাছের পাতার, ঘাসের উপরের বিঘ্ন আলোটুকু তার বুকের মধ্যে আশ্রয় পেল। তখন সমস্ত প্রান্তরে সে একা। বন্ধুরা প্রজ্ঞাপতি তাড়াতে তাড়াতে অনেক দূরে চ’লে গিয়ে হয়তো বাড়ি ফিরে গেছে। সন্ধ্যার অনেক পরে ফাঁকা হাতে শুধু চোখের মণির গাঢ় অন্ধকার নিয়ে শোভন বাড়ি ফিরল। সেদিনের পর থেকে সে প্রজ্ঞাপতির পেছনে অক্ষম ছোটোছোটো করত না, কিংবা মা-মাসির কাছে আদর কাড়বার ছল-ছুতো করত না, কারণ শোভন বুঝতে পেরেছিল সে বড়ো হয়েছে। শুধু প্রতিদিন সেই মাঠে সে বসে থাকত, যতক্ষণ-না সন্ধ্যা নামত। প্রথমে সমস্ত ফাঁকা প্রান্তরে মরা লাল আলো তার একটা দীর্ঘনিখাসে বেরিয়ে আসত, তারপর চোখের মণি থেকে অন্ধকার।

বাইরে ততক্ষণে অন্ধকার নেমে এসেছে। বিকেলের ম’রে যাওয়া দেখতে দেখতে শোভন বর্তমানের কল্পনায় অতীতের সেই সন্ধ্যাকে খুঁজছিল। অন্ধকারে নদীর বুক নৌকোর আলোর মতো তার চোখে ঠাণ্ডা আলো আসছে। একসময় শংকরের আগমনে শোভন কহুইয়ের উপর ভর দিয়ে, হাতের তালুতে মাথা রেখে, কাত হয়ে উদ্গ্রীব হয়ে কান পেতেছিল। এখনো সেই ভঙ্গিমায়, কালীর পদতলে পিষ্ট শিবের ভঙ্গিমায় সে কাত হয়ে শুয়ে।

ঠক ক’রে স্নাইচ টেপার একটা শব্দের সঙ্গে সঙ্গে ঘরটা আলোয় ভ’রে গেল। তীক্ষ্ণ, উজ্জ্বল আলো। শোভন চোখ বুজে মুখটা ফিরিয়ে নিল। পরক্ষণে চোখ মেলে তাকাতেই দেখতে পেল, মা এবং শংকর তার দিকে স্তব্ধ হয়ে চেয়ে আছে। সে-দৃষ্টির সামনে শোভনও কয়েক মুহূর্তের জন্য নিশ্চুপ হয়ে রইল, তারপর হেসে উঠে বলল—‘কিরে শংকর, চিনতে পারছিস নে! দাঁড়িয়ে কেন, বোস!’ শোভনের

কথার সঙ্গে সঙ্গে বাতাস আবার শির শির ক'রে বইতে লাগল। শংকর বিছানার পাশে রাখা চেয়ারটায় বসতে যেতেই শোভন ব'লে উঠল, 'ওখানে কেন, বিছানায় আয়! বিছানাটা আমার আন্দাজে অনেক বড়ো, দেখছিস নে!' শংকর একটা কথাও না ব'লে বিষণ্ণমুখে একটা হাসি টেনে বিছানার প্রান্তে ব'সে শোভনের হাত ধরল। মা এতক্ষণ ঠায় দাঁড়িয়ে ছেলের দিকে তাকিয়ে ছিলেন, হয়তো তাঁর কান্না পেয়েছিল তাই হঠাৎ একটু জোরে টেঁচিয়ে বললেন, 'তোরা বোস। কণা কী করছে দেখে আসি।'

মা ঘরটা ফাঁকা ক'রে চ'লে গেলেন। হয়তো মার শাস্ত অথচ করুণ দৃষ্টি গ'লে গ'লে ঘরটাকে ভরাট ক'রে রেখেছিল, যাতে নৈঃশব্দ্যটাই ছিল স্বাভাবিক। কিন্তু, এখন মা চ'লে যেতে শংকর ভীষণ আড়ষ্ট বোধ করতে লাগল। তার কিছু বলা উচিত সে বুঝতে পারছিল এবং হয়তো-বা অনেক কিছুই বলার ছিল, কিন্তু কোন্ কথাটা এ-পরিবেশে ঠিক উপযুক্ত হবে বুঝতে পারছিল না। তার চোখটা অকারণ মারা ঘরে ঘুরতে লাগল। শোভন অর্ধেক শরীর চাদরে ঢেকে শুয়ে আছে। মাথার কাছে রাখা একটা ছোটো চৌকোনা টেবিলে একটা টেবিল ল্যাম্প, একটা রবি ঠাকুরের ফোটো—তার সামনে রাখা একটা ধূপদানি এবং অনেকগুলো গুয়ুধের ছোটো বড়ো শিশি। পায়ের দিকে একটা আলনা, তাতে কাপড়চোপড় গুছিয়ে রাখা হয়েছে। আলনার নীচে দু-জোড়া জুতো এবং একজোড়া চটি ধুলোয় মলিন, ছাতা-পড়া। শংকরের সামনের দেয়ালের দুদিকে দুটো ক্যালেন্ডার—গত মাসের পাতা ছেঁড়া হয় নি। শংকরের সামনে একটা বেতের গোল টেবিল—তার চার পাশে তিনটে বেতের চেয়ার সাজানো। ঘরের তিনটে জানালা, শোভনের শিয়রেরটি ছাড়া আর দুটোতেই সবুজ পরদা দেওয়া। এইসমস্ত দেখতে দেখতে এক সময় শংকরের দৃষ্টিটা আবার শোভনের মুখের উপর স্থির হ'ল। শোভনও তখন শংকরের মুখের দিকে অপলক তাকিয়ে ছিল। স্তব্ধ হুজনেই হাসল। শংকর আন্তে আন্তে বলল—কী দেখছিস!

—তাকে।

—কী দেখলি! শংকর হাসল।

—বয়স বেড়ে গেছে তো'র। শোভন নিশ্বাস টানতে টানতে বলল।

—তা হবে না, বয়স কত হ'ল খেয়াল আছে কিছু? হালকা স্বরে শংকর বলল।

—সে বয়স নয়, তা'লে বলতাম না। এ-বয়সের চেয়ে তো'র মনের বয়স দ্রুত বেড়ে যাচ্ছে।

শোভনের এ-কথাটার ভাবগত অর্থ কী শংকর বুঝতে পারছিল না। স্তব্ধ হুজনেই উত্তরে একটু হাসল। ঘরটা আবার নিস্তব্ধ হ'ল। শোভনের হাতটা তার হাতের মধ্যে ঘামছে, শংকর অনুভব করতে পারছিল। তাতে হুজনার হাতই অসাড় হয়ে

আসতে লাগল। তবু কেউ হাত সরিয়ে নিল না। নিতে পারল না। চূপ করে দুজনে বসে রইল।

—বাঃ! তোমরা অমন চূপচাপ বসে কেন? হাতে ট্বে নিয়ে কণিকা পরদা সরিয়ে ঘরে ঢুকল— কতদিন পরে দেখা!

শব্দটা আকস্মিক এবং দুজনেই তারা চমকে উঠল। কচি কলাপাতা রঙের শাড়ি কণিকার গায়ে। বোধে ফিরে আসতেই শংকর শোভনের হাতটা আঁসে আঁসে, নিঃশব্দে ছেড়ে দিল। তারপর কণিকার এগিয়ে-দেওয়া চায়ের কাপ হাত বাড়িয়ে ধরল।

—আচ্ছা শংকর, বল তো কণার কোনো পরিবর্তন হয়েছে কিনা? শোভন লঘুস্বরে বলল।

—কণামাত্রও না। শংকর কথা বলতে পেরে খুশি হল।

—আমি বলছি অনেক পরিবর্তন হয়েছে। শোভনের ঠোঁটে রহস্যময় হাসি।

—কী? কণিকা শংকরকে জবাবের স্ফুটনা না দিয়ে উদ্‌গ্ৰীব প্রশ্ন করল।

—তুই আজকাল আগের মতো খারাপ গান গাস না।

শোভনের কথায় দুজনেই হেসে ফেলল। হাসির শব্দে মা ছুটে এলেন। বলাই, মিন্টু লেখাপড়া ফেলে রেখে পরদা ধরে এসে দাঁড়াল। তারা সবাই রবাহুত, হাসির কারণ জানে না, অথচ তাদের মুখেও হাসি। কণিকার এই মুহূর্তের পরিবেশ খুব ভালো লাগছিল। আজ অনেকদিন হ'ল বাড়িতে এমন সুন্দর হাসি কেউ হাসে নি। কণিকা টেবিলের সামনে দাঁড়িয়ে ধূপদানিতে ছোটো ধূপকাঠি ধরিয়ে গুঁজে দিল। সারা ঘরে একটা পূজার গন্ধ ছড়িয়ে গেল।

—‘কেন চোখের জলে’ গাইছি দাদা!

—উই, ‘জীবন যখন শুকায়ে যায়, করুণাধারায় এসো’। এ-আলোটা নিবিয়ে সবুজ আলোটা জ্বলে দে আগে। শোভন বিছানায় ছড়িয়ে শুলো।

সবুজ আলোয় মাথা ঘরের মেঝেতে কণিকা কিছুক্ষণ স্তব্ধ হয়ে বসে থেকে, তারপর গাইতে আরম্ভ করল। মা কণিকাকে দেখছিলেন। তাঁর ছানিপড়া চোখে আলোর রঙ ধরছিল না। একটু আগে সবাইকে হাসতে দেখেও তিনি হাসতে পারেন নি। হাসির ভান করেছিলেন। শোভনকে হাসতে দেখে তাঁর ভয় করছিল হয়তো শোভনের হাসিটা তৈরি করা। তাঁর ছেলেকে তিনি বুঝতে পারছেন না— এ-দুঃখ তাঁকে বড়ো কাতর করে দেয়। ছেলেকে এক-এক সময় তাঁর ভীষণ নির্মম মনে হয়। ন-মাস আগেকার ছুঁটনাকে বাড়ির সবাই ভুলে থাকতে চায়, অথচ শোভন নিষ্ঠুরের মতো তাকে বারবার মনে করিয়ে দেয়। তাঁর এ-আচরণ কেন, তিনি

বুঝতে পারেন না। মা হয়ে এটুকু তিনি বুঝতে পারেন, শোভনের নির্ভর আচরণ তাদের চেয়েও নিজেকে বেশি পীড়ন করে; এবং এ বুঝতে পেরে তিনি দ্বিগুণ দুঃখ পান। মা তাকালেন ছেলের দিকে। শোভন খোলা জানালাটা দিয়ে বাইরের অন্ধকারের দিকে তাকিয়ে আছে। কণিকার গানের বিলম্বিত স্বরগুলো অন্ধকারে ভেসে ভেসে জ্যোৎস্নার আলো-পড়া গাছের পাতায় পাতায় প্রসারিত হচ্ছিল। শোভন সে-জ্যোৎস্নার আল ধ'রে আস্তে আস্তে সমুদ্রের প্রান্তরে পৌঁছে গেল। সে-প্রান্তরে দাঁড়িয়ে থেকে থেকে একটা শিশু কৈশোর পেরিয়ে যৌবন পেল এবং তারপর ফসল তোলা সেই মাঠের বিষণ্ণ আলোয় লোকটা মিলিয়ে গেল। শোভন ভবিষ্যৎ ভাবতে পারে না। আগে পারত কিনা মনে নেই, কিন্তু এখন পারে না। তথাপি, সেই যৌবন পেয়ে হারিয়ে যাওয়া লোকটার জন্তু তার কান্না পাচ্ছিল।

একসময় গান শেষ হ'ল। শংকর কণিকাকে লক্ষ্য করছিল। শান্ত ভঙ্গিমায়ে হাঁটু মুড়ে ব'সে দুহাত কোলের উপর প্রণামের ভঙ্গিতে জড়ো করা কণিকাকে স্মন্দর দেখাচ্ছিল। কণিকা আগের চেয়ে স্মন্দর হয়েছে: এ-পরিবর্তন এখন শংকরের চোখে পড়ল। গান শেষ ক'রে তাকাতাই তার দৃষ্টির সঙ্গে কণিকার দৃষ্টি মিলল।

—গানটা আবার গা না! শোভনের কথাটা যেন অনেক দূর থেকে ভেসে এল।

—না দাদা, আর নয়। শংকরদা কতদিন পর এলেন, এখন...ওমা, এ কী তোমরা চা এখনো ছোঁও নি! এ কিন্তু ভীষণ অচ্যায় শংকরদা! কণিকা গানের ঘোর কাটাবার জন্তুই বোধ করি কথাগুলি এমন এলোমেলোভাবে বলল। নতুবা, গান গাইতে গাইতে সে লক্ষ্য করছিল, দাদা কিংবা শংকরদা কেউই চায়ের কাপে হাত দিচ্ছে না।

—একটু ঠাণ্ডা চা-ই ভালো। অপ্রস্তুত ভাব কাটিয়ে উঠে শংকর চায়ে চুমুক দিল।

—তুই এখন সিগারেট খাস না শংকর!

শংকর তাকিয়ে দেখল মা কখন গানের শেষে ঘর ছেড়ে চ'লে গেছেন। মিষ্টু আর বলাই পরদা ধ'রে তখনো দাঁড়িয়ে।

—না, ছেড়ে দিয়েছি। তুই?

—ছাড়তে বাধ্য হয়েছি: শরীরের পক্ষে নাকি অল্পকূল নয়।

—ভালোই করেছিস: ক্যান্সার যে-হারে বেড়ে চলেছে।

শংকরের মুখে ক্যান্সারের সঙ্গে সিগারেট খাওয়ার সম্পর্কের কথা শুনে এবং উত্তর-প্রত্যুত্তরের অমন কাটাকাটা ধরন দেখে শোভনের খারাপ লাগল। শোভন ভাবল, আমাদের প্রতি পদে পদে এমনি ভয় এবং আমরাই এ-সব ভয়ের বাঁধনকে দৃঢ় করছি।

আশ্চর্য, তবু নাকি পৃথিবী এগিয়ে চলেছে! তাই শোভন আলোচনাটার মোড় ঘুরিয়ে দিল :

—আজ আমাদের এখানেই থেয়ে যা!

ধ্যোৎ, সে হয় নাকি! বাড়িতে বলা নেই কওয়া নেই। শংকর কণিকার দিকে তর্কাল।

—সে এখনুনি বলাইকে দিয়ে ষঁলে পাঠাচ্ছি। ডাল-ভাত একদিন খেলেই-বা শংকরদা!

শংকর আর কোনো কথা বলল না। কণিকা উঠে বলাই-মিষ্টুকে নিয়ে ঘরের বাইরে চলে গেল।...তখনো ঘরে সবুজ আলো। ঘরের আসবাবে সবুজ রঙটা ঘনীভূত। জিরো পাওয়ারের বাল্‌বটা রেডিওর ম্যাজিক-আইয়ের মতো জ্বলছে। ঘরের বাইরে এখন ফিকে, ধোঁয়াটে জ্যোৎস্নার আলো এবং ঝাঁঝিপোকাদের একটানা শব্দ। শংকরের পায়ের দিকে চাদরের উপরে জানালা দিয়ে একফালি ম্লান জ্যোৎস্নার আলো এসে পড়ে ভেঙে ভেঙে গেছে। শংকর শোভন দুজনেই ভাবছিল। এলোমেলো চিন্তার ফাঁকে একসময় শংকরের মনে হ'ল এভাবে এমন চুপ ক'রে বসে থাকা উচিত নয়। তাই নিজেই একটা প্রসঙ্গ টানল :

—ওখানে ইলেকশন নিয়ে খুব মাতামাতি চলছে, বুঝলি শোভন!

শোভন ভাবনার মধ্য থেকে কথাটা শুনেতে পেল। তার চিন্তা দানা বাঁধতে পারছিল না। বারবারই শংকরের উপস্থিতি সন্মুখে তাকে সচেতন হ'তে হচ্ছিল।

—ওরা তো ছুজুগ নিয়েই বেঁচে আছে। আশ্চর্য, আধুনিক সভ্যতা নাকি ও-সব দেশেই সৃষ্টি হচ্ছে। শোভনের উত্তেজিত কথাগুলি শুনে শংকর হাসল; বলল— বিশ্বপরিস্থিতিতে এ-ইলেকশনের মূল্য তুই বুঝছিস না।

—বুঝতে চাই-ও না। তবে এ ঠিক জানিস, গোল্ডওয়ার্ডার-জনমন কেউই তাদের সভ্যতার চরম পরিণতির হাত থেকে মানুষকে বাঁচাতে পারবে না।

—কেমন?

—সমগ্র মানব জাতির বায়বীয় সন্তালাভ। আর তার জগুই তোরা 'এগুচ্ছি, এগুচ্ছি' ব'লে চিংকার করছিস। 'পতঙ্গ যে রঙ্গে ধায়'।

শোভনের কথার প্রথম অংশটুকুর উত্তরে শংকর কোনো যুক্তি দেখাতে পারল না। পৃথিবীর বিশিষ্ট ব্যক্তিগণ আজ ঠিক এমন কথাই বলছেন। কিন্তু, দ্বিতীয় অংশটুকু ধরে সে তর্ক চালিয়ে গেল— কী বলছিস, সত্যিই কি আমরা এগুচ্ছি না!

—একে তুই উত্তরণ বলছিস! কেউ যদি ইচ্ছে ক'রে ছাদ থেকে লাফিয়ে পড়ে মরবে জেনেও, তাকে তুই বাহাদুর বলবি? পাগল! কেউ যদি এগুতে এগুতে হঠাৎ

যেমে প'ড়ে পেছন দিকে মুখ ক'রে হাঁটতে থাকে, তা হ'লে তাকেও এগুনো বলে। মানব সভ্যতা তেমনি পেছন ফিরেছে।

শোভন ঠিক স্পষ্ট ক'রে বলতে না পারলেও, শংকর বুঝতে পারছিল শোভন কী বলতে চাইছে। তথাপি, এ-সত্যটাকে সে এবং আধুনিক মানুষ এড়িয়ে যেতে চায়। এবং তা পারেও; কারণ সভ্যতাকে কেউ ডিফাইন করে নি। আসল কথা, আমরা সভ্যতা কাকে বলে তাই জানি না; শংকর ভাবছিল।

কণিকা পরদার আড়াল থেকে দুই বন্ধুর আলাপ শুনছিল। শোভনের কথা শংকরকে চুপ করিয়ে দিয়েছে দেখে, সে পরদা ঠেলে ঘরে ঢুকল এবং সুইচ-বোর্ডের দিকে যেতে যেতে শোভনকে প্রশ্ন করল— দাদা, আমরা এ-যুগে অনেক আরামে আছি স্বীকার করো তো!

—কেমন কথা! দু-একটা আরামের উদাহরণ দে!

কণিকা থমকে দাঁড়াল। শোভনের এ-উত্তর সে আশা করে নি। সে ভেবেছিল, তার কথা দাদা স্বীকার ক'রে নেবে এবং তা দিয়েই দাদাকে স্বীকার করিয়ে নেবে— আমরা এগুচ্ছি। এখন দাদার উদাহরণের প্রশ্নে চিন্তা ক'রেও কোনো আরামের কথা মনে করতে পারছিল না। দাদার তীক্ষ্ণ দৃষ্টি থেকে চোখটা সরিয়ে, তারপর বালুবটার দিকে চেয়ে হঠাৎ বিদ্যুতের কথা তার মনে হ'ল এবং সবুজ আলোটা নিবিয়ে ষাট পাওয়ারের শাদা আলোটা জ্বলে দিয়ে বলল— ধরো বিদ্যুৎ।

শোভন কিছুকাল চুপ ক'রে থেকে ভাবল। শংকর এবং কণিকার জিজ্ঞাসু দৃষ্টি সে অল্পভব করতে পারছিল। বুঝতে পারছিল, তারা দুজন তাকে তর্কে হারাতে বন্ধপরিকর। শোভন ভিতরে ভিতরে উত্তেজিত হয়ে পড়ল, কিন্তু কথায় তা প্রকাশ করল না, বলল— বিদ্যুৎ কি এই শতকের! বরং বল বিজ্ঞান। প্রথমদিকে বিজ্ঞান আমাদের সামনে গতি দিয়েছে অস্বীকার করছি নে। কিন্তু এই শতকে এসে বিজ্ঞান আমাদের ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে প্রচণ্ডগতিতে। একে তোরা উত্তরণ বলবি! প্রথম যে সিঁড়ি দিয়ে আমরা ঘরে উঠি, আর ঘর থেকে যে সিঁড়ি দিয়ে ছাদে উঠে লোকে আত্মহত্যা করে, তার মধ্যে অনেক তফাত। দুটোকেই উত্তরণ বলতাম যদি ছাদটাকে শুধু আলো-বাতাসের জগুই ব্যবহার করা হ'ত, আত্মহত্যার জগু না ক'রে। এ-যুগে আমরা আত্মহত্যা করতে চলেছি। শোভনের ভিতরের উত্তেজনা আবেগের আবরণে তার কথায় প্রকাশ পেল। তবু দাদা উত্তেজিত হয়েছে এবং তা যে দাদার পক্ষে ক্ষতিকারক, কণিকা তা বুঝতে পারছিল। তবু সে চুপ ক'রে যেতে পারল না। একবার শংকরের দিকে তাকাল, তারপর বলল— তোমার কথা না হয় মানলাম, কিন্তু তুমিই তো একদিন রকেট রকেট ক'রে

লাফাচ্ছিলে !— রকেট সম্বন্ধে আমি আজও কিছু বলছি না। আমার বক্তব্য সামগ্রিক বিজ্ঞান সম্বন্ধীয়। রকেট তো উভয় অর্থেই উত্তরণ। কিন্তু, রকেটের ঘাঁটি নিয়ে কিউবায় যে-ঘটনা ঘটতে যাচ্ছিল, তা ভুলিস না।

শোভনের এ নিয়ে আর আলোচনা করতে মন যাচ্ছিল না। সে বুঝতে পারছিল, তর্ক যে-সূত্র ধরে এগুচ্ছে তাতে কণিকার জিততে পারবে না। কিন্তু, তবু তার মনে হ'তে লাগল, যে-যুক্তি দিয়ে তর্ক সে ক'রে যাচ্ছিল, তার কোথায় একটা বড়ো ফাঁক থেকে গেছে। যতই তর্ক এগুচ্ছিল ততই মনের এ-ফাঁকটাকে সে উপলব্ধি করতে পারছিল এবং তার কষ্ট হচ্ছিল। নিজের উপর করুণা হচ্ছিল। শরীরের মধ্যে একটা আক্ষিপ শ্রোতের মতো উপর থেকে নীচে বইতে লাগল।

কথাবার্তার এইটুকু বিরতির পর শংকর তর্কটাকে আর না চালিয়ে যাওয়ার সিদ্ধান্তে মন্তব্য করল— তুই এ-যুগের গতির সঙ্গে তাল মিলাতে পারছিস নে, শোভন!

শংকরের কথায় যেন চাবুক খেল শোভন। চাদরের নীচে হাতছুটি তার মুষ্টিবদ্ধ হয়ে গেল। ঘরের আবহাওয়াকে একটা আঘাত দিয়ে খরখর ক'রে কাঁপিয়ে দিতে তার ইচ্ছে হ'ল। দাঁতে দাঁতে চেপে যতদূর সম্ভব স্বাভাবিক কণ্ঠে সে বলল— সে কি আমার দোষ! ট্রেনে ব'সে তো গতির সঙ্গেই তাল মিলাচ্ছিলাম। হয়তো, অ্যান্ড্রিডেন্টের পরও বায়বীয় মাধ্যমে সাঁতার কেটে স্বর্গ বা নরকের দিকে এগুতে পারতাম, কিন্তু তোদের বিজ্ঞান যে আমায় খামিয়ে দিল। আমি যে এখন ঘটমান অতীত!

শোভন যা চেয়েছিল, তাই হ'ল। ঘরটা খমখমে হয়ে গেল। কণিকা একটা দীর্ঘনিশ্বাস চেপে আলোটা নিবিয়ে, সবুজ আলোটা জ্বলে দিল। তারপর আবার চেয়ারে বসল। শংকর এতক্ষণ দুজনকে লক্ষ্য করছিল। এখন জানালার বাইরে দৃষ্টিটাকে পাঠাল। ঘরের চেয়ে বাইরে আলো বেশি। শোভন তার কথার এ-প্রতিক্রিয়া দেখে আরো হিংস্র হয়ে উঠল— শংকর, ছেলেবেলায় দেশলাই বাস্তু দিয়ে রেলগাড়ি বানিয়ে খেলতাম মনে আছে। দুজন দুটো রেলগাড়িকে পেছন থেকে ঠেলে ঠেলে সামনাসামনি কলিশন ঘটাতাম। দুটো গাড়িই কেমন চমৎকার উলটিয়ে যেত। ট্রেনে ব'সে দূরে আর-একটা ট্রেন বাঁক ঘুরছে, জানালা দিয়ে আমি দেখতে পাচ্ছিলাম, অথচ আমি বুঝি নি এটাই সামনাসামনি ধাক্কা দেবে। অমোঘ নিয়তি! শেষদিকে শোভনের গলাটা করুণ হয়ে এল। হিংস্রতার আবরণ আর টিকছিল না। কণিকা দু-হাতে মুখ ঢেকে দাদার কথাগুলি শুনছিল। এবার সে মুখ তুলে চোঁচিয়ে উঠল— দাদা, চূপ কর।

—চূপ ক'রে থাকতেই তো চাই কণা! কেন তোরা আমায় বর্তমান, ভবিষ্যৎ

দেখাম? আমি যে পারি না। বুঝতে পারি না, ভাবতে পারি না। তোদের সঙ্গে হাঁটতে পারি না। শংকর, ভুবনপুরের কথা তোর মনে আছে! সেই বিরাট মাঠ পেরিয়ে পদ্মপুকুর। মাঠে খেলে আর পুকুরে চান ক'রে কী হৃন্দর সে-দিনগুলোকে কাটিয়ে এসেছি। তোরা আমার ওখানেই প'ড়ে থাকতে দে। তোরা এগিয়ে যা।

শংকর বন্ধুর জ্ঞান কষ্ট পাচ্ছিল। সে জানাতে পারল না— ভুবনপুরের মাঠের উপর দিয়ে কয়েক মাসের মধ্যেই ট্রেন ছুটবে। বিদেশপ্রত্যাগত ইঞ্জিনিয়ার শংকর রায়ের সে-ই হবে প্রথম কাজ।...পদ্মপুকুর ভরাট ক'রে সেখানে কিছুদিন হ'ল ধানকল বসেছে। ন-মাস পৃথিবী একটুক্ষণের জ্ঞানও ব'সে থাকে নি। থাক, বন্ধু তার বিশ্বাস নিয়েই থাক।


শোভনের দৃষ্টিটা আচ্ছন্ন হয়ে আসছিল। সেই ঘোর ঘোর আচ্ছন্নতায় সে দেখতে পাচ্ছিল কতগুলো সবুজ বীপের মারি ইশারায় তাকে ডাকতে ডাকতে ক্রমশই দূরবর্তী হয়ে যাচ্ছে। নিজের অজান্তে শোভন হাত ছুটি সামনের দিকে বাড়তে গিয়ে সমস্ত শরীরকে এক পাশে ঠেলে দিতে হঠাৎ মেঝেতে গড়িয়ে পড়ল।

পতনের শব্দ হ'তে সবাই চমকে ভূপতিত শোভনের দিকে দৃষ্টি নিক্ষেপ করল। মা পরদার আড়ালে কোথাও ছিলেন, এখন তিনি ছুটে এলেন; মা, শংকর, কবিকা সবাই ঝাঁপিয়ে প'ড়ে শোভনের দিকে হাত বাড়িয়ে দিল। মেঝেতে উবু হয়ে ব'সে, উঠে দাঁড়াবার আশ্রয় চেষ্টা করতে করতে শোভন চিংকার ক'রে উঠল— তোরা আমার ছুঁস নে, ছুঁস নে! শোভনের নড়াচড়ার সঙ্গে সঙ্গে তার আর্দ্র চোখ থেকে ছুরির ফলার মতো আলোক বিচ্ছুরিত হচ্ছিল। আর পেছনে শোভনের ছায়াটা মেঝে থেকে লম্বালম্বি দেয়ালে উঠে গেছে এবং ক্রমাগত নড়ছে, মনে হচ্ছিল, যেন কেউ উবু হয়ে ব'সে কাউকে গলা টিপে হত্যা করছে। আর তার চারপাশে তিন জোড়া হাতের সব কটি আঙুল বিভিন্ন ভঙ্গিমায় কাঁপছে; মাঝে মাঝে শুধু হাতের ছায়ার পার্শ্ববর্তী উপছায়া, হত্যাকারীর উপছায়ায়াকে ছুঁতে পারছিল।

...ইতিমধ্যে শোভনের বিছানার উপর থেকে জ্যোৎস্নার আলো স'রে গেছে। কারণ, চাঁদ ক্রমশ আকাশের পূর্বদিক পরিক্রম ক'রে পশ্চিমদিকে স'রে যাচ্ছিল। পাশের ঘরের দেয়াল-ঘড়ির পেণ্ডুলামের শব্দ ঘরের সবুজ আলোর মধ্য দিয়ে ঘরের ভিতর ক্রমাগত উঁকি দিচ্ছিল এবং শোভন সময়ের সেই দৃষ্টির ছুরিকাঘাতে আহত হ'তে-হ'তে, আপন হৃদয়ের শব্দ দিয়ে আপনাকে সম্পূর্ণ আবৃত করার চেষ্টা করতে-করতে অবশেষে মেঝের উপর উপুড় হয়ে শুয়ে পড়ল।



শিল্পী : নয়নরঞ্জন চন্দ



৩৬
২৭/৭/৬৪

শিল্পী : অতীশকুমার দাশগুপ্ত
পঞ্চম বর্ষ, ইতিহাস

নবযুগ আবাহনে

প্রফুল্লকুমার সরকার

‘ফুটেছে উষার আলো— শোনো ঐ চকিত পাখির কাকলি’— আচার্য প্রফুল্লচন্দ্রের এই ভাবের এক উৎসাহবাণী এখনো আমার প্রাণে বাজে। যে-পরিস্থিতিতে ছাত্র-জীবনে হৈ-হল্লা ব্যক্তিরেকে গঠনমূলক কর্মধারায় আমার সমসাময়িক কলেজ-বন্ধুগণের মধ্যে নবভাবজাগরণ ও প্রেরণা এসেছিল প্রথমে সে-কথাই একটু বলতে পেলে ভালো হয়। তাঁদের কর্মসূচির মধ্যে কলেজ ম্যাগাজিন প্রতিষ্ঠা ব্যাপারকে সামনে ক’রে বাঙলা-সাহিত্য-সভার স্থাপন, পরীক্ষার্থী-সাহায্য-তহবিল গঠন, বাঙলায় এম. এ. পঠনের প্রস্তাব, ডঃ বহুর অভ্যর্থনা, নবীন সেনের চিত্রপট উন্মোচন প্রভৃতির ব্যবস্থা স্বতঃই জাগে; অধ্যয়নের সঙ্গে এরূপ সুসংবদ্ধলক্ষ্য কর্মসাধনে জ্ঞান ও কর্মমন্বয়ে ষারা ছাত্রজীবন বিকশিত করতে খানিকটা পেরেছিলেন তাঁদের দু-একজনের কথা আভাসে ইঙ্গিতে কিছু বলবার চেষ্টাও করব। প্রেসিডেন্সি কলেজের কথাকেই মূল ধ’রে আমি সে-নবভাববিভাবন শুভমুহূর্তের কথা স্মরণ করব।

জেমস বললেন— কলেজের ‘ওল্ড বয়’দের নিয়ে প্রতিষ্ঠাদিবস প্রথম প্রবর্তিত হবে— নিমন্ত্রণ করালেন আমাদের দিয়ে তিনি নাগপুর ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর শ্রী বিপিনবিহারী বসু, শ্রী সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ (ব্রিটিশ পার্লামেন্টের লর্ড-সভার সভ্য), মাইকেল মধুসূদনের কিছু পরবর্তী কালীমোহন মিত্র মহাশয়, শ্রী আশুতোষ মুখোপাধ্যায়, শ্রী আশুতোষ চৌধুরী, জে. চৌধুরী সাহেব (স্বদেশী যুগের নেতা), ইণ্ডিয়া কাউন্সিলের ভাইস-প্রেসিডেন্ট স্বরেন্দ্রনাথ মল্লিক মহোদয়, শ্রী ভূপেন্দ্রনাথ বসু, রবীন্দ্রনাথ ঠাকুর প্রভৃতিকে। কলেজের এই অছষ্ঠানের উদ্বোধনপর্বে চেয়ার বেঞ্চি টানা-টানির কাজে আমি হাত দিয়ে সাহায্য করলাম পলিটিক্যাল থিওরির লেখক অধ্যাপক গিলক্রিস্ট সাহেবকে— অভিজাত বংশের ছেলেরা হাত গুটিয়ে তা দাঁড়িয়ে দেখছিলেন। সেই থেকে আমি কলেজের ছাত্রসম্পর্কীয় অনেক কাজেরই ভার পেতে লাগলাম। বোধ হয় গিলক্রিস্ট সাহেব অধ্যক্ষ মহোদয়কে আমার সহযোগিতার কথা বলেছিলেন। প্যাণ্ডেলে রক্ষিত একটা ছোটো টেবিলের উপর ‘ওল্ড বয়েজ রেজিস্টারে’ একে একে আগত ‘ওল্ড বয়েজ’দের মধ্যে প্রথমেই সই নিলাম শ্রী আশুতোষের। তিনি আমার মতো একটা ছোটো মান্নুষের সামনে হেঁট হয়ে সই দিচ্ছেন— পরনে তাঁর ধুতি, গায়ে কালো কোট ও কাম্বীরি শাল; তাঁর মাথার পরিধিটা কতখানি বিস্তৃত

ও গোলাকার— নির্নিমেষনেত্র তাই দেখছিলাম। তার পরে এলেন শ্রম আশুতোষ চৌধুরী তাঁর ভাই জে. চৌধুরী সাহেবকে সঙ্গে নিয়ে ; পর পর বড়ো বড়ো ওল্ড বয়েরা এসে সই দিয়ে আসন গ্রহণ করছিলেন। এদিকে ভায়াসের উপর সমাসীন বাঙলার লাট লর্ড কারমাইকেল ও তাঁর এক্সিকিউটিভ কাউন্সিলর জাঁদরেল শ্রম পি. সি. লায়ন—যিনি বাঙলার শাসনযন্ত্রের প্রকৃত পরিচালক ছিলেন। শব্দ শোনা গেল হঠাৎ দূর কলেজ স্ট্রিটের দিক হ'তে 'হরি-ই-বোল!' 'হরি-ই-বোল!' সভার কাজ চলছে। শ্রম দেবপ্রসাদ সর্বাধিকারী তখনই উঠে চ'লে গেলেন গেট পানে। কয়েক মিনিটের মধ্যেই তিনি ফিরে এলেন সঙ্গে ক'রে প্রেসিডেন্সি কলেজের গোল্ড-মেডালিস্ট স্তপ্রসিদ্ধ গ্লার প্রখ্যাত পথের ফকির অতুল চম্পটীকে নিয়ে এবং মাননীয়দের সবারই সঙ্গে তাঁকে সমান আসনে বসিয়ে দিলেন। এখানেই ওল্ড বয়েজ ইউনিয়নের সার্থকতা। ছেলেদের মধ্যে অনেকের মনেই সন্দেহ জেগেছিল—'ওল্ড বয়' বলতে কি শুধু বড়োলোকই বুঝায়? কিন্তু চম্পটী ঠাকুরকে মর্বাদাদানের ব্যাপারে আমাদের সে-সন্দেহ কেটে গেল। মাননীয় শ্রম এন্স. পি. সিংহ মহোদয় আমার শ্রায় এক ক্ষুদ্র ছাত্র-সম্পাদককে চিঠি লিখে জানাতে দ্বিধা করলেন না যে অনিবার্ধ কারণে আমাদের অস্থানে উপস্থিত থাকার সৌভাগ্য তাঁর হ'ল না। তিনি অধ্যক্ষ জেমস মহোদয়কে এ-চিঠি লিখতে পারতেন।

আচার্ধ প্রফুল্লচন্দ্র কলেজের সকল কাজেই আমাদের উৎসাহ দিতেন। আমি তাঁর শিষ্য নীলরতনদা, জ্ঞানদা, ছোটো জ্ঞানদা (মুখার্জি), মেঘনাদদা প্রভৃতির সঙ্গে প্রায় চার বছর হিন্দু হস্টেলে বা তথাকথিত ডঃ রায়ের মেসে ছিলাম। আমরা সবাই প্রতিদিন বিকালে মাঠে গিয়ে রবার্ট্‌স্ স্ট্যাচুর কাছে ডঃ রায়ের সঙ্গে মিলতাম, আর ফিরবার সময় আমরা তাঁর গাড়িতে চেপেই ফিরতাম— কেউ ভিতরে, কেউ কেউ-বা ছাদে আর কোচবাক্সে ব'সে আসতাম; স্বাবলম্বী মেঘনাদদা ও আমি মাঝে মাঝে হেঁটে ফিরতাম; তিনি প্রতি রবিবার ভোরে নিজের কাপড়-চোপড় নিজেই কাচতেন; তিনি আমায় ঐতিহাসিক অলুসন্ধানে উৎসাহ দিতেন; সেই শুভ ইচ্ছাতেই হয়তো আমি পাহাড়পুরের প্রাথমিক খননকার্ধে ঐতিহাসিকগণের পিতামহ অক্ষয়কুমার মৈত্রেয়, সি. আই. ই. মহোদয়ের পদপ্রান্তে বসতে পেয়েছিলাম। শ্রম স্তরেন্দ্রনাথের স্বদেশী আমলের সহকর্মী সত্যেন্দ্রনাথ বহু মহাশয়ও তাঁর শকটারোহী ছিলেন। তিনি বার্ধক্যে ডঃ রায়ের সঙ্গী হ'তে পেরে 'খাদিজা' বেগমের শ্রায় আপনাকে সৌভাগ্যবান্ মনে করতেন! আমি তখন খার্ড ইয়ারে; স্তভাব কটক থেকে এসে ভর্তি হ'ল ফার্স্ট ইয়ারে; ম্যাট্রিকে তার প্লেস হয়েছিল সেকেণ্ড; আমার ভাই হেমন্তর সঙ্গে তার বিশেষ বন্ধুত্ব ঘটায় সে আমায় দাদার মতো দেখত, তাতেই

একবার আমায় লেখে : ‘আমি তোমার সঙ্গে ভক্তি ও ভালবাসার বন্ধনে আবদ্ধ’; হেমন্ত তখন কৃষ্ণনগর কলেজে পড়ে আর আমি প্রেসিডেন্সির ছাত্র ছিলাম সে-সময়ে।

অবসর সময়ে, বা ক্লাস থেকে ক্লাসান্তরে যেতে স্তভাষ স্মিতহাস্তে আমায় অভিনন্দন জানাত বা দু-একটি কথাও বলত। ৩ নম্বর মির্জাপুর স্ট্রীটে কলেজ স্কয়ার ট্যাঙ্কের ঠিক দক্ষিণ ধারে তেতলায় থাকতেন মেডিক্যাল কলেজের খ্যাতনামা ছাত্র, ডঃ রায়ের শিষ্য স্বরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়; তিনি বিকালে কথামৃত, স্বামীজির রচনা প্রভৃতি পাঠান্তে আলোচনা করতেন। আমার সঙ্গে স্তভাষ প্রায়ই যেত সেখানে। পাঠ শোনা ও আলোচনার পর সন্ধ্যার আগেই আমরা বেরিয়ে আসতাম— স্তভাষ হেঁটেই চলত তাদের এলগিন রোডের বাড়ি পানে, আর আমি তার সঙ্গে ছানাপটি পর্যন্ত এসে ১১০ নম্বর কলেজ স্ট্রীটের বাড়িতে উঠতাম— হিন্দু হস্টেলে থাকাকালীন ডঃ রায়ের শিষ্যদের সঙ্গে মিলতে মাঠে যাওয়ার সময়; বাড়িখানির উপরতলায় ছিল স্তবিখ্যাত ‘ডঃ রায়ের মেস’ বলে পরিচিত ছাত্রাবাস; সেখানকার আবাসিকেরা ‘পাইওনিয়ার অব্ সায়ান্স’ বলে নিজেদের মনে করতেন। আত্মভোলা মৌলিক যজ্ঞের যাজ্ঞিক তাঁদের সাধনায় সে-ভাব সর্বদাই নন্দিত। শ্রু প্রফুল্লচন্দ্র ও শ্রু জগদীশচন্দ্রের উত্তরসাধক হ’তে পেরেছিলেন তাঁরা এইভাবে। তবে নীলরতনদার মেজদা ডঃ জীবনরতনদার অভি-ভাবকষে সে-সাধনার সিদ্ধির পথ অনেকটা স্তম হয়েছিল।

স্তভাষ কটক থেকে এসে যোগ দিয়েছে আমাদের সঙ্গে; তার চেহারা ও ভাব অপূর্ব, তা সকলের দৃষ্টি আকর্ষণ করত। এক রবিবারে স্তভাষ, স্বরেশদা, যুগলদা, অমূল্য উকিল, যোগেন, বিধু, নীলমণি ও আমি বেলুড় মঠে যাই; সেখানে রাখাল মহারাজের সাদর আতিথ্য গ্রহণের পর এদিক ওদিক খানিক ঘুরে আমরা একথানা নৌকায় ক’রে দক্ষিণেশ্বর যাওয়া স্থির করলাম; মঠের ঘাটে স্বামীজির সমাধি মর্মর-মূর্তির নীচে আমরা নৌকায় উঠলাম; স্তভাষ বসল নৌকার আগার দিকে আসন ক’রে, আর আমি তার পাশে একটু পিছনে; অস্তোমুখ সূর্যের সোনার কিরণে দক্ষিণেশ্বরের মন্দিরচূড়া ঝলমল করছিল। স্তভাষ গান ধরল সে-অভাবনীয় মুহূর্তে ভাবগম্ভীর উদাত্তস্বরে—

নাহি সূর্য— নাহি জ্যোতিঃ

নাহি শশাঙ্ক স্তন্দর

শোভে ব্যোমে— ছায়ামম

ছবিবিশ্বচরাচর।

—অবাঙ্মনসোগোচরম্

বুঝে প্রাণ বুঝে যার।

আমি তো প্রায় সপ্তাহান্তেই স্তূভাষকে নিয়ে আমাদের কৃষ্ণনগরের বাড়িতে আসতাম হেমন্তর সঙ্গে মিলতে। হেমন্ত বাড়ি থাকত আর আমি তাকে নিয়ে এখানে ওখানে বেড়াতে যেতাম; একবার আমরা দলে পুরু হয়ে নবদ্বীপ দর্শনে পায়ে হেঁটে যাই নয় মাইল রাস্তা, পথে বল্লালসেনের রাজবাড়ির অবশেষ দেখে হলোর ঘাটে থেয়া পার হই; আমাদের দলে ছিলেন সেবার ডঃ মেঘনাদ সাহা, ডঃ জ্ঞান ঘোষ, নিরঞ্জন চক্রবর্তী (পরে ইনি ডিরেক্টর জেনারেল অব্ আর্কিওলজি হন) প্রভৃতি। নবদ্বীপের পাড়ে উঠে আমরা মহাপ্রভুর বাড়ি গেলাম, মহাপ্রভুদর্শনের সময় স্তূভাষ একদৃষ্টিতে তাকিয়ে ছিল বিগ্রহের পানে। তার পরিষ্কার নির্নিমেষ চোখ দিয়ে অশ্রু ঝরছিল অবিরাম ধারে। আমি মাঝে মাঝে তাই দেখছিলাম পাশে দাঁড়িয়ে। তার ওদিকে ছিলেন মেঘনাদদা, জ্ঞানদা প্রভৃতি। গৌরান্দ্রদর্শনে তার কী ভাব হয় আমার জানবার ছিল, কারণ আমি ভাবতাম, তার হাবভাব দেখে— তার মধ্যে নিত্যানন্দের মতো কোনো শক্তির আবির্ভাব হবে। যাই হোক, ঘটনাচক্রের আবর্তনে পরে বিশ্ব-প্রেমের মুখ ঘুরে গিয়েছিল স্বদেশপ্রেমের দিকে। ডঃ রায়ের কাছে তার পরিচয় করিয়ে দিলে তিনি তার গাল টিপে ধ'রে ব'লে উঠলেন— ‘আরে, এ যে জানকীর ছেলে—এ যে গাল টিপলে দুধ বেরোয় রে!’—ব'লেই দিলেন এক কিল। পবিত্রতার সেই স্নুহুমার মূর্তি গোলমালের সময় আমায় ব'লে চ'লে গেল রাজনীতির আবর্তে ঝাঁপ দিতে, ‘তুমি থাকো, আমি চললাম!’ সে-কথা আমার প্রাণে এখনো বাজে মাঝে মাঝে : ‘তুমি থাকো, আমি চললাম!’

হিন্দু কলেজ প্রতিষ্ঠাদিবসের প্রায় শতবার্ষিকীর মুখেই কলেজ ম্যাগাজিনের প্রস্তুত করা হয়। খার্ড ইয়ারে ভর্তি হয়ে যখন কলেজ লাইব্রেরি টেবিলে ব'সে গ্রিফিথ সাহেবের ‘এডুকেশন জার্নাল’ পড়তাম, তখনই আমার মনে জাগত কলেজের এইরকম একটি পরিষ্কার পরিপাটি পত্রিকা থাকার দরকার; সে-সময়ে আমি হিন্দু হস্টেলে ওয়ার্ড ফরে মেঘনাদদা, জ্ঞানদা প্রভৃতির সঙ্গে থাকতাম; কলেজের পর হস্টেলে ফিরে এসে কলেজের জন্ত একখানি পত্রিকার কথা বললে তারা আমায় সেজন্ত চেষ্টা করতে বললেন; এডুকেশন জার্নালে প্রকাশিত His holiness the cook প্রভৃতির ছবি আমাদের খুব ভালো লেগেছিল। দুধের তৃষ্ণ প্রথমে ঘোলে মিটানোর চেষ্টা হ'ল; কলেজ গেটের এক্স-মিলিটারি দীর্ঘকায় চাপদাড়িওয়াল দারোয়ানের লম্বা স্মালিউট, গয়াদীন (হস্টেলের দারোয়ান)-এর সিদ্ধিষোটা ও পিতলের ঘড়ায় ক'রে চা পান, ‘পামশু পায়ে, পাঞ্জাবি গায়ে, চুলগুলি রৈবিক’ ক'রে বাংলার নবীন সাহিত্যিকের ও অগ্নাগ্ন সাময়িক ছবি দিয়ে হাতে লেখা হস্টেল ম্যাগাজিনের বিশেষ সংস্করণ বাহির হ'ল। তাতে অংশগ্রহণ করলেন ক্ষিত্তীন চট্টোপাধ্যায় (পরে

কসুমোপলিটান রিভিউ-এর সম্পাদক), চারু গান্ধুলি (পরে হাইকোর্টের জাস্টিস) প্রভৃতি।

এক রবিবারে কৃষ্ণনগরের বাড়িতে হেমন্ত, স্মৃতাষ ও আমি শুয়ে ছিলাম। আমার তখন ফোর্থ ইয়ার, আর স্মৃতাষ-হেমন্তর সেকেণ্ড ইয়ার; স্মৃতাষ ও আমি প্রেসিডেন্সিতে পড়তাম, হেমন্ত কৃষ্ণনগর কলেজে। আমি স্বপ্ন দেখলাম, আমি যেন আমাদের প্রিয় অধ্যাপক গিলক্রিস্টের সামনে হাই ডেস্কে বসে কলেজ পত্রিকার প্রস্তাব করছি। ভোরে উঠে হেমন্তকে স্বপ্নের কথা বলতে সে বলল, কলেজ ম্যাগাজিন হ'লে স্মৃতাষকে তোর অ্যাসিস্ট্যান্ট ক'রে নিস; সে ইয়োরোপীয় স্কুলে মাতুষ, লোকজনের সঙ্গে একেবারেই মিশতে পারে নি, তার চোখ ফোটার দরকার।

অধ্যাপক গিলক্রিস্টের ক্লাসের শেষে কলেজ ম্যাগাজিনের প্রস্তাব করলাম তাঁর অল্পমতি নিয়ে। তিনি তো খুব উৎসাহ দেখালেন; আমার প্রস্তাব নিয়ে তিনি অধ্যক্ষ জেম্‌সের কাছে যাওয়ামাত্র তিনি বললেন, এ-কাজে সিনিয়র স্টুডেন্ট চাই। তখন আমার আলাপি ষষ্ঠ বার্ষিকের শ্রীপ্রমথ বন্দ্যোপাধ্যায় ও তৎক্ষণে শ্রীযোগীশচন্দ্র চক্রবর্তী হিন্দু হস্টেলের তেতলায় আবাসিত তথাকথিত 'হাইল্যান্ডার'দ্বয়কে বললাম। বলামাত্র তাঁরা সে-প্রস্তাব আগ্রহের সঙ্গে নিলেন। ম্যাগাজিন বাহির হবে ঠিক হ'ল। তবে চাঁদা বাধ্যতামূলক না হ'লে চলবে না, এ-কথা আমরা জানালাম। অধ্যক্ষ মহোদয় বললেন, তা হ'লে এ-বিষয়ে সংবাদপত্রের সমর্থন চাই। আমি 'হিতবাদী' ও 'বেঙ্গলী' সম্পাদক মহোদয়গণের সঙ্গে দেখা করি; হিতবাদীতে একটা লেখাও এ-বিষয়ে দেই; স্মর স্বরেন্দ্রনাথেরও সমর্থন আমরা পেয়েছিলাম বেঙ্গলীতে— আমার পরলোকগত বন্ধু ও তাঁর নাতি ব্রহ্মানন্দের বন্ধু হিশাবে। ক্লাসে ক্লাসে সভা ক'রে বাধ্যতামূলক চাঁদার জ্ঞান প্রস্তাব পাশ করা হ'ল। ফিফ্‌থ ও সিক্‌স্‌থ ইয়ারের ভার নিয়েছিলেন প্রমথদা ও যোগীশদা। থার্ড ও ফোর্থ ইয়ারের ভার ছিল আমার উপর; ফাস্ট ও সেকেণ্ড ইয়ারের কাজের ভার দেওয়া হ'ল স্মৃতাষের উপর। তখন চাঁদা বাধ্যতামূলক করার পথে আর বাধা রইল না। জেম্‌স সাহেবের চেষ্টায় গভর্নমেন্ট বার্ষিক ২৫০০ টাকা দিতে রাজি হলেন। অনেক চেষ্টার পর কলেজ ম্যাগাজিন বাহির হ'ল— ১৯১৪-র সেপ্টেম্বরে মনে হয়; ম্যাগাজিনের অফিস হ'ল ওয়ার্ড ফাইভে প্রমথদা ও যোগীশদার ঘরে, পরে মোহিত ও আমার সময় ছ-বছরের জ্ঞান ওয়ার্ড টু-তে উঠে আসে। প্রবীণের সঙ্গে তরুণ জীবনের স্মর বেজে উঠল অধ্যক্ষ জেম্‌সের আশিস-পূত সেই 'অর্গানে'। ম্যাগাজিন ডিষ্ট্রিবিউশনের ভার দেওয়া হয় স্মৃতাষের উপর; স্টোরারকেসের পাশে কমনরুমের সামনে সে দাঁড়িয়ে একমনে নিষ্ঠার সঙ্গে কাজ ক'রে চলেছে; আমি ও মোহিত ক্লাস থেকে এসে কাছে দাঁড়িয়ে আছি; আমাদের কাছে

এসে দাঁড়ালেন রমাপ্রসাদ, রবীন্দ্রচন্দ্র, স্বকুমাররঞ্জন, জ্যোতির্ময়, বিজয় সিংহরায়, প্রমথ, প্রমথদা, যোগীশদা প্রভৃতি। এমন সময়ে বেরিয়ে এলেন তাঁর ল্যাভ থেকে আচার্য স্ত্রর পি. সি. রায়। অধ্যক্ষ জেমস মহোদয়ের সঙ্গে উপরে সাক্ষাৎ করতে যাওয়ার পথে থামলেন আমার ছাত্র ক্ষুদ্র এক ছাত্রের সামনে, আর কাঁধে হাত রেখে নাড়া দিয়ে বললেন, 'নেম্‌সেক, ম্যাগাজিন তো দেখছি কলেজে ছেলেদের মধ্যে এক নতুন জীবনের সাদা এনে দিয়েছে।' সুভাষ আমার পাশে দাঁড়িয়ে পত্রিকা দিয়েই চলেছে। আচার্য তা দেখছেন, আর বলছেন, 'মাইকেলের সময়ে যে-নবযুগের সাদা পড়েছিল একশো বছর পরে তা আবার তোদের সামনে বুঝি ঐ এসে পড়ল!' তিনি অঙ্কলি-নির্দেশে বলে উঠলেন যেন 'ফুটেছে উষার আলো—শোনো ঐ চকিত পাখির কাকলি!'

প্রেসিডেন্সি কলেজে নতুন হাওয়া বইতে লাগল— তারপর অগ্রাণ্ড ছাত্রপ্রতিষ্ঠান স্থাপনার সঙ্গে কলেজে-কলেজে পত্রিকা বাহির হতে লাগল; তা ছিল কেবল বঙ্গবাদী ও স্কটিশ চার্চ কলেজে, মনে হয়। ডিরোজিও, রিচার্ডসনের শিক্ষায় অগ্রাণ্ড বিষয় সহযোগে বাঙলায় নতুন ভাবের প্লাবন এসেছিল। অবশ্য সে-প্লাবনে আবিলতাও যথেষ্ট ছিল। এবারেও শতবার্ষিকী সামনে ক'রে তার নবকলেবরে নব-আবির্ভাবের কতকটা আভাস পাওয়া যাচ্ছিল। তবে ষাঁদের চোখ আছে তাঁরাই তা দেখে থাকেন; উষার আগমনে গাছের ডালের পাতায় পাতায় আঁধার পাকিয়ে থাকে।

আমি তখন ফিফ্থ ইয়ারে হস্টেলে ওয়ার্ড টু-র বোর্ডার— বিধির বিধানে কোনো এক ভুল বুঝাবুঝির ঘটনার পর আমাদের কলেজ-জীবনে ছেদ পড়ল। তবে আমি ম্যাগাজিনের কাজ চালিয়ে যেতাম অফিসের এক কোণে ব'সে; ওয়ার্ড্‌সমোয়ার্থ সাহেব তা দেখে একটু মুচকে হেসে চ'লে যেতেন।

দীর্ঘ পাঁচ মাস বন্ধের পর কলেজ খুলল। ফিসিক্স থিয়েটারে সেদিন এক মহতী সভার অধিবেশন, ছাত্রাণ ও অধ্যাপকমণ্ডলী নিয়ে। সভাপতি অধ্যক্ষ ওয়ার্ড্‌সমোয়ার্থ সাহেব স্বয়ং। আমার উপর ভার পড়েছিলে ইয়োরোপীয় অধ্যাপকবৃন্দ ও ভারতীয় ছাত্রদের মধ্যে মনোমালিন্য অপসারণের আবেদন জানিয়ে নতুন ক'রে গঠনমূলক কাজের মধ্যে দিয়ে কলেজ-জীবনের পুনর্গঠনের সহায়তা করতে সকলকে আহ্বান জানানো। সন্ধ্যার প্রাক্কালে ভাইস-চ্যান্সেলর স্ত্রর দেবপ্রসাদ সর্বাধিকারী অধ্যক্ষ ওয়ার্ড্‌সমোয়ার্থে মহোদয়কে জিজ্ঞাসা করেছিলেন আমাদের মতামতের কথা। ইংরাজিতে বক্তৃতা করতে তখন অনভ্যস্ত ব'লে আমার ভাষণ দিতে প্রায় ২৫ মিনিট লেগেছিল; আমার সতীর্থ ও বন্ধুরা নীরবেই তা শুনেছিলেন। সকলেই জানতেন আন্তরিকতা ছাড়া আমার কোনো অসাধারণত্ব বা বৈশিষ্ট্য ছিল না; আমি অভিজাত

সম্প্রদায়ের ছেলেদের মধ্যে মফস্বলের একটি হীনবিত্ত ছাত্র মাত্র ছিলাম। . আমাদের প্রতিষ্ঠিত বাঙলা-মাহিত্য-সভা, পরীক্ষার্থী-সাহায্য-তহবিল প্রভৃতি বিভিন্ন ছাত্রপ্রতিষ্ঠান ছাড়াও গোলমালে লুপ্ত কলেজ পার্লামেন্টের কাজের কতকটাও আমার উপর এসে বর্তালো; এ-সময়ে অধ্যক্ষ ওয়ার্ডসোয়ার্থ সাহেব ভাইসরয় লর্ড চেম্‌সফোর্ডকে নিয়ে ওয়ার্ড টু-তে কলেজ ম্যাগাজিনের অফিস পানে একবার উঁকি দিয়ে তাঁকে নিয়ে নীচে গেলেন উইনিং হলের সংলগ্ন কমন রুম দেখাতে— বোধ হয় কমন রুমের উপযুক্ত ঘরের অভাব জানাতে; তখন কমন রুমের দেওয়ালে রঙিন খড়িতে আমাদের আঁকা অনেক ছবি ছিল। সকলেই আমাদের কাজে উৎসাহ দিতেন। রায়বাহাদুর খগেন্দ্রনাথ মিত্রের প্রেরণায় ও আচার্য প্রফুল্লচন্দ্রের সভাপতিত্বে কলেজের এক ছাত্রসভায় আমি বাঙলায় এম. এ. পাঠের প্রস্তাব কবি। রমাপ্রসাদ ও অধ্যাপক মিত্র মহোদয়ের মুখে সকল কথা শুনে শ্রর আশুতোষ বাঙলায় এম. এ. পাঠ প্রবর্তন করেন।

ইংরাজি শিক্ষা প্রবর্তনের সমর্থক ডেভিড হেয়ার, রামমোহন, মহারাজা বাহাদুর সতীশচন্দ্র রায়, মহারাজা বাহাদুর তেজচন্দ্র, গোপীমোহন ঠাকুর, গোপীনাথ দেব, লে. কর্নেল আরভিন, শ্রর এডওয়ার্ড ঈস্ট প্রভৃতির অক্লান্ত প্রচেষ্টায় নবযুগের নব-তপোবন হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়। সেই তপঃক্ষেত্র হ'তে পুরাতন ঋষিদের তপোবনের মতই দিগ্‌মণ্ডল-আলো-করা নতুন নতুন চিন্তাশূলিঙ্গ উখিত হ'তে লাগল। মাইকেল মধুসূদন দত্ত, ভূদেব মুখোপাধ্যায়, রাজনারায়ণ বসু, শ্রর গুরুদাস, শ্রর আশুতোষ, শ্রর দেবপ্রসাদ, শ্রর যতুনাথ, শ্রর সত্যেন্দ্রপ্রসন্ন, স্বামী মাধবানন্দজী, অধ্যাপক জ্যোতি ভাড়াড়ী, কবি নবীন সেন, অধ্যাপক হরিনাথ দে, অধ্যাপক সুবোধ মহলানবিশ, অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ, অধ্যাপক মনোমোহন ঘোষ, অধ্যাপক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, আচার্য সত্যেন্দ্রনাথ বসু, আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়, শ্রীঅপূর্ব চন্দ, আচার্য শ্যামাপ্রসাদ, আচার্য মেঘনাদ সাহা, আচার্য জ্ঞানচন্দ্র ঘোষ, আচার্য জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায়, আচার্য নীলরতন ধর, মহামহোপাধ্যায় আশুতোষ শাস্ত্রী, শ্রর জেহাঙ্গিরজি কয়েজি, অধ্যাপক জ্যাকারিয়া, অধ্যাপক গিলক্রিস্ট, অধ্যাপক পার্দিভাল, অধ্যাপক রবীন্দ্রনাথ রায়, আচার্য প্রফুল্লচন্দ্র, আচার্য জগদীশচন্দ্র, অধ্যক্ষ জেমস, অধ্যক্ষ ওয়ার্ডসোয়ার্থ প্রভৃতির সাধনার আলোয় সে-জ্ঞানতীর্থ আলোকিত। কলেজ পত্রিকার এই স্ববর্ণ-জয়ন্তী-শুভক্ষণে এই পবিত্র তীর্থের সাধনধন, বর্তমানের কর্মী ও ভবিষ্যতের উজ্জ্বল আশাশূল প্রবীণ সাধক ও তরুণ অন্তবাসীদের নিকট আমার শ্রায় একজন সামান্য অনুরাগী ভক্ত ভূতপূর্ব ছাত্রের আন্তরিক বাসনা জানাই যে অধ্যক্ষ জেমসের ভাষায় বর্ণিত কলেজ অর্গ্যান বা পত্রিকার প্রতীক রবিকরে স্ফুটনোন্মুখ শতদলের পাপড়ি-গুলির মতো তাঁদের জীবন নানা বর্ণে বিচিত্র হয়ে ফুটে উঠুক। তাই বলি :

মহাবিছাৰ্যতন হিন্দু কলেজ— যে-নামের কিছুটা যেন তার আবাদিক বিভাগের মাঝ দিয়ে একভাবে উকি দিচ্ছে— জ্ঞানযজ্ঞপীঠের তরুণ ও প্রবীণ সাধকদের জ্ঞানসাধনার স্বরের ভাণ্ড— কলেজ-জীবন-অর্গ্যান (the organ of college life) জীবনের দিগ্‌মুখর বিচিত্র মুর্ছনায় রণিত ধ্বনিত হয়ে বেজে উঠুক আহিতাশ্লিখামাঝে শিষ্যমণ্ডলীপরিবৃত জ্ঞানতাপসবৃন্দেৰ বাগর্থাবিব সম্পৃক্তা মহাদেবীর আবাহনগীতির সঙ্গে আচার্য প্রফুল্লচন্দ্রেৰ ঈশ্বিত কেতাবি বিদ্যা ও বিজ্ঞানচর্চাৰ জীবনময় সমন্বয়ে নব-যুগেৰ নবতপোবন হিন্দু কলেজ— ভারতীৰ এই আদিপীঠ মহাভারতীৰ মহাতীর্থে পরিণত হোক ।

এসো মহাভারতী এসো এ-ভারতমহাতীর্থে

(হেথা) ধন্ত তপোজ্ঞান শতদল বিকশিত নব বর্ষে ।

শারীরবৃত্তের দর্শন

আশিসকুমার সিংহ

দর্শন ও বিজ্ঞানের পরিচয় দিতে গিয়ে Russel একবার বলেছিলেন, 'মানুষ যা-কিছু অনুমান করে সেগুলি তার দর্শনের বিষয়, আর পরীক্ষাগত পর্যবেক্ষণের ফলে সেই অনুমান থেকে যে-সত্যের আবিষ্কার ঘটে তাকে বলে বিজ্ঞান; এই বিচারে আজকের দর্শন আগামী দিনের বিজ্ঞানের রূপ পেতে পারে এবং আগামী দিনের দর্শন সেই বিজ্ঞানের উপরে ভিত্তি ক'রেই গ'ড়ে ওঠে।' বিখ্যাত দার্শনিকের এ-কথা মেনে নিলে বলতে হয়, জ্ঞানাত্মশীলনের প্রত্যেক শাখার একটি দর্শনের এবং একটি বিজ্ঞানের দিক আছে। কেননা, কি অতীতে কি বর্তমানে চিরকালই অনুমান থেকে শুরু ক'রে সত্যে পৌঁছানো সকল প্রকার মননের লক্ষ্য। প্রকৃতপক্ষে জ্ঞানাত্মশীলনের যে-কোনো শাখায় দর্শন ও বিজ্ঞানের পরস্পরনির্ভর ক্রমবিকাশেই সেই শাখার অধিষ্ট বিশেষ সত্যটি ক্রমে ক্রমে উদ্ঘাটিত হয়। এবং এই উদ্ঘাটন একটি ঐতিহাসিক কালক্রম মেনে চলে।

আদিযুগ থেকে মানুষ মননের যে-বিশেষ ক্ষেত্রে 'জীবনের' স্বরূপকে জানতে চেয়েছে তার নাম শারীরবৃত্ত। এই ক্ষেত্রের সত্যসাধনাও উপরি-উক্ত সাধারণ নিয়মের অনুগামী। শারীরবৃত্তের দর্শন ও বিজ্ঞানের ক্রমবিকাশে গত শতাব্দীর শেষদিকে 'জীবনের' একটি আংশিক পরিচয় পাওয়া গেছে এবং সেই পরিচয়ের উপর নির্ভর ক'রে জন্ম নিয়েছে শারীরবৃত্তের বিজ্ঞানভিত্তিক দর্শন। একে সম্যকভাবে বুঝতে হ'লে ইতিহাসের পটভূমিকায় ক্রমবিকাশের ধারাগুলিকে চিনে নেওয়া প্রয়োজন।

লিখিত ইতিহাসের প্রথমপাদে সভ্যতার আদিভূমি প্রাচীন ভারত, চীন ও গ্রীসদেশে শারীরবৃত্তের একটি অনুমাননির্ভর স্কুল অবৈজ্ঞানিক দর্শনের আবির্ভাব ঘটেছিল। Fear and cupboard love (C. E. M. Joad) থেকে জ্ঞাত অলৌকিক শক্তির কল্পনা ততদিনে একটি কল্যাণশক্তির ধারণায় রূপান্তরিত হয়েছে। প্রাচীন পণ্ডিতদের ধারণা ছিল 'জীবন' ঐ শক্তির প্রকাশমাত্র। বৈদিক ভারতবর্ষে ত্রিদোষবাদ প্রচলিত থাকলেও 'জীবনের' উৎস হিসাবে ঐ শক্তিকেই কল্পনা করা হয়েছে। প্রাচীন চীন (৩০০ খ্রীস্টপূর্ব) য়িন (Yin) এবং ইয়াং (Yang)— এই দুই কল্পিত শক্তিকে 'জীবনের' নিয়ন্ত্রারূপে গ্রহণ করেছিল। প্রাচীন গ্রীকরাও

অনুরূপ ধারণা পোষণ করতেন। জীবনীশক্তির উৎসরূপে Plato এবং Socrates কোনো 'unmoved mover'-এর কল্পনা করেছিলেন, আর Aristotle-এর ধারণা ছিল জড়দেহে আমাদের ইন্দ্রিয়াতীত কোনো শক্তির সঞ্চয় হওয়াই 'জীবনে'র প্রকাশ। প্রাচীন পণ্ডিতদের সর্বস্বীকৃত এই অবাঞ্ছনসোগোচর শক্তির নাম জৈবশক্তি বা Vital force। আর এই মতের নাম অধির্জৈববাদ বা Vitalism।

আধুনিক শারীরবৃত্ত অধির্জৈববাদকে অবৈজ্ঞানিক বলে মনে করে। কিন্তু উনিশ শতকের শেষভাগ পর্যন্তও এর ধারা নানা রূপে^১ নিজেকে জিইয়ে রেখেছিল। আমরা যদি মনে রাখি যে জড়বিজ্ঞানের প্রভূত চর্চায় লব্ধ জ্ঞানের প্রয়োগের ফলেই বৈজ্ঞানিক শারীরবৃত্তের অভ্যুদয় হয়েছে তা হ'লে এর এই টিকে থাকায় আমরা বিস্মিত হব না। কেননা, আলো না আসা অবধি অন্ধকারটাই প্রধান হয়ে থাকে। আর, জড়বিজ্ঞানের প্রভূত আলো শারীরবৃত্তের ক্ষেত্রে প্রকৃতভাবে এসে পড়েছে উনিশ শতকের শেষভাগে। অবশ্য, এর প্রস্তুতি চলেছিল অনেকদিন আগে থেকে, যুরোপীয় রেনেসাঁসের জন্মলগ্ন থেকেই।

বিভিন্ন দেশে কালে বিধৃত সমস্ত প্রাচীন সভ্যতার উত্তরসাধনার প্রতিশ্রুতি নিয়ে যুরোপে রেনেসাঁস এল পঞ্চদশ শতকের মাঝামাঝি।^২ তার আগের হাজার বছরের মধ্যযুগীয় অন্ধকারটা পেরিয়ে পিছনের দিকে চোখ ফেরালে আমরা শারীরবৃত্তের দুই বিরাট ঐতিহাসিক পুরুষের দেখা পাব। তাঁদের একজনের নাম Erasistratus এবং অগ্জন Galen। শারীরবৃত্তে পারিপার্শ্বিকের তুলনায় এঁদের মতো বড়ো প্রতিভা খুব কম জন্মেছেন। গ্রীক সভ্যতা যখন আয়োনীয় দ্বীপপুঞ্জ থেকে আলেকজান্দ্রিয়ায় স'রে গেছে— Erasistratus (৩০০ খ্রীস্টপূর্ব) তখনকার মাহুষ,

^১ pneuma, vital force entelechy, élan vital— বিভিন্ন সময়ে দর্শনে বিজ্ঞানে দৈবশক্তি এইসব বিভিন্ন নামে পরিচিত হয়েছে।

^২ বিবিধ কারণে প্রাচ্যভূখণ্ডে শারীরবৃত্ত-গবেষণার উত্তরসাধনা ব্যাহত হয়েছে। প্রসঙ্গত বিজ্ঞানগণ মনোবিজ্ঞানের একটি পত্রের উল্লেখ করা যায়। পত্রটিতে প্রাচীন ভারতে শারীরবৃত্তের অনুপ্রসারতার একটি কারণের সংকেত পাওয়া যায়। শারীরসংস্থানের (anatomy) উন্নতির উপরে শারীরবৃত্তের উন্নতি নির্ভরশীল—এ কথা আজ ঐতিহাসিক সত্য। বিজ্ঞানগণ মনোবিজ্ঞানের পত্র জানা যায়, প্রাচীন ভারতে শব্দব্যবচ্ছেদের পূর্বে শব্দটিকে কয়েকদিন জলে ডুবিয়ে রাখার পদ্ধতি ছিল, এতে ব্যবচ্ছেদের পূর্বে শব্দটি অন্তত আংশিকভাবে পচে যেত। ফলে শারীরসংস্থান সম্বন্ধে প্রাচীন ভারতীয়দের ধারণা কখনোই পূর্ণাঙ্গ হতে পারে নি। এই পদ্ধতিগত ক্রটিটুকু নেহাতই আকস্মিক। সমাজে বিজ্ঞানচর্চা বৃদ্ধি প্রবল থাকলে এই আকস্মিকতার হাত থেকে মুক্তি পাওয়া যেত, বৈদিকযুগের শেষভাগে নানা কারণে সেই প্রবলতা ছিল না। এছাড়া জড়বিজ্ঞানের উন্নতির উপরেও শারীরবৃত্তের উন্নতি সমগরিমাণে নির্ভরশীল। এই একই কারণে ঐ সময়ে জড়বিজ্ঞানচর্চাও শিথিল হয়ে পড়েছিল। তাই চরক-স্বশ্রুতের উত্তরসাধনা ভারতবর্ষে ফলবতী হতে পারে নি, হয়েছে রেনেসাঁসের পরবর্তী যুরোপে।

আর Galen (১৩০-২০০ খ্রী) বেঁচেছিলেন রোমান সাম্রাজ্যের স্বর্ণযুগে। সেই সুপ্রাচীন যুগে এঁরা বিভিন্ন দেহস্থ সশব্দে মৌলিক জ্ঞানের অধিকারী ছিলেন। কিন্তু এঁরাও অধির্জৈববাদকে অতিক্রম করতে পারেন নি। কেননা, ব্যক্তিপ্রতিভা যত বিরাট হোক-না কেন, যুগধর্মের ঐতিহাসিক চতুঃসীমায় সে সীমায়িত। গৃহীত মতকে জেনে না নিয়ে পরীক্ষার উপরে জোর দেওয়ার ঘে-রীতি আজ প্রচলিত সেদিনের যুগধর্ম ছিল তার বিপরীত। ফলে এঁদের তবীয় ব্যাখ্যা পরীক্ষাপ্রসূত তথ্যভিত্তিক না হয়ে বিশ্বাসের অহুগত হয়েছে। তাই যিনি Democritus-এর পরমাণুতত্ত্বের অহুসরণে ঘোষণা করেছিলেন, 'এই শরীর এমন অসংখ্য পরমাণুদ্বারা গঠিত যারা জড়বিজ্ঞানের নিয়মে চলে, কোনো "Unmoved Mover" বা শরীরী ব্যক্তির ইচ্ছায় নয়' সেই Erasistratus 'Unmoved Mover'-কে নশাৎ ক'রেও ফিরে এলেন 'pneuma' বা এক অলৌকিক শক্তির কাছে, তৎকালে প্রচলিত স্টোয়িক দর্শনের অহুসরণে বললেন, এই অলৌকিক শক্তিই জীবনের উৎস (লক্ষণীয় যে শারীরবৃত্তে পরমাণুতত্ত্বের প্রয়োগও Erasistratus-এর বিশ্বাসভিত্তিক ছিল, তথ্যভিত্তিক নয়।) আর যে-Galen অলক্ষ্য অধিষেদনের (insensible perspiration) কথা জানতেন, হৃৎপিণ্ডের আপন স্পন্দন সচল রাখবার নিজস্ব ক্ষমতার কথা যাঁর জানা ছিল এবং যিনি তাঁর পূর্বসাদকদের চিকিৎসাবিধাবিষয়ক সমস্ত জ্ঞান আয়ত্ত ক'রে অহুস্থতাকে দেহস্থনের স্বাভাবিক কাজের বিরূপিতরূপে প্রমাণ করতে চেয়েছিলেন, সেই Galen-এর ভাষাও একটু পৃথক^৩ হ'লেও মূলত একই। অর্থাৎ যুরে ফিরে সেই অধির্জৈববাদ ; সেই পুরোনো পানীয়, শুধু পাত্রটি নতুন— এই যা !

বেনেসাঁসের সঙ্গে সঙ্গে অবশ্যই অবস্থার পরিবর্তন ঘটল। পরীক্ষা না ক'রেই বিশ্বাস করার ঘে-ধর্মীয় প্রবণতা মানুষকে হাজার বছরের অমানবিক অন্ধকার জীবনযাপনে বাধ্য করেছিল, তার থেকে মুক্ত হয়ে মানুষ স্বভাবতই তখন সচেতন এবং সংশয়ী হয়ে উঠেছে। এর ফলে পরীক্ষার উপরে জোর পড়ল। সেই ধারা আজও অব্যাহত আছে। তবে সংশয়ের চেয়ে সচেতনতাই আজকের বৈজ্ঞানিক পরীক্ষার প্রেরণা হিশাবে অধিক স্বীকৃত— এ-কথা বলাই বাহুল্য।

শারীরবৃত্তে এই সংশয়ের প্রথম ঘোষক Andreas Vesalius (১৫১৪-৬৪ খ্রী)। তাঁকে বলা হয় Zooscopist অর্থাৎ জীবদেহপর্যবেক্ষক। তিনিই প্রথম তাঁর

^৩ Erasistratus-এর মতে ছই ধরনের pneuma বা অলৌকিক শক্তি আমাদের সমস্ত কর্ণকে নিয়ন্ত্রণ করে ; Galen-এর মতে pneuma-র সংখ্যা তিনটি।

জীবনের শেষভাগে Galen-এর প্রতিষ্ঠিত মতামতের বিরুদ্ধে বিদ্রোহ করেন। Galen-এর একটি ভ্রান্ত ধারণা ছিল এই যে হৃৎপিণ্ডের দক্ষিণভাগ থেকে রক্ত septum (বাম ও দক্ষিণ হৃৎপিণ্ডের মধ্যবর্তী পেশীনির্মিত পুরু পরদা) -গাত্রেব সৃষ্টি ছিদ্রপথে বামভাগে উপনীত হয়। অত্যন্ত সতর্ক পর্যবেক্ষণের ফলেও যখন Vesalius এইরূপ কোনো ছিদ্রের দেখা পেলেন না, তখন তিনি Galen-এর মত থেকে সরে আসতে দ্বিধা করেন নি। এই বিদ্রোহ যত ছোটোই হোক এর মধ্যে পরীক্ষাপ্রবণতার নিঃশঙ্ক প্রকাশ ঘটেছে। তাই এর ফল ছিল স্মদূরপ্রসারী।

Vesalius-এর সমসাময়িক Michael Servetus (১৫০৯-১৫৫৩ খ্রী) এবং তারপরে এলেন Fabricius (১৫৩৩-১৬১৯ খ্রী)। এঁরা সকলেই Zooscopist। নিপুণভাবে জীবদেহ পর্যবেক্ষণ করলেও দৃষ্ট তথ্যের কোনো ব্যাখ্যা এঁরা করেন নি। তাই দক্ষ পর্যবেক্ষক হ'লেও মহৎ বিজ্ঞানী এঁরা নন।

মহৎ বিজ্ঞানীর আবির্ভাব হ'ল Fabricius-এর পরে। এলেন শারীরবৃত্তের ইতিহাসে অগ্রতম অবিস্মরণীয় নাম— William Harvey (১৫৭৮-১৬৫৭ খ্রী)। তাঁর যুগে (সপ্তদশ শতকে) অল্পসহত জ্ঞানার্জীনের নতুন নীতি : 'Nature and Reason' (reasonable approach to Nature) বা যুক্তিভিত্তিক প্রকৃতিবীক্ষা। Harvey শারীরবৃত্তে এই নীতির সার্থক প্রয়োগ করলেন তাঁর শোণিত-সংবহন (circulation of blood) তত্ত্বের আবিষ্কারে। তিনি প্রথমে পরীক্ষা দ্বারা হৃৎপিণ্ডের একবার সংকোচনে নির্গত রক্তের পরিমাণ নির্ধারণ করলেন ; তারপরে বললেন, এই হিসাবে মিনিটে যে-রক্ত হৃৎপিণ্ড থেকে নির্গত হয় তা যদি আবার ঘুরে হৃৎপিণ্ডে না আসে তবে সেই রক্তের চাপে সমস্ত শরীর ফেটে যাওয়ার কথা। যেহেতু তা হয় না, অতএব একই রক্ত নিশ্চয়ই বারবার হৃৎপিণ্ড থেকে শরীরের বিভিন্ন স্থানে যায় এবং সে-সমস্ত স্থান থেকে আবার হৃৎপিণ্ডে ফিরে আসে— এককথায় blood must circulate। বলা বাহুল্য, প্রতি সংকোচনে নির্গত রক্তের পরিমাণ নির্ণয় তাঁর প্রকৃতিবীক্ষার দৃষ্টান্ত এবং পরবর্তী যুক্তিগুলির উপস্থাপনায় তিনি দৃষ্ট তথ্যের তাৎপর্য ব্যাখ্যা করেছেন। এইরূপে আপন যুগধর্মের সার্থক প্রয়োগে তিনি শারীরবৃত্তকে Zooscopy থেকে পরীক্ষামূলক বিজ্ঞানের (experimental science) স্তরে উন্নীত করেছিলেন ; তাই তিনি শারীরবৃত্তের ইতিহাসে সপ্তদশ শতকের যুগপুরুষ।

যুক্তিভিত্তিক প্রকৃতিবীক্ষণের এই নতুন নীতির প্রয়োগে এই সময়ে বিজ্ঞানের অগ্রাগ্র শাখাতেও কয়েকটি বিপ্লব ঘটে। প্রসঙ্গত সেগুলি উল্লেখযোগ্য। Galileo ও Newton পদার্থবিজ্ঞানের বহু প্রারম্ভিক সূত্রের আবিষ্কার করেন। ওদিকে এতদিন পর্যন্ত রসায়নচর্চার একটি মুখ্য উদ্দেশ্য ছিল স্বল্পমূল্যের ধাতুকে সোণায় পরিণত করা।

নতুন নীতির অভিধাতে এই কল্পনাবিলাস গেল উবে। ফলে একদল রসায়নবিদ—
যাদের ইয়াত্রোরসায়নবিদ (Iatrochemist) বলা হয়— স্বর্ণসন্ধান পরিভ্যাগ ক'রে
জৈব-রসায়নের গবেষণায় মন দিলেন। এরপর এলেন কিছু ইয়াত্রোপদার্থবিদও
(Iatrophysicist)। এবং নতুন নীতির প্রয়োগে, জড়বিজ্ঞানের প্রভূত উন্নতির
অভিধাতে এবং ইয়াত্রোরসায়নবিদ, ইয়াত্রোপদার্থবিদ ও শারীরবৃত্তবিদদের সমবেত
প্রয়াসে শারীরবৃত্তের গবেষণায় জড়বিজ্ঞানের নিয়মাবলীর প্রয়োগ ক্রমেই বেড়ে যেতে
লাগল। ফলত শেষে এমন ধারণার উদ্ভব হ'ল যে জীবদেহ এবং জড়যন্ত্রে কোনো
তফাত নেই, উভয়ে একই নিয়মের আঞ্জাবাহী। এই নবোদিত মতের নাম
অধিযন্ত্রবাদ বা Mechanism। তৎকালের বিখ্যাত ফরাশি দার্শনিক ও গণিতজ্ঞ
Descartes এই মতকে খুব জোর দিয়ে সমর্থন করেছেন।^৪

এর পরে প্রায় দুশো বছর অধিযন্ত্রবাদীদের সঙ্গে অধিজৈববাদীদের তর্ক চলছে।
প্রথম দল পরীক্ষা ক'রে দেখিয়েছেন যে দেহযন্ত্র তাদের বিভিন্ন কাজে জড়বিজ্ঞানের
নিয়ম মানে। আর বিরোধী পক্ষ বলেছেন : 'তোমাদের কথা মেনে নিলেও কিছু প্রক্স
থেকে যায়। জীব এবং জড়ের পার্থক্য কিছুতেই উপেক্ষা করা যায় না। যেমন ধরো,
তাপমাত্রার কথা। যে-কোনো জড়বস্তুর তাপমাত্রা বহিঃপরিবেশের উপরে সম্পূর্ণ
নির্ভরশীল; বস্তুটির তাপমাত্রা পরিবেশের তাপমাত্রার তারতম্য অল্পমাত্রায় পরিবর্তিত
হয়ে শেষ পর্যন্ত পরিবেশের সঙ্গে একই তাপমাত্রায় চ'লে আসতে বাধ্য। কিন্তু অল্পরূপ
তারতম্যের মুখেও প্রাণীদেহের তাপমাত্রার কোনো পরিবর্তন হয় না। কোনো বিশেষ
জৈবশক্তি ছাড়া কে তবে জীবদেহকে পরিবেশের প্রভাব থেকে এভাবে মুক্ত রাখে?
আর কে বা পৃথক দেহযন্ত্রগুলির কর্মধারাকে এমনভাবে একত্রে গেঁথে দিল যার ফলে
সমগ্র শরীর একটি অখণ্ড সত্তার রূপ পরিগ্রহ করেছে?' এই মতের শেষ প্রবক্তা
Liebig, Driesch প্রমুখ বিজ্ঞানীগণ।

অধিজৈববাদীদের প্রথম প্রশ্নটির উত্তর এবং দ্বিতীয় প্রশ্নটির উত্তরের সংকেত এল
Liebig-এর সমসাময়িক ফরাশি বিজ্ঞানী Claude Bernard (১৮১৩-৭৮ খ্রী)
-এর কাছ থেকে। সমস্ত জীবজগৎকে বিশ্লেষণ ক'রে Bernard দেখালেন যে জীবন
ত্রিরূপে প্রকাশমান : ১. Vie latente অর্থাৎ বীজ, ডিম প্রভৃতির latent বা
অব্যক্ত জীবন; ২. Vie oscillante অর্থাৎ যে-জীবন প্রতিকূল বহিঃপরিবেশের
সম্মুখে সাময়িকভাবে অদৃশ্য থাকে এবং বহিঃপরিবেশ অল্পকূল হ'লেই আবার আপন
বৈশিষ্ট্যগুলি ফিরে পায় সেইরূপ oscillating বা দোলায়মান জীবন— অনেক এককোষী

^৪ 'One thinks metaphysically, but one lives and acts physically'—
অধিজৈববাদের প্রসঙ্গে Descartes-এর এই বাস্তবিক স্মরণীয়।

প্রাণীর জীবন এই শ্রেণীর অন্তর্গত ; এবং ৩. *Vie constante* বা নিত্য জীবন অর্থাৎ যে-জীবন প্রতিকূল বহিঃপরিবেশেও আপন বৈশিষ্ট্যগুলি বজায় রাখতে সক্ষম— প্রাণীজগতের অনেক উচ্চতর বহুকোষী সভ্য এই জীবনের অধিকারী। তিনি বললেন, ‘প্রথম শ্রেণীর অব্যক্ত জীবনের কথা ছেড়ে দিলে বাকি যে-দুটি ব্যক্ত জীবনের শ্রেণী থেকে যায় তাদের মধ্যে দোলায়মান জীবন নিঃসন্দেহে বহিঃপরিবেশের উপরে নির্ভরশীল ; অধিঃজৈববাদীরা তাঁদের আলোচনায় এই শ্রেণীটিকে বিস্ময়করভাবে উপেক্ষা করেছেন।’ একমাত্র নিত্য জীবনের ক্ষেত্রে তাঁদের কথাগুলিকে Bernard ভেবে দেখবার উপযোগী বলে স্বীকার করলেন এবং বললেন, ‘নিত্যজীবী প্রাণীসমূহের শরীর বহু জীবিত দেহকোষের সমাবেশ। জীবনের একক (unit) এই দেহকোষগুলি বহিঃপরিবেশের প্রত্যক্ষ সংস্পর্শে থাকে না, একটি *internal environment* (*milieu intérieur*) বা অন্তঃপরিবেশ তাদের ঘিরে রাখে। এই অন্তঃপরিবেশ রক্ত, তন্তুরস প্রভৃতি তরল পদার্থের দ্বারা রচিত এবং স্বাভাবিক অবস্থায় এর প্রকৃতি ধ্রুব (constant) ; অর্থাৎ, এর রচনা (composition), তাপমাত্রা, অম্লত্ব (acidity) প্রভৃতি প্রকৃতি-নির্ভর গুণগুলি বহিঃপরিবেশের পরিবর্তনের মুখেও এক থাকে।’ পরবর্তীকালে Cannon এই ঘটনাটির নাম দিয়েছিলেন Homeostasis বা সমস্থিতি (স্ববিধার জন্ম Bernard-এর মতের আলোচনায় এই নামটিই এখানে ব্যবহৃত হচ্ছে।) ‘এই সমস্থিতি’, Bernard-এর মতে, ‘কোনো জৈবশক্তির ক্রিয়ায় উদ্ভূত নয় ; আসলে জল, অক্সিজেন, উদ্ভাপ এবং দেহকোষে সঞ্চিত যে-সব রাসায়নিক পদার্থ জীবনের পক্ষে অপরিহার্য সেগুলির মধ্যে সামঞ্জস্যবিধানের দ্বারা স্নায়ুতন্ত্রই (nervous system) নিত্যজীবী প্রাণীসমূহের ক্ষেত্রে সমস্থিতিকে সম্ভব করে। অর্থাৎ অধিঃজৈববাদীরা যে-কাজের জন্ম জৈবশক্তির কল্পনা করেছিলেন Bernard সেই কাজের জন্ম স্নায়ুতন্ত্রকে নির্দিষ্ট করলেন। তাঁর এ-ধারণার প্রকাশকাল ১৮৭৮ খ্রীস্টাব্দ : তাঁর মৃত্যুর বছর। Erasistratus-এর পরমাণুতত্ত্বের প্রয়োগের মতো তাঁর এ-ধারণা অপরীক্ষিত বিশ্বাসভিত্তিক নয়। বস্তুত এটি এক মহৎ বিজ্ঞানীর বহু দক্ষ পরীক্ষায় অর্জিত জ্ঞানের সংহত রূপায়ণ।^৫ এই ধারণার প্রকাশের ফল প্রধানত দুটি। প্রথমত এর ফলে এই প্রথম জড়ের সঙ্গে ‘জীবনে’র তথা জড়বিজ্ঞানের সঙ্গে শারীরবৃত্তের সঠিক সম্পর্ক নির্ণীত হ’ল ;

^৫ *V* como or স্নায়ুর উপরে গবেষণা, গ্লাইকোজেন ও শর্করা বিপাক (metabolism) এবং পেশীর কার্যের উপরে Curar -এর প্রভাব আবিষ্কার— এইগুলিই Claude Bernard-এর উল্লেখযোগ্য কাজ। এই কাজগুলি তাঁর চিন্তায় শরীরের রাসায়নিক গঠন এবং তার উপরে স্নায়ুতন্ত্রের প্রভাব সম্বন্ধে আলোকসম্পাত করেছিল।

স্পষ্ট হ'ল যে শরীরেরই কোনো অংশ (স্নায়ুতন্ত্র) দ্বারা—কোনো জৈবশক্তির দ্বারা নয়—কিছু রাসায়নিক (জড়) পদার্থের বিশেষভাবে নিয়ন্ত্রণের ফলেই সমস্থিতির মতো বিশেষ জৈবঘটনার উদ্ভব। অতএব, নিয়ন্ত্রণের বৈশিষ্ট্যের সঙ্গেই 'জীবনের' স্বরূপ জড়িত অর্থাৎ শারীরবৃত্তের ঘটনাসমূহ ও তাদের নিয়ন্ত্রণ জড়বিজ্ঞানের নিয়মের আওতায় থাকলেও নিয়মগুলি এখানে এমন বিশেষভাবে প্রযোজ্য যার ফলে 'জীবন' নামক বিশেষ ব্যাপারটির অভ্যুদয়। জড়বিজ্ঞানের নিয়মাবলীর এই প্রয়োগবৈশিষ্ট্য 'জীবন'কে জড় থেকে স্বতন্ত্র করেছে এবং শারীরবৃত্ত ও জড়বিজ্ঞানের মধ্যেও এই স্বাতন্ত্র্য বিद्यমান। তাই 'জৈবঘটনায় জড়নিয়ম লঙ্ঘিত হয় না'—অধিবৃত্তবাদীদের এ-কথা ঠিক; এবং, তাঁরা যখন বলেন 'জড়বিজ্ঞানের পরীক্ষাপদ্ধতি এযোগে জৈব ঘটনাকে পর্যবেক্ষণ করা যাবে' তখনো ঠিকই বলেন, কিন্তু যখন তাঁরা জীবদেহকে জড়বৃত্তের সঙ্গে তথা শারীরবৃত্তকে জড়বিজ্ঞানের সঙ্গে এক ক'রে ফেলেন, যখন দাবি করেন 'শারীরবৃত্তের শৃঙ্খলা (discipline) এবং জড়বিজ্ঞানের শৃঙ্খলা অভিন্ন' তখনই ভুল করেন; অধিজৈববাদীদের উত্তরে জৈবঘটনার বৈশিষ্ট্যের পর ব্যাখ্যা তাঁরা তখন দিতে পারেন না। আবার অন্যদিকে 'জৈবঘটনায় নিয়মের কোনোই প্রয়োগ নেই'—অধিজৈববাদীদের এই চরম অভিমতটিও ভ্রান্ত। Bernard-এর আবির্ভাবের ঠিক পূর্ববর্তী দুটি শতাব্দী এই দুই চরম ও ভ্রান্ত মতের বিতর্কে, কখনো বা কলহে, আলোড়িত ছিল। Claude Bernard অত্যন্ত সহজে যথার্থ শারীরবৃত্তবিদের বৈজ্ঞানিক মতবাদ প্রচার করে এদের প্রত্যেকটির কিছুটা বর্জন ও কিছুটা গ্রহণ করে শারীরবৃত্তের নিজস্ব তত্ত্বের আবিষ্কার এবং তার ভিত্তিতে বৈজ্ঞানিক শারীরবৃত্তের প্রতিষ্ঠা করেন। তাই তিনি আধুনিক শারীরবৃত্তের জনক।

Bernard-এর ধারণার দ্বিতীয় ফল হ'ল এই যে স্নায়ুতন্ত্র সহজে তাঁর ধারণা পূর্ববর্তী গবেষণাকে বিশেষভাবে প্রভাবিত করেছিল। তাঁর মৃত্যুর কুড়ি বছর পরে (১৮৯৮ খ্রী) Sherrington এবং প্রায় একই সময়ে Pavlov স্নায়ুতন্ত্রের যে-সংহতিসম্পাদনী কাজের (integrating action) আবিষ্কার করেছিলেন Bernard-এর সমস্থিতিসংক্রান্ত আলোচনায় সেই আবিষ্কারের বীজ উপ্ত ছিল। এঁরা পরীক্ষা করে দেখালেন, বিভিন্ন দেহযন্ত্রগুলি পরস্পরকে নিয়ন্ত্রণের ও পরস্পরের দ্বারা নিয়ন্ত্রিত হওয়ার এক বিশেষ ক্ষমতার অধিকারী এবং স্নায়ুতন্ত্র এই নিয়ন্ত্রণের মাধ্যম। (পূর্ববর্তীকালে হরমোন এবং শোণিতসংবহনতন্ত্রও এই নিয়ন্ত্রণের অত্যন্ত মাধ্যমরূপে প্রমাণিত হয়েছে।) ফলে শরীরেরই কোনো কোনো অংশ জড়বিজ্ঞানের নিয়ম মেনেই পৃথক দেহযন্ত্রগুলির কর্মধারাকে সংহত করে সমগ্র শরীরকে এক অথও সত্তার রূপ দান করে। উদাহরণস্বরূপ বলা যায়, কোনো শ্রমসাধ্য কাজে—যখন

কোনো কোনো পেশীকে বেশি কাজ করতে হয়—হৃৎস্পন্দন এবং শ্বাসপ্রশ্বাস পেশীনিচয়ের অতিরিক্ত কাজের সঙ্গে সংগতি রেখে বেড়ে যায়। আর এই পারস্পরিক নিয়ন্ত্রণ সংঘটিত হয় স্নায়ুতন্ত্র, হরমোন ও শোণিতসংবহনের মাধ্যমে। এঁদের আবিষ্কৃত সংহতি বিভিন্ন দেহযন্ত্রের মধ্যে সামঞ্জস্য সাধন করে; এত স্পষ্ট ক'রে না হ'লেও Bernard-ও স্নায়ুতন্ত্রের উপরে সামঞ্জস্যবিধানের দায়িত্বই অর্পণ করেছিলেন। Sherrington ও Pavlov-এর আবিষ্কারের মধ্যে অধিভৈববাদীদের শরীরের সংহতি-সংক্রান্ত প্রশ্নটির উত্তর মিলে গেল।

খব সংক্ষেপে এই হ'ল বৈজ্ঞানিক শারীরবৃত্তের জন্মকাহিনী; অথবা অল্পকথায়, শারীরবৃত্তের দর্শনের ক্রমপরিণতির ইতিহাস। বলা বাহুল্য যে এ-দর্শন আজও পূর্ণ পরিণতি পায় নি; কেননা 'জীবনে'র বিজ্ঞানসম্মত স্বরূপ এখনো আমাদের অজ্ঞাত। Bernard, Sherrington ও Pavlov -এর আবিষ্কারে একটি বিশেষ জৈবঘটনার ব্যাখ্যা মিলেছে মাত্র এবং এই ব্যাখ্যার উপর ভিত্তি ক'রে সবেমাত্র বৈজ্ঞানিক শারীরবৃত্তের জন্ম হয়েছে। জন্মের পরবর্তীকালের শারীরবৃত্তে আজ পর্যন্ত অসংখ্য পরীক্ষালব্ধ তথ্যের সমাবেশ হয়েছে, হরমোনের আবিষ্কারও ঘটেছে এই সময়ে; কিন্তু সমস্থিতির মতো নতুন কোনো মৌলিক তত্ত্বের আবিষ্কার হয় নি। ফলে শারীরবৃত্তের দর্শন বিশ শতকে উনিশ শতক থেকে এগিয়ে আসে নি বলা যায়। তবে নূতন দার্শনিক তত্ত্বের আবিষ্কার এখনো না হ'লেও সেই আবিষ্কারের পথনির্মাণ যে অতিক্রান্ত অগ্রসর হচ্ছে এ-কথা অনস্বীকার্য। অনেক অস্পষ্ট বাসনায়—এই অস্পষ্ট বাসনার বাঁধা হয়েছে সার্থকভাবে। একদা ঐতিহ্যগত (traditional) শারীরবৃত্ত বিপাক-ক্রিয়া (metabolism), চলৎ-শক্তি, প্রজনন প্রভৃতি 'জীবনে'র যে-লক্ষণগুলি নির্দিষ্ট করেছিল, আজ থেকে প্রায় ত্রিশ বছর আগেই সেগুলি অগ্রাহ্য ব'লে বিবেচিত হয়েছে। এর ফলে সেদিন এক অসহনীয় অস্পষ্টতা ও শূণ্যতার সৃষ্টি হয়েছিল। অনেকে 'জীবন' এই শব্দটিকে অর্থহীন ব'লেও ঘোষণা করেছিলেন।^৬ আজ মাত্র ত্রিশ বছরের ব্যবধানেই সেই শূণ্যতা অপসৃতপ্রায়। 'জীবন' কী—এ-প্রশ্নের সঠিক উত্তর এখনো ভবিষ্যতের গর্ভে আছে ঠিকই, কিন্তু সাম্প্রতিক শারীরবৃত্ত নিশ্চয়তার সঙ্গেই দাবি করতে পারে যে সে এ-প্রশ্নের বৈজ্ঞানিক উত্তরের কাছাকাছি গেছে। জৈবরসায়ন ও জৈবপদার্থবিজ্ঞানের সমবেত প্রয়োগে দেখা গেছে যে নিউক্লিওপ্রোটিন অণুগুলি জীবিত সত্তার সাধারণ উপাদান। এই উপাদানের বিভিন্ন ধর্মগুলিকে

^৬ ১৯৩৮ এ প্রকাশিত *Perspectives in Biochemistry* (Edited by J. Needham & D. L. Green) গ্রন্থে N. W. Pirie রচিত 'The Meaninglessness of the Terms: Life and Living' নামক প্রবন্ধটি দ্রষ্টব্য।

জড়বিজ্ঞানের পদ্ধতি দিয়ে পরীক্ষার কাজ চলেছে ব্যাপকভাবে। ব্যাপক পরীক্ষা চলেছে এন্জাইম বা জৈব অণুঘটকের ক্ষেত্রেও। জীবিত কোষের দ্বারা নির্মিত, সীমিত আয়ুর অধিকারী এই অণুঘটকগুলি ক্ষিপ্ৰতায় ও অগাঢ় ব্যবহারে জড়জগৎ থেকে বৈশিষ্ট্য দাবি ক'রে। এইসব কাজের দ্বারা 'জীবনের' বৈজ্ঞানিক পরিচয় মিলবেই—এ-কথা মনে করার মতো যথেষ্ট তথ্য আজ বর্তমান। প্রাচীনকালের *pneuma* বা *vital force*, *Driesch*-এর *entelechy* অথবা দার্শনিক *Bergson*-র অল্পভূতিলভ্য *élan vital* আজ শারীরবৃত্ত থেকে বিদায় নিয়েছে। আজকের শারীরবৃত্ত প্রকৃতপক্ষে ঐতিহ্যগত দর্শনের প্রতি এক বিরাট চ্যালেঞ্জস্বরূপ। আর, শুধু 'জীবনের' ক্ষেত্রেই নয়, এ-চ্যালেঞ্জ বরং দৃঢ়তর হয়েছে 'মন' (*mind*) বা 'চেতনা' (*consciousness*) -র ক্ষেত্রে। প্রাচীন যুগ থেকে 'জীবন' ও 'চেতনা'র প্রশ্নটি স্বাভাবিক কারণেই অঙ্গাঙ্গিভাবে জড়িত। *Descartes*-এর মতো অধিযন্ত্রবাদীও এ-প্রশ্নে কিছুটা বিহ্বলভাবে *Aristotle*-এর *psyche*-কে মেনে নিয়েছিলেন, যার ফলে তাঁর দ্বৈতবাদ বা *Dualism*-এর উদ্ভব হয়েছিল। আজকের শারীরবৃত্তে এই বিহ্বলতার লেশমাত্রও অবশিষ্ট নেই। প্রথমেই প্রশ্ন উঠেছে 'মন' বা 'চেতনা'র সংজ্ঞা কী? দার্শনিক *David Hume* -এর সঙ্গে কণ্ঠ মিলিয়ে সাম্প্রতিক শারীরবৃত্তবিদ 'মন' শব্দটিকে অনির্দিষ্ট (*undefined*) ব'লে ঘোষণা করেছেন এবং এই কারণে শব্দটিকে সমস্ত আলোচনা থেকে দূরে রাখতে চান। 'মন'-এর চেয়ে 'চেতনা' অনেক বেশি নির্দিষ্ট শব্দ। আজকের শারীরবৃত্তে 'চেতনা'র অর্থ হ'ল সময়-ধারণ-ক্ষমতা (*Time-binding ability*), অর্থাৎ সন্দীপিত অভিজ্ঞতাকে সম্ভাব্য ভবিষ্যতের পরিপ্রেক্ষিতে বর্তমানের ক্রিয়াপদ্ধতির সঙ্গে মেলানোর ক্ষমতা। এই ক্ষমতার দ্বারা ই আমরা প্রাত্যহিক জীবনের ধূলিমাখা মুহূর্তগুলিকে পরস্পরের সঙ্গে মিলিয়ে থাকি। আবার, যে-ক্ষমতার দ্বারা সময়ের এই বিরাট ধারাবাহিকতা (*continuum*) -কে বোঝা যায়, বোঝা এবং বলা যায় যে,

Time present and time past
Are both perhaps present in time future,
And time future contained in time past.^১

সেই ক্ষমতাও এই সময়-ধারণ-ক্ষমতার বিশেষ প্রকাশমাত্র; কেননা এই বোধও অভিজ্ঞতা থেকেই সঞ্জাত এবং বলার এই ভঙ্গিও নিজের এবং সমগ্র মানবমননের দীর্ঘ অল্পশীলনের ফলশ্রুতি—অতএব অতীতনির্ভর। একটু বিশ্লেষণ করলেই বোঝা যাবে,

১ 'Burnt Norton'— T. S. Eliot.

এই সময়-ধারণ-ক্ষমতা আসলে Pavlov ও Sherrington -এর আবিষ্কৃত স্নায়ুতন্ত্রের সংহতিসম্পাদনী কাজের আংশিক পরিচয় ব্যতীত কিছু নয়। এই ক্ষমতার প্রাথমিক উপাদান স্মৃতি; দ্বিতীয় উপাদান— স্মৃতির সঙ্গে বিভিন্ন ইন্ড্রিয়ের দ্বারা অনুভূত বর্তমান পরিস্থিতির সংযোগ ও সম্যক উপলব্ধি এবং তৃতীয় উপাদান— স্মৃতির সহায়তায় সম্ভাব্য ভবিষ্যৎকে অল্পমান করে তার পরিপ্রেক্ষিতে এবং উপলব্ধ বর্তমানের ভিত্তিতে বর্তমান ক্রিয়াপদ্ধতি নির্ণয়। দেখা গেছে, মস্তিষ্কের (cerebral cortex) বিভিন্ন অংশই এই কাজগুলি করে এবং ঐ নির্দিষ্ট অংশগুলির স্বাভাবিক কাজ ব্যাহত হ'লে 'চেতনা'র প্রকাশও অস্বাভাবিক হয়; যেমন, মস্তিষ্কের প্রাকসম্মুখভাগের (prefrontal lobe) কাজ অস্বাভাবিক হ'লে স্মৃতি ব্যাহত হয়, ফলে 'চেতনা'র অস্বাভাবিক প্রকাশ ঘটে। এই ধরনের তথ্যপুঞ্জ প্রমাণ করে যে, একদা Descartes যে-আধিভৌতিক শক্তিকে জীবনের ক্ষেত্র থেকে অপসৃত ক'রেও 'চেতনা'র ক্ষেত্রে বজায় রাখতে বাধ্য হয়েছিলেন সে-শক্তিকে 'চেতনা'র ব্যাখ্যাতেও মেনে নেয়ার আজ আর কোনো কারণ নেই— 'চেতনা' আসলে ভৌত শরীরের অংশবিশেষের কর্মফল। এই শক্তির সম্পূর্ণ বিতাড়নের দ্বারা 'জীবন' ও 'চেতনা'র বিজ্ঞানসম্মত রূপের পরিচয় একদিন পাওয়া যাবে। আর, যদি আমরা মেনে নিই যে মানুষের সার্বিক মনন আদিকাল থেকে একই সত্যের সন্ধানে ব্রতী, তা হ'লে এ-কথাও মানতে হয় যে 'জীবন' ও 'চেতনা'র এই বিজ্ঞানসম্মত পরিচয়ের ভিত্তিতেই Russel-এর প্রত্যাশিত বৈজ্ঞানিক দর্শনের সার্থক পরিচয় মিলবে। বিশ্লেষণধর্মী মনন ও প্রচলিত মূল্যবোধের মধ্যবর্তী যোগসূত্রটি আবিষ্কারের সম্ভাব্য বর্তমান পৃথবা যে-চুরাতক্রম্য শূন্যতার দ্বারা পীড়িত সেই শূন্যতার অপসারণও হবে এই বৈজ্ঞানিক দর্শনের ভিত্তিতে জীবনের নবমূল্যায়নের দ্বারা। আধিভৌতিকতার অবসানে একমাত্র সেদিনই শারীরবৃত্তের দর্শনের পরিণতি, তথা তত্ত্বীয় শারীরবৃত্তের (Theoretical Physiology) সার্থক অভ্যুদয় সম্ভব। সমসাময়িক শারীরবৃত্তবিদেরা আশা করেন, আজ হোক কাল হোক ইতিহাসে সেদিন অনিবার্য।

স্মরণে

বাঙলা কথাসাহিত্যের দুটি উজ্জ্বল নাম নরেশচন্দ্র সেনগুপ্ত এবং প্রেমানন্দর আতর্ষী। নরেশচন্দ্রের 'শুভা', 'অভয়ের বিয়ে', 'তারপর', 'সর্বহারা', 'অগ্নিসংস্কার', 'বিপর্যয়' ইত্যাদি উপন্যাসের তীক্ষ্ণ বিশ্লেষণ, অল্পভূতিগৌরব এবং চিন্তার বিচিত্রতা পাঠক ও সমালোচকের দৃষ্টি আকর্ষণ করে। কেউ কেউ বলেছেন যে, অল্পভূতির তুলনায় চিন্তার প্রাচুর্যই তাঁর প্রধান বিশেষত্ব এবং সূক্ষ্ম বিশ্লেষণের সঙ্গে কাহিনীর ধারায় অতর্কিত পরিবর্তন ঘটিয়ে তোলাই তাঁর বিশেষ স্বভাব।

প্রেমানন্দর আতর্ষীর 'মহাস্থবির জাতক' নরেশচন্দ্রের রচনার সঙ্গে ঠিক এক যুগে পড়ে না। তিনি প্রবীণ বয়সে তাঁর সারা জীবনের নানা কাহিনীর স্মৃতি রচনার জন্মে 'মহাস্থবির' নামটি ব্যবহার করেছিলেন। হাঙ্গুপরিহাসের সঙ্গে কখনো গভীরতার সমাবেশ, কখনো-বা দ্রুত অগ্রসরণই তাঁর বৈশিষ্ট্য।

নরেশচন্দ্র এবং প্রেমানন্দর, উভয়েই লোকান্তরিত হয়েছেন। পরিদৃশ্যমান বর্তমানের সীমা উত্তীর্ণ হয়ে তাঁদের নাম অতঃপর চিরকালের স্মরণ-ফলকে উৎকীর্ণ থাকবে। প্রিয়-বিচ্ছেদের দুঃখবোধের সঙ্গে তাঁদের স্মৃতির্তির গভীর গৌরববোধ এবারের পত্রিকা-সম্পাদনার মুহূর্তে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

গ্রন্থ পরিচয়

১. চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র / ভবতোষ দত্ত / জিজ্ঞাসা, কলকাতা ২৯।
২. বঙ্কিম সাহিত্য পাঠ / হরপ্রসাদ মিত্র / বি. সরকার অ্যাণ্ড কোং, কলকাতা ১২।

ঊনবিংশ শতাব্দী ভারতবর্ষের ইতিহাসে একটি বিশেষ স্থান অধিকার ক'রে আছে আর তার মাহুগুণ্ডলোও সেই শতাব্দীর শ্রোতে অবগাহন করবার সুযোগ পেয়েছিল— আর যাঁরা ছিলেন নেতৃস্থানীয়, তাঁরা সেই শ্রোতের গতিকে নিজেদের মধ্যে প্রতিকলিত করতে সক্ষম হয়েছিলেন। ঊনবিংশ শতাব্দী বাঙলা তথা ভারতের ইতিহাসে এক যুগ-সন্ধিরূপে পরিগণিত হয়েছে। সেই শতাব্দীতে একটা নবজাগরণের ঢেউ পরিলক্ষিত হয়। সেই নবজাগরণ প্রাচ্য ও পাশ্চাত্যের সংঘর্ষের অনিবার্য পরিণাম। প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে মিলনই ছিল এই নবজাগরণের মূলধ্বনি। প্রাচ্যের সনাতন আধ্যাত্মিকতা ও পাশ্চাত্য বস্তুবাদের আশ্চর্য সমন্বয়সাধনই এই ধ্বনির মূল লক্ষ্য। বঙ্কিমচন্দ্র ছিলেন ঊনবিংশ শতাব্দীর এই ধারণার পরিপূর্ণ প্রকাশ এবং তিনি ছিলেন ঊনবিংশ শতাব্দীর বাঙলার প্রতীক। বঙ্কিমচন্দ্রের মনন ছিল এই যুগধর্মের প্রকাশ। আর সেই মননের বিকাশ ছিল তাঁর সাহিত্যকর্ম। বঙ্কিমচন্দ্র মূলত ছিলেন লেখক— সমাজসংস্কারক, ধর্মপ্রচারক বা নেতা হ'তে চাননি। এইদিক দিয়ে তাঁর সঙ্গে বিজ্ঞানাগর, বিবেকানন্দ, কেশবচন্দ্র ও স্বরেন্দ্রনাথের সঙ্গে বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়। তিনি দয়ার সাগর বিজ্ঞানাগর না হয়ে— ব্রহ্মানন্দ কেশবচন্দ্র না হয়ে— রাষ্ট্রগুরু না হয়ে হলেন সাহিত্যসম্রাট ও ঋষি। তাঁর চিন্তাধারার ব্যাপকতা, গভীরতা ও অসাধারণতা তাঁকে ঋষির পর্যায়ে উপনীত করেছে। আর তাঁর সাহিত্যকর্মের বিশালতা ও ব্যাপ্তি তাঁকে সাহিত্যসম্রাটের মর্যাদা দিয়েছে।

আলোচ্য পুস্তকদ্বয়ের প্রথমটিতে বঙ্কিমচন্দ্রের মনন নিয়ে আলোচনা করা হয়েছে। লেখক একটি মস্ত সত্যকথা বলেছেন যখন তিনি বলেছেন—‘বঙ্কিমচন্দ্রের মনীষাকে ভাল করে এখনও বিশ্লেষণ করে দেখা হয় নি।’ লেখক এই বিশ্লেষণে হাত দিয়ে একটি অতিপ্রয়োজনীয় কাজ করেছেন। বঙ্কিম-মননের রহস্য উন্মোচনে তিনি একটি বিদগ্ধ এবং চিন্তাশীল মনের পরিচয় দিয়েছেন। বঙ্কিম-মননের উত্থান, বিকাশ এবং প্রভাব— এই সমস্তেরই পাণ্ডিত্যপূর্ণ অথচ সরল আলোচনার অবতারণা করেছেন। দেশ, সমাজ, যুগধর্ম কেমন ভাবে তাঁর মননের গঠনে সহায়তা করেছে তা লেখক পরিষ্কারভাবে

দেখিয়েছেন। লেখক এ-কথা স্পষ্টই ঘোষণা করেছেন যে বঙ্কিম-যুগ এবং বঙ্কিম-মনীষার বৈশিষ্ট্য হ'ল জীবনের একটা সমগ্র অস্তিত্বের বৈচিত্র্যকে উপলব্ধি করা। এই মননের একটা ঐক্য ছিল— খণ্ডের গণি অতিক্রম ক'রে তার ঐক্যের প্রতি ধাবমান। পাশ্চাত্য বস্তুবাদ বঙ্কিমকে গ্রাস করতে পারে নি। আর প্রাচ্য রক্ষণশীলতাও তাঁকে আবদ্ধ করতে পারে নি। বস্তুত বঙ্কিম একদিকে যুক্তি ও তথ্যের এবং অল্পদিকে একটি সূদৃঢ় আদর্শ কল্পনার সত্যতা স্বীকার করলেন। আবার বঙ্কিমচন্দ্র সমাজের খণ্ডসমস্তার আলোচনায় মত্ত হন নি। জীবনের একটা পূর্ণাঙ্গ তত্ত্বের ব্যাখ্যা-প্রদানই ছিল তাঁর ধর্ম, মনুস্মৃতির বিকাশই ছিল তাঁর কাম্য। কিন্তু বঙ্কিমচন্দ্র ভারতীয় সংস্কৃতির অধ্যাত্ম-সাধনার দিকটায় জোর না দিয়ে কর্ম ও কীর্তির প্রতি আকৃষ্ট হয়েছিলেন। মহাভারতের যুগ হ'ল এই কর্মকীর্তির যুগ, আর কৃষ্ণের মধ্যে তিনি খুঁজে পেলেন মানবতার পূর্ণ বিকাশ।

এই প্রসঙ্গে এটাও উল্লেখযোগ্য যে বঙ্কিমচন্দ্রের মনন সংকীর্ণ ছিল না— তিনি প্রতিক্রিয়াশীল ছিলেন না। কালের পদসঞ্চারে বঙ্কিম-চিন্তাও বিবর্তিত হয়ে এসেছে— এতে কোনো সন্দেহ নেই। 'বঙ্কিম-মনীষার অনুবর্তন' এবং 'বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ' এই দুটি আলোচনায় এই বিবর্তনের সত্যতা প্রমাণের প্রচেষ্টা রয়েছে।

স্বতরাং অধ্যাপক দত্ত তাঁর এই মূল্যবান গ্রন্থে বঙ্কিম-মননের এক পরিপূর্ণ এবং বিদগ্ধ আলোচনা করেছেন। এই গ্রন্থ যে বুদ্ধিদীপ্ত মনকে উদ্দীপিত করবে তাতে কোনো সন্দেহ নেই। ঋষি বঙ্কিম, সাহিত্যসম্রাট বঙ্কিম, দেশপ্রেমিক বঙ্কিম, মনীষী-বঙ্কিমের মননের অখণ্ড রূপ 'চিন্তনায়ক বঙ্কিমচন্দ্র'-এর প্রত্যেক পাঠকই যে অনুভব করতে সক্ষম হবেন তাতে কোনো সন্দেহ নেই।

দ্বিতীয় পুস্তকটিতে বঙ্কিমসাহিত্যের বিভিন্ন দিকের স্তুবিভূত ও মনোজ্ঞ আলোচনা করা হয়েছে— করেছেন আমাদের কলেজের বাঙলা বিভাগের প্রধান অধ্যাপক বিখ্যাত কবি ও সমালোচক ডক্টর হরপ্রসাদ মিত্র। ডঃ মিত্র সাম্প্রতিককালে বাঙলা সাহিত্যের মহারথীদের সাহিত্যকীর্তির পূর্ণাঙ্গ বিশ্লেষণে মগ্ন আছেন— তাই তাঁর বিখ্যাত 'তারাক্ষর' গ্রন্থের পর আমরা 'বঙ্কিম-সাহিত্য-পাঠ' পাওয়ায় বিশেষ আনন্দিত হয়েছি।

ডঃ মিত্র মোট আটটি অধ্যায়ে বঙ্কিম-সাহিত্যের মননশীল আলোচনা করেছেন; অধ্যায়গুলি হ'ল— আদিকথা, লঘু প্রবন্ধের গুরু ইঙ্গিত, গুরু প্রবন্ধের প্রথম পর্ব, গুরু প্রবন্ধের দ্বিতীয় পর্ব, পণ্ডলেখক ও কবি, কথাসাহিত্যের ধারা (প্রথম পর্ব), কথাসাহিত্যের ধারাবাসনা (উপন্যাসের শেষ পর্ব) ও শেষ কথা।

'আদিকথা' এই অধ্যায়ে লেখক দেশ, সমাজ ও যুগধর্মের প্রভাব বঙ্কিমচন্দ্রের

উপর কীরূপে প্রতিফলিত হয়েছিল তার আলোচনা করেছেন। পাশ্চাত্য দর্শন ও চিন্তাধারা এবং নব-উন্মেষিত স্বাদেশিকতা বঙ্কিমচন্দ্রের মানসে প্রভূত রেখাপাত করেছিল—এ-বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু ‘দার্শনিক বঙ্কিমচন্দ্র সম্পূর্ণ বঙ্কিমের একাংশ মাত্র’, সাহিত্যিক বঙ্কিমকে সঠিকভাবে সামনে তুলে ধরবার জগ্গই গ্রন্থকার এই প্রসঙ্গের অবতারণা করেছেন। তা ছাড়া গ্রন্থকার এই অধ্যায়ে বঙ্কিমচন্দ্রের বিভিন্ন প্রবণতার কথা উল্লেখ করেছেন। এইসবের প্রয়োজনীয়তা অনস্বীকার্য, কারণ যথাযথ বঙ্কিমসাহিত্যপাঠের পক্ষে এগুলো হ’ল অতুল্য প্রবেশপথস্বরূপ।

চতুর্থ অধ্যায়ে (গুরু প্রবন্ধের দ্বিতীয় পর্ব) ডঃ মিত্র ঊনবিংশ শতাব্দীর রেনেসাঁসের প্রকৃতি ও বঙ্কিমের প্রতি তার প্রতিফলন আলোচনা করেছেন। ‘কৃষ্ণ-চরিত্র’ স্মৃষ্কে লিখতে গিয়ে বঙ্কিমের ধর্মানুভূতির প্রকৃতি বিশ্লেষণ করা হয়েছে।

সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের প্রকৃত পরিচয় মেলে তাঁর কথাসাহিত্যের মধ্যে। সপ্তম ও অষ্টম অধ্যায়ে বঙ্কিমচন্দ্রের কথাসাহিত্যের তথ্যবহুল আলোচনা হয়েছে। ডঃ মিত্র বঙ্কিমকথাসাহিত্যের এই মননশীল ও পুঙ্খানুপুঙ্খ আলোচনা ক’রে পাঠকসমাজের অশেষ ধন্যবাদভাজন হয়েছেন। তিনি প্রতিটি উপন্যাসের প্রকৃতি, বিষয়বস্তু ও তার মধ্যে বঙ্কিমসাহিত্যের কোন বিশেষত্ব বিশেষভাবে প্রতিফলিত হয়েছে— এইসবের যুক্তিপূর্ণ আলোচনা করেছেন। বিভিন্ন লেখকের মতামতও আশ্চর্যভাবে ব্যক্ত হয়েছে। আবার বঙ্কিমচন্দ্রের নিজ জীবন ও চরিত্রের কোন কোন বিশেষ ধারা তাঁর উপন্যাস-গুলিকে প্রভাবিত করেছে তাও গ্রন্থকার দক্ষতার সঙ্গে উল্লেখ করেছেন, সন্ন্যাসী, যোগবল ও আত্মিক শক্তি প্রভৃতি বিষয়গুলি কীভাবে বঙ্কিমচন্দ্র নিজ জীবনেই উপলব্ধি করেছেন তা না জানলে তাঁর উপন্যাসে এইসবের পৌনঃপুনিক আবির্ভাব সঠিকভাবে বোধগম্য হবে না।

ডঃ মিত্র বঙ্কিমচন্দ্রকে ‘আমাদের আধুনিক শিল্পীদের মধ্যে আদিশিল্পী’ হিসাবে অভিহিত করেছেন। হরপ্রসাদবাবু বঙ্কিমের কৃতিত্ব দুইদিক থেকে বিচার করেছেন : ‘প্রথমতঃ— তিনি আমাদের প্রথম চিন্তাকর্ষক সাহিত্যগুণান্বিত গল্পকাথাকার ; দ্বিতীয়তঃ— রোমান্স, উপন্যাস এবং বড় গল্প তিন রকম রচনারই সার্থক দৃষ্টান্ত দিয়ে গেছেন তিনি।’

গ্রন্থকার তাঁর গ্রন্থের ‘শেষ কথা’তে বঙ্কিমসাহিত্যকে বঙ্কিমের ‘চিরব্রত ও জীবন-বেদ’ বলে উল্লেখ করেছেন। আর তিনি বঙ্কিমচন্দ্রকে আমাদের প্রথম ভাবনেতাদের অগ্রতম হিসাবে চিহ্নিত করেছেন।

অবশেষে এই কথাটি জোর দিয়েই বলতে হয় যে ডঃ হরপ্রসাদ মিত্র ‘বঙ্কিম-সাহিত্য-পাঠ’ এই গ্রন্থটি বাঙালি পাঠকের সামনে উপস্থিত ক’রে সকলের কৃতজ্ঞতা-

ভাজন হয়েছেন। ঋষি ও সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের কর্মময় জীবন ও তাঁর বহুমুখী প্রতিভার প্রকৃত পরিচয় পেতে হ'লে তাঁর স্মহান সাহিত্যের সঙ্গে যথাযথ পরিচয় থাকা প্রয়োজন। বঙ্কিমসাহিত্য বাঙালির গর্বের বস্তু আর সেই সাহিত্যের মধ্যেই নিহিত আছে এই মহাপুরুষের চিন্তাধারা। এক কথায় বলতে গেলে বঙ্কিমসাহিত্যই হ'ল বঙ্কিমবাণী আর সেই বাণীর তাৎপর্য প্রত্যেক স্মৃষ্টি বাঙালিরই অনুধাবন করা অবশ্যকর্তব্য।

প্রণব চট্টোপাধ্যায়

রবীন্দ্র-সাহিত্য-পাঠ : প্রথম খণ্ড / হরপ্রসাদ মিত্র / ডি. এম. লাইব্রেরি, কলকাতা ৬।

আধুনিক বাংলা তথা ভারতীয় সাহিত্যের সর্বশ্রেষ্ঠ প্রতিভু, সর্বযুগের বিশ্বসাহিত্যের অগ্ন্যতম মহারথী রবীন্দ্রনাথ সম্বন্ধে আলোচনার অন্ত নেই। তথাপি এ-কথা আমাদের স্বীকার করতেই হবে যে ডঃ হরপ্রসাদ মিত্র রচিত 'রবীন্দ্র-সাহিত্য-পাঠ' (প্রথম খণ্ড) সেই আলোচনা-রাজ্যের একটি বিশেষ সংযোজন।

রবীন্দ্রনাথের বিস্ময়কর প্রতিভার প্রকাশ হ'ল তাঁর মহৎ সাহিত্যকর্ম আর সেই স্মহান সাহিত্যের সঙ্গে স্পষ্ট পরিচয় থাকা প্রত্যেকটি সাহিত্যরসিকের বিশেষ প্রয়োজনীয় কর্তব্য। ডঃ মিত্র তাঁর এই গ্রন্থের দশটি অধ্যায়ে সেই বিশাল সাহিত্য-রাজ্যের মধ্যে প্রবেশের সঠিক পথের সন্ধান দিয়েছেন।

'আদি কথা' এই অধ্যায়টি রবীন্দ্রনাথের সাহিত্যকর্মের যথাযথ আলোচনার প্রবেশ-পথ হিসাবে ব্যবহৃত হয়েছে। রবীন্দ্রনাথ ছিলেন মানব-জীবনরহস্যের সীমাহীন বৈচিত্র্যের প্রতিবিম্ব— এককথায় অসীমের যাত্রী। আবার রবীন্দ্রনাথের মধ্যে দেখা যায় স্প্রাচীন ভারতীয় ঐতিহ্যের সঙ্গে একনিষ্ঠ সংযোগ। ডঃ মিত্র এই অধ্যায়ে রবীন্দ্রনাথের আবির্ভাবের মধ্যে অতীত, বর্তমান ও ভবিষ্যতের এক নিবিড় ক্রেকের বর্ণনা করেছেন। বস্তুত কোনো মহাপুরুষই তাঁর যুগ ও পরিবেশের প্রভাব অতিক্রম করতে পারেন না। তাই ঊনবিংশ শতাব্দীর বাঙলা, ঠাকুর-পরিবার ও রবীন্দ্রমনের কিছু কিছু বিশেষ দিক, যেমন বৃহত্তর প্রতি অনুরাগ, রবীন্দ্রসাহিত্যে নিশ্চয়ই প্রতিফলিত হয়েছিল।

ডঃ মিত্র 'কবিকাহিনী' ও 'বনফুলে'র আলোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথের বাল্য-রচনাবলীর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করেছেন। 'মানসী'তে রবীন্দ্রমননের অস্বাভাবিক বিকাশ পরিলক্ষিত হয়। 'রবীন্দ্রায়ণ' অধ্যায়ে রবীন্দ্রসাহিত্যের বিশালতা ও বৈচিত্র্যের কথা বক্তৃতা হয়েছে। আবার 'আকাশ ও রঙমহাল' এই অধ্যায়ে রবীন্দ্রনাথের আধ্যাত্মিক ভাবনার আভাস পাওয়া যায়— ভারতীয় ঐতিহ্যের সঙ্গে তাঁর গভীর সংযোগের কথা উদ্ভাসিত হয়েছে।

ডঃ মিত্র এ-কথা বিশেষভাবেই বলেছেন যে রবীন্দ্রচিন্তায় সর্ববিধ রাষ্ট্র, সমাজ ও ধর্মচিন্তার আশ্চর্য একত্রের সম্মান মেলে। তদানীন্তন নব্য হিন্দুবাদ ও বঙ্গভঙ্গ আন্দোলনের চেউ রবীন্দ্রনাথকে বিশেষভাবে স্পর্শ করলেও প্রত্যেকটি ব্যক্তির শুভবুদ্ধির উদয়ই রবীন্দ্রনাথের কাম্য ছিল।

'শৃঙ্গার ও রবীন্দ্রনাথ' এই গ্রন্থের একটি উল্লেখযোগ্য অধ্যায়। প্রেম সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণার সূক্ষ্মত্ব আলোচনা এই অধ্যায়ে পরিলক্ষিত হয়। ডঃ মিত্র এ-কথা স্পষ্টই বলেছেন, 'বস্তুর চেয়ে সত্যতর এই মায়ালোকই তাঁর শৃঙ্গারধ্যানের প্রকৃত লক্ষ্য।' 'নাট্যকাব্য চিত্রাঙ্গদা' আলোচনায় রবীন্দ্রনাথের প্রেম সম্বন্ধে ধারণার সূক্ষ্মত্ব বিকাশ দেখানো হয়েছে। ক্ষণিকের মোহ ও চিবকালের সত্যের মধ্যে সংঘাতই চিত্রাঙ্গদার মূল সুর। রবীন্দ্রনাথের 'কড়ি ও কোমলে' যে-সত্যের আভাস মেলে তারই বিকাশ পাওয়া যায় এই চিত্রাঙ্গদায়।

রবীন্দ্রনাথের নাটক আলোচনা করতে গিয়ে ডঃ মিত্র এ-কথা উল্লেখ করেছেন যে রবীন্দ্রনাথের নাটকের ভাবনাগুলি রবীন্দ্রপূর্ব বাঙলা নাট্যসাহিত্যের 'ভাবনা' থেকে ভিন্নতর। নাট্যকার রবীন্দ্রনাথের মধ্যে সংগীতভাবুকতা ও ভাবনিষ্ঠ কবিসত্তার আশ্চর্য মিলন ঘটেছে।

'পঞ্চভূতে'র আলোচনা প্রসঙ্গে ডঃ মিত্র 'রবীন্দ্রমানসের পরিপাক-সামর্থ্যের অপূর্বত্বই' এই গ্রন্থখানির প্রধান আদর্শ বলে চিহ্নিত করেছেন। গ্রন্থকার শেষ অধ্যায়— 'শেষ পর্বের কবিতা— প্রোচ ঋতুর ঘোবন'-এ বলেছেন যে রবীন্দ্রনাথের শেষ পর্বের কাব্যগুলি হ'ল তাঁর সারা জীবনের স্থায়ী চিন্তাধারার সাথে এক সুরে গ্রথিত।

ডঃ হরপ্রসাদ মিত্র তাঁর 'রবীন্দ্র-সাহিত্য-পাঠ' গ্রন্থের প্রথম খণ্ডে রবীন্দ্রায়ণের স্বরূপ ও প্রকাশ সূক্ষ্মগতভাবে ব্যাখ্যা করেছেন। রবীন্দ্রসাহিত্যের শাস্ত্রত বক্তব্যগুলি এই গ্রন্থে স্পষ্টভাবেই পরিস্ফুট হয়েছে। উৎসাহী পাঠক ও ছাত্রসমাজ যে এই গ্রন্থ পেয়ে বিশেষভাবে উপকৃত হবেন তাতে কোনো সন্দেহ নেই।

প্রণব চট্টোপাধ্যায়

PRESIDENCY COLLEGE MAGAZINE

Editors :

- 1914-15 PRAMATHA NATH BANERJEE, B.A.
1915-17 MOHIT KUMAR SEN GUPTA, B.A.
1917-18 SAROJ KUMAR DAS, B.A.
1918-19 AMIYA KUMAR SEN, B.A.
1919-20 MAHMOOD HASAN, B.A.
1920-21 PHIROZE E. DASTOOR, B.A.
1921-22 SYAMA PRASAD MOOKHERJEE, B.A.
1921-22 BRAJAKANTA GUHA, B.A.
1922-23 UMA PRASAD MOOKERJEE
1923-24 SUBODH CHANDRA SEN GUPTA, B.A.
1925-26 ASIT KRISHNA MUKHERJEE, B.A.
1926-27 HUMAYUN Z. A. KABIR, B.A.
1927-28 HIRENDRA NATH MUKHERJEE, B.A.
1928-29 SUNIT KUMAR INDRA, B.A.
1929-30 TARAKNATH SEN, B.A.
1930-31 BHABATOSH DUTTA, B.A.
1931-32 AJIT NATH ROY, B.A.
1932-33 SACHINDRA KUMAR MAJUMDAR, B.A.
1933-34 NIKHILNATH CHAKRAVARTY, B.A.
1934-35 ARDHENDU BAKSI, B.A.
1935-36 KALIDAS LAHIRI, B.A.
1936-37 ASOK MITRA, B.A.
1937-38 BIMAL CHANDRA SINHA, B.A.
1938-39 PRATAP CHANDRA SEN, B.A.
1938-39 NIRMAL CHANDRA SEN GUPTA, B.A.
1939-40 A. Q. M. MAHIUDDIN, B.A.
1940-41 MANILAL BANERJEE, B.A.
1941-42 ARUN BANERJEE, B.A.
1942-46 No publication due to Govt. Circular
Re. Paper Economy
1947-48 SUDHINDRANATH GUPTA, B.A.
1948-49 SUBIR KUMAR SEN, B.A.
1949-50 DILIP KUMAR KAR, B.A.
1950-51 KAMAL KUMAR GHATAK, B.A.
1951-52 SIPRA SARKAR, B.A.
1952-53 ARUN KUMAR DAS GUPTA, B.A.
1953-54 ASHIN RANJAN DAS GUPTA, B.A.
1954-55 SUKHAMOY CHAKRAVARTY, B.A.
1955-56 AMIYA KUMAR SEN, B.A.
1956-57 ASOKE KUMAR CHATTERJEE, B.A.
1957-58 ASOKE SANJAY GUHA, B.A.
1958-59 KETAKI KUSHARI, B.A.
1959-60 GAYATRI CHAKRAVARTY, B.A.
1960-61 TAPAN KUMAR CHAKRAVARTI, B.A.
1961-62 GAUTAM CHAKRAVARTY, B.A.
1962-63 BADAL MUKHERJI, B.A.
MIHIR RANJAN BHATTACHARYYA, B.A.
1963-64 PRANAB KUMAR CHATTERJEE, B.A.

PRESIDENCY COLLEGE MAGAZINE

Secretaries :

- 1914-15 JOGESH CHANDRA CHAKRAVARTI, B.A.
1915-17 PRAFULLA KUMAR SIRGAR, B.A.
1917-18 RAMA PRASAD MUKHOPADHYAY, B.A.
1918-19 MAHMOOD HASAN, B.A.
1919-20 PARAN CHANDRA GANGOOLI, B.A.
1920-21 SYAMA PRASAD MOOKERJEE
1921-22 BIMAL KUMAR BHATTACHARJYAA
1921-22 UMA PRASAD MOOKERJEE
1922-23 AKSHAY KUMAR SIRKAR
1923-24 BIMAL PRASAD MUKHERJEE
1924-25 BIJOY LAL LAHIRI
1926-27 LOKES CHANDRA GUHA ROY
1927-28 SUNIT KUMAR INDRA
1928-29 SYED MAHBUB MURSHED
1929-31 AJIT NATH ROY
1931-33 NIRMAL KUMAR BHATTACHARJEE
1933-34 GIRINDRA NATH CHAKRAVARTI
1934-35 SUDHIR KUMAR GHOSH
1935-36 PROVAT KUMAR SIRGAR
1936-37 ARUN KUMAR CHANDRA
1937-38 RAM CHANDRA MUKHERJEE
1938-39 ABU SAYEED CHOWDHURY
1939-40 BIMAL CHANDRA DATTA, B.A.
1940-41 PRABHAT PRASUN MODAK, B.A.
1941-42 GOLAM KARIM
1942-46 No publication due to Govt. Circular
Re. Paper Economy
- 1946-47 JIBANLAL DEV
1947-48 NIRMAL KUMAR SARKAR
1948-49 BANGENDU GANGOPADHYAY
1949-50 SOURINDRAMOHAN CHAKRAVARTY
1950-51 MANAS MUKUTMANI
1951-52 KALYAN KUMAR DAS GUPTA
1952-53 JYOTIRMOY PAL CHAUDHURY
1953-54 PRADIP KUMAR DAS
1954-55 PRADIP RANJAN SARBADHIKARI
1955-56 DEVENDRA NATH BANNERJEE
1956-57 SUBAL DAS GUPTA
1957-58 DEBAKI NANDAN MONDAL
1958-59 TAPAN KUMAR LAHIRI
1959-60 RUPENDU MAJUMDAR
1960-61 ASHIM CHATTERJEE
1961-62 AJOY KUMAR BANERJEE
1962-63 ALOK KUMAR MUKHERJEE
1963-64 PRITTS NANDY

Statement about ownership and other particulars of the Presidency College Magazine:—

1. Place of publication .. Calcutta.
2. Periodicity of publication .. Yearly.
3. Printer's Name .. Principal, Presidency College.
Nationality .. Indian.
Address .. 86/1, College Street, Calcutta-12.
4. Publisher's Name .. Principal, Presidency College.
Nationality .. Indian.
Address .. 86/1, College Street, Calcutta-12.
5. Editor's Name .. Shri Pranab Kumar Chatterjee.
Nationality .. Indian.
Address .. 86/1, College Street, Calcutta-12.
6. Names and Addresses of the individuals who own the newspaper or publication .. Presidency College.

I, Pranab Kumar Chatterjee, hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

Sd/. PRANAB KUMAR CHATTERJEE,

Editor,

Presidency College Magazine.

The magazine is printed and published in the official capacity of the Principal. The name of the present Principal is Dr. Sanat Kumar Basu.